কেন ভাবেন জিঘাংসতীত্যাকাজ্ফানিবাসমূথেন ইবলপ্রভাবমাহ - স ইতি। স ইবলশ্চ, বৈবম্বত ক্ষমং যমালযং গতং ষং জনং বাচা আহ্বয়তি শ্ব, স জনঃ পুনর্দেহম্, আন্থায় ধ্বতা জীবন্ উপস্থিতঃ সংপ্রত্যাদৃশ্রত লোকৈঃ। অনির্বাচনীয়ঃ থবযং মাযাপ্রভাবঃ ॥১॥

তত ইতি। ছাগং ছাগীভূতম্। স্থসংস্কৃতং ক্রতা ছিন্নং পরুঞ্চ বিধাষ ॥১•॥

একদা সেই ইবল এক তপস্বী ব্ৰাহ্মণকে বলিল—"ভগবন্! আপনি আমাকে ইন্দ্ৰতুল্য একটা পুত্ৰ দান ককন" ॥৫॥

কিন্ত সেই ব্ৰাহ্মণ ইন্থলকে ইন্দ্ৰতুল্য পুত্ৰ দান করিলেন না ; তাহাতেই ইন্থল সেই ব্ৰাহ্মণেৰ উপরে অত্যন্ত ক্রুদ্ধ হইল ॥৬॥

এবং ভদবধিই মায়াবী ইন্থল ব্রাহ্মণদের উপর ক্রুদ্ধ ও ব্রাহ্মণহস্তা হইয়া (মায়াপ্রভাবে) ভ্রাতা বাতাপিকে ছাগল করিতে লাগিল ॥৭॥

কামবাপী বাতাপিও তংক্ষণাৎ ভোক্তার ইচ্ছামুসারে কখনও ছাগরাপী এবং কখনও মেষবাপী হইত; তাহাব পব ইল্পল তাহাকে ছেদন ও রন্ধন করিয়া ব্রাহ্মণকে ভোজন কবাইত। এইভাবে সে, ব্রাহ্মণদিগকে হত্যা করিবার ইচ্ছা কবিত॥৮॥

ইবল যে কোন মৃত ব্যক্তিকে বাক্যদ্বারা আহ্বান করিত , সেই ব্যক্তিই আবাব দেহধাবণপূর্ব্বক জীবিত হইযা আসিত , ইহা দেখা যাইত ॥৯॥ তামিল্পলেন মহতা স্বরেণ বাচমীবিতাম্। শ্রুত্বাতিমায়ো বলবান্ ক্ষিপ্রং ব্রাহ্মণকণ্টকঃ॥>>॥ তম্ম পার্গং বিনির্ভিন্ন ব্রাহ্মণম্ম মহামুরঃ।

বাতাপিঃ প্রহদন্ বাজন্ ! নিশ্চক্রাম বিশাংপতে ! ॥>২॥ (যুগ্মকম্)
এবং দ ব্রাহ্মণান্ রাজন্ ! ভোজয়িত্বা পুনঃ পুনঃ ।
হিংদয়ামাদ দৈতেয় ইন্থলো ছুফচেতনঃ ॥>৩॥
ভাগস্ত্যশ্চাপি ভগবানেতস্মিন্ কাল এব তু ।
পিত্নু দদর্শ গর্জে বৈ লম্বমানাবোমুখান্ ॥>৪॥

সেহপৃচ্ছল্লম্বমানাংস্তান্ ভবন্ত ইহ কিংপরাঃ। সন্তানহেতোরিতি তে প্রত্যুচুর্ক্রমাবাদিনঃ॥১৫॥

ভারতকোমূদী

তামিতি । বাচম্ 'আগচ্ছ' ইত্যাহ্বানবাক্যম্ । বান্ধণশু কণ্টকঃ শক্ৰৰ্বাতাপিঃ ॥১১—১২॥
এবমিতি । তৃষ্টচেতনো তৃৰ্দ্ধিঃ, অসক্ষয়িরপবাধজনহত্যাক্বণাদিতি ভাবঃ ॥১৩॥
অগস্তা ইতি । পিতৃন্ আত্মন এবোৰ্দ্ধপুক্ষান্ । জবৎকাক্ষ্বতান্তসমানোহয়ম্ ॥১৪॥
স ইতি । কিংপবাঃ লম্মানাঃ সন্তঃ কিংকাৰ্য্যব্যাপ্তাঃ । সম্ভানহেতোঃ সন্তানবিচ্ছেদসম্ভবাৎ
লম্বাহ ইতি শেষঃ, তে অগস্তাপিতরঃ ॥১৫॥

ভাবতভাবদীপঃ

তত ইতি। দুর্জ্জ্যাবাং বাতাপিপূর্য্যাং মণিমতীসংজ্ঞাযাম্॥১ – ৫॥ নাদাং ন দত্তবান্
॥৬—१। কামরূপী যথাকামং রূপাণি কর্ত্তুং সমর্থঃ, সংস্কৃত্য পক্ত্বা ॥৮॥ স চ ইবলশ্চ ॥৯—১৪॥
সোহপৃচ্ছদিতি। তান্ ভবং লম্বমানেন রূপেণ তেষামূদ্ভবম্ অপূচ্ছং। পৃচ্ছতির্দ্ধিকর্মা,
কমর্থং যুষং লম্বধমিতাপূচ্ছদিতার্থঃ। তে ঋষষঃ কম্পিতা ইব সম্ভন্তে তব সন্তানহেতোবয-

স্তরাং বাতাপি ছাগল হইলে, ইবল তাহাকে ছেদন ও রন্ধন কবিয়া, ব্রাহ্মণকে ভোজন করাইয়া পুনরায় আহ্বান করিত॥১০॥

এবং অভ্যস্ত মায়াবী, বলবান্ ও ব্রাহ্মণকণ্টক মহাস্থর বাতাপিও ইন্থলেব সেই উচ্চস্ববের আহ্বান শুনিয়া, ভংক্ষণাৎ সেই ব্রাহ্মণের পার্শ্ব ভেদ করিয়া, হাসিতে হাসিতে নির্গত হইয়া আসিত ॥১১—১২॥

রাজা! এইভাবে সেই তৃষ্টবৃদ্ধি ইম্বল ভোজন কবাইয়া ব্রাহ্মণদিগকে বধ করিতে থাকিল ॥১৩॥

এই সময়েই ভগবান্ অগস্তামুনি একটা গর্ত্তেব ভিতবে আপন পিতৃপুক্ষগণকে অধোমুখে ঝুলিতে দেখিলেন ॥১৪॥

তথন অগস্ত্য তাঁহাদের নিকট জিজ্ঞাসা করিলেন—"আপনাবা কিজন্ম এই বন-১•৯ (৮) তে তথ্য কথয়ামান্ত্ৰ্বয়ং তে পিতবঃ স্বকাঃ।
গর্তমেতমত্প্রাপ্তা লন্থামঃ প্রস্বার্থিনঃ ॥>৬॥
যদি নো জনয়েথাস্ত্মগাপত্যমৃত্যমন্।
স্থানোহস্মানিরয়ানোক্ষপ্তঞ্চ পুত্রাপ্রারা গতিন্ ॥>৭॥
স তান্ত্রাচ তেজস্বী সত্যধর্মপরায়ণঃ।
করিয়ে পিতরঃ! কামং ব্যেতু বো মানসো জরঃ॥>৮॥
ততঃ প্রসবসন্তানং চিন্তয়ন্ ভগবান্ষিঃ।
আত্মনঃ প্রসবস্থার্থে নাপশ্যৎ সদৃশীং দ্রিয়ম্॥>৯॥
স তস্থ তত্ম সন্ত্বস্থ তত্তদঙ্গমনুত্রমন্।
সংগ্রহ্ম তৎসমৈবক্তিনির্মানে দ্রিয়মুত্রমান্॥২০॥

ভাবতকৌমুদী

ত ইতি। স্বকাঃ স্বকীযাঃ। প্রস্বার্থিনঃ সন্তানার্থিনঃ ॥১৬॥

যদীতি। হে পুত্র অগন্ত্য ! যদি স্থং নঃ অস্মাকম্, উত্তমমপত্যং পুংসন্তানং জনযেথাঃ, তদা নঃ অস্মাকম্, অস্মান্নিবযান্নবকাৎ মোক্ষঃ শুাৎ, স্বঞ্চ গতিমাপুরাঃ ॥১৭॥

স ইতি। হে পিতব:। কামং যুমাকমভিলাবম্, ব্যেতৃ যাতৃ, জব: সন্তাপ: ॥১৮॥ তত ইতি। প্রসবসন্তানম্ অপত্যধাবাম্। প্রসবস্ত পুত্রের ॥১৯॥

স ইতি। সোৎগন্তাঃ, তত্ম তত্ম সন্ধত্ম লক্ষীহবিণ্যাদিপ্রাণিনঃ, অহতমং সর্কোত্তমর্ম, ভারতভাবদীপঃ

মশাকং ভব ইতি প্রত্যুচ্বিতি সম্বন্ধ: ॥১৫॥ এতক্তিব বিবৰণং তে তন্মা ইতি ॥১৬—১৭॥ বো যুন্মাকম, কামম্ ঈন্সিতং কবিয়ে ॥১৮॥ প্রসবসন্তানং সন্ততেববিচ্ছেদম্ ॥১৯॥ তন্ত তন্ত্র গর্ত্তেব ভিতবে বুলিতেছেন ?'' তাহাতে সেই বেদবাদী পিতৃগণ প্রত্যুত্তব কবিলেন— "বংশলোপেব সম্ভব হওয়ায় আমবা ঝুলিতেছি" ॥১৫॥

তা'র পব আবাব তাঁহারা অগস্ত্যকে বলিলেন—''আমবা তোমার নিজেব পিতৃপুক্ষ; আমবা পুত্রার্থী হইয়া এই গর্ত্তে পডিয়া বুলিতেছি ॥১৬॥

অতএব পুত্র অগস্তা। যদি তুমি আমাদেব উত্তম বংশধব উৎপাদন করিতে পাব, তবে আমাদেবও এই নবক হইতে মুক্তি হয, তুমিও উত্তম গতি লাভ কবিতে পাব' ॥১৭॥

তথন তেজস্বী ও সত্যধর্মপবাষণ অগস্ত্য তাঁহাদিগকে বলিলেন—"পিতৃগণ! আমি আপনাদেব অভিলাষ পূবণ কবিব, আপনাদেব মনেব হুঃখ দূব হউক" ॥১৮॥

তাহাব পব অগন্ত্য ধারাবাহিক বংশবক্ষার বিষয় চিন্তা কবিয়া নিজেব পুত্রেব নিমিত্ত যোগ্য ন্ত্রী দেখিতে পাইলেন না ॥১৯॥

⁽১¢)···ভবস্ত ইব কম্পিতাঃ—বা ব কা।

স তাং বিদর্ভরাজস্ম পুত্রার্থং তপ্যতন্তপঃ।
নির্দ্মিতামাল্মনোহর্থায় মুনিঃ প্রাদান্মহাতপাঃ॥২১॥
সা তত্র যজ্ঞে হুভগা বিদ্যুৎদোদামিনী যথা।
বিভ্রাজমানা বপুষা ব্যবর্দ্ধত শুভাননা॥২২॥
জাতমাত্রাঞ্চ তাং দৃষ্ট্যা বৈদর্ভঃ পৃথিবীপতিঃ।
প্রহর্ষেণ দিজাতিভ্যো ন্যবেদয়ত ভারত!॥২৩॥
অভ্যনন্দন্ত তাং সর্বেব ব্রাহ্মণা বহুধাধিপ!।
লোপামুদ্রেতি তস্থাশ্চ চক্রিবে নাম তে দিজাঃ॥২৪॥

ভারতকৌমূদী

ভত্তদঙ্গং মুখনখনাছব্যব্ম, সংগৃহ্ছ মনসা জানীষ বিভাব্যেতার্থঃ, তৎসমৈবজৈঃ উত্তমাং স্তিয়ং নির্দ্ধমে সম্বল্পমান্তবৈধ্ব স্টবান স্তাসম্বল্পখা ॥২০॥

স ইতি। স মহাতপা মূনি:, আত্মনোহর্থায নির্দ্মিতাং সঙ্কল্লিতাম্, তাং প্রিযম্, পুত্রার্থং সম্ভানার্থং তপস্তপ্যতো বিদর্ভবাজস্ম প্রাদাৎ সন্ধল্লেনৈব দত্তবান্ ॥২১॥

দেতি। বিহাতি সন্ধ্যাষাং সোদামিনী তভিৎ বিহাৎসোদামিনী। সন্ধ্যাকালে তড়িতো বিশেষত্মতিজোতনার্থং বিহাৎপদম্। "বিহাত্তভিতি সন্ধ্যাষাম্" ইতি বিশ্বঃ ॥২২॥

জাতেতি। বৈদর্ভে। বিদর্ভেদেশস্ম শাস্তা। দ্বিজাতিভ্যো বান্ধণাদিভাঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

নিংহমুগাদেঃ অঙ্গং কটিদৃষ্ট্যাদি, সর্ববিশ্বণবতী মিত্যর্থং ॥২০ —২১॥ জজ্ঞে জাতা, সোদামিনীতি বিশেষণং — ত্যুতিবিশেষোপপাদনার্থম্, "কুর্য্যাং হরস্তাপি পিনাকপাণেধর্যচ্যুতিং কে মম ধন্ধিনোহন্তে" ইত্যাদো পিনাকপাণিপদম্ উৰ্জ্জিতচাপবত্বতোতনার্থম্পক্ষীণং
সম্মবিশেয়সমর্পণাযালমিতি হবস্তেতি পৃথক্ প্রত্যুক্তং তদ্বদিহাপি ধ্যেয়ম্ ॥২২—২০॥ মূল্রাণাং

তথন অগস্তা সেই সেই প্রাণীব সেই সেই সর্ব্বোৎকৃষ্ট অঙ্গ মনে মনে চিন্তা করিয়া ভাহার তুল্য তুল্য অঙ্গদ্ধাবা (মনে মনে) একটা উৎকৃষ্ট স্ত্রী নির্মাণ কবিলেন ॥২০॥

সেই সমযে বিদর্ভদেশের রাজা সন্তানেব জন্ম তপস্থা করিতেছিলেন; তাই মহাতপা অগস্তামুনি নিজের জন্ম সঙ্কল্পিত সেই স্ত্রীটী তাঁহাকে দান করিলেন ॥২১॥

সন্ধাকালে বিত্যুতের স্থায় সেই স্থলবী ও স্থলক্ষণমূখী আসিয়া বিদর্ভরাজ-মহিষীব গর্ভে জন্ম গ্রহণ করিল এবং শরীরদ্বাবা দীপ্তি পাইতে থাকিয়া বৃদ্ধি পাইতে লাগিল ॥২২॥

জন্মিবামাত্র সেই কন্যাটীকে দেখিয়া বিদর্ভবাজ অত্যন্ত আনন্দবশতঃ সে সংবাদ ব্রাহ্মণপ্রভৃতির নিবট জানাইলেন ॥২৩॥

⁽২৪) অভ্যননত তাং সর্বে—বা ব কা পি।

বর্ধে সা মহারাজ! বিজ্ঞতী রূপমূত্রমন্থ ।

অপ্নিবাৎপলিনী শীন্ত্রমগ্রেরিব শিখা শুভা ॥২৫॥
তাং যৌবনস্থাং রাজেন্দ্র! শতং কন্সাঃ স্বলস্কৃতাঃ।

দাস্তঃ শতঞ্চ কল্যানীমূপতস্কুর্বশানুগাঃ ॥২৬॥
সা স্ম দাসীশতর্তা মধ্যে কন্সাশতস্থা চ।
আন্তে তেজিম্বনী কন্সা বোহিনীব দিবিপ্রভা ॥২৭॥
যৌবনস্থামপি চ তাং শীলাচারসমন্বিতান্।
ন বত্রে পুরুষঃ কশ্চিদ্রয়ান্তস্থা মহাজ্যনঃ ॥২৮॥

ভাৰতকোমূদী

অভীতি। অভ্যনদম্ভ প্রাশংসম্ভ। লোপো নিবৃত্তিঃ আমুশ্রাণাং চক্রাদিগতাহ্লাদকতাদি-চিহ্নানাং যক্তাঃ সকাশাৎ সা। নামতান্তাধিকরণবহুত্রীহিঃ ॥২৪॥

বর্ধ ইতি। গুভা সা শীল্লং বর্ধ ইতি সহদ্ধ:। অপ্সূদ্ধে ॥২৫॥
তামিতি। বশাহাগাঃ নতাঃ, উপভঙ্গঃ সিবেবিবে ॥২৬॥
সেতি। দিবি প্রভাতীতি দিবিপ্রভা, ''প্রামেণ সপ্তম্যাঃ কৃতি'' ইত্যুদ্ক্ ॥২৭॥
ভারতভাবদীপঃ

ততন্ম গাদিজাতিশতানামনাধাবণানাং চিহ্নানাং কমনীষচক্ষ্ট দৌনাং লোপ ইব লোপন্তিবস্থারো যয়া সা লোপান্তা। আহিতাগ্যাদিবং পূর্বনিপাতঃ, অন্তেঘপি দৃশ্যত ইতি দীর্ঘঃ, প্রকাবান্তরেণ যোগে তু বেদে পদপাঠলোপ আন্দ্রেতাবগ্রহঃ স্থাৎ, স চ ন দৃশ্যতে২ত উক্তবিধৈব ব্যুৎপত্তির্ফা ॥২৪—২৫॥ বশাহগাঃ ইচ্ছান্তরপাঃ ॥২৬—৩০॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বনি নৈলক্ষ্মিয়ে ভাবতভাবদীপে অশাতিতমো২ধ্যায়ঃ ॥৮०॥

বাজা। ব্রাহ্মণেরা সকলেই ভাহাব প্রশংসা করিলেন এবং সেই দ্বিজাভিরা সেই কন্যাটীর নাম কবিলেন—'লোপামূল্রা' ॥২৪॥

মহারাজ। স্থলদ্দণা কন্যাটী উত্তম ৰূপ ধাবণ করিয়া জলে পদ্মিনীর স্থায় এবং (কাষ্ঠে) অগ্নিশিখাব স্থায় সহব সহব বৃদ্ধি পাইতে লাগিল ॥২৫॥

রাজশ্রেষ্ঠ ! সেই কন্যাটা যৌবনে পদার্পণ করিলে, (রাজনিযুক্ত) নানা অলঙ্কারে অলস্কৃত একশত কন্যা এবং একশত দানী বশে থাকিয়া তাহাব সেবা করিতে লাগিল ॥২৬॥

বহুত্ব দাসী ও বহুত্ব ক্যার মধ্যবর্ত্তিনী সেই তেজস্থিনী ক্যাটী, আকাশে বহু নক্ষত্রেব মধ্যবর্ত্তী বোহিণীনক্ষত্রেব স্থায় শোভা পাইতে লাগিল ॥২৭॥

লোপানুদ্রা থোবনে পদার্পণ কবিলে এবং সুশীলা ও সদাচারসম্পন্না হইলেও রাজার ভযে কোন পুক্বই তাহাকে প্রার্থনা করিল না ॥২৮॥ সা তু সত্যবতী কন্যা রূপেণাপ্সরসোহপ্যতি।
তাষয়ামাস পিতরং শীলেন স্বজনং তথা ॥২৯॥
বৈদর্ভীস্ত তথা যুক্তাং যুবতীং প্রেক্ষ্য বৈ পিতা।
মনসা চিন্তয়ামাস কম্মৈ দত্যামিমাং স্থতাম্ ॥৩০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ববিদ
তীর্থযাত্রায়ামৃ অগস্ত্যোপাখ্যানে অশীতিতমোহধ্যায়ঃ ॥০॥ *

____0ag0 ___

একাশীভিতমোহধ্যায়ঃ।

লোমশ উবাচ।

যদা ত্বমন্ততাগন্তো গার্হস্থে তাং ক্ষমামিতি।
তদাভিগম্য প্রোবাচ বৈদর্ভং পৃথিবীপতিম্ ॥>॥
রাজন্! নিবেশে বুদ্ধির্মে বর্ত্ততে পুত্রকারণাৎ।
বরয়ে ত্বাং মহীপাল! লোপামুদ্রাং প্রয়চ্ছ মে ॥২॥

ভারতকৌমুদী

যৌবনেতি। ন ববে ন প্রার্থয়ামাস। তক্স বিদর্ভবাজক্ম ॥২৮॥
নেতি। সত্যবতী বাচা ব্যবহাবেণ চেতি ভাবং। অতি অতিক্রান্তা ॥২২॥
বৈদর্ভীমিতি। বৈদর্ভীং লোপামূল্রাম্, তথা গুণৈযুঁ ক্রাম্ ॥৩০॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবির্চিতায়াং
ভাবতকোমুদীসমাখ্যাযাং বনপর্বাণি তীর্থবাজ্রায়ামনীভিতমোহধ্যায়ঃ॥০॥

____04,0 ___

যদেতি। তাং লোপামূদ্রাম্, গার্হস্থ্যে গৃহস্থধর্মাচবণে, ক্ষমাং যোগ্যাম্ ॥১॥

অঞ্চবা অপেক্ষাও অধিক বাপবতী এবং সত্যপরায়ণা সেই কন্যাটী আপুন স্বভাবদারা পিতাকে ও আত্মীয়গণকে সম্ভষ্ট কবিতে লাগিল ॥২৯॥

বিদর্ভরাজ লোপামুজাকে সেইৰূপ গুণবতী ও যুবতী দেখিয়া, কাহার হস্তে তাহাকে দান করিবেন—এই চিন্তা কবিতে লাগিলেন" ॥৩০॥

____o#e___

লোমশ কহিলেন—"অগস্ত্য যখন লোপামুদ্রাকে গৃহস্থধর্মাচরণে যোগ্যা বলিয়া মনে কবিলেন, তখন যাইয়া বিদর্ভরাজকে বলিলেন—॥১॥

 ^{* &#}x27;···বধ্বতিভম:···' —বা ব কা পি, '···চতুর্নবতিতম:···' —নি।

এবমুক্তঃ স মুনিনা মহীপালো বিচেতনঃ।
প্রত্যাখ্যানায় চাশক্তঃ প্রদাতুদ্ধৈব নৈচছ চ ॥ ০॥
ততঃ স ভার্য্যামভ্যেত্য প্রোবাচ পৃথিবীপতিঃ।
মহর্ষিবীর্য্যবানেষ কুদ্ধঃ শাপাগ্নিনা দহেৎ ॥ ৪॥
তৎ কিমিচ্ছসি কল্যানি! তত্ত্বং ক্রহি শুভাননে!।
তত্ত্ব তত্বচনং শ্রুত্বা রাজ্ঞী নোবাচ কিঞ্চন ॥ ৫॥
তং তথা তুঃখিতং দৃষ্ট্বা সভার্য্যং পৃথিবীপতিম্।
লোপামুদ্রোভিগম্যেদং কালে বচনমত্রবীৎ ॥ ৬॥
ন মৎকৃতে মহীপাল! পীড়ামভ্যেতুমর্হসি।
প্রয়চ্ছ মামগন্ত্যায় ত্রাছাত্মানং ময়া পিতঃ!॥ ৭॥

ভারতকোমুদী

বাজন্নিতি। নিবেশে বিবাহে, ''নিবেশঃ পুংসি বিস্তাদে শিবিবোদাহয়োবপি'' ইতি মেদিনী। পুত্ৰকাবণাৎ ন তু ভোগমাজেচ্ছাত ইতি ভাবঃ। বৰ্ষে প্ৰাৰ্থয় ॥২॥

এবমিতি। প্রত্যাখ্যানায চাশক্তঃ শাপভয়াৎ, প্রদাতুইঞ্চব নৈচ্ছত বুদ্ধবৃদর্শনাৎ ॥०॥

তত ইতি। বীৰ্য্যবান্ তপঃপ্ৰভাববান্। অতএব দহেৎ দগ্ধং শকুষাৎ ॥॥

ছদিতি। কিঞ্চন নোবাচ, বক্তব্যনির্ণযানর্হত্বাদিত্যাশযঃ॥৫॥

তমিতি। কালে তাদুশে যোগ্যসময় এব ॥৬॥

নেতি। মৎকৃতে মন্নিমিত্তম্। অভ্যেতুং প্রাপ্তমুম্। মধা কবণেন ॥ १॥

''বাজা। পুত্রেব জন্ম বর্ত্তমান সময়ে আমার বিবাহেব ইচ্ছা হইয়াছে; অভএব ভূপাল। আমি আপনাকে প্রার্থনা করিতেছি—আপনি লোপামুলাকে আমাব হস্তে প্রদান করুন''॥২॥

অগস্ত্য এইরূপ বলিলে, রাজা হতবৃদ্ধি হইয়া প্রত্যাখ্যান করিতেও পারিলেন বা এবং দান কবিতেও ইচ্ছা কবিলেন না ॥১॥

তৎপরে রাজা মহিষীর নিকট যাইয়া বলিলেন—"এই মহর্ষি অত্যস্ত তপঃ-প্রভাবসম্পন্ন ; স্বতবাং ক্রুদ্ধ হইয়া শাপাগ্নিদ্বাবা দগ্ধ কবিতেও পারেন ॥৪॥

অতএব কল্যাণি। তুমি কি ইচ্ছা কর ? শুভাননে। তাহা তুমি বল।" কিন্তু রাণী বাজাব সেই কথা শুনিয়া কোন কথাই বলিলেন না॥।॥

তথন মহিবীব সহিত রাজাকে সেইবাপ ত্ব:খিত দেখিয়া লোপামূজা আসিয়া উপযুক্ত সময়েই এই কথা বলিল—॥৬॥

''বাজা! আপনি আমাব জন্ম ছঃখ কবিবেন না, আমাকে অগস্ত্যের হস্তে সমর্পণ ককন; পিতা। আমাদারা নিজেকে রক্ষা ককন" ॥৭॥

(c) क्षांकः वा व भि नि नांछि।

ত্বহিতুর্বচনাদ্রাজা সোহগন্ত্যায় মহাত্মনে।
লোপামুদ্রাং ততঃ প্রাদাদ্বিধিপূর্বাং বিশাংপতে! ॥৮॥
প্রাপ্য ভার্য্যামগন্ত্যস্ত লোপামুদ্রামভাষত।
মহার্হাণ্যুৎস্টজেতানি বাসাংস্থাভবণানি চ ॥৯॥
ততঃ সা দর্শনীয়ানি মহার্হাণি তনুনি চ।
সমুৎসদর্জ্জ বস্তোর্র্বসনান্যায়তেক্ষণা ॥১০॥
ততশ্চীরাণি জগ্রাহ বক্ষলান্যজিনানি চ।
সমানত্রতচর্য্যা চ বভুবায়তলোচনা ॥১১॥
গঙ্গাদ্বাবমথাগম্য ভগবান্ধিদত্তমঃ।
উগ্রমাতিষ্ঠত তপঃ সহ পত্যানুকূলয়া ॥১২॥
সা প্রীতা বহুমানাচ্চ পতিং পর্য্যচরত্তদা।
অগস্ত্যুশ্চ পবাং প্রীতিং ভার্য্যায়ামাচরৎ প্রভুঃ ॥১৩॥

ভারতকৌসুদী

ত্হিত্বিতি। প্রাদাৎ, বযন্থায়া লোপাম্জাষা এব সম্মতিদর্শনাদিত্যাশয়ঃ ॥৮॥ প্রাপোতি। উৎস্ক ত্যজ, তপদ্বিভার্য্যায়া ঈদৃশপবিচ্ছদ্যায়্জ্জাদিতি ভাবঃ ॥>॥ তত ইতি। দর্শনীষানি স্কলবাণি, মহাহাণি মহাম্ল্যানি, তন্নি স্ক্লাণি ॥১০॥ তত ইতি। চীরাণি কোপীনানি। সমান্ত্রতচ্যা ভর্জুজ্ল্যানিষমচারিণী ॥১১॥ গঙ্গেতি। উগ্রং ভ্যন্তর্ম, আতিষ্ঠত অবালম্বত ॥১২॥

নবনাথ। তাহাব পর রাজা বয়স্থা কন্সার বচন অন্মুসাবে মহাত্মা অগস্ত্যের হস্তে তাহাকে যথাবিধানে সম্প্রদান করিলেন ॥৮॥

তদন্ত্য অগস্ত্য লোপামুজাকে ভার্যা লাভ করিয়া বুলিলেন—"তুমি এই সক্ল মহামূল্য বস্ত্র ও অলঙ্কাব পবিত্যাগ কর" ॥১॥

তৎপরে রস্তোর ও আয়তনয়না লোপামূলা স্থদৃশ্য, মহাযূল্য ও স্থ্য বস্ত্র সকল পবিত্যাগ করিলেন ॥>•॥

তাহার পর তিনি কৌপীন, বন্ধল ও মৃগচর্ম ধাবণ কবিলেন এবং ভর্তার সমান-ব্রতচারিণী হইলেন ॥১১॥

তদনন্তর ভগবান্ অগস্ত্য গঙ্গাদাবে আসিয়া অমুকূলা পত্নীর সহিত মিলিত হইয়া ভয়ঙ্কব তপস্থা কবিতে আরম্ভ কবিলেন ॥১২॥

তখন লোপামূজা সন্তুষ্ট থাকিয়া অত্যন্ত আদবের সহিত পতির পবিচর্য্যা করিতে লাগিলেন ; প্রভাবশালী অগস্ত্যও ভার্য্যার প্রতি অত্যন্ত ভালবাসা জানাইতে থাকিলেন ॥১৩॥ ততো বহুতিথে কালে লোপামুদ্রাং বিশাংপতে!।
তপদা ভোতিতাং স্নাতাং দদর্শ ভগবানৃষিঃ॥>৪॥
দ তস্থাঃ পবিচাবেণ শৌচেন চ দমেন চ।
শ্রেয়া রূপেণ চ প্রীতো মৈথুনায়াজুহাব তাম্॥>৫॥
ততঃ দা প্রাপ্তলিভূপ্বা লজ্জ্মানেব ভাবিনী।
তদা সপ্রণয়ং বাক্যাং ভগবন্তমথাত্রবীৎ॥>৬॥
অসংশয়ং প্রজাহেতোর্ভার্যাং পতিরবিন্দত।
যা তু প্রয় মম প্রীতিস্তাম্যে! কর্ত্ত্রমূর্যদি॥>৭॥
যথা পিতুর্গৃহে বিপ্র! প্রাসাদে শয়নং মম।
তথাবিধে ত্বং শয়নে মামুপৈতুমিহার্হদি॥>৮॥
ইচ্ছামি ত্বাং প্রমিনঞ্চ ভূমণেশ্চ বিভূষিতম্।
উপসর্ভ্রং যথাকামং দিব্যাভরণভূষিতা॥>৯॥

ভারতকোমুদী

সেতি। বহুমানাদত্যাদ্বাৎ। পরাং প্রমান, প্রীতিং প্রণযম্ ॥১৩॥
তত ইতি। স্থাতাং প্রথমরজোদর্শনানম্ভবং ক্রুতস্থানাম্ ॥১৪॥
ল ইতি। দমেন ইন্দ্রিয়নিগ্রহেণ। শ্রিয়া লাবণ্যেন, রূপেণ সোনদর্যোণ ॥১৫॥
তত ইতি। ভাবিনী অহুবাগবতী। ভগবন্তম্ অগস্তাম্ ॥১৮॥
অসংশ্যমিতি। প্রজাহেতোঃ পুত্রার্থম্। ভার্যাং মাম্, পতির্ভবান্। যা যৎকাবণা ॥১৬॥
যথেতি। শয়নং মহার্হা শ্যা। উপৈতুমুপগস্তম্ ॥১৮॥
ইচ্ছামীতি। শ্রিমং মাল্যবস্তম্। ইচ্ছামি, স্ত্রীণাং পবিচ্ছদশ্ত লোভনীয়ত্বাং ॥১৯॥

নরনাথ। তাহার পর অনেক দিন অতীত হইলে একদা ভগবান্ অগস্ত্য তপস্থাপ্রভাবে উজ্জ্বাঙ্গী লোপামূজাকে ঋতুস্নাতা দর্শন করিলেন ॥১১॥

লোপামূজাব পরিচর্য্যা, পবিত্রতা, ইন্দ্রিয়দমন, লাবণ্য ও সৌন্দর্য্যের গুণে প্রীত হইয়া অগস্ত্য তাঁহাকে মৈথুনেব জন্ম আহ্বান কবিলেন ॥১৫॥

তখন অনুবাণিণী লোপামূ্দ্রা কৃতাঞ্জলি হইয়া, যেন লজ্জাব ভাব দেখাইয়া, প্রণয়েব সহিত অগস্ত্যকে এই কথা বলিলেন—॥১৬॥

"ঋষি। নি*চয়ই আপনি আমাকে পুত্রেব জন্মই ভার্য্যান্ধপে গ্রহণ করিয়াছেন ; অতএব যাহাতে আপনাব বিষয়ে আমাব শ্রীতি জন্মে, আপনি তাহা ককন ॥১৭॥

ব্রাহ্মণ! আমাব পিতৃগৃহে অট্টালিকার ভিত্তবে আমার যেমন শয্যা ছিল, তেমন শয্যাতেই আপনি আমার সহিত সঙ্গম ককন ॥১৮॥ অন্যথা নোপতিষ্ঠেয়ং চীরকাষায়বাসিনী। নৈবাপবিত্রো বিপ্রর্ষে! ভূষণোহযং কথঞ্চন ॥২০॥ অগস্ত্য উবাচ।

ন তে ধনানি বিগুল্তে লোপামুদ্ৰে! তথা মম। যথাবিধানি কল্যাণি! পিতুক্তব স্থমধ্যমে!॥২১॥

লোপামুদ্রোবাচ।

ঈশোহসি তপদা দৰ্ক্যং দমাহর্ক্ত্যুং তপোধন !। ক্ষণেন জীবলোকে যদস্ত কিঞ্চন বিয়তে ॥২২॥

অগন্ত্য উবাচ।

এবমেতদ্যথাথ তং তপোব্যয়করন্ত তং। যথা তু মে ন নশ্যেত তপস্তন্মাং প্রচোদয়॥২৩॥

ভাবতকোমুদী

অক্সথেতি। অবং চীবাদিভূ বণং পৰিচ্ছদঃ, কথঞ্চনাপি অপৰিত্ৰো নৈব কাৰ্য্য: ॥२ •॥
নেতি। উত্তমপৰিচ্ছদসংগ্ৰহে ধনাৰশ্বকত্যা তদভাবে কথং তৎসংগ্ৰহ ইত্যাশবঃ ॥২১॥
ঈশ ইতি । ঈশঃ সমৰ্থঃ। সমাহৰ্জুং সমানেতৃম্। বহু ধনম্ ॥২২॥
এবমিতি। আথ ব্ৰবীবি। তপসো ব্যবকবং ক্ষমজনকম্। তত্তশ্মিন্ বিষ্যে ॥২০॥
ভাৰত ভাৰতীপঃ

যদেতি ॥১॥ নিবেশে বিবাহে ॥২—১৩॥ স্নাতাং শ্বতাবিতি শেষঃ ॥১৪॥ পবিচাবেণ সেববা ॥১৫—১৯॥ ভূষণোহয়ং চীবকাষাযাদিন্তপশ্বিনাম, শ্লাঘ্যোহয়ং সামগ্রীকলাপো ভোগ-

আব, আপনি মাল্যধাবণপূর্বক নানাবিধ অলঙ্কাবে অলঙ্কত হউন, আমিও দিব্য অলঙ্কাবে অলঙ্কৃত হই, তাহাব পরই আমি অভিলাষ অনুসাবে আপনার সহিত মিলিত হইতে ইচ্ছা কবি.॥১৯॥

না হইলে, আমি গৈবিক কৌপীন ধারণ করিয়া আপনাব নিকট যাইব না। কারণ, ব্রহ্মর্ষি! এই পবিচ্ছদকে কোন প্রকাবেই অপবিত্র কবা উচিত নহে"॥২০॥

অগস্ত্য বলিলেন—"কল্যাণি! স্থুমধ্যমে! লোপামুজে! তোমার পিতার যেমন ধন আছে, তেমন ধন ত তোমাবও নাই, আমাবও নাই" ॥২১॥

লোপামূদ্রা বলিলেন—"তপোধন! এই জীবলোকে যে কিছু ধন আছে, আপনি তপোবলে ক্ষণকালমধ্যে সে সমস্তই ত আনয়ন করিতে সমর্থ হন" ॥২২॥

অগস্ত্য বলিলেন—"তুমি যাহা বলিলে, তাহা সভ্য; কিন্তু তাহা তপস্থাব ক্ষয় জন্মায়; অভএব যাহাতে তপস্থাব ক্ষয় না হয়, সেই বিষয়ে আমাকে প্রণোদিত কর" ॥২৩॥

লোপামুদ্রোবাচ।

অল্পাবশিষ্টঃ কালোহয়মূতোর্মম তপোধন !।
ন চান্তথাহমিচ্ছামি ত্বামুপৈতুং কথঞ্চন ॥২৪॥
ন চাপি ধর্মমিচ্ছামি বিলোপ্তাং তে কথঞ্চন।
এবস্তু মে যথাকামং সম্পাদয়িতুমর্হসি ॥২৫॥

অগস্ত্য উবাচ।

যভেষ কামঃ স্থভগে ! তব বুদ্ধ্যা বিনিশ্চিতঃ । হর্ত্তুং গচ্ছাম্যহং ভদ্রে । চব কামমিহ স্থিতা ॥২৬॥ ইতি শ্রীমহাভাবতে শতদাহস্যাং দংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্ববিণ তীর্থযাত্রায়ামগস্ত্যোপাখ্যানে একাশীতিতমোহধ্যায়ঃ॥০॥ *

ভারতকোমুদী

অল্পেতি। ঋতোঃ বোডশদিনাত্মকক্ত ঋতুকালক্ত, বোডশর্ভুনিশাঃ স্ত্রীণাং তাস্থ যুগান্ত সংবিশেৎ'' ইতি মন্থবচনাৎ। অক্তথা পূর্ব্বোক্তাদক্তরপেণ ॥২৪॥

নেতি। ধর্মং বিলোপ্তাং ধনজননেন তপংক্ষমং কর্জুম্। কামোহভিলাবং ॥২৫॥

যদীতি। হর্ত্তুং ধনমাহর্তুম্। প্রার্থনিযা ধনাহবণে ন তপংক্ষম ইতি ভাবঃ। কামম্ অভীষ্টং গৃহস্থকার্য্যম্, চব কুক, ইহ আশ্রম এব ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকাষাং ভাবতকোমূদীসমাখ্যাযাং বনপর্বাণি তীর্থযাত্রাষাম্ একাশীতিতমোহধ্যায়ঃ ॥ । ॥ ভাবতভাবদীপঃ.

সম্পর্কেণাপবিজ্ঞো নৈব ভবত্বিতি শেষঃ ॥২০—২৩॥ ঋতোঃ কালঃ যোড়শদিনানি তেখন্সো-হবশিষ্টঃ ॥২৪—২৬॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বনি নৈল্কণ্ঠীয়ে ভাবতভাবদীপে একাশীতিতমোহধ্যায়ঃ ॥৮১॥

লোপামূজা বলিলেন—"তপোধন! আমার এই ঋতুকাল অল্পমাত্র অবশিষ্ট বহিয়াছে; অথচ আমি অন্ত কোন প্রকাবেই আপনাব দহিত সন্মিলিত হইতে ইচ্ছা কবি না ॥২৪॥

আবাব কোন প্রকাবে আপনাব ধর্মলোপও কবিতে ইচ্ছা কবি না ; অথচ আমাব অভীষ্ট সম্পাদনও আপনাব কবিতে হইবে'' ॥২৫॥

অগস্ত্য বলিলেন—"স্থন্দবি! তোমাৰ বৃদ্ধি যদি এই কামনাই স্থিব কবিয়া থাকে, তবে আমি ধন আহবণ কবিবাব জন্ম চলিলাম; তুমি এইথানে থাকিয়াই অভীষ্ট গৃহকাৰ্য্য কবিতে থাক" ॥২৬॥

^{☀ &#}x27;···সপ্তনবতিতমঃ···' —বা ব কা পি, '···পঞ্চনবতিভমঃ' —নি ।

দ্বাশীতিতমোহধ্যায়ঃ।

---*#°---

লোমশ উবাচ।

ততো জগাম কোরব্য! সোহগস্ত্যো ভিক্ষিত্বং বস্ত্ ।
প্রাত্তর্ববাণং মহীপালং যং বেদাভাবিকং নৃপৈঃ ॥>॥
স বিদিন্ধা তু নৃপতিঃ কুম্ভযোনিমূপাগতম্।
বিষয়ান্তে সহামাত্যঃ প্রত্যগৃহ্লাৎ স্থসৎকৃতম্ ॥২॥
অগ্নৈয় চার্ঘ্যং যথান্যায়মানীয় পৃথিবীপতিঃ।
প্রাঞ্জলিঃ প্রণতো ভূত্বা পপ্রচ্ছাগমনেহর্থিতাম্ ॥৩॥
অগস্ত্য উবাচ।
বিত্তার্থিনমনুপ্রাপ্তং বিদ্ধি মাং পৃথিবীপতে!।
যথাশক্ত্যবিহিংস্থান্থান সংবিভাগং প্রয়চ্ছ মে ॥৪॥

ভাবতকৌমুদী

তত ইতি। হে কৌবব্য। ততঃ সোহগন্তাঃ, বস্থ ধনম, ভিশ্বিতুং যাচিতুম, শ্রুতর্বাণং নাম মহীপালং জগাম, ষং শ্রুতর্বাণম্, নৃপৈঃ বাজান্তবেভ্যঃ, অভ্যধিকম্ অধিকধনম্, বেদ বেত্তি শ্ব। শ্রুতা বিখ্যাতা অর্বতঃ অশ্বা যশু স শ্রুতর্বা, পূরোদবাদিস্বাদকাবলোপঃ ॥১॥

স ইতি। কুস্তযোনিমগন্ত্যন্। বিষযান্তে স্ববাজ্যপ্রান্তে, স্থনৎকুতমত্যাদৃতম্ ॥২॥
আমা ইতি। আগমনে অর্থিতাং প্রযোজনবন্ধং প্রযোজনমিত্যর্থং, পপ্রচ্ছ ॥ ।
বিত্তেতি। বিত্তার্থিনং ধনার্থিনন্। অস্থান্ অবিহিংস্থ অপীডযিদা অন্থেষাং পীড়া যথা ন
স্থান্তথেত্যর্থং, সংবিভজ্যত ইতি সংবিভাগো যাচকেন্ড্যো বিভক্তোহর্থন্তম্ ॥৪॥

লোমশ বলিলেন—"কুকনন্দন! তাহাব পব অগস্ত্য ধন প্রার্থনা করিবাব জন্ম শুতর্ববাবাজাব নিকট গেলেন, যাহাকে তিনি অন্যান্ম বাজা হইতে অধিক ধনী বলিয়া জানিজেন ॥১॥

অগস্ত্যমূনি আপন বাজ্যসীমান্তে আসিয়াছেন জানিয়া শ্রুতর্বারাজা মন্ত্রীদেব সহিত যাইয়া বিশেষ আদব করিয়া অগস্ত্যকে আনয়ন কবিলেন ॥২॥

এবং তিনি অগস্তাকে যথানিয়মে অর্ঘ্যদান কবিয়া, কৃতাঞ্চলি ও অবনত হইয়া, তাঁহাব আগমনের প্রয়োজন জিজ্ঞাসা কবিলেন ॥এ॥

অগস্ত্য বলিলেন—"রাজা! আপনি অবগত হটন যে, আমি ধনার্থী হইয়া

⁽৩)···প্রাঞ্জলি: প্রয়তো ভূমা—বা ব কা নি।

লোমশ উবাচ।

তত আয়ব্যয়ে পূর্ণো তিস্মে রাজা ন্যবেদয়ৎ।
আতো বিদ্বনুপাদৎস্ব যদত্র বস্তু মন্যসে ॥৫॥
তত আয়ব্যয়ে দৃষ্ট্বা সমৌ সমমতির্দ্বিজঃ।
সর্ববিথা প্রাণিনাং পীড়ামুপাদানাদমন্যত ॥৬॥
স শ্রুতব্বাণমাদায় ত্রপ্রশ্বমগমন্ততঃ।
স চ তো বিষয়স্থান্তে প্রত্যুগুহ্লাদ্যথাবিধি ॥৭॥
তয়োবর্ষ্যঞ্চ পাতঞ্চ ত্রপ্রশ্বঃ প্রত্যবেদয়ৎ।
অনুজ্ঞাপ্য চ পপ্রচ্ছ প্রয়োজনমুপক্রমে ॥৮॥

ভারতকোঁমূদী

তত ইতি। পূর্ণো পর্যাপ্তো। উপাদৎস্ব গৃহাণ, বস্থ উদ্বৃত্তং ধনম্ ॥৫॥
তত ইতি। সমমতিঃ সর্বপ্রোণিয় সমানবৃদ্ধিঃ। উপাদানাদান্ত্রনা ধনগ্রহণাৎ ॥৬॥
স ইতি। শ্রুতর্বণ আদানন্ত প্রার্থনাগোববজ্ঞাপনেন ধনগ্রহণাবশুজ্ঞাবার্থম্। প্রত্রাপ্যেম।
ব্রগ্নং জযম্লমধো যস্ত তং ব্রশ্নং নাম নূপম্। পূর্ববদকাবলোপঃ ॥৭॥

তযোবিতি। অন্বজ্ঞাপ্য স্বভবনগমনান্ত্মতিং কাবযিত্বা, উপক্রমে আগমনে ॥৮॥

ভারতভাবদীপঃ

তত ইতি। যং বেদ বেত্তি ॥>॥ বিষযান্তে দেশদীমান্তে ॥২॥ আগমনে নিমিত্তভূতা-মর্থিতাং কিমিচ্ছনাগতোহদীতি পপ্রচ্ছেত্যর্থ: ॥০—৫॥ উপাদানাৎ ধনগ্রহণাৎ ॥৬ — ৭॥ ,উপ-আসিয়াছি; স্মৃতবাং অন্তেব যাহাতে কণ্ঠ না হয়, এমনভাবে শক্তি অনুসারে আমাকে ধন দান ককন''॥৪॥

লোমশ বলিলেন—"তৎপবে রাজা তাঁহাকে বলিলেন যে, আমার আয় ও ব্যয় সমান; অতএব এখানে ধন উদ্বৃত্ত হয় বলিয়া যদি মনে কবেন, তবে গ্রহণ কবিতে পাবেন" ॥৫॥

তাহাব পব সর্ববত্র সমজ্ঞানী অগস্ত্য শ্রুভব্বাবাজ্ঞাব আয় ও ব্যয় সমান দেখিয়া তাহা হইতে গ্রহণ করিলে অন্ম প্রাণীদেব সর্বব্যকাবেই কণ্ট হইবে বলিয়া মনে কবিলেন ॥৬॥

তদনন্তব অগস্ত্য শ্রুভবর্বারাজ্ঞাকে লইয়া ব্রধ্নখবাজাব নিকট গেলেন; তখন ব্রধ্নখবাজাও আপন বাজ্যসীমান্তে যাইয়া যথাবিধানে ভাঁহাদিগকে গ্রহণ কবিলেন ॥৭॥

এবং তিনি অগস্ত্যমূনি ও শ্রুতর্বাবাজাকে অর্ঘ্য নিবেদন কবিলেন, পবে আপন ভবনে যাইবাব অনুমতি কবাইয়া তাঁহাদের আগমনেব প্রয়োজন জিজ্ঞাসা কবিলেন ॥৮॥

অগস্তা উবাচ।

বিত্তকামাবিহ প্রাপ্তো বিদ্যাবাং পৃথিবীপতে!। যথাশক্ত্যবিহিংস্থান্থান্ সংবিভাগং প্রয়চ্ছ নৌ ॥৯॥

লোমশ উবাচ।

তত আয়ব্যয়ে পূর্ণো তাভ্যাং রাজা ভ্যবেদয় ।
অতা জ্ঞাত্বা তু গৃহ্লীতং যদত্র ব্যতিরিচ্যতে ॥>০॥
তত আয়ব্যয়ে দৃষ্ট্বা দমৌ সমমতির্দ্ধিজঃ।
সর্ববধা প্রাণিনাং পীড়ামুপাদানাদমন্তত ॥>>॥
পৌরুকুৎসং ততো জগ্মুন্ত্রসদয়্যং মহাধনম্।
অগস্ত্যশ্চ শ্রুতর্বা চ ব্রধ্নশ্চ মহীপতিঃ ॥>২॥
ত্রেসদয়্যশ্চ তান্ দৃষ্ট্বা প্রত্যগৃহ্লাদ্যথাবিধি।
অভিগম্য মহারাজ! বিষয়ান্তে মহামনাঃ ॥>০॥
অর্চ্চিয়িত্বা যথান্যায়মিক্ষ্বাকুরাজসত্তমঃ।
সমস্যাংশ্চ তাত্যিগচ্চৎ প্রযোজনমপাক্রমে ॥>৪॥

चात्रच्हत्रस**त्रु**ता

বিত্তেতি। বিত্তকামো ধনার্থিনো, প্রাপ্তো আগতো। নো আবাভ্যাম্ ॥>॥
তত ইতি। বাজা বর্ধমাং। গৃহীতং মুবাম্। ব্যতিরিচ্যতে উদ্ধ্রং ভবতি ॥>৽॥
তত ইতি। প্রাগ্রাথ্যাতমিদম্ ॥>>॥
পৌর্কিতি। পৌরুকুৎসং প্রুকুৎসাপত্যম্। ত্রসা ভীতা দশুবো যন্মান্তং নাম ॥>২॥
ত্রসেতি। বিষ্যাতে স্বরাজ্যসীমান্তে ॥>৩॥

অগস্ত্য বলিলেন—"রাজা। আপনি অবগত হউন যে, আমরা ধনার্থী হইয়া এখানে আসিয়াছি; অতএব যাহাতে অন্তের কন্ট না হয়, এমন ভাবে শক্তি অনুসাবে আমাদিগকে ধন দান ককন"।।১॥

লোমশ বলিলেন—"তাহাব পর ত্রম্বরাজা তাঁহাদিগকে জানাইলেন যে, আমাব আয় ও ব্যয় সমান ; স্মুক্রাং আপনারা জানিয়া—যাহা উদ্বত্ত থাকে, তাহা গ্রহণ ক্রুন" ॥১০॥

তদনন্তব সর্ব্বত্র সমজ্ঞানী অগস্ত্য তাহাবও আয়-ব্যয় সমান দেখিয়া, তাহা হইতে গ্রহণ করিলে, প্রাণিগণেব সর্ব্বপ্রকাবেই কষ্ট হইবে মনে করিলেন ॥১১॥

তথন অগস্তামূনি এবং শ্রুতর্বা ও ব্রশ্নধবাজা সে স্থান হইতে পৃক্কুৎসবংশীয় মহাধনী ব্রদদস্মারাজার নিকট গমন করিলেন ॥১২॥

মহাবাজ! মহামনা ত্রদদস্মারাজাও আপন বাজ্যসীমান্তে যাইয়া, তাঁহাদিগকে দেখিয়া যথাবিধানে গ্রহণ করিলেন ॥১৩॥

অগস্ত্য উবাচ।

বিত্তকামানিহ প্রাপ্তান্ বিদ্ধি নঃ পৃথিবীপতে ।। যথাশক্ত্যবিহিংস্থান্থান্ সংবিভাগং প্রয়চ্ছ নঃ ॥১৫॥

্লোমশ উবাচ।

তত আয়ব্যযো পূর্ণো তেষাং রাজা ভ্যবেদয়ৎ।
এতজ্জান্বা হ্যপাদদ্ধং যদত্র ব্যতিরিচ্যতে ॥>৬॥
তত আয়ব্যয়ো দৃষ্ট্বা সমো সমমতির্দ্ধিজঃ।
সর্ববিথা প্রাণিনাং পীড়ামুপাদানাদমন্তত ॥>৭॥
ততঃ সর্বের সমেত্যাথ তে নৃপান্তং মহামুনিম্।
ইদমূচুর্মহারাজ। সমবেক্ষ্য প্রস্পাবম্ ॥>৮॥
আয়ং বৈ দানবো ব্রহ্মমিল্বলো বস্থমান্ ভূবি।
তমভিক্রম্য সর্বেহিত্য বয়ঞার্থামহে বস্থ ॥>৯॥

ভারতকোমুদী

অর্চ্চযিত্বেতি। ইক্ষ্বাকুবাজেষ্ ইক্ষ্বাকুবংশীযন্পতিষ্ সন্তমঃ শ্রেষ্ঠতমঃ ॥:৪॥
বিত্তেতি। প্রাপ্তান্, বিদ্ধি জানীহি, নঃ অস্মান্। নঃ অস্মভ্যম্ ॥১৫॥
তত ইতি। বাজা জনদস্তাঃ। উপাদদ্ধং গৃহীত। ব্যতিবিচ্যতে উত্বর্ততে ॥১৬॥
তত ইতি। প্রাণ্য্যাতমিদম্ ॥১৭॥
তত ইতি। সমেত্য মিলিত্বা, তে নৃপাঃ শ্রুতর্ব-ব্রম্থ-অন্দশ্ভবঃ ॥১৮॥ '
অয্মিতি। বস্থমান্ ধনী। অভিক্রম্য গত্বা। বস্থ ধনম্ ॥১৯॥

তৎপবে ইক্ষ্বাকুবংশীয়বাজশ্রেষ্ঠ ত্রসদস্থ্য যথানিয়মে সকলের পূজা কবিয়া ভাহাদেব আগমনেব কাবণ জিজ্ঞাসা কবিলেন ॥১৪॥

অগস্ত্য বলিলেন—'বাজা! আপনি অবগত হউন যে, আমরা এখানে ধনপ্রার্থী ইইয়া আসিয়াছি; অতএব অন্তেব কষ্ট না হয়, এমন ভাবে শক্তি অনুসারে আমাদিগকে ধন দান ককন"॥১৫॥

লোমশ বলিলেন—"তাহাব পব ত্রসদস্থারাজা তাহাদের নিকট জানাইলেন যে, আমাব আয়-ব্যয় সমান ; ইহা জানিয়াও যাহা উদ্বৃত্ত দেখেন, তাহা গ্রহণ ককন" ॥১৮॥

তদনন্তব সর্ববিত্র সমজ্ঞানী অগস্ত্য তাহাবও আয়-ব্যয় সমান দেথিয়া, ধন প্রহণ কবিলে অন্যান্য প্রাণীব সর্ববিপ্রকারেই কম্ব হইবে বলিয়া মনে করিলেন ॥১৭॥

মহারাজ! তাহার পব সেই বাজাবা সকলে মিলিত হইয়া, পরস্পার পর্য্যাবোচনা কবিয়া মহর্ষি সগস্তাকে এই কথা বলিলেন—॥১৮॥

লোমশ উবাচ। ণ

তেষাং তদাসীক্রুচিতমিল্পলস্থৈব ভিক্ষণম্ । ততন্তে সহিতা বাজমিল্পলং সমুপাদ্রবন্ ॥২০॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বৃণি তীর্থযাত্রায়াম অগস্ত্যোপাখ্যানে দ্ব্যশীতিতমোহধ্যায়ঃ ॥০॥ *

-:*:-

ত্রাশীতিতমোহধ্যায়ঃ।

--- °#°---

লোমশ উবাচ।

ইল্বলস্তান্ বিদিত্বা তু মহর্ষিসহিতান্ নৃপান্। উপস্থিতান্ সহামাত্যো বিষয়ান্তেহভ্যপূজয়ৎ ॥১॥

ভারতকোমূদা

তেষামিতি। ক্ষচিতং সম্মতম্, ধনিত্বেন জ্ঞাতত্বাদিতি ভাবঃ। সম্পাদ্রবন্ অগচ্ছন্ ॥২০॥ ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকাষাং ভাবতকোমুদীসমাধ্যাযাং বনপর্ব্বণি তীর্থযাত্রাযাং খ্যশীতিতমোহধ্যায়ঃ ॥০॥

---:*:---

ইখল ইতি। অমাত্যৈঃ সহেতি সহামাত্যঃ, বিষযান্তে স্বাজ্যদীমান্তে ॥১॥ ভারতভাবদীপঃ

জ্মে আগমনে ॥৮॥ নৌ আবাভ্যাম্ ॥৯—১৮॥ বস্তমান্ ধনবান্ ॥১৯॥ অধ্যাযতাৎপর্য্যম্— বান্ধণেনাপি হিংসাপুর্বকং ভিকা ন কর্ত্তব্যতি ॥২০॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে দানীতিতমোহধ্যায়ঃ ॥৮২॥

''মহর্ষি ! এই ইম্বলদানৰ জগতের মধ্যেই ধনী ; অতএব আজ আমৰা সকলে উহাৰ নিকট যাইয়া ধন প্রার্থনা করি" ॥১৯॥

লোমশ বলিলেন—"রাজা! তথন তাহাদের ইন্থলের নিকট প্রার্থনা করাই সর্ববিদমত হইল; তাই তাঁহাবা মিলিত হইয়া ইন্থলেব নিকটই গেলেন" ॥২০॥

লোমশ বলিলেন —"রাজারা মহর্ষি অগস্ত্যেব সহিত আপন রাজ্যেব সীমান্তে উপস্থিত হইয়াছেন, ইহা জানিয়া ইবল মন্ত্রিবর্গেব সহিত যাইয়া তাঁহাদেব সন্মান কবিল ॥১॥

ক বৈশম্পায়ন উবাচ—পি। (২০) তেষাং তদাদীত্চিতম্—বা ব কা নি। * '…আই-নবতিতম:…'—বা ব কা পি, 'ন ষণ্ণবিত্তমং…'—নি। (১)ন বিষ্যান্তে হৃপ্জ্মং—বা ব কা নি।

তেষাং ততোহস্থরশ্রেষ্ঠস্থাতিথ্যমকবোত্তদা।
স্থান্ধর্য কেবিব্য ! ভাত্রা বাতাপিনা তদা ॥২॥
ততো রাজর্ষয় দর্কে বিষয়া গতচেতদঃ।
বাতাপিং সংস্কৃতং দৃষ্ট্রা মেবভূতং মহাস্থরম্ ॥৩॥
অথাত্রবীদগস্ত্যন্তান্ রাজর্ষীনৃষিসত্তমঃ।
বিষাদো বো ন কর্তব্যো ছহং ভোক্ষ্যে মহাস্থরম্ ॥৪॥
ধুর্য্যাসনমথাসাল্ল নিষ্দাদ মহানৃষিঃ।
তং পর্য্যবেশয়দৈত্য ইল্পলঃ প্রহদমিব ॥৫॥
অগস্ত্য এব কৃৎস্কন্ত বাতাপিং বুভুজে ততঃ।
ভুক্ত্যবত্যস্থবো হ্রানমকবোত্তস্ত চেল্পলঃ ॥৬॥
ততো বায়ুঃ প্রাত্রবভূদধন্তস্থ মহাত্মনঃ।
শব্দেন মহতা তাত! গর্জ্জমিব মহাবনঃ ॥৭॥

ভারতকৌমুদী

তেবামিতি। অস্ত্ৰশ্ৰেষ্ঠ ইললঃ। স্থাংস্কৃতেন ছিত্বা পকেন ॥२॥
তত ইতি। বিষয়া গতচেতসন্তিরোহিতকর্ত্তব্যবৃদ্ধশাভবন্। সংস্কৃতং পক্ষম্ ॥৩॥
অথেতি। বো যুদ্মাকম্। অহং হি অহমেব। অতো যুদ্মাকমনিষ্টাশন্ধা নান্তি ॥৪॥
ধুর্য্যেতি। ধুর্য্যাদনং প্রধানপীঠম্। নিষসাদ ভোক্ত মুপ্রবিবেশ ॥৫॥
অগন্ত্য ইতি। কংগং সর্বম্। হ্বানমাহ্বানম্, তন্ত্র বাতাপেঃ ॥৬॥

কুকনন্দন! তাহাব পৰ তখনই ইন্বল, ভ্রাতা বাতাপিকে ছেদন ও বন্ধন করিয়া তখনই তাঁহাদেব অতিথিসংকাৰ করিতে প্রবৃত্ত হইল ॥২॥

তদনন্তব মহাস্থর বাতাপি মেষ হইল এবং তাহাকে ছেদন ও রন্ধন কবিল, ইহা দেখিয়া রাজর্ষিবা সকলেই বিষণ্ণ ও কর্ত্তব্যজ্ঞানহীন হইলেন॥৩॥

তৎপবে মহর্ষি অগস্ত্য সেই বাজর্ষিগণকে বলিলেন—''আপনারা বিষয় হইবেন না; আমিই মহাস্ত্রকে ভক্ষণ কবিব'' ॥৪॥

তাহার পর মহর্ষি যাইয়া প্রধান আসনে উপবেশন করিলেন; তথন ইবলদৈত্য হাসিতে হাসিতেই যেন তাঁহাকে পবিবেশন কবিল ॥ ।॥

তদনস্তর অগস্ত্যই বাতাপির সমস্ত মাংস ভোজন করিলেন; তিনি ভোজন কবিলে, ইম্বল. (পূর্ব্বেব স্থায়ই) বাতাপিকে আহ্বান করিল ॥৬॥

বংস! তাহার পব মহামেঘগর্জনেব ক্যায় একটা বায়ু মহাশব্দে মহাত্মা অগস্ত্যের অধোদেশ দিয়া নির্গত হইয়া গেল ॥৭॥

⁽৭)…গর্জন্নিব যথা ঘনঃ—বা ব কা নি।

বাতাপে ! নিজ্ঞ্চাস্থেতি পুনঃ পুনরুবাচ হ ।
তং প্রহস্থাব্রবীদ্রাজন্ধগন্তাে মুনিসভমঃ ॥৮॥
কুতাে নিজ্ঞমিতুং শক্তাে ময়া জীর্নস্ত সোহস্করঃ ।
ইল্লস্ত বিষণ্ণােহতুন্দৃষ্ট্য জীর্নং মহাস্থরম্ ॥৯॥
প্রাঞ্জলিশ্চ সহামাতির্রেদং বচনমব্রবীৎ ।
কিমর্থমুপয়াতাঃ স্থ ক্রতে কিং করবািন বঃ ॥>০॥
প্রত্যুবাচ ততােহগস্তাঃ প্রহসনিল্ললং তদা ।
ঈশং হুস্থব ৷ বিদ্যস্তাং বয়ং সর্বের ধনেশ্বরম্ ॥>>॥
এতে চ নাতিধনিনাে ধনার্থশ্চ মহান্ মম ।
যথাশক্ত্যবিহিংস্থান্থান্ সংবিভাগং প্রয়ন্থ নঃ ॥>২॥
ততােহভিবাত তম্বিমিল্পলাে বাক্যমব্রবীৎ ।
দিৎসিতং যদি বেৎসি ত্বং ততাে দাস্থামি তে বয়ু ॥>০॥

ভারতকৌমূদী

তত ইতি। তশু অগন্তাশু। অত গৰ্জনমেবেণিমানম্, মহাদনো মহামেদ: ॥৭॥
বাতাপ ইতি। উবাচ, ইবল এবেতি শেব:। তমিবলম্ ॥৮॥
কুত ইতি। মহাস্থবং বাতাপিং জীর্ণং দৃষ্টা অনাগমনাদবগম্য ॥२॥
প্রেতি। অব্রবীৎ, ইবল ইতি শেব:। উপযাতা আগতা: স্থ বৃষম্ ॥১০॥
প্রতীতি। ঈশং দানে সমর্থম্। ধনেশ্বং মহাধনিনম্ ॥১১॥
এত ইতি। এতে চ বাজান:। ধনার্থ: ধনশু প্রযোজনম্ ॥১২॥
তত ইতি। দিৎসিতং যুশ্মভাং ময়া দাতুমিষ্টম্। বস্থ ধনম্। মুনের্যোগবলপরীকার্থ-

"বাতাপি! নির্গত হও" এইভাবে ইবল বাব বাব ডাকিল। রাজা! তখন মুনিশ্রেষ্ঠ অগস্ত্য হাস্ত কবিয়া তাহাকে বলিলেন—॥৮॥

"বাতাপি কি কবিয়া নির্গত হইবে; আমি তাহাকে জীর্ণ করিয়া ফেলিয়াছি।" বাতাপি জীর্ণ হইয়া গিয়াছে জানিয়া ইবল বিষণ্ণ হইল॥১॥

এবং মন্ত্রিগণেব সহিত কৃতাঞ্চলি হইয়া এই কথা বলিল —"আপনাবা কিজন্ত আসিয়াছেন—বলুন, আমি আপনাদের কি করিব"॥১॰॥

তাহাব পব অগস্ত্য তখন হাস্ত কবিয়া ইব্লকে কহিলেন—"অসুব! আমরা সকলেই জানি যে, তুমি মহাধনী এবং দান করিতে সমর্থ ॥১১॥

এ বাজারা অধিক ধনী নহেন, অথচ আমাব গুকতর ধনের প্রয়োজন; অতএব অন্তোব ঘাহাতে কণ্ট না হয়, এমনভাবে শক্তি অনুসারে আমাদিগকে ধনদান কর"॥১২॥

বন-১১১ (৮)

অগস্ত্য উবাচ।

গবাং দশ সহস্রাণি রাজ্ঞামেকৈকশোহস্তর !।
তাবদেব স্থবর্ণস্থা দিৎসিতং তে মহাস্তর ! ॥১৪॥
মহ্যং ততো বৈ দ্বিগুণং রথদৈচব হির্থায়ঃ।
মনোজবৌ বাজিনো চ দিৎসিতং তে মহাস্তর ! ॥১৫॥
জিজ্ঞাস্থতাং রথঃ সচ্যো ব্যক্ত এষ হির্থায়ঃ।
জিজ্ঞাস্থমানঃ স বথঃ কোন্তেয়াসীদ্ধিবগায়ঃ ॥১৬॥
ততঃ প্রব্যথিতো দৈত্যো দদাবভ্যধিকং বস্তু।
বিবাবশ্চ স্থরাবশ্চ তশ্মিন্ যুক্তৌ বথে হয়ো ॥১৭॥

ভাবতকৌসুদী

মিদমভিহিতম, অন্তথা যম্ভপাত্তে দানং স্থাৎ। বাতাপেজীর্ণতাকবণস্ক স্বভাবতোহপি স্থাৎ, জঠরাগ্নেবৈচিত্র্যাদিতি ভাবং ॥১৩॥

গবামিতি। স্থৰ্ণক্ত "পঞ্চক্ষলকো মাষস্তে স্থৰ্ণস্থ বোডশ" ইতি মন্থ্ৰবিভাষিতক্ত স্বৰ্ণমূলা-বিশেষক্ত, তাবদেব দশসহস্ৰসংখ্যানমেব, দিৎসিতং দাতুমিষ্টম্ ॥১৪॥

মহামিতি। হিবন্ধয়ঃ স্বৰ্ণময়ঃ। মনস ইব জবো বেগো যন্ত্ৰোক্তো বাজিনাবশো। তে ত্বা, দিৎসিতম্ এতৎ সৰ্বাং দাতুমিষ্টম্ ॥১৫॥

জিজ্ঞান্সতামিতি। জিজ্ঞান্সতাং জ্ঞাতুমিয়তাং পবীস্ব্যতামিত্যর্থ: ॥১৬॥
তত ইতি। প্রব্যথিতঃ, অগস্ত্যন্ত পরীক্ষণাদিতি ভাবঃ। অভ্যধিকম্ উক্তমিগুণাদপ্যতিবিক্রম্, বস্থ ধনম্। বিবাবক্ষ স্থবাক্ষ নাম, হ্বাবধ্যে ॥১৭॥

তাহার পব ইন্থল অগস্ত্যকে অভিবাদন কবিয়া এই কথা বলিল—"আমি যাহা দিতে ইচ্ছা কবিয়াছি, তাহা যদি আপনি জানিয়া থাকেন, তবেই আমি আপনাকে ধন দান করিব" ॥১৩॥

অগস্ত্য বলিলেন—"অপুব! তুমি এই বাজাদেব এক এক জনকে দশ হাজার করিয়া গক এবং দশ হাজাব কবিয়া মোহর দিতে ইচ্ছা কবিয়াছ ॥১৪॥

এবং তাহা অপেক্ষা দ্বিগুণ গক, দ্বিগুণ ধন, একখানি স্বর্ণময় বথ ও মনের স্থায় বেগবান ছইটী অশ্ব—এই সকল বস্তু আমাকে দিতে ইচ্ছা কবিয়াছ॥১৫॥

ত্মি সতাই পবীক্ষা কবিয়া দেখ—এই বথখানি স্পষ্টতই স্বর্ণময়। কুন্তীনন্দন! তখন ইন্মল পবীক্ষায় প্রাবৃত্ত হইবামাত্র দে বথখানি 'স্বর্ণময়' হইয়া গেল॥১৬॥

তাহাব পৰ ইবল অত্যন্ত তুঃখিত হইয়া উক্ত অপেক্ষাও অধিক ধন দান কবিল এবং 'বিবাব' ও 'সুবাব'-নামে তুইটা অশ্ব সেই বথে সংযুক্ত করিল ॥১৭॥ উহতুস্তে বদূযাশু তায়গস্ত্যাশ্রমং প্রতি।
সর্বান্ রাজ্ঞঃ দহাগস্ত্যান্ নিমেঘাদিব ভাবত! ॥>৮॥
অগস্ত্যোনাভ্যমুজ্ঞাতা জ্ব্যূ বাজর্ষয়স্তদা।
কৃতবাংশ্চ মুনিঃ সর্ববং লোপামুদ্রাচিকীর্ষিত্রম্ ॥>৯॥
লোপামুদ্রোবাচ।

কৃতবানসি তৎ দৰ্ববং ভগবন্ ! মম কাজ্ফিতম্ । উৎপাদয় দকুন্মহ্মপত্যং বীৰ্য্যবত্তবম্ ॥২০॥ অগস্ত্য উবাচ ।

তুষ্টোহহমস্মি কল্যাণি! তব ব্যক্তন শোভনে!।
বিচারণামপত্যে তু তব বক্ষ্যামি তাং শৃণু ॥২১॥
সহস্রং তেহস্ত পুত্রাণাং শতং বা দশসন্মিতম্।
দশ বা শতকুল্যাঃ স্থ্যবেকো বাপি সহস্রজিৎ ॥২২॥

ভারতকৌমূদী

উহত্বিতি। তে হধৌ, বস্থনি ধনানি। অগস্তোন সহেতি সহাগস্ত্যান্তান্ ॥১৮॥
অগস্তোনেতি। লোপামূদ্রযা চিকীর্ষিতং কর্জুমিষ্টং শয্যাভূষণাদিকম্ ॥১৯॥
কৃতবানিতি। সক্লদেকবাবমিতি বীর্ষ্যবত্তবত্তবিষয়ে, মহুং মম ॥২০॥
তুষ্ট ইতি। বৃত্তেন চবিত্রেণ। বিচাবণাং বিচাবম্, অপত্যে সস্তানবিষ্ধে ॥২১॥
সহস্রমিতি। দশসন্মিতং দশোত্তমপুত্রভূল্যম্। সহস্ত্রজিৎ সর্ব্বথেৎকর্ষেণ ॥২২॥

ভবতনন্দন! তাহার পর সেই অশ্ব তুইটী অগস্ত্যেব সহিত সমস্ত রাজাকে এবং সেই ধনগুলিকে সম্বব নিমেষের মধ্যেই যেন অগস্ত্যেব আশ্রমে বহন কবিয়া লইয়া গেল ॥১৮॥

তথন অগস্ত্যেব অমুমতিক্রমে বাজারা চলিয়া গেলেন; অগস্ত্যও লোপামূড়াব অভীষ্ট সমস্ত বস্তু সম্পাদন কবিলেন॥১৯॥

লোপ।মূদ্রা বলিলেন—"ভগবন্! আপনি আমাব অভীষ্ট সনস্তই সম্পাদন করিযাছেন, এখন আমাব গর্ভে একবাব বিশেষ শক্তিণালী সন্তান উৎপাদন করুন''॥২০॥

অগস্ত্য বলিলেন—"কল্যাণি! শোভনে! তোমাব চবিত্রে আমি সম্ভুষ্ট হইযাছি; এখন তোমাব সন্তানেব বিষয়ে একটা বিবেচনাব কথা বলিব, তাহা তুমি শ্রুবণ কর ॥২১॥

তোমাব এক হাজাব পুত্র হইবে, না—দশটী উৎকৃষ্ট পুত্রের তুল্য এক-

⁽১৮) উহতু: শ্ব বস্থনাশু তাবগস্ত্যাশ্রমং প্রতি—বা ব কা।

লোপাগুদ্ৰোবাচ।

সহস্রসন্মিতঃ পূত্র একোহপ্যস্ত তপোধন!।
একো হি বহুভিঃ শ্রেবান্ বিদ্বান্ সাধুরসাধুভিঃ ॥২৩॥
স তথেতি প্রতিজ্ঞার তরা সমগমন্মুনিঃ।
সমযে সমশীলিন্তা শ্রেদ্ধাবান্ শ্রুদ্ধানরা ॥২৪॥
তত আধার গর্ভং তমগমদ্বনমেব সঃ।
তিন্মিন্ বনগতে গর্ভো বরুধে সপ্ত শারদান্ ॥২৫॥
সপ্তমেহকে গতে চাপি প্রাচ্যবৎ স মহাকবিঃ।
দ্বানিব প্রভাবেন দৃঢ়স্ত্যর্নাম ভাবত! ॥২৬॥
সাক্ষোপনিবদান্ বেদান্ জপদ্মিব মহাতপাঃ।
তত্ত্য পুত্রোহতবদৃষ্যে স তেজস্বী মহাদ্বিজঃ ॥২৭॥

ভাবতকৌমুদী

সহম্রেতি। হি যশাৎ, এক: পুত্র:, বছভিরসাধৃতি: বছভা: অসাধৃভা: ॥২০॥
স ইতি। সমগমৎ সঙ্গমং কৃতবান্। শ্রদ্ধাবান্ সংপুত্রোৎপত্রে বিশ্বাসবান্ ॥২৪॥
তত ইতি। শবদো বৎসবা এব শারদান্তান্, "শরদন্তী বৎসবেহপূত্রো" ইতি মেদিনী ॥২৫॥
সপ্তম ইতি। প্রাচ্যবৎ নিরগচ্ছৎ, মহাকবির্ভাবিনি কালে ॥২৬॥

ভাৰতভাবদীপঃ

ইল্ল ইতি ॥১—১২॥ দিৎনিতং ময়া যুশ্মভাং দাতৃমিষ্টন্, এতেন প্ৰচিন্তাভিজ্ঞ্ছমণভাশ্য প্ৰীফিতন্ ॥১৩—২১॥ দশনন্মিতং দশশতদন্মিতম্ ॥২২—২৩॥ সমভবং সদমং চকার ॥২৪॥ শত পুত্ৰ হইবে, কিংবা শতপুত্ৰেৰ তুল্য দশটী পুত্ৰ হইবে, অথবা সহস্ৰ পুত্ৰবিজয়ী একটী পুত্ৰ হইবে গু' ॥২২॥

লোপামূজা বলিলেন—"তপোধন! সহস্ৰ পুত্ৰেব তুল্য একটীমাত্ৰ পুত্ৰই আমাব হ'উক' কারণ, বহু মূৰ্থ পুত্ৰ অপেক্ষা একটীমাত্ৰও বিদ্বান্ পুত্ৰ শ্ৰেষ্ঠ" ॥২০॥

"তাহাই হইবে" এই কথা বলিয়া অগস্তামূনি বিশ্বাদী হইয়া বিশ্বাদশীলা ও তুল্যস্বভাবা লোপামূদ্রাৰ সহিত ব্থাসময়ে সঙ্গম করিলেন ॥২৪॥

এইভাবে অগস্ত্য লোপামূদ্রার গর্ভাধান কবিয়া বনেই চলিয়া গেলেন ; তিনি বনে চলিয়া গেলে সেই গর্ভটী সাত বংসর পর্যান্ত বৃদ্ধি পাইল ॥২৫॥

ভবতনন্দন! সাত বংসব অতীত হইলে, সেই গর্ভটী নির্গত হইল এবং আপন তেজে যেন জ্বলিতে লাগিল; পরে তাহাব নাম হইয়াছিল—'দৃঢ়স্থ্যু' এবং ভবিষ্যুতে সে মহাকবি হইয়াছিল ॥২৬॥

⁽२४) --- नगडवज्र्निः--वा व का शि।

বাল এব স তেজম্বী পিতুস্তস্থ নিবেশনে।
ইগ্নানাং ভারমাজন্ত্রে ইগ্নবাহস্ততোহভবং ॥২৮॥
তথা যুক্তস্ত তং দৃষ্ট্বা মুমুদে স মুনিস্তদা।
এবং স জনয়ামাস ভারতাপত্যমুক্তমম্ ॥২৯॥
লেভিরে পিতরশ্চাস্থ লোকান্ রাজন্! যথেপিসতান্।
অত উদ্ধিময়ং খ্যাতস্ত্বগস্ত্যস্থাশ্রমো ভূবি ॥৩০॥
প্রাহ্লাদিবেবং বাতাপিবগস্ত্যেনোপশামিতঃ।
তস্থায়মাশ্রমো রাজন্! রমণীয়েগ্র গৈর্মুতঃ ॥৩১॥
এবা ভাগীরথী পুণ্যা দেবগন্ধর্বসেবিতা।
বাতেরিতা পতাকেব বিবাজতি নভস্তলে ॥৩২॥

ভারতকৌমুদী

সাঙ্গেতি। ইবশবস্থ সর্বজারষঃ, মহাতপা ইব, তেজস্বীব, মহাদিজ ইব চেত্যর্থঃ ॥২৭॥
তত্ত্য নামান্তবকাবণমাহ—বাল ইতি। ইয়ানাং কাষ্ঠানাম, ভাবং বাশিম্ ॥২৮॥
তথেতি। তথা তাদুশৈবিজাদিভিগু গৈযুক্তম্। হে ভাবত! ভবতবংশনন্দন!॥২৯॥
লেভিব ইতি। অস্ত অগন্তস্ত্য, লোকান্ স্বর্গান্। খ্যাতন্তীর্থত্বেন ॥৩০॥
উপসংহরতি প্রাহ্লাদিবিতি। প্রাহ্লাদিঃ প্রহ্লাদবংশোৎপরঃ, উপশামিতো বিনাশিতঃ ॥৩১॥
ভাবতভাবদীপঃ

শারদান্ শরদা ঋতুনা যুক্তান্ সংবৎসবানিত্যর্থ: ॥২৫॥ প্রাচ্যবত্বদবান্নির্গতোহভবদিত্যর্থ: ॥২৬ – ২৮॥ যুক্তমধ্যযনেধ্ববাহনাদো ॥২৯—৩০॥ প্রাহ্লাদিঃ প্রহ্লাদগোত্রোদ্ভব: ॥৩১—৩২॥

অগস্থ্যের সেই পুত্রটী ব্যাকরণপ্রভৃতি অঙ্গশাস্ত্র ও উপনিষদেব সহিত বেদ পাঠ করিতে করিতেই যেন এবং মহাতপা, তেজস্বী ও প্রধান ব্রাহ্মণ হইয়াই যেন জনিয়াছিল ॥২৭॥

সেই অগস্ত্যপুত্ৰ বালক অবস্থাতেই বন হইতে পিভৃগৃহে কাৰ্চ্চরাশি আহবণ কবিত ; সেই জন্মই তাহাব নাম হইয়াছিল—'ইশ্ববাহ' ॥২৮॥

তখন অগস্ত্য .পুত্রটীকে সেইবাপ গুণবান্ দেখিয়া আনন্দিত হইলেন। ভবতনন্দন! এইভাবে অগস্ত্য উত্তম সন্তান উৎপাদন করিয়াছিলেন॥২৯॥

বাজা! উহাব পিতৃলোকেবাও অভীষ্ট স্বৰ্গলাভ করিয়াছিলেন এবং ইহাব পব হইতেই এই অগস্ত্যাশ্রম জগতে বিখ্যাত হইয়াছে ॥৩০॥

রাজা। এইভাবে মহর্ষি অগস্ত্য, প্রহলাদবংশসম্ভূত বাতাপি দানবকে বিনষ্ট করিয়াছিলেন। তাঁহাবই এই রমণীয়-গুণসম্পন্ন আশ্রম ॥৩১॥

(৩·)···তত উদ্ধময়ম্—বা ব কা নি। (৩১) প্রহাদিবেবং—বা ব কা।

প্রতার্য্যমাণা কৃটেযু যথানিম্নেরু নিত্যশঃ।

শিলাতলেরু সন্ত্রস্তা পন্নগেল্রবর্ধুরিব ॥৩৩॥
দক্ষিণাং বৈ দিশং সর্ব্বাং প্লাবয়ন্তীব মাতৃবৎ।
পূর্ববং শস্ত্রোর্জটাভ্রম্টা সমুদ্রমহিষী প্রিয়া।
হ্রস্তাং নত্যাং স্তপুণ্যায়াং যথেক্টমবগাহ্যতাম্ ॥৩৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ববিশি
তীর্থ্যাত্রায়াম্ অগস্ত্যোপাখ্যানে ত্রাশীতিতমোহধ্যায়ঃ॥০॥ *

-:*:--

ভাবতকৌমূদী

এবেতি। নভন্তলে পতাকেব, বাতেবিতা বাযুদঞ্চালিতা সতী বিবাজতি ॥৩২॥ প্রেতি। কুটেযু শৃঙ্গেযু, প্রতাধ্যমাণ। উন্নতশিলাভির্মধ্যে মধ্যে প্রতিবধ্যমানা, যথানিমেষু শিলাতলেযু, সম্বস্ত। পন্তগন্তবধ্বিব, নিতাশঃ পততি ॥০০॥

দক্ষিণামিতি। মাতৃবৎ স্নেহপবাষণা। ষট্পাদোহযৎ শ্লোকঃ ॥৩৪॥ ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচাৰ্য্য-মহাকবি-পদ্মভূহণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকায়াং ভাবতকোম্দীনমাখ্যায়াং বনপর্বণি তীর্থযাত্রাযাং ত্রাশীতিতমোহধ্যায়ঃ॥•॥

ভাবতভাবদীপঃ

শিলানাং তলেষধোভাগেয়ু সম্ভক্তা লীনা, তেন পাতালগামিত্বমূক্তং শেষেণ স্বৰ্গভূগতত্বমিতি ত্ৰিপথগাত্বমূক্তং গঙ্গাযাঃ ॥৩৩ – ৩৪॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলকন্তীয়ে ভাবতভাবদীপে ব্রাশীতিতমোহধ্যায়ঃ ॥৮০॥

-:*:-

পবিত্রা ও দেবগন্ধর্বেসেবিতা এই গঙ্গা, আকাশে পতাকাব ন্যায় বাযুসঞ্চালিত হইয়া শোভা পাইতেছে ॥২২॥

এবং মধ্যে মধ্যে পর্ব্বতশৃঙ্গে প্রতিহত হইয়া, ক্রমিকনিম শিলাতলে আসিতে থাকিয়া, সন্তুম্ভ সপীব স্থায় সর্ববদা পতিত হইতেছে ॥৩৩॥

সমুজের প্রিয়মহিষী এই গঙ্গা প্রথমে মহাদেবের জটা হইতে নির্গত হইষা, মাতাব ন্থায় সমস্ত দক্ষিণদিক্ই যেন প্লাবিত কবিতে থাকিয়া প্রবাহিত হইতেছে। অভএব যুথিষ্ঠিব! তোমবা সকলেই ইচ্ছানুসারে এই মহাপুণ্যা গঙ্গানদীতে অবগাহন কব" ॥৩৪॥

---°#°---

চতুরশীতিতমোহধ্যায়ঃ।

লোমশ উবাচ।

যুধিষ্ঠির। নিবোধেদং ত্রিযু লোকেষু বিশ্রুতম্।
ভূগোস্তীর্থং মহারাজ! মহর্ষিগণসেবিতম্॥১॥
যত্রোপম্পৃষ্টবান্ রামো হুতং তেজস্তদাপ্তবান্।
অত্র ত্বং ভ্রাতৃভিঃ সার্দ্ধং কৃষ্ণয়া চৈব পাগুব!॥২॥
তুর্য্যোধনহুতং তেজঃ পুনরাদাতুমর্হসি।
কৃতবৈবেণ রামেণ যথা চোপহুতং পুনঃ॥৩॥ (যুগ্মকম্)।

বৈশস্পায়ন উবাচ।

স তত্র জ্রাতৃভিশ্চৈব কৃষ্ণয়া চৈব পাগুবঃ।
স্মাত্মা দেবান্ পিতৄংশ্চৈব তর্পয়ামাস ভারত।॥৪॥
তক্ষ তীর্থস্থ রূপং বৈ দীপ্তাদ্দীপ্ততরং বভৌ।
অপ্রধ্নয়তরশ্চাসীচ্ছাত্রবাণাং নর্বভ!।
অপুচ্ছচিচব রাজেন্দ্র! লোমশং পাণ্ডুনন্দনঃ॥৫॥

ভারতকৌমুদী

যুধীতি। নিবোধ পশু, ইদং সন্নিহিতম্। বিশ্রুতং বিখ্যাতম্ ॥১॥

যত্ত্তেতি। উপস্পৃষ্টবান্ স্নাতবান্ সন্, রামো জামদগ্নাঃ, স্বতং দশবথপুত্তেণ বামেণ। আপ্তবান্

লকবান্। রামেণ জামদগ্রোন, উপস্বতম্ আস্বতম্ ॥২——৩॥

স ইতি। স যুধিষ্টিবঃ, কৃষ্ণবা জোপ্তা ॥৪॥

লোমশ বলিলেন—"মহারাজ যুধিষ্ঠির! ত্রিভুবনবিখ্যাত এবং মহর্ষিগণসেবিত এই ভৃগুতীর্থ দর্শন কব ॥১॥

পাণ্ড্নন্দন! পূর্ববিদালে পবশুরাম যেখানে স্নান কবিয়া রামকর্ত্তক হতে সেই
নিজ তেজ পুনরায় লাভ করিয়াছিলেন; অতএব রামের সহিত শক্রতাকাবী
পরশুরাম যেমন হতে তেজ পুনরায় গ্রহণ করিয়াছিলেন, তুমিও তেমন ভ্রাতৃগণ ও
জৌপদীব সহিত মিলিত হইয়া এইখানে স্নান কবিয়া হুর্য্যোধনহৃত নিজ তেজ
পুনরায় গ্রহণ কর" ॥২—৩॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন জনমেজয়! যুধিষ্টির প্রাতৃগণ ও দ্রৌপদীর সহিত মিলিত হইয়া সেই ভৃগুতীর্থে স্নান কবিয়া দেবগণ ও পিতৃগণের ভর্পণ করিলেন ॥৪॥ ভবন্। কিমৰ্থং রামস্য হৃতমাসীদ্বপুঃ প্রভো!। কথং প্রত্যাহ্বতঞ্চিব এতদাচক্ষ্ব পৃচ্ছতঃ ॥৬॥ লোমশ উবাচ।

শৃণু বামস্ম রাজেন্দ্র ! ভার্গবস্ত চ ধীমতঃ ।
জাতো দশরথস্মাদীৎ পুত্রো রামো মহাত্মনঃ ॥৭॥
বিষ্ণুঃ স্থেন শরীরেণ বাবণস্থ বধার বৈ ।
পশ্যামস্তমযোধ্যারাং জাতং দাশরথিং ততঃ ॥৮॥ (যুগ্মকম্)
খাচীকনন্দনো রামো ভার্গবো রেণুকাস্ততঃ ।
তক্ম দাশরথেঃ শ্রুত্মা রামস্থাক্লিফকর্ম্মণঃ ॥৯॥
কৌতূহলান্মিতো রামস্ত্রবোধ্যামগমৎ পুনঃ ।
ধনুরাদায় তদ্দিব্যং ক্ষত্রিয়াণাং নিবর্হণম্ ॥১০॥

ভাৰতকোমূদী

তন্তেতি। তীর্থস্থ তত্তীর্থস্নাতমাত্রস্থ, তক্ত বৃধিষ্ঠিবস্ত। অপ্রধৃষ্ণতরঃ দর্কথৈবাঙ্গেয়ঃ, আদীৎ পাণ্ডুনন্দন ইতি সম্বদ্ধঃ। বটুপাদোহনং শ্লোকঃ ॥৫॥

ভবন্নিতি। বপু: প্রশন্তং রূপম্, "বপু: শন্তাকৃতো দেহে" ইতি হেমচন্দ্রঃ ॥৬॥ শৃথিতি। শৃণু উপাখ্যানমিতি শেবং। বামো নাম। পশ্চামং দ্ব ॥৭—৮॥

খচীকেতি। শ্রুতা হ্বধহুর্ভঙ্গাদিবৃত্তান্তমিতি শেবং। রামো জামদগ্না:। জিজ্ঞাসমানো জ্ঞাতুমিচ্ছন্। বিষয়ান্তং স্বরাজ্যপ্রান্তদেশন্। রামশ্র জামদগ্নশু সমীপে। রামো জামদগ্রাঃ।

নরশ্রেষ্ঠ রাজেন্দ্র জনমেজয়! সেই তীর্থে স্নান করিবামাত্র যুধিষ্টিরের বাপ উজ্জ্বল হইতেও অধিক উজ্জ্বল হইল এবং তিনি শত্রুগণেব অজেয় হইলেন। তৎপবে তিনি লোমশমুনিকে জিজ্ঞাসা করিলেন—॥৫॥

"হে প্রভাবসম্পন মহর্বি! রামচন্দ্র কি জন্ম পরগুরামের তেজ হরণ করিয়া-ছিলেন ? কি প্রকাবেই বা পরগুবাম পুনরায় তাহা প্রত্যাহরণ করিয়াছিলেন ? ইহা আমি জিজ্ঞাসা করিতেছি, আপনি বলুন" ॥॥

লোমশ বলিলেন—"বাজ্ঞেষ্ঠ। দশর্থনন্দন রাম ও ভূগুবংশীয় ধীমান্ প্রস্থবানেব বৃত্তান্ত শ্রবণ কর। বিফু রাবণবধেব নিমিত্ত আপন শরীবে মহাত্মা দশর্থেব পুত্র বাম হইয়া জন্মগ্রহণ করিয়াছিলেন। তাহার পর আমরা সেই দশর্থনন্দন বামকে অযোধ্যায় দেখিয়াছিলাম ॥৭—৮॥

একদা বেণুকাগর্ভজাত ভৃগুবংশীয় ঋচীকনন্দন পরশুরাম, অনায়াসে কার্য্য-কারী দশরথনন্দন রামের বলবীর্য্যেব সংবাদ শুনিয়া, তাহা জানিবার ইচ্ছা

⁽৬) ভগবন্। কিমর্গং রামশ্র—বাব কা পি।

জিজ্ঞাসমানো বামস্য বীর্য্যং দাশরথেস্তদা।
তং বৈ দশরথঃ শ্রুত্ম বিষয়ান্তমুপাগতম্ ॥>>॥
প্রেষয়ামাস রামস্য রামং পুত্রং পুরস্কৃতম্।
স তমভ্যাগতং দৃষ্ট্বা উন্মতাক্রমবস্থিতম্ ॥>২॥
প্রহুসন্নিব কোন্তেয় । রামো বচনমত্রবীৎ।
কৃতকালং হি রাজেন্দ্র । ধনুরেতন্ময়া বিভো!॥>৩॥
সমারোপয় যত্নেন যদি শক্রোষি পার্থিব!।
ইত্যুক্তস্তাহ ভগবন্! ত্বং নাধিক্ষেপ্ত্রুমর্হসি॥>৪॥ (কুলকম্)
নাহমপ্যধমো ধর্ম্মে ক্যত্রিয়াণাং দ্বিজ্ঞাতিরু।
ইক্ষ্যাকৃণাং বিশেষেও বাহুবীর্য্যেও কপ্যনম্॥>৫॥

ভারতকৌসুদী

কুতঃ কালঃ ক্ষপ্রিয়াণাং মৃত্যুর্বেন তৎ, "কালো মৃত্যো মহাকালে নময়ে ধমকৃষ্ধাে।" ইতি বিশ্ব:। আহ ব্রবীতি শ্ব দাশবধী বাম ইতি শেষ:। অধিক্ষেপ্ত নিন্দিত্ং নার্হনি, যদি শক্নোধি ইত্যুক্ত্যা তুর্বলস্বস্থানাদিতি ভাবঃ ॥>—>৪॥

নেতি। বিজাতিষু মধ্যে ক্ষত্রিষাণাং ধর্মে বলে। কথনং শ্লাঘাকবণম্ ॥১৫॥ ভাবতভাবদীপঃ

যুষিষ্ঠিব ইতি ॥>॥ বামো জামদগ্যঃ, ক্বতং দাশর্থিবামেণ ॥২—,৪॥ তন্ত যুধিষ্ঠিবন্ত, তীর্থন্ত তীর্থে জাতন্ত ॥৫॥ বপুত্তেজঃ ॥৬—৮॥ দাশর্থেং শ্রুতা ধক্ত্র্প্তনাদিপরাক্রমমিতি শেষঃ। কর্মাণি বা ষষ্ঠী ॥>—>২॥ কৃতকালং কৃতাঃ হিংসিতাঃ কাল্তুল্যাঃ ক্ষত্রিষা যেন তদ্ধ্যঃ। কৃ হিংসামাং স্বাদেবিদং রূপম্॥১৩—১৪॥ বাহুবীর্যো বিষয়ে ন ব্রথনং প্লাঘনং নাস্তি॥১৫॥ বাপদেশেন

কবিয়া, কৌতৃহলান্বিত হইষা, ক্ষত্রিয়ধ্বংসকাবী সেই অলোকিক ধন্থ লইয়া, অযোধ্যায় গমন করিলেন। তিনি নিজ রাজ্যসীমান্তে উপস্থিত হইয়াছেন শুনিয়া দশরথরাজা বীবাগ্রগণ্য নিজ পুত্র বামচন্দ্রকে সেই পরশুরামের নিকট পাঠাইয়া দিলেন। কুস্তীনন্দন! তখন পবশুবাম রামচন্দ্রকে আগত এবং উন্নতান্ত্র হইয়া অবস্থিত দেখিয়া হাসিতে হাসিতেই যেন এই কথা বলিলেন—"প্রভাবসম্পান্ন বাজশ্রেষ্ঠ। তুমি যদি সমর্থ হও, তবে আমাব এই ক্ষত্রিয়নাশক ধন্নতে যত্নপূর্বক গুণ আবোপণ কর।" পবশুরাম এই কথা বলিলে, বামচন্দ্র বলিলেন—"ভগবন। আপনি আমাকে নিন্দা কবিতে পাবেন না॥৯—১৪॥

কারণ, দ্বিজাতিগণেৰ মধ্যে ক্ষত্রিয়ধর্মে আমিও অধম নহি। বিশেষতঃ, ইক্ষ্বাকুবংশীয়দিগেৰ বাছবলেৰ প্লাঘা চলিয়াই আসিতেছে' ॥১৫॥

⁽১৫)…बाह्वीर्र्या न कथनम्—वा व का नि । वन-১১২ (৮)

তমেবংবাদিনং তত্র রামো বচনমন্ত্রবীং।
তলং বৈ ব্যপদেশেন ধনুরায়চ্ছ বাঘব।॥১৬॥
ততো জগ্রাহ রোধেণ ক্ষত্রিয়র্ভভূদনম্।
বামো দাশরথিদিব্যং হস্তাদ্রামস্ত কান্মুক্য্॥১৭॥
ধনুরাবোপয়ামাস সলীলমিব ভারত।।
জ্যাশব্দমকরোচ্চেব স্ময়মানঃ স বীর্য্যবান্।
তস্ত শব্দেন ভূতানি বিক্রসন্ত্যশনেরিব॥১৮॥
তথ্য শব্দেন ভূতানি বিক্রসন্ত্যশনেরিব॥১৮॥
তথ্য বামো রামং দাশবথিস্তদা।
ইদমারোপিতং ব্রহ্মন্! কিমন্তং করবাণি তে॥১৯॥
তস্তা রামো দদৌ দিব্যং জামদগ্র্যো মহাত্মনঃ।
শর্মাকর্ণদেশান্তময়মাক্বয়তামিতি॥২০॥
এতচ শ্রেত্বাহন্তবীদ্রামঃ প্রদীপ্ত ইব মন্যুনা।
শ্রেয়তে ক্ষম্যতে চৈব দর্গপূর্ণোহিস্ন ভার্গব!॥২১॥

ভারতকৌমুদী

তমিতি। রামো জামদগ্ন:। বাপদেশেন বাক্ছলেন। আয়চ্ছ বিভৃতীকুর ॥১৬॥
তত ইতি। ক্ষত্রিবর্গভস্দনং ক্ষত্রিযশ্রেষ্ঠবিনাশকম। রামশু জামদগ্মশু॥১৭॥
ধহুরিতি। শ্বমান ঈষকসন্। ভূতানি প্রাণিন:। বটুপাদোহযং শ্লোক:॥১৮॥
অথেতি। রামং জামদগ্মম্। আরোপিতং গুণাবোপবিষয়ীকৃতম্, ধহুঃ॥১৯॥
তশ্রেতি। দিব্যং শরং দদাবিতি সহস্ক:। ইতি উল্কৃতি শেষ:॥২০॥

রামচন্দ্র এইরূপ বলিলে, তখন পরশুরাম এই কথা বলিলেন—"রঘুনন্দন! ছল করিবাব প্রয়োজন নাই, ধ্রুখানাকে বিস্তৃত কর (দেখি) ॥১৬॥

তাহাব পব রামচন্দ্র ক্রোধভরে পরগুরামের হস্ত হইতে শ্রেষ্ঠ ক্ষত্রিয়নাশক অলোকিক ধনু গ্রহণ কবিলেন ॥১ গ॥

এবং ভরতনন্দন! বলবান্ রামচন্দ্র লীলাব সহিতই যেন সেই ধন্থতে গুণা-বোপণ করিলেন এবং মন্দহাস্ত করিয়া জ্যাশব্দ (টব্ধারধ্বনি) করিলেন; বজ্রের স্থায় সেই ধনুব শব্দে সমস্ত প্রাণীই ভীত হইল ॥১৮॥

তাহার পর তথনই রামচন্দ্র পরশুবামকে বলিলেন—"ব্রাহ্মণ! ধনুতে এই গুণাবোপণ কবিলাম, আপনাব আর কি করিব (বলুন)" ॥১৯॥

তথন "এই বাণটিকে কর্ণপর্যান্ত আকর্ষণ কব (দেখি)" এই কথা বলিয়া পরশুরাম মহান্মা রামচন্দ্রকে একটা অলোকিক বাণ দিলেন" ॥২০॥

⁽১৮) দলীল ইব ভারত !—^ব। ব কা নি।

ত্বয়া হৃধিগতং তেজঃ ক্ষত্রিয়েন্ড্যো বিশেষতঃ।
পিতামহপ্রদাদেন তেন মাং কিপেদি ধ্রুবম্ ॥২২॥
পশ্য মাং স্বেন রূপেন চক্ষুন্তে বিতবাম্যহম্।
ততো রামশরীবে বৈ রামঃ পশ্যতি ভার্গবঃ ॥২৩॥
আদিত্যান্ সবসূন্ রুদ্রান্ সাধ্যাংশ্চ সমরুদ্রগণান্।
হৃতাশনশ্চ পিতবো নক্ষত্রাণি গ্রহান্তথা ॥২৪॥
গন্ধর্কা বাক্ষদা যকা নগুন্তীর্থানি যানি চ।
খাধ্যো বালখিল্যাশ্চ ব্রুক্তুতাঃ সনাতনাঃ ॥২৫॥
দেবর্ষয়শ্চ কাথ স্ন্যোন সমুদ্রাঃ পর্বতান্তথা।
বেদাশ্চ সোপনিষদো বষট্কারেঃ সহাধ্বরেঃ ॥২৬॥
চেতোমন্তি চ সামানি ধনুর্বেদশ্চ ভারত!।
মেঘরুলানি বর্ষাণি বিদ্যুত্গ্রু যুধিন্তিব।॥২৭॥ (কুলক্ষ্)

ভারতকৌমুদী

এতদিতি। মহ্যনা ক্রোধেন। শ্রমতে ক্ষমতে চ স্বত্বজিবিতি শেবং ॥২১॥
স্বয়েতি। অধিগতং লক্ষ্ম। বিশেষত অধিক্যেন। ক্ষিপদি নিন্দিদি ॥২২॥
প্রেতি। চক্ষ্দিব্যমিত্যাশযং। তথা এতানপি পশ্যতি শ্বেতি যোজ্যম্। এতে কে
ইত্যাহ—হতাশন ইত্যাদি। ব্রহ্মভূতা যোগেন ব্রহ্মস্বং গতাং, অতএব সনাতনা নিত্যাং।
ভাবতভাবদীপঃ

উক্তা। ॥: ৫—২০॥ শ্রাবতে চকাবাদৃদৃশ্যতে চ তব দর্গযুক্তত্বমিতি শেষঃ, অথাপি ক্ষম্যতে ॥২১॥ ক্ষত্রিযেভ্যঃ ক্ষত্রিযান্ জিত্বা ॥২২—২৬॥ চেতোমস্তি চেতনাবস্তি। আর্বং পদত্তপ্রযুক্তং কৃত্বং চেতস্বতীত্যপেক্ষিতম্ ॥২৭—৬৮॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলকন্তীয়ে ভাবতভাবদীপে চতুবশীতিতমোহধ্যায়ঃ ॥৮৪॥

লোমশ বলিলেন—"এই কথা শুনিয়া রামচক্র যেন ক্রোথে জ্বলিয়া উঠিয়া বলিলেন—''ভৃগুনন্দন! আপনাব উক্তি শুনিলাম, ক্ষমাও করিলাম। আপনি বস্তুতই দর্পে পরিপূর্ণ হইয়াছেন ॥২১॥

আপনি ব্রহ্মাব অনুগ্রহেই ক্ষত্রিয়দের অপেক্ষা অধিক তেজ লাভ করিয়াছেন এবং নিশ্চয়ই সেই জন্ম আমাকে নিন্দা করিতেছেন ॥২২॥

আমি আপনাকে দিব্য চক্ষ্ দিতেছি, আপনি আমার স্বরূপ দর্শন করুন।" বুধিষ্ঠিব! তাহার পব পরগুরাম রামচন্দ্রেব শবীরে দেখিলেন—আদিত্যগণ, বস্থগণ, কদ্রগণ, সাধ্যগণ, মকদ্রগণ, অগ্নি, পিতৃগণ, নক্ষত্রগণ, গ্রহগণ, গন্ধর্বগণ,

⁽२৪)…পিতরো হুতাশনশৈচব—বা ব কা নি।

ততঃ স ভগবান্ বিষ্ণুন্তং বৈ বাণং মুমোচ হ।
শুক্ষাশনিসমাকীর্ণং মহোল্কাভিশ্চ ভারত! ॥২৮॥
পাংশুবর্ষেণ যহতা মেঘবর্ষিশ্চ ভূতলন্।
ভূমিকস্পৈশ্চ নির্ঘাতের্নাদৈশ্চ বিপুলৈরপি ॥২৯॥
স রামং বিহবলং কৃতা তেজসাক্ষিপ্য কেবলম্।
ভাগচ্ছজ্জ্ললিতো বাণো রামবাল্পচোদিতঃ ॥৩০॥ (রুগ্মকম্)
স তু বিহুবলতাং গত্বা প্রতিলভ্য চ চেতনাম্।
রামঃ প্রত্যাগতপ্রাণঃ প্রাণমদ্বিষ্ণুতেজসম্॥৩১॥

ভাবতকোমুদী

কার্ৎস্মোন সাকল্যেন। অধ্ববৈর্ষাগৈশ্চ সহ। চেতোসন্তি চৈতন্তশালীনি। মন্তপ্রতারঃ সকারন্ত বিসর্গদার্যঃ। সামানি সামগানানি ॥২৩—২৭॥

তত ইতি। গুদাশনিসমো মেথাঘুশূগুবজ্রতুল্যশ্চাসোঁ আকীর্ণো বেগাবিষ্টশ্চেতি তম্, মহোদ্ধাভিশ্চ সদৃশমিতি শেষঃ। তেজোবাহুল্যস্ট্চনার্থং বহুবচনম ॥২৮॥

পাংখিতি । ভূতলং ব্যাপ্যেতি শেষং । নির্ঘাটতঃ পরস্পরাহতবাযুভিঃ । তদাহ তিথিতদ্বে গর্ম:—''যদান্তরীকে বলবান্ মাকতো মক্রতাহতঃ । পতত্যধঃ ন নির্ঘাতো জায়তে বায়্দক্তবঃ ॥'' বামং জামদগ্রাম্, কেবলমেকম্, আফিপ্য জামদগ্র্যটৈতভামেবাক্তয় । রামভা দাশরথেবিহনা
প্রচোদিতঃ কিপ্তঃ ॥২৯ —৩০॥

স ইতি। রামো জামদগ্নঃ। বিষ্ণোরেব তেজো যত্র তং বামচন্দ্রম্ ॥৩১॥

রাক্ষসগণ, যক্ষগণ, নদীসমূহ, তীর্থসমূহ, জীবন্মুক্ত সনাতন বালখিল্য ঋষিগণ, দেবর্ষিগণ, সকল সমূজ, সকল পর্বত, উপনিষদ, বষ্টকার ও যাগের সহিত সকল বেদ, চৈতন্মশালী সামগান, ধন্মব্বেদ, মেঘসমূহ, বৃষ্টি এবং বিত্যুৎ রহিয়াছে ॥২৩—২৭॥

ভরতনন্দন! তাহার পর সেই রামরূপী ভগবান্ বিষ্ণু শুব্দ বজ্রের তুল্য বেগবান্ এবং উন্ধাসমূহেব স্থায় তেজস্বী সেই বাণ নিক্ষেপ করিলেন ॥২৮॥

তথন রামবাহুনিক্ষিপ্ত সেই উজ্জ্বল বাণটা গুরুতর ধূলিবর্ধণ ও মেঘবারিবর্ধণ দ্বারা ভূতল ব্যাপ্ত কবিয়া এবং ভূমিকম্পা, নির্ঘাত ও বিশাল গর্জ্জন দ্বারা পরশুবামকে বিহুবল করিয়া এবং তেজ দ্বারা কেবল তাঁহারই চৈতন্ত আকর্ষণ করিয়া নিয়া চলিয়া গেল ॥২৯—৩০॥

বিল্ণ প্রবস্থবান কিছু কাল বিহ্বল থাকিয়া, আবার চৈতন্ত লাভ কবিয়া এবং প্রত্যাগতপ্রাণ হইযা বিষ্ণুৰূপী রামচন্দ্রকে প্রণাম করিলেন ॥৩১॥

⁽э•) --- আগচ্ছৎ--বা ব কা নি।

বিষ্ণুনা দোহভানুজ্ঞাতো মহেন্দ্রমগমং পুনঃ।
ভীতস্ত তত্র অবসদ্ত্রীড়িতস্ত মহাতপাঃ॥৩২॥
ততঃ সংবৎসরেহতীতে হুতৌজসমবস্থিতম্।
নির্দ্মদং ছঃখিতং দৃষ্ট্যা পিতরো রামমক্রবন্॥৩৩॥
ন বৈ সম্যাগিদং পুত্র! বিষ্ণুমাসাভ্য বৈকৃতম্।
স হি পুজ্যুন্চ মান্তুন্দচ ত্রিয়ু লোকেয়ু সর্বদা ॥৩৪॥
গচ্ছ পুত্র! নদীং পুণ্যাং বধুসরকৃতাহ্বরাম্।
তত্রোপস্পৃশ্য তীর্থেয়ু পুনর্বপুরবাক্ষ্যাস ॥৩৫॥
দীপ্তোদং নাম তত্তীর্থং যত্র তে প্রপিতামহঃ।
ভৃগুর্দেবযুগে রাম! তপ্তবানুক্তমং তপঃ॥৩৬॥
তত্তথা কৃতবান্ রামঃ কোন্তেয়! বচনাৎ পিতুঃ।
প্রাপ্তবাংশ্চ পুনস্কেজন্তীর্থেহিস্মিন্ পাণ্ডুনন্দন!॥৩৭॥

ভারতকৌমুদী

বিষ্ণুনেতি। মহেন্দ্রং নাম পর্বতম্। ব্রীডিতঃ পরাজযায়জ্জিতঃ ॥৩২॥
তত ইতি। ব্রত্যেজসং বামচন্দ্রেণ হাততেজক্ষন্। নির্মাণং গর্ববহিতম্॥৩০॥
নেতি। বৈকৃতং দর্পবিকাবঃ, ন সমাক্ ন সমীচীনং জাতম্॥৩৪॥
গচ্ছেতি। বধুসব ইতি কৃত আহ্বযো নাম যন্ত্রাস্থা। উপস্পৃত্র স্নাত্বা॥৩৫॥
দীপ্রোদমিতি। দীপ্রমৃজ্জসম্ উদকং যন্ত্র তৎ। দেবযুগে সত্যযুগে ॥৩৬॥
তদিতি। তৎ সানম্। রামো জামদগ্যাঃ। পিতৃঃ পিতৃলোকন্ত ॥৩৭॥

এবং তিনি রামচন্দ্রেব অনুমতিক্রমে পুনরায় মহেন্দ্রপর্বতে চলিয়া গেলেন এবং সেখানে ভীত, লজ্জিত ও মহাতপস্থায় প্রবৃত্ত হইয়া বাস কবিতে লাগি-লেন ॥৩২॥

তাহাব পর এক বংসব অতীত হইল, পিতৃলোকেরা আসিয়া পবশুবামকে তেজোহীন, গর্ববশূন্ত ও তুঃখিত দেখিয়া তাঁহাকে বলিলেন—॥৩৩॥

"পুত্র! বিষ্ণুর নিকটে তোমার এই বিকার উচিত হয় নাই। কারণ, তিনি ত্রিভুবনের মধ্যেই দর্ববদা পূজনীয় ও মাননীয় ॥ ১৪॥

পুত্র! তুমি পবিত্র বধ্সরনামী নদীতে গমন কর, সেই তীর্থে স্নান করিয়া পুনরায় তেজ লাভ কবিতে পারিবে ॥৩৫॥

রাম! সেই তীর্থ টীব নাম 'দীপ্তোদ'। সভ্যযুগে তোমার প্রপিতামহ ভৃগু যেখানে উত্তম তপস্থা করিয়াছিলেন ॥৬৬॥

⁽৩০) শ্লোকাৎ পরম্, 'পিতর উচু:'—বা ব কা পি।

এতদীদৃশকং তাত! বামেণাক্লিফকর্মণা। প্রাপ্তমাসীন্মহাবাজ! বিস্কুমাসান্ত বৈ পুরা॥৩৮॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থবাত্রায়াং জামদগ্রতেজোহানিকথনে চহুরশীতিতমোহধ্যায়ঃ॥০॥ #

পঞ্চাশীতিতমোহধ্যায়ঃ।

___<u>04.</u>0___

যুধিষ্ঠির উবাচ।

ভূয় এবাহমিচ্ছামি মহর্বেক্তস্ত ধীমতঃ। কর্ম্মণাং বিস্তবং শ্রোতুমগন্ত্যস্ত দিজোত্তম!॥১॥ লোমশ উবাচ।

শৃণু রাজন্ ! কথাং দিব্যাযদ্ভুতামতিমানুষীন্ । অগস্ত্যস্থ মহারাজ ! প্রভাবমমিতোজসঃ ॥২॥

ভাৰতকৌমূদী

এতদিতি। ঈদৃশকম্ ঈদৃশপ্রকারকং তেজ ইতি শেবঃ, রামেণ জামদগ্রোন তেল। ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্ব্য মহাকবি-পল্লভূবণ-শ্রীহরিদাদদিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতামাং মহাভারতটীকায়াং ভারতকোম্দীদমাধ্যাযাং বনপর্কণি তীর্থযাত্রামাং চতুরশীতিতমোহধ্যায়ঃ । • ।

ভূষ ইতি। কিংবদন্তীরপেণ বিদিতবৃত্তান্তক্ত বিশেবাবধারণাযেষং জিজ্ঞাসা ॥১॥

শৃথিতি। কথানুপাথ্যানন্, দিব্যানুত্রান্, অতিমাহারীমলোকিকীন্ ॥২॥

কুন্তীনন্দন! পরশুরান পিতৃলোকের বাক্যানূসাবে সেইভাবে স্নান কবিয়া-ছিলেন এবং পুনবার এই তীর্থেই তেজ লাভ করিয়াছিলেন ॥৩৭॥

বংস মহারাজ! অক্লিষ্টকর্মা প্রশুরান পূর্বকালে বিফুকে পাইয়া আবার এই প্রকারে তেজ লাভ করিয়াছিলেন" ॥১৮॥

---°*:---

যুর্ধিষ্টির বলিলেন—"ব্রাহ্মণশ্রেষ্ঠ! সামি সেই জ্ঞানী মহর্বি অগস্ত্যের চরিত্র বিস্তবক্রমে আবার শুনিতে ইচ্ছা করি" ॥১॥

লোমশ কহিলেন—"মহারাজ! তুমি নেই অমিততেজা মহর্বি অগস্ত্যের মলৌকিক, অভূত ও মনোহর কথা এবং প্রভাব প্রবণ কব ॥২॥

^{* &#}x27;···একেনিশততমঃ···'—বা ব কা পি, '···অষ্টনবতিতমঃ ··'—নি।

আসন্ কৃতযুগে ঘোরা দানবা যুদ্ধতুর্মদাঃ।
কালকেয়া ইতি খ্যাতা গণাঃ পরমদারুণাঃ॥৩॥
তে তু রুত্রং সমাজিত্য নানা প্রহবণোগ্যতাঃ।
সমন্তাৎ পর্যধাবন্ত মহেন্দ্রপ্রমুখান্ প্ররান্॥৪॥
ততো রুত্রবধে যত্রমকুর্বংস্ত্রিদশাঃ পুবা।
পুরন্দরং পুরস্কৃত্য ব্রহ্মাণমুপতস্থিরে॥৫॥
কৃতাঞ্জলীংস্ত তান্ সর্বান্ পরমেষ্ঠীত্যুবাচ হ।
বিদিতং মে স্থবাঃ! সর্বাং যহঃ কার্য্যং চিকীর্ষিত্রম্ ॥৬॥
তমুপায়ং প্রবক্ষ্যামি যথা রুত্রং বধিষ্যথ।
দধীচ ইতি বিখ্যাতো মহান্ধিরুদারধীঃ॥৭॥
তং গত্বা সহিতাঃ দর্বেব বরং বৈ সম্প্রযাচত।
স বো দাস্থতি ধর্মাত্মা স্থ্পীতেনান্তরাত্মনা ॥৮॥

ভারতকৌমুদী

আসন্ধিতি। গণাং সঙ্ঘীভূতাং। কালকেষোৎপত্তিরাদিপর্কণি দ্রষ্টব্যা ॥ ।।
ত ইতি। উত্যতানি নানা প্রহবণানি যৈন্তে, অগ্ন্যাহিতাদিবৎ পবনিপাতং ॥ ৪ ॥
তত ইতি। ত্রিদশা দেবাং। উপতস্থিবে উপগতবন্তঃ ॥ ৫ ॥
কৃতেতি। পরমেন্সী ব্রহ্মা। চিকীর্ষিতং কর্জুমিষ্টং বে। যুদ্মাকং যৎ কার্য্য ॥ ৬ ॥
তমিতি। খাষিবস্তীতি শেষং। উদাবধী ভাদদেষমণি দাশুতীতি ভাবঃ ॥ ৭ ॥

সত্যযুগে অতি দাকণ যুদ্ধছৰ্দ্ধৰ্ষ 'কালকেয়'-নামে বিখ্যাত বহুসংখ্যক দানব ছিল ॥৩॥

তাহারা বুত্রাস্থরকে অবলম্বন কবিয়া নানাবিধ অন্ত্রশস্ত্র লইয়া ইন্দ্রপ্রভৃতি দেবগণের দিকে সকল দিক্ হইতে ধাবিত হইয়াছিল ॥৪॥

তৎপরে দেবতাবা পূর্ব্বে বৃত্তাস্থরকেই বধ করিবার জন্ম যত্ন করিলেন ; তাই তাহারা ইন্দ্রকে অগ্রবর্ত্তী করিয়া ব্রহ্মাব নিকট উপস্থিত হইলেন ॥৫॥

তাঁহারা সকলে যাইয়া কৃতাঞ্জলি হইয়া দাঁড়াইলেন; তখন ব্রহ্মা বলিলেন— "দেবগণ! তোমরা যে কার্য্য করিবাব ইচ্ছা করিয়াছ, তাহা সমস্তই আমি জানিতে পারিয়াছি ॥৬॥

তোমরা যে উপায়ে বৃত্রাস্থবকে বধ করিতে পাবিবে, সেই উপায় আমি বলিব। 'দধীচ'-নামে উদারচেতা এক মহর্ষি আছেন॥৭॥

তোমরা সকলে যাইয়া সম্মিলিত হইয়া তাঁহার নিকট বর প্রার্থনা কর। তিনি ধর্মাত্মা; স্থতরাং তিনি সম্ভষ্ট চিত্তেই তোমাদিগকে বব দান করিবেন ॥৮॥ দ বাচ্যঃ দহিতৈঃ দবৈর্বভবন্তির্জয়কাজ্মিভিঃ।
স্বান্যস্থীনি প্রয়চ্ছেতি ত্রেলোক্যস্থ হিতায় বৈ ॥৯॥
স শরীরং সমুৎস্থ্জ্য স্বান্যস্থীনি প্রদাস্থাতি।
তস্থাস্থিতির্মহাঘোরং বক্তং সংক্রিয়তাং দৃঢ়য়্॥>०॥
মহচ্ছক্রহণং ঘোরং ষড়স্রং ভীমনিস্বনম্।
তেন বজেণ বৈ রক্রং বিধয়তি শতক্রত্বঃ ॥>>॥ (য়ুয়য়য়য়্)
এতবঃ দর্বমাখ্যাতং তন্মাচ্ছীস্রং বিধীয়তাম্।
এবমুক্তাস্ততো দেবা অনুজ্ঞাপ্য পিতামহম্॥>২॥
নারায়ণং পুবস্কৃত্য দধীচম্যাশ্রমং যয়ুঃ।
সরস্বত্যাঃ পবে পাবে নানাক্রমলতার্তম্॥>০॥ (য়ৢয়য়য়্)
য়্ইপদোদ্গীতনিনদৈর্বিঘুক্তং সামগৈরিব।
পুংস্ফোকিলববোন্মিশ্রাং জীবঞ্জীবকনাদিত্রম্॥>৪॥

ভাবতকৌমূদী

তমিতি । সাহিত্যেন যাক্রাষা গুরুত্বাতিবেক ইত্যাশয়: । দাশুতি তং ববম্ ॥৮॥
স ইতি । ত্রৈলোক্যক্ত হিতায় একস্ত প্রাণত্যাগো যুক্ত এবেত্যভিপ্রায়ঃ ॥৯॥
স ইতি । সংক্রিয়তাং নির্মায়তাম্ । দৃঢং লোহাদপি, অতিপ্রাচীনত্বাতদম্বামিতি ভাবঃ ।
শক্রং হস্তীতি শক্রহণম্, পচাদিত্বাদচ্ । যডপ্রং ষট্কোণম্ ॥১০—১১॥
এতদিতি । অন্তন্ত্রাপ্য অন্তন্ত্রাং কাব্যিত্বা । পুরস্কৃত্য অগ্রবর্ত্তীক্বত্য ॥১২—১৩॥
ভারতভাবদীপঃ

ভূয ইতি ॥১—৭॥ স বো দাশুতি ঈস্পিতমিতি শেষঃ ॥৮—১০॥ ২ড স্লি বট্কোণন্
॥১১—১৩॥ জীবঞ্জীববদিবেতি লুপ্তোপমা, যতো জীবকৈঃ ক্ষুক্তজীবৈঃ পশাদিভিন দিতমত-

তোমরা জয়াভিলাষীবা সকলেই সম্মিলিত হইয়া তাঁহাকে বলিবে যে, "ত্রিভূবনেব মঙ্গলেব জন্ম আপনি আপনাব অন্থিগুলি দান ককন" ॥১॥

তিনি দেহত্যাগ কবিয়া নিজেব অস্থিগুলি দান করিবেন; তাঁহার অস্থি দ্বাবা অতি ভয়ন্ধর, দৃঢ়, বৃহৎ, শত্রুঘাতী, ষট্কোণ ও ভীমনাদী একটা বদ্রু নির্মাণ করিবে। সেই বজ্রদারাই ইন্দ্র বৃত্তাস্থরকে বধ করিবেন॥১০ —১১॥

দেবগণ। এই তোমাদেব নিকট সমস্ত বলিলাম; তোমরা সত্বর এই কার্য্য কর।" ব্রহ্মা এইনপ বলিলে, তাহাব পব দেবতারা ব্রহ্মার অনুমতি লইযা নারায়ণকে অগ্রবর্ত্তী কবিয়া সরস্বতী নদীব অপব পাবে নানাবিধ বৃক্ষলতায আর্ত দ্বীচমুনিব আশ্রমে গেলেন ॥১২—১৩॥

⁽১১) --- বড় ব্রি ভীমনিস্বনম্ — বা ব কা।

মহিষৈশ্চ ববাহিশ্চ স্মরেশ্চমরৈরপি।
তত্র তত্রানুচবিতং শার্দ্দূলভয়বর্জ্জিতৈঃ॥১৫॥
কবেণুভির্বারণেশ্চ প্রভিন্নকরটামুখৈঃ।
সবোহবগাটিয় ক্রীড়জিঃ সমস্তাদনুনাদিতম্॥১৬॥
সিংহৈর্ব্যাত্রর্মহানাদান্ নদন্তিরন্থনাদিতম্।
অপবৈশ্চাপি সংলীনৈগুহাকন্দরশায়িভিঃ॥১৭॥
তেয়ু তেম্ববকাশেয়ু শোভিতং স্থমনোরমম্।
ত্রিপিষ্টপসমপ্রখ্যং দ্ধীচাপ্রমমাগমন্॥১৮॥ (কুলকম্)
তত্রাপশ্যন্ দ্ধীচং তে দিবাকরসমন্ত্যতিম্।
জাজ্ল্যমানং বপুষা যথা লক্ষ্যা পিতামহম্॥১৯॥

ভারতকোমূদী

আশ্রমং বিশিনষ্টি পঞ্চতিঃ। বট্পদেতি। সামগৈর্রাক্ষণৈরিব, বট্পদানাং ভ্রমরাণাম্ উদ্গীতনিনদৈর্গানধ্বনিভিঃ, বিষ্টুং শব্দিতম্। পুংক্ষোকিলানাং রবৈক্ষমিশ্রং যুক্তম্, জীবঞ্জীবকৈঃ
পক্ষিবিশেবৈনাদিতম্। স্মবচমরে মুগবিশেবে।। শার্দ্দ্রভাষবর্জিতেরিত্যনেন মুনিপ্রভাবাৎ
হিংসারাহিত্যং স্টিতম্। সরোহবগাট্রেজগাশ্যপ্রবিষ্টেঃ, করেণুভিইন্তিনীভিঃ সহ ক্রীডন্তিঃ,
প্রভিন্নানি মদ্র্রাবীণি করটাম্থানি গণ্ডদ্বয়বদনানি যেষাং তৈঃ। কবটেতি ইম্বস্ত দীর্ঘতা।
বারবৈহন্তিভিঃ, সমস্তাৎ সর্কান্থ দিক্ষ্, অন্থনাদিতম্। নদন্তিঃ কুর্কিন্তিঃ। অপবৈশ্বাপি সিংহৈব্যাছৈঃ, গুহাল্ম কন্দবেষ্ বিবরেষ্ চ শেরতে তিইন্তীতি তৈঃ। "কন্দরোহন্ধ্শো। বিবরে চ
গুহান্নাঞ্গ' ইতি হেমচন্ত্রঃ। অবকাশেষ্ বৃক্ষলতাদিশ্রান্থানেষ্, শোভিতং দ্র্বাদিভিঃ। ত্রিপিইপসমা স্বর্গত্রল্যা প্রখ্যা শোভা ষস্ত তম্। আগমন্ দেবা ইত্যন্তর্বিঙঃ ॥১৪—১৮॥

তত্ত্তেতি। তে দেবা:। লক্ষ্যা শরীরকান্ত্যা, পিতামহং ব্রহ্মাণম্ ॥১৯॥

যে আশ্রমে সামগানকারী ব্রাহ্মণগণের স্থায় ভ্রমরগণ গান করিতেছিল; পুরুষজাতীয় কোকিলগণ ও চকোরপক্ষিগণ রব কবিতেছিল; ব্যাদ্রভয়বিহীন মহিষগণ, শূকবগণ, স্মবহরিণগণ ও চমরহরিণগণ সেই সেই স্থানে বিচবণ কবিতেছিল; মদস্রাবী হস্তিগণ হস্তিনীগণের সহিত মিলিত হইয়া, সবোববে অবগাহনপূর্বক খেলা কবিতে থাকিয়া সকল দিকে শব্দ করিতেছিল; বিচরণকাবী সিংহগণ ও ব্যাদ্রগণ এবং গুহা ও গর্ত্তশায়ী নিভৃত সিংহগণ ও ব্যাদ্রগণ গুরুতর গর্জন কবিতেছিল; সেই সেই স্থানে নবভূণে শোভা জন্মাইতেছিল এবং স্বর্গেব ভূল্য সৌন্দর্য্য প্রকাশ পাইতেছিল, দেবতাবা সেই দধীচমুনির আশ্রমে যাইয়া উপস্থিত ইইলেন ॥১৪—১৮॥

তাঁহারা সেই আশ্রমে শবীরকান্তিতে ব্রহ্মার স্থায় দেদীপ্যমান এবং সূর্য্যের তুল্য তেজস্বী দধীচমুনিকে দর্শন করিলেন ॥১৯॥

বন-১১৩ (৮)

তত্ম পাদে স্থা রাজন্মভিবাত কৃতাঞ্জলি।

তাতা দখীচঃ পরমপ্রতীতঃ স্থরোভ্রমাংস্তানিদমস্থাবাচ।

করোমি যদো হিতমত দেবাঃ! স্বঞ্চাপি দেহং স্থরমূৎস্কামি॥২১॥

স এবমূক্ত্বা দিপদাং বরিষ্ঠঃ প্রাণান্ বশী স্বান্ সহসোৎসদর্ভ্জ।

ততঃ স্থরাস্তে জগৃহুঃ পরাসোবস্থীনি তস্তাথ যথোপদেশম্॥২২॥

প্রস্থাকরপাশ্চ জয়ায় দেবাস্ব্রফাবমাগম্য তমর্থমূচুঃ।

হৃষ্টা তু তেবাং বচনং নিশম্য প্রহুক্টরূপঃ প্রয়তঃ প্রবত্বাৎ॥২৩॥

ভারতকোমুদী

তক্ষেতি। ক্বতঃ অঞ্জলিঃ করন্বযযোগো যদ্মিন্ কর্মণি তদ্যথা তথা ॥२०॥
তত ইতি। পরমপ্রতীত আজ্মনা জগদুপকারসম্ভবশ্রবণাদতীবানন্দিতঃ, 'প্রতীতঃ দাদক্বে
জ্ঞাতে হাইপ্রথ্যাতযোদ্বির্" ইতি মেদিনী। বো যুম্মাকম্। অহো ! জগত্যামীদৃশম্দাহরণমভ্যবানস্ভবনেব, যৎ বদেহত্যাগেনৈব পরোপকাবকরণম্ ॥২১॥

স ইতি। দ্বিদাং মন্থ্যাণাম্। বনী প্রাণত্যাগেহপি স্বাধীনঃ। উৎসদর্জ যোগবলেন তত্যাজ। প্রানোম্ভিন্ত। যথোপদেশং ব্রহ্ম উপদেশমন্তিক্রম্য ॥২২॥

ভাবতভাবদীপঃ

শ্চেতনমিবেতার্থ: ॥১৪—১৫॥ কবেণুভির্ননিভি:, প্রভিন্ন সদম্রাবি করটা মদোন্তেদস্থানং গণ্ডস্থলৈকদেশন্তক্ত মৃথমূপবিভাগো যেবাং তৈ: ॥১৬—১৭॥ ত্রিবিষ্টপদমপ্রথাং স্বর্গতুলাপ্রকাশম্ ॥১৮—২১॥ পরাদো: গতপ্রাণক্ত ॥২১—২৫॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে পঞ্চাশীতিতমো২ধ্যায়ঃ ॥৮৫॥

বাজা। তথন দেবতারা সকলেই দধীচমুনির চরণযুগলে নমস্কার করিবা কৃতাঞ্জলিপুটে—ত্রন্মা যেমন বলিয়া দিয়াছিলেন, তেমন ব্রই প্রার্থনা করিলেন ॥২০॥

তাহাব পব দধীচমূনি অত্যন্ত আনন্দিত হইয়া সেই দেবশ্রেষ্ঠগণকে এই কথা বলিলেন—"দেবগণ! আপনাদের যাহা হিত, তাহা আজ আমি করিতেছি, আমি নিজেব দেহও নিজে ত্যাগ কবিতেছি" ॥২১॥

নমুন্তাশ্রেষ্ঠ স্বাধীন দ্বীচমূনি এইৰূপ বলিয়া (যোগবলে) তৎক্ষণাৎ নিজে প্রাণ পবিত্যাগ কবিলেন। তাহাব পব সেই দেবতারা ব্রহ্মাব উপদেশক্রমে মৃত দ্বীচমুনিব মস্থিত্তলি গ্রহণ কবিলেন॥২২॥

তংপবে দেবতাবা আনন্দিত হইয়া জয়লাভেব জন্ম বিশ্বকৰ্মাৰ নিকট আদিযা

চকাব বজ্রং ভূশমুগ্ররূপং কৃষা চ শক্রং স উবাচ হান্টঃ।
অনেন বজ্রপ্রবরেণ দেব! ভস্মীকুরুষাত্য স্থবারিমুগ্রম্ ॥২৪॥ (যুগ্মকম্)
ততো হতারিঃ সগণঃ হুখং বৈ প্রশাধি কৃৎস্নং ত্রিদিবং দিবিষ্ঠঃ।
ছন্ত্রা তথোক্তম্ভ পুরন্দরন্তদক্তং প্রহান্টঃ প্রয়তো ছগৃহ্লাৎ ॥২৫॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ববিশি
তীর্থযাত্রায়াং বজ্রনির্মাণকথনে পঞ্চাশীতিতমোহধ্যায়ঃ॥।॥ **

বড়শীভিতমোহধ্যায়ঃ।

--%*;---

লোমশ উবাচ।

ততঃ স বজ্জী বলিভির্দৈবতৈরভিরক্ষিতঃ। আসমাদ ততো রত্তং স্থিতমারত্য রোদসী॥>॥

ভাবতকোমূদী

প্রস্তুতি। স্ক্রীবং বিশ্বকর্মাণম্। অর্থং বজ্ঞনির্মাণরপং বিষয়ম্। প্রযতঃ ক্বতমনোযোগঃ সন্। শক্তমিক্রম্, স স্ক্রী। স্থ্যারিং বৃত্তাস্থ্যম্॥২৩—২৪॥

তত ইতি। দগণ আত্মীয়বর্গসহিতঃ। দিবিষ্ঠঃ স্বর্গে স্থিত এব। প্রয়তঃ দাবধানঃ ॥২৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাঘাং
মহাভারতটীকাষাং ভাবতকৌমুদীসমাধ্যাযাং বনপর্বণি তীর্থযাত্রাযাং পঞ্চাশীতিতমোহধ্যায়ঃ ॥॥

--:*:--

সেই বিষয় বলিলেন। তখন বিশ্বকর্মা তাঁহাদেব কথা শুনিয়া, আনন্দিত ও মনোযোগী হইয়া, বত্নপূর্ব্বক অভিভয়ঙ্করাকৃতি বজ্র নির্মাণ করিলেন, সেইবূপ বজ্র নির্মাণ কবিয়া আনন্দিত হইয়া ইন্দ্রকে কহিলেন—"দেব। আপনি এখন এই উত্তম বজ্ঞবারা ভয়ঙ্কর বুত্রাস্থরকে ভত্ম ককন ॥২৩—২৪॥

শক্র সংহার কবিয়া তৎপরে স্বর্গে থাকিয়া আত্মীয়স্বজনের সহিত স্থুথে সমস্ত স্বর্গবাজ্য শাসন করুন।" বিশ্বকর্মা সেইবূপ বলিলে, দেবরাজ আনন্দিত ও সাবধান হইয়া সেই বজ্র গ্রহণ করিলেন" ॥২৫॥

লোমশ বলিলেন—"তাহার পব ইন্দ্র বজ্ঞ ধাবণ করিয়া, বলসম্পন্ন দেবগণ-কর্ত্তক সকল দিকে বক্ষিত হইষা, স্বস্থান হইতে যাইয়া বৃত্রাস্থবকে পাইলেন;

(২৫)…দিবিষ্ঠ !—বা ব কা। * '…শততমঃ…'—বা ব কা পি, '…একোনশততমঃ…'—নি।

কালকেরৈর্যহাকারিঃ সমন্তাদভিরক্ষিত্য ।
সম্প্রতপ্রহবণৈঃ সশৃক্ষৈরিব পর্ববিতঃ ॥২॥ (য়ৄয়কম্)
ততো মুদ্ধং সমভবদ্দেবানাং দানবৈঃ সহ ।
মূহূর্তং ভরতপ্রেষ্ঠ ! লোকত্রাসকবং মহৎ ॥৩॥
উন্নতপ্রতিপিফানাং খড়গানাং বীরবাহুভিঃ ।
আসীৎ স্তুমূলঃ শব্দঃ শরীরেম্বভিপাত্যতাম্ ॥৪॥
শিরোভিঃ প্রপতদ্ভিশ্চাপ্যন্তরীক্ষান্মহীতলম্ ।
তালৈরিব মহারাজ ! রুন্তাদ্ভবিবদৃশ্যত ॥৫॥
তে হেমকবচা ভূত্বা কালেয়াঃ পরিবায়্বধাঃ ।
ত্রিদশানভ্যবর্ত্তর দাবদ্ধা ইবাদেয়ঃ ॥৬॥

ভারতকৌমূদা

তত ইতি। বজ্রী বজ্রধব ইন্দ্র:। বোদদী স্বর্গমত্যের্নি, ''ভূভাবে বোদস্রে বোদদী চ তে'' ইত্যমর:। ততঃ স্বদেশাং। কালকেরৈরস্ক্রি:। প্রাহরণানাং শৃঙ্গতুলাত্বমূ ॥১—২॥

তত ইতি। মুহূর্ভং কিষম্ভং কালং ব্যাপ্য। মহদ্যুদ্ধমিতি সম্বন্ধ: ॥०॥

উছতেতি। বীবাণাং বাছভিঃ, আর্দো উছতা উদ্রোলিতাঃ অনস্তরং প্রতিপিষ্টা বিপশৈং প্রত্যাঘাতেন ভয়ান্তেয়াম্, বিপক্ষাণাং শবীরেষু অভিপাত্যভাম্ অভিপাত্যমানানাং থজাানাম্, স্ত্যুকঃ শব্ব আসীৎ ॥৪॥

শিরোভিবিতি। তালৈঃ কলৈবিব। মহীতলং ব্যাপ্তমিতি শেবঃ ॥৫॥
ত ইতি। কালেযা অন্তর্বাঃ। অভ্যবর্তন্ত অভ্যধাবন্। দাবো বনবহিঃ ॥৬॥

বুত্রাস্থর তখন (আপন সৈন্তগণ দ্বাবা) স্বর্গ-মর্ত্ত্য ব্যাপ্ত কবিয়া অবস্থান কবিডে-ছিল; আর শৃপ্তযুক্ত পর্ববিত্নসূত্রের স্থায উদ্ভাতান্ত্র বিশাল দেহ কালকেয় অস্থ্রবর্গণ সকল দিক্ হইতে তাহাকে রক্ষা কবিতেছিল ॥১—২॥

ভরতশ্রেষ্ঠ ! তাহার পব কিছুকাল দানবগণের সহিত দেবগণের লোকভয়জনক মহাযুদ্ধ হইল ॥৩॥

বীরগণ হস্ত দারা তববারি সকল উত্তোলন করিষা বিপক্ষগণেব শরীরে আঘাত করিবার উপক্রম করিবামাত্র বিপক্ষেবা প্রতিঘাত করিল; তৎক্ষণাৎ সে তরবারিগুলি ভগ্ন হইতে থাকায় অতিতুমূল শব্দ হইতে থাকিল ॥৪॥

মহারাজ। তথন দেখা গেল যে, বৃন্তচ্যুত তালফলেব ন্যায় আকাশ হ^{ইতে} নিপতিত মস্তকদারা ভূতল ব্যাপ্ত হইতে লাগিল ॥৫॥

তখন কালকেয় অস্ত্রগণ স্বর্ণময় কবচ ধাবণপূর্ব্বক পবিঘ উত্তোলন ক^{রিয়া} দাবাগ্লিদহ্যমান পর্ব্বতসমূহেব ক্যায় দেবগণেব দিকে ধাবিত হইল ॥৬॥ তেষাং বেগবতাং বেগং সাভিমানং প্রধাবতাম্।
ন শেকুন্ত্রিদশাঃ সোঢ়ুং তে ভগ্না প্রাদ্রবন্ ভগ্নাৎ ॥৭॥
তান্ দৃষ্ট্বা দ্রবতো ভীতান্ সহস্রাক্ষঃ পুবন্দরঃ।
রত্রে বিবর্জমানে চ কশ্মলং মহদাবিশৎ ॥৮॥
কালেয়ভয়সন্ত্রস্তো দেবং সাক্ষাৎ পুবন্দরঃ।
জগাম শরণং শীঘ্রং তস্তু নারায়ণং প্রভুষ্ ॥৯॥
তং শক্রং কশ্মলাবিষ্টং দৃষ্ট্বা বিষ্ণুঃ সনাতনঃ।
সতেজো ব্যদধচ্ছক্রে বলমস্থা বিবর্জয়ন্ ॥>০॥
বিষ্ণুনা গোপিতং শক্রং দৃষ্ট্বা দেবগণাস্ততঃ।
সর্বেব তেজঃ সমাদধ্যুস্তথা ব্রহ্মর্যয়োহমলাঃ ॥>>॥
স সমাপ্যাগ্রিতঃ শক্রো বিষ্ণুনা দৈবতৈঃ সহ।
খারিভিশ্চ মহাভাগৈর্বলবান্ সমপ্যত্য ॥>২॥

ভারতকোমুদী

তেষামিতি। সাভিমানং সগর্বম্। ভগ্নাঃ স্বসংঘবিশ্লিষ্টাঃ স্তঃ ॥ ৭॥
তানিতি। কশ্মনং মোহম্, "মৃচ্ছা তু কশ্মনং মোহং" ইত্যমরঃ ॥ ৮॥
কালেয়েতি। শরণং জগাম, আত্মনি বলাধানার্থমিতি ভাবঃ ॥ ৯॥
তমিতি। কশ্মনাবিষ্টং মোহাবিষ্টম্। ব্যদ্ধং অপিতবান্ ॥ ১০॥
বিষ্ণুনেতি। গোপিতং বক্ষিতম্। সমাদ্ধ্যরপিতবন্তঃ। অমলা নিম্পাপাঃ ॥ ১১॥
স ইতি। সমাপ্যাবিতঃ তেজোহর্পণেন বর্দ্ধিতঃ। সমপ্ততে অজায়ত ॥ ১২॥

ভাবতভাবদীপঃ

তত ইতি। রোদনী ভাবাপৃথিবো ॥১—৩॥ বীববাছজিঃ দার্ঘদাবৃহতাঃ পশ্চাদহৈতঃ প্রতিপিষ্টান্তেষাম্ ॥৪॥ তালৈস্তালফলৈঃ ॥৫—२॥ ব্যদ্ধৎ নিহিতবান্ ॥১০—১২॥ বলস্থং

গর্বের সহিত ধাবিত বেগবান্ সেই অস্থ্রগণের বেগ দেবতারা সহ্য কবিতে পারিলেন না; তাঁহাবা বণে ভঙ্গ দিয়া ভয়ে পলায়ন করিতে লাগিলেন ॥৭॥

বৃত্তাস্থরের পবাক্রম বৃদ্ধি পাইতে লাগিলে, দেবগণ ভীত হইয়া পলায়ন করিতেছেন—ইহা দেখিয়া দেবরাজ অত্যস্ত মোহাবিষ্ট হইলেন ॥৮॥

এবং তিনি কালেয় অস্থবগণের ভয়ে অত্যন্ত ভীত হইয়া সদ্বই যাইয়া প্রভু নারায়ণের শরণাপন্ন হইলেন ॥৯॥

তখন সনাতন নারায়ণ দেবরাজকে মোহাবিষ্ট দেখিয়া উহাব বলবৃদ্ধি করিবাব জন্ম নিজের তেজ উহার শবীরে সমর্পণ করিলেন ॥১০॥

তাহার পর দেবতারা ও নিষ্পাপ ব্রন্মর্থিবা সকলেই দেবরাজকে বিষ্ণুকর্তৃক বক্ষিত দেখিয়া আপন আপন তেজ তাঁহার শরীরে সমর্পণ কবিলেন ॥১১॥ জ্ঞান্থা বলস্থং ত্রিদশাধিপন্ত ননাদ বৃত্রো মহতো নিনাদান্।
তস্তু প্রণাদেন ধবা দিশন্ট খং স্থোনিগান্টাপি চচাল সর্বম্ ॥২০॥
ততো মহেন্দ্রঃ পরমাভিতপ্তঃ শ্রুত্বা ববং ঘোবরূপং মহান্তম্।
ভযে নিমগ্রস্থরিতো মুমোচ বজ্রং মহত্তস্তু বধায় রাজন্! ॥২৪॥
স শত্রুবজ্ঞাভিহতঃ পপাত মহাস্তবঃ কাঞ্চনমাল্যধাবী।
যথা মহাশৈলববঃ পুরস্তাৎ স মন্দবো বিষ্ণুকরাদ্বিমুক্তঃ ॥২৫॥
তত্মিন্ হতে দৈত্যববে ভয়ার্ত্তঃ শক্রঃ প্রত্নদ্রোব সবঃ প্রবেউ মৃ।
বজ্ঞং স মেনে ন কবাদ্বিমুক্তং বৃত্তাং ভষাচ্চাপি হতং ন মেনে ॥২৬॥
সর্বের চ দেবা মুদিতাঃ প্রস্থৃন্তাং বজ্ঞাহতং শৈলমিবাবদীর্ণম্ ॥২৭॥
বৃত্তাং হতং সংদদৃশ্তঃ পৃথিব্যাং বজ্ঞাহতং শৈলমিবাবদীর্ণম্ ॥২৭॥

ভাবতকৌমুদী

জ্ঞাত্বেতি। বলস্থং বলবস্তম্। নানদ চকাব। নগাঃ পর্বতাশ্চ, এতৎ সর্বম্॥১০॥
তত ইতি। প্রমাভিতপ্তঃ অতীবসম্ভপ্তচিত্তঃ। তত্ম বৃত্তাস্থ্বত্ম ॥১৪॥

স ইতি। স বৃত্তঃ। পুবস্তাৎ পূর্বং সমুদ্রমন্থনানস্তবমিতার্থঃ ॥১৫॥
তত্মিন্নিতি। ভযাতিবেকাদিক্রত্যাযং মহানেব বিভ্রম আসীদিত্যাশযঃ ॥১৬॥

তখন মহাভাগ ঋষিগণ ও দেবগণেৰ সহিত বিষ্ণু তেজ দান কবিয়া বৰ্দ্ধিত কবিলে, দেববাজ অত্যন্ত বলবান্ হইলেন ॥১২॥

দেববাজ বলবান্ হইয়াছেন—ইহা জানিয়া বৃত্তাস্থ্ৰ বিশাল সিংহনাদ কৰিয়া উঠিল; তাহাব সেই সিংহনাদে পৃথিবী, দিক্ সকল, আকাশ, স্বৰ্গ ও পৰ্ব্বত এই সমস্তই যেন কাঁপিতে লাগিল ॥১৩॥

বাজা! তাহাব পর দেবরাজ বৃত্রাস্থরের বিশাল ও ভয়ঙ্কব সিংহনাদ শুনিযা, অত্যন্ত সন্তপ্ত ও ভবে নিমগ্ন হইবা, তাহার বধের জন্ম সম্বই সেই বিশাল বঞ্জ নিক্ষেপ কবিলেন ॥১৪॥

স্বৰ্ণমাল্যধানী মহাস্থ্ৰ বৃত্ৰ ইন্দ্ৰেৰ বজ্ৰে ভাড়িত হইযা—পূৰ্ব্বকালে বিষ্ণুৰ হস্ত হইতে বিমুক্ত মহাপৰ্ব্বত মন্দ্ৰনেৰ স্থায় ভূতলে পতিত হইল ॥১৫॥

সেই দৈতাশ্রেষ্ঠ বৃত্র নিহত হইলে, ইন্দ্র ভ্যবিহ্বল হইয়া সবোববে প্রবেশ কবিবাব জন্ম ধাবিত হইলেন। কারণ, আপন হস্ত হইতে বজ্র যে নিশ্নিও হইয়াছিল, তাহা তিনি ভয়বশতঃ ধাবণা কবিতে পাবিয়াছিলেন না; কিংবা বৃত্রাস্ত্র্ব যে নিহত হইয়াছিল, তাহাও তিনি ভয়বশতই মনে কবিতে পাবিয়াছিলেন না॥১৬॥

⁽১৭) দ্বিতামাদ্ধং বা ব বা পি নাস্তি।

সর্বাংশ্চ দৈত্যাংস্ত্ররিতাঃ সমেত্য জন্মুঃ স্থবা র্ত্রবধাভিতপ্তান্।
তৈন্ত্রাস্থমানান্ত্রিদশৈঃ সমেতিঃ সমুদ্রমেবাবিবিশুর্ভয়ার্তাঃ ॥১৮॥
প্রবিশ্য চৈবােদধিমপ্রমেয়ং ঝয়াকুলং নক্রসমাকুলঞ্চ।
তদা স্ম মন্ত্রং সহিতাঃ প্রচক্রেলাক্যনাশার্থমভিন্ময়ন্তঃ ॥১৯॥
তত্র স্ম কেচিন্মতিনিশ্চয়জ্ঞান্তাংস্তানুপায়ানুপবর্ণয়ন্তি।
তেষাস্ত তত্র ক্রমকালযােগাদ্যােরা মতিশ্চিন্তয়তাং বভূব ॥২০॥
যে সন্তি বিত্যাতপদােপপন্নান্তেষাং বিনাশঃ প্রথমন্ত কার্য্যঃ।
লোকা হি সর্বের তপাা প্রিয়ন্তে তন্মাত্তরধ্বং তপাঃ ক্রয়ায় ॥২১॥

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। মৃদিতা আনন্দিতাং, অতএব প্রস্কৌ উৎফুল্লবদনা ইত্যপৌনম্বন্ত্যম্ ॥১ ৭॥ সর্ব্বানিতি। ত্রিদশৈর্দেবৈং, সমেতৈং সম্মিলিতৈং। আবিবিশুর্দৈত্যা ইতি শেবং ॥১৮॥ প্রবিশ্রেতি। ঝবনক্রো মংশ্রুকুন্তীবে। অভিস্মযন্তো গর্ব্বিতা ভবন্তঃ ॥১৯॥

তত্ত্বতি। তত্ত্ব মন্ত্রণাসভাষাম, মত্যা স্বস্থব্দ্যিব নিশ্চয়ং কার্যাসিদ্ধেরবশুস্তাবং জানস্তীতি তে মতিনিশ্চমজ্ঞাং, কেচিলৈত্যাং, জগদিনাশায় তাংস্তান্ গুপ্তহত্যাদীস্থপাধান্, উপবর্ণমস্তি স্ম। তত্ত্ব তদানীম্, চিম্বয়তাং জগদিনাশোপাধং ভাবযতাম্, তেষাং দৈত্যানাম্, ক্রমকাল্যোগাৎ ক্রমশঃ, ইয়ং ঘোরা মতির্বভূব ॥২০॥

য ইতি। হি যমাৎ। ধ্রিবন্তে অবতিষ্ঠন্তে। স্ববধ্বং স্ববদা যতধ্বস্ ॥२১॥

এদিকে দেবতাবা ও মহর্বিবা সকলে আনন্দিত এবং উৎফুল্লমুখ হইয়া ইন্দ্রের প্রশংসা করিতে থাকিয়া, বক্সতাড়িত ভূতলপতিত পর্বতের স্থায় নিহত বৃত্রাস্থরকে দর্শন করিলেন ॥১৭॥

তাহাব পর দেবতাবা সম্মিলিত ও ছরিত হইয়া বুত্রবধসন্তপ্ত দৈত্যগণকে বধ করিতে লাগিলেন; তথন সম্মিলিত দেবগণের আক্রমণে সম্ভ্রন্ত হইয়া দৈত্যের। যাইয়া সমুদ্রেই প্রবেশ করিল ॥১৮॥

মংস্থা ও কুম্ভীরে পরিপূর্ণ অপরিমেয় সমুদ্রে প্রবেশ কবিয়া দৈত্যেবা আবার সম্মিলিত ও গর্বিবত হইয়া তথনই ত্রিভুবনবিনাশের জন্ম মন্ত্রণা করিতে লাগিল ॥১৯॥

সেই সভায় বৃদ্ধিমান্ বলিয়া অভিমানী কতকগুলি দৈত্য জগদ্বিনাশেব জন্ম নানা উপায়েব বর্ণনা করিল ; তাহাব পব চিন্তা করিতে কবিতে ভাহাদেব ক্রমশঃ এই ভয়ঙ্কব বৃদ্ধি হইল—॥২০॥

"বিছা ও তপস্থাসম্পন্ন যে সকল লোক আছে, প্রথমে তাহাদিগকে বিনাশ কবাই উচিত। কারণ, তপস্থাব বলেই সমস্ত লোক অবস্থান কবিতেছে; অতএব তপস্থা নষ্ট কবিবার জন্মই সত্তর চেষ্টা কব ॥২১॥ যে সন্তি কেচিচ্চ বস্তব্ধরায়াং তপস্থিনো ধর্ম্মবিদশ্চ তজ্জাঃ!।
তেষাং বধঃ ক্রিয়তাং ক্ষিপ্রমেব তেয়ু প্রণফেয়ু জগৎ প্রণফেম্ ॥২২॥
এবং হি সর্বের গতবুদ্ধিভাবা জগদিনাশে পরমপ্রহাফীঃ।
দুর্গং সমাপ্রিত্য মহোর্দ্মিমন্তং বত্লাকরং বরুণস্থালয়ং স্ম ॥২৩॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ববিদি
তীর্থযাত্রাযাং বুত্রবধোপাখ্যানে ষড়শীতিতমোহধ্যায়ঃ॥০॥ *

ভাবতকোমুদী

---°#°---

ভারতভাবদীপঃ

বলবস্তম্ ॥১৩—১৪॥ মাল্যধাবী মালাধারী ॥১৫॥ হতমপি বৃত্তং ভষাৎ ন হতমিব মেনে ॥১৬—২•॥ ধিযতে জীবস্তি ॥২১—২২॥ গতবৃদ্ধিভাবাঃ প্রাপ্তধীনিশ্চমাঃ। বরুণভালয়ং সম্প্রম্ ॥২৩॥ ইতি শ্রীসহাভারতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে বডশীতিতমোহধ্যায়ঃ ॥৮৬॥

---:#:---

হে অভিজ্ঞ দৈত্যগণ। পৃথিবীতে যে কেহ তপস্থী বা ধর্মজ্ঞ আছে, সম্বই তাহাদিগকে বধ কর। কারণ, তাহাবা বিনষ্ট হইলেই জগৎ বিনষ্ট হইবে"॥২২॥ এইভাবে জগদ্বিনাশেব দিকে বৃদ্ধি ও অভিপ্রায় স্থির হইলে, দৈত্যেরা সকলে মহাতরঙ্গশালী ও রত্নেব আকর সমুদ্র-দ্বর্গ আশ্রয় করিয়া পবম আনন্দিত হইয়া অবস্থান কবিতে লাগিল"॥২৩॥

সপ্তাশীতিতমোহধ্যায়ঃ।

----;**°----

লোমশ উবাচ।

সমুদ্রং তে সমাশ্রিত্য বারুণং নিধিমন্তদঃ।
কালেয়াঃ সম্প্রবর্তত্ত ত্রৈলোক্যস্থ বিনাশনে ॥১॥
তে বাত্রো সমভিকুদ্ধা ভক্ষয়ন্তি সদা মুনীন্।
আশ্রমেয়ু চ যে সন্তি পুণ্যেষায়তনেরু চ ॥২॥
বশিষ্ঠস্থাশ্রমে বিপ্রা ভক্ষিতাতৈর্ত্ব রাক্মভিঃ।
অশীতিঃ শতমফৌ চ নব চান্থে তপস্থিনঃ॥৩॥
চ্যবনস্থাশ্রমং গত্বা পুণ্যং দিজনিষেবিতম্।
ফলমূলাশনানাং হি মুনীনাং ভক্ষিতং শতম্ ॥৪॥
এবং রাত্রো স্ম কুর্ববন্তি বিবিশুশ্চার্বং দিবা।
কালেয়াতে তুরাত্মানো ভক্ষয়ন্তস্তপোধনান্॥৫॥

ভারতকৌমুদী

সম্শ্রমিতি। বান্ধণং বরুণদেবতাকম্। সম্প্রবর্তন্তেতি অভাগমাভাব আর্বঃ ॥১॥ ত ইতি। ভক্ষযন্তি বিনাশযন্তি স্মেত্যর্থঃ। আয়তনেষ্ স্পেত্রেষ্ ॥২॥ বিশিষ্ঠস্রেতি। অত্যাপি ভক্ষিতা বিনাশিতা ইত্যর্থঃ ॥৩॥ চ্যবনম্রেতি। ফলমূলাশনানাং ফলমূলভোজিনাম্ ॥৪॥

লোমশ বলিলেন—"সেই কালেয় অস্থবেরা বরুণপালিত ও জলের আধার সমুদ্র-ছুর্গ আশ্রয় করিয়া ত্রিভুবনবিনাশে প্রবৃত্ত হইল ॥১॥

আশ্রমে ও পুণ্যক্ষেত্রে যাঁহারা থাকিতেন, সেই সকল মুনিকে তাহাবা প্রত্যহ রাত্রিতেই ক্রুদ্ধ হইয়া যাইয়া বিনাশ করিত ॥২॥

সেই ছ্রাত্মারা বশিষ্ঠের আশ্রমে যাইয়া একশত সাতান্নবেই জন তপস্বী ব্রাহ্মণকে বিনাশ করিল ॥৩॥

ব্ৰাহ্মণসেবিত পবিত্ৰ চ্যবনেৰ আশ্ৰমে যাইয়া ফল-মূলভোজী একশত ব্ৰাহ্মণকে সংহাৰ কৰিল ॥৪॥

তপস্বি-সংহাবে প্রাত্তত সেই ছবাত্মা কালেয় দৈত্যগণ বাত্রিতে এইরূপ করিত এবং দিনের বেলায় সমুদ্রে প্রবেশ করিত॥৫॥

⁽৫) পরাদ্ধ বা ব কা পি নাস্তি।বন-১১৪ (৮)

ভরদ্বাজাশ্রমে চৈব নিয়তা ব্রহ্মচারিণঃ।
বায্বাহারাম্ব্রুশাশ্চ বিংশতিঃ সংনিস্দিতাঃ॥৬॥
এবং ক্রমেণ সর্ববাংস্তানাশ্রমান্ দানবাস্তদা।
নিশায়াং পরিধাবন্তি মত্তা ভুজবলাশ্রয়াৎ।
কালোপস্ফাঃ কালেয়া দ্বন্তো দ্বিজগণান্ বহুন্॥৭॥
ন চৈনানম্বর্ধ্যন্ত মন্তুজা মনুজোত্তম !।
এবং প্রবৃত্তান্ দৈত্যাংস্তাংস্তাপসেষু তপম্বিনঃ॥৮॥
প্রভাতে সমদৃগ্যন্ত নিয়মাহারকর্শিতাঃ।
মহীতলম্বা মূনয়ঃ শরীবৈর্গতজীবিতৈঃ॥৯॥

ভাবতকোমুদী

এবমিতি। বার্জো গুপ্তহত্যাসোঁকর্যাৎ দিবা চ দেবভষাদিতি ভাবং ॥৫॥ ভবদাজেতি। নিয়তা নিয়মবস্তো ব্রতিন ইতি যাবৎ। সংনিস্থদিতা নাশিতাং ॥৬॥ এবমিতি। কালোপস্থা আসময়ত্যবং। বটুপাদোহযং শ্লোকঃ ॥৭॥

নেতি। হে মহজোত্তম। তপস্থিনো মহজা অপি, তাপসেষু এবং গুপ্তহত্যাযাং প্রায়ব্তান্ তান্ এনান্ দৈত্যান্ ন চ নৈব অন্তব্ধান্ত নাজানন্ত। যত্তভাত্তন্, তদাবশ্চমেব তপোবলেন ক্যবারয়িয়ামিতি ভাবঃ ॥৮॥

প্রভাত ইতি। নিষমেন উপবাসাদিব্রতেন আহাবেণ ফলমূলাদিমাত্রভোজনেন চ কর্শিতাঃ ফ্রশীক্বতশবীরাঃ। গভজীবিতৈঃ শরীবৈবিশিষ্টাঃ সমদৃশ্রস্তাপবিঃ ॥२॥

ভারতভাবদীপঃ

সমুন্ত্রমিতি। কালেষাঃ কালায়াঃ কশ্মপভার্য্যায়ঃ পুত্রাঃ ॥১—৬॥ কালোপস্থাঃ মৃত্যুনা গ্রস্তাঃ ॥৭॥ তাপসেষু প্রবৃত্তান্ দৈত্যাংস্তাপসা এব তাপসা কুতো ন বাবয়স্তি ইত্যাশস্কাহ— তপস্বিধিতি। তপ্রদৈব ধনবংস্থ দেহনাশেহপি তপোনাশো মাভূদিতি ভাবঃ ॥৮॥

এবং তাহারা ভবদ্বাজেব আশ্রমে যাইয়া ব্রতী, ব্রন্মচারী, বায়ুভোজী ও জলমাত্রপায়ী কুড়ি জন তপস্বীকে সংহাব করিল ॥১॥

বাহুবলে মন্ত সেই আসন্নমৃত্যু কালেয়দানবেরা তখন এই প্রকাবে বহুতর ব্রাহ্মণকে বধ করিতে থাকিয়া রাত্রিতে সেই সকল আশ্রমে বিচরণ কবিতে লাগিল॥৭॥

নবশ্রেষ্ঠ ! দেই দৈত্যেবা তপস্বিগণেব প্রতি এইভাবে গুগুহত্যায় প্রবৃত্ত হইলেও তপস্বীবা তাহা বুঝিতে পারিতেন না ॥৮॥

প্রভাতকালে দেখা যাইত উপবাসে ও ফলমূলমাত্র ভোজনে কৃশ এবং প্রাণহীন মূনিগণেব শবীবগুলি ভূতলে পড়িয়া রহিয়াছে ॥৯॥

⁽৮)…তাপদেৰু তপন্বিৰু—বা ব কা নি। (२)…নিয়মাহারকর্বিতাঃ—বা ব কা পি।

ক্ষীণমাং সৈর্বিরুধিরৈর্বিমজ্জান্তৈর্বিসন্ধিভিঃ।
আকীর্বেরাবভৌ ভূমিঃ শন্ধানামিব রাশিভিঃ॥>০॥
কলসৈর্বিপ্রবিদ্ধেন্চ ক্রেবৈর্ভয়েন্তবৈ চ।
বিকীর্বেরিয়েহোত্রেন্চ ভূর্বভূব সমার্তা॥>>॥
বিঃস্বাধ্যায়বষট্কারং নফ্রযজ্ঞোৎসবক্রিয়ম্।
জগদাসীরিরুৎসাহং কালেযভয়পীড়িতম্॥>২॥
এবং সংক্ষীয়মাণান্চ মানবা মনুজেশ্বর!।
আত্মত্রাণপরা ভীতাঃ প্রাদ্রবন্ত দিশো ভয়াৎ॥>০॥
কেচিদ্গুহাঃ প্রবিবিশুর্নির্বারাংন্চাপরে তথা।
অপবে মরণোদিগ্রা ভয়াৎ প্রাণানবাস্ত্জন্॥>৪॥
কেচিদত্ত মহেষাসাঃ শ্বাঃ পরমহর্ষিতাঃ।
মার্গমাণাঃ পবং যত্নং দানবানাং প্রচক্রিরে॥>৫॥

ভারতকোমুদী

ক্ষীণেতি । বিমজান্ত্রৈ মজ্জান্ত্রবহিতৈ, বিসন্ধিভিঃ বিশ্লিষ্টদংযোগস্থানৈঃ ॥১•॥
কলসৈবিতি । বিপ্রবিদ্দৈয়ে জন্ত্রাদিনা বিপবীতীকৃতিঃ, জ্রুবৈর্যজ্ঞপাত্রবিশেধৈঃ ॥১১॥
নিবিতি । নিংস্বাধান্ত্রবফ্টকারং বেদপাঠদেবহবিদানবহিত্য ॥১২॥
এবমিতি । আত্মত্রাণপবা আত্মবক্ষাব্যাপৃতাঃ সন্তঃ ॥১৩॥
কেচিদিতি । নির্মাবান্ পর্ববজ্জলপ্রবাহান্ তদাবৃতদেশানিত্যর্থঃ ॥১৪॥

বক্ত, মাংস, মজ্জা ও অন্ত্র না থাকায় এবং সন্ধিসকল বিশ্লিষ্ট হওয়ায় কেবল অন্তিরাশিই অবশিষ্ট রহিত ; স্কুতবাং শঙ্খরাশিব স্থায় বিক্লিপ্ত সেই অন্তিরাশিদ্বারা ভূতল ব্যাপ্ত থাকিত ॥১০॥

উন্টা-পান্টা করা কলসী, ভগ্ন জ্ঞব এবং ইভস্ততঃ বিক্ষিপ্ত অগ্নিহোত্রেব পাত্রগুলি দ্বারা ভূতল আবৃত থাকিত ॥১১॥

তখন জগংটাই কালেয় অসুবগণেব ভয়ে পীডিত হইয়া পড়িল বলিয়া বেদপাঠ, বষট্কাব, যজ্ঞ ও উৎসবকার্য্য তিরোহিত হইয়া গেল এবং কাহারও কোন উৎসাহ থাকিল না ॥১২॥

বাজা! মনুয়াগণ এইভাবে ক্ষয় পাইতে থাকিয়া অস্ত্বগণের ভয়ে ভীত হইয়া আত্মবক্ষাব জন্ম নানাদিকে পলায়ন করিতে লাগিল ॥১৩॥

কতকগুলি লোক যাইয়া গুহায় প্রবেশ করিল, অন্ত কতকগুলি পার্ববত্য জল-প্রপাতের অন্তরালে লুকাইল এবং মৃত্যুভয়ে অস্থির অপর কতকগুলি লোক ভয়ে প্রাণত্যাগই কবিল ॥১৪॥ ন চৈতানধিজগা ুস্তে সমুদ্রং সমুপাঞ্জিতান্।
গ্রামং জগা ুশ্চ পরমমাজগা ুঃ ক্ষরমেব চ ॥১৬॥
জগতুপশমং যাতে নফ্টযজ্ঞোৎসবক্রিয়ে।
আজগা ুঃ পরমামার্ভিং ত্রিদশা মনুজেশ্বর । ॥১৭॥
সমেত্য সমহেন্দ্রাশ্চ ভয়ানান্ত্রং প্রচক্রিরে।
শরণ্যং শরণং দেবং নারায়ণমজং বিভুম্ ॥১৮॥
তেহভিগম্য নমস্কৃত্য বৈকু্ঠমপবাজিতম্।
ততো দেবা সমস্তান্তে তদোচুর্মধুসূদনম্ ॥১৯॥
ত্বং নঃ ভ্রফী চ ভর্তা চ হর্তা চ জগতঃ প্রভো!।
ত্বয়া স্ফৌমদং বিশ্বং যচ্চেঙ্গং যচ্চ নেঙ্গতি ॥২০॥

ভারতকৌমুদী

অথ তেবাং বিনাশায় কোহণি কিং ন যততে শ্বেত্যাহ ৰাভ্যাং—কেচিদিতি। মহেষাসা
মহাধহর্দ্ধবাঃ। মার্গমাণাঃ তানস্থরানেবান্বিক্সন্তঃ, দানবানাং বিনাশায়েতি শেষঃ ॥১৫॥
নেতি। অধিজগাঃ প্রাপৃঃ। ক্ষাং গৃহম, "নিলয়াপচয়ো ক্ষয়োঁ" ইত্যমরঃ ॥১৬॥
জগতীতি। উপশমম্ উৎসাহনিবৃত্তিম, নষ্টা যজ্ঞা উৎসবক্রিষাশ্চ যশ্মিন্ তত্ত ॥১৭॥
সমেত্যেতি। সমেত্য প্রাপ্য। শরণাং শরণেষু রক্ষকেষু সাধুম্, শরণং রক্ষকম্ ॥১৮॥
ত ইতি। বৈকুঞ্চ নাবায়ণম্। সর্বজ্ঞাপবাজিতত্বাদেবাশ্বাস ইতি ভাবঃ ॥১৯॥
ভাবতভাবদীপঃ

শরীরৈর্মাংসাদিবহিতত্বাদস্থিমাত্তিরিতার্থঃ ॥>॥ অতএব শব্ধবাশিতুল্যৈঃ ॥>০॥ কলশৈঃ শিরোঘটেঃ ॥>>--->৪॥ দানবানাং বধাযেতি শেষঃ ॥১৫॥ ক্ষমং গৃহং নাশং বা ॥১৬---১৯॥

এই সময়ে কতকগুলি মহাধনুর্দ্ধর বীর অত্যন্ত ছাষ্টচিত্তে সেই দানবগণকে অন্বেষণ কবিতে থাকিয়া তাহাদের বধের জন্ম বিশেষ চেষ্টা করিয়াছিল ॥১৫॥

কিন্তু সেই দানবেবা সমুদ্রে ছিল বলিয়া তাহাদিগকে তাহাবা পাইল না ; পরে সেই বীরগণ পরিশ্রান্ত হইয়া গৃহেই ফিরিয়া আসিয়াছিল ॥১৬॥

রাজা। যজ্ঞ ও উৎসবকার্য্য তিবোহিত হওয়ায় জগংটাই অবসন্ন হইয়া পড়িলে দেবতাবাও অত্যন্ত ত্বংথিত হইয়া পড়িলেন ॥১৭॥

তাহার পর ইন্দ্রপ্রভৃতি দেবগণ ভয়বশতঃ রক্ষকশ্রেষ্ঠ, অনাদি ও প্রভূ নারায়ণেব শরণাপন্ন হইয়া মন্ত্রণা করিতে লাগিলেন ॥১৮॥

সেই দেবতারা সকলেই যাইয়া অপরাজিত নারায়ণকে নমস্কার কবিয়া তাহাব পর তথনই তাঁহাকে বলিতে লাগিলেন—॥১৯॥

⁽२•) पः नः यहा ह दर्श ह—वा व का नि।

স্থা ভূমিঃ পুরা নফী সমুদ্রাৎ পুক্ষবেক্ষণ !।
বারাহং বপুরাশ্রিত্য জগদর্থে সমুদ্ধৃতা ॥২১॥
আদিদৈত্যো মহাবীর্য্যো হিরণ্যকশিপুস্থয়া।
নারসিংহং বপুঃ কৃষা সূদিতঃ পুরুষোত্তম ! ॥২২॥
অবধ্যঃ সর্বভূতানাং বলিশ্চাপি মহাস্তবঃ।
বামনং বপুরাশ্রিত্য ত্রেলোক্যাদ্জংশিতস্থয়া ॥২০॥
অস্তরশ্চ মহেষাসো জন্ত ইত্যভিবিশ্রুতঃ।
যজ্ঞকোতকবঃ ক্রুরস্তায়ের বিনিপাতিতঃ ॥২৪॥
এবমাদীনি কর্মাণি যেষাং সংখ্যা ন বিহ্নতে।
অস্মাকং ভয়ভীতানাং ত্বং গতির্মধুসূদন ! ॥২৫॥

ভারতকোমুদী

স্বমিতি। ভর্জা পালযিতা। জগতো মধ্যে। ইঙ্গতীতি ইঙ্গং জঙ্গমন্, নেঙ্গতি ন চলতি স্থাবরমিতার্থঃ। ইঙ্গমিতি গতার্থস্থ ইঙ্গধাতোঃ পচাদিতাদ্চি সিদ্ধন্ ॥২০॥

স্বযেতি। নষ্টা জলমগ্রপাদদুখতাং গতা। পুক্ষরেক্ষণ। পদ্মনম্ব।॥২১॥ আদীতি। নারদিংহং বপুঃ নরদিংহরপাং মৃর্ত্তিম্। ত্দিতো নাশিতঃ ॥২২॥ অবধ্য ইতি। ত্রৈলোক্যাৎ ত্রৈলোক্যবাজ্যাৎ, বংশিতঃ প্রচ্যাবিতঃ ॥২৩॥ অক্সব ইতি। মহেষাসো মহাধামুকঃ, যজ্জন্ত ক্ষোভকবো বিদ্নকাবী ॥২৪॥ এবমিতি। কর্মাণি তবেতি শেষঃ। গতিরুপায়ঃ ॥২৫॥

"প্রভূ। জগতের মধ্যে আপনিই আমাদের স্মষ্টিকর্ত্তা, রক্ষাকর্ত্তা ও সংহারকর্ত্তা এবং আপনিই এই স্থাবর-জঙ্গমাত্মক সকল স্মষ্টি করিয়াছেন ॥২ •॥

পুগুরীকাক্ষ। আপনিই পূর্বকালে বরাহরূপ ধারণ করিয়া জলমগ্না পৃথিবীকে জগতেব জন্ম সমুদ্র হইতে উত্তোলন করিয়াছিলেন ॥২১॥

পুক্ষোত্তম ! আপনি নুসিংহমূর্ত্তি ধাবণ করিয়া মহাবল আদিদৈত্য হিরণ্য-কশিপুকে বিনাশ করিয়াছিলেন ॥২২॥

এবং আপনিই বামনৰূপ ধাৰণ করিয়া সর্ব্বভূতের অবধ্য মহাস্থ্ৰ বলিকেও ত্রিভূবনেৰ বাজস্ব হইতে বিচ্যুত করিয়াছিলেন ॥২৩॥

ষজ্ঞবিত্মকারী, হিস্রংস্বভাব ও মহাধন্ত্র্দ্ধর 'জস্তু'-নামে বিখ্যাত অস্ত্রুবকেও আপনিই নিপাত করিয়াছিলেন॥২৪॥

মধুস্থদন! ইত্যাদি কর্ম আপনাব অতীত হইয়া গিয়াছে, যাহার সংখ্যা নাই। বর্ত্তমানে আমবা ভীত হইয়া পড়িয়াছি; স্মৃতরাং আপনিই আমাদের গতি ॥২৫॥ তন্মান্ত্রাং দেবদেবেশ! লোকার্থং জ্ঞাপরামহে।
রক্ষ লোকাংশ্চ দেবাংশ্চ শক্রঞ্চ মহতো ভ্য়াৎ ॥২৬॥
তব প্রসাদাদর্দ্ধন্তে প্রজাঃ সর্ববাশ্চতুর্বিধাঃ।
তা ভাবিতা ভাবয়ন্তি হব্যকব্যৈদিবৌকসঃ ॥২৭॥
লোকা ছেবং বিবর্দ্ধন্তে ছন্যোন্তং সমুপাপ্রিতাঃ।
তৃৎপ্রসাদান্দিরুদ্বিগ্নাস্ত্রীয়ব পবিরক্ষিতাঃ ॥২৮॥
ইদঞ্চ সমন্ত্রপ্রাপ্তং লোকানাং ভয়মুক্তমম্।
ন চ জানীম কেনেমে রাত্রো বধ্যন্তি ত্রাহ্মণাঃ ॥২৯॥
ক্ষীণেয়ু চ ত্রাহ্মণেয়ু পৃথিবী ক্ষয়মেয়্যতি।
ততঃ পৃথিব্যাং ক্ষীণায়াং ত্রিদিবং ক্ষয়মেয়্যতি॥৩০॥

ভারতকোমূদী

তন্মাদিতি। লোকার্থং লোকবক্ষার্থম্। শত্রুঞ্চেতি রাজস্বাৎ পৃথগুক্তিঃ ॥২৬॥
তবেতি। চতুর্বিধাঃ জরামুদ্দাগুদ্দম্পেদ্রেজিক্ষাঃ। ভাবিতা বর্দ্ধিতাঃ ॥২৭॥
লোকা ইতি। অফ্রোক্সং দেবা মান্তবান্ মান্তবান্দ দেবানিতার্থঃ ॥২৮॥
ইদমিতি। বধ্যস্তি বধ্যন্তে। জানীম ইতি বিদর্গাভাবঃ বধ্যস্তীতি পরশ্বৈপদঞ্চার্যম্ ॥২৯॥
ক্ষীণেম্বিতি। পৃথিবী ক্ষয়মেন্সতি উপদেষ্টুবভাবাৎ, ত্রিদিবং ম্বর্গঃ ক্ষয়মেন্সতি পৃথিবীলোককর্ত্ব্যযাগাগুভাবাদিতি ভাবঃ ॥৩০॥

অতএব হে দেবদেব ! হে পবমেশ্বব ! লোকরক্ষার জন্ম আমরা আপনাব নিকট নিবেদন কবিতেছি—আপনি লোকসমূহ, দেবগণ ও দেববাজকে মহাভয় হইতে রক্ষা করুন ॥২৬॥

আপনার অনুগ্রহেই সমস্ত চতুর্বিধ প্রাণী বৃদ্ধি পাইতেছে; তাহারা বৃদ্ধি পাইরা হব্য-কব্যবাবা দেবগণকে বর্দ্ধিত কবিতেছে ॥২৭॥

লোকসকল আপনাকর্তৃক রক্ষিত হইয়া আপনার অনুগ্রহেই নিকদ্বেগে থাকিয়া, পরস্পর পরস্পরকে আশ্রয় করিয়া বৃদ্ধি পাইতেছে ॥২৮॥

কিন্তু লোকদিগেব এই একটা দাকণ ভয় উপস্থিত হইয়াছে। কে যে রাত্রিতে আসিয়া এই ব্রাহ্মণদিগকে বধ করিতেছে, তাহা আমরা জানিতে পারিতেছি না॥২৯॥

বাদ্মণ ক্ষয় পাইয়া গেলে পৃথিবীই ক্ষয় পাইবে, পৃথিবী ক্ষয় পাইলে স্বর্গও ক্ষয় পাইবে ॥৩•॥

⁽২৬) শ্লোকাৎ পরন্ '···ঘাধিকশততমোহধ্যাদঃ'—বা ব বা পি, '···একাধিকশততমোহধ্যাদঃ' —নি, দেবা উচু:—বা ব কা নি।

ত্বৎ প্রসাদান্মহাবাহো! লোকাঃ সর্বের জগৎপতে!। বিনাশং নাধিগচ্ছেয়ুস্ত্বরা বৈ পরিরক্ষিতাঃ ॥৩১॥ বিষ্ণুক্রবাচ।

বিদিতং মে হ্বাঃ! সর্ববং প্রজানাং ক্ষয়কারণম্। ভবতাঞ্চাপি বক্ষ্যামি শৃণুধ্বং বিগতজ্বাঃ ॥৩২॥ কালের ইতি বিখ্যাতো গণঃ পবমদারুণঃ। তৈশ্চ বৃত্রং সমাজ্রিত্য জগৎ সর্ববং প্রমাথিতম্ ॥৩৩॥ তে বৃত্রং নিহতং দৃষ্ট্বা সহস্রাক্ষেণ ধীমতা। জীবিতং পরিরক্ষন্তঃ প্রবিষ্টা বরুণালয়ম্ ॥৩৪॥ তে প্রবিষ্ঠাদধিং বোরং নক্তগ্রাহসমাকুলম্। উৎসাদনার্থং লোকানাং রাক্রো দ্বন্তি মুনীনিহ ॥৩৫॥ ন তু শক্যাঃ ক্ষয়ং নেতুং সমুদ্রাগ্রয়ণা হি তে। সমুদ্রস্থ ক্ষয়ে বৃদ্ধির্ভবদ্ভিঃ সম্প্রধার্য্যতাম্ ॥৩৬॥

ভারতকোমুদী

ষদিতি । নাধিগচ্ছেয্র্ন প্রাপ্ন যুহ ॥৩১॥
বিদিতমিতি । প্রজানাং জনানাম্ । বিগতজ্ঞবাং তিরোহিতসন্তাপাং সন্তঃ ॥৩২॥
কালেয় ইতি । গণো দানবানাং সংঘঃ । প্রমাণিতম্ উৎপীডিতম্ ॥৩৩॥
ত ইতি । সহস্রাক্ষেণ ইক্ষেণ । পরিবক্ষম্ভঃ পরিবক্ষিত্যিচ্ছম্ভঃ, বরুণালয়ং সমূদ্রম্ ॥৩৪॥
ত ইতি । নক্ষৈং কুন্তীবৈং গ্রাইস্ভানিতরজ্ঞলজ্জ্ভিঃ সমাকুলং ব্যাপ্তম্ ॥৩৫॥

অতএব মহাবাহু। জগৎপতি। নাবায়ণ। আপনাব অন্থগ্ৰহে আপনা-কৰ্ত্তুক রক্ষিত হইয়া লোকসকল যেন বিনাশ পায় না"॥৩১॥

বিষ্ণু বলিলেন—"দেবগণ। আমি লোকবিনাশেব সমস্ত কারণই জানি; আপনাদের নিকটেও তাহা বলিব, আপনারা সন্তাপবিহীন হইয়া প্রবণ ককন ॥৩২॥

'কালেয়'-নামে বিখ্যাত অতিভয়ন্ধর কতকগুলি দানব আছে ; তাহারা পূর্বের বুল্রাস্থরকে আশ্রয় করিয়া সমগ্র জ্বগৎ উৎপীড়িত কবিত ॥৩৯॥

পরে ধীমান্ দেবরাজ সেই বৃত্তাস্থরকে বধ করিয়াছেন দেখিয়া তাহারা জীবন রক্ষা করিবার ইচ্ছায় সমুদ্রে প্রবেশ করিয়াছিল ॥৩৪॥

তাহারা এখন জগৎ উৎসন্ন করিবার জন্ম দিনে কুন্তীব ও জলজন্তুগণে পরিপূর্ণ ভয়ঙ্কর সমূদ্রে প্রবেশ করিয়া থাকিয়া রাত্রিতে আদিয়া মূনিগণকে বধ করিতেছে ॥৩৫॥

⁽৩৬) --- সমূদ্রাশ্রদগা হি তে—বা ব কা, সমূদ্রাশ্রদিণো হি তে—নি।

অগস্ত্যেন বিনা কো হি শক্তোহস্যোহর্ণবশোষণে।
অন্তথা হি ন শক্যান্তে বিনা সাগরশোষণম্॥৩৭॥
এতচ্প্রুত্বা তদা দেবা বিষ্ণুনা সমুদাহতম্।
পরমেন্তিনমাজ্ঞাপ্য অগস্ত্যস্থান্ত্রমং যয়ঃ॥২৮॥
তত্রাপশ্যনহাত্মানং বারুণিং দীপ্ততেজসম্।
উপাস্থমানমুঘিভির্দে বৈরিব পিতামহম্॥৩৯॥
তেহভিগম্য মহাত্মানং মৈত্রাবরুণিমচ্যুতম্।
আশ্রমস্থং তপোরাশিং কর্ম্মভিঃ স্বৈরভিষ্ট্রবন্॥৪০॥

দেবা উচুঃ।

নহুষেণাভিতপ্তানাং ত্বং লোকানাং গতিঃ পুরা। ভংশিতশ্চ স্থরৈশ্বর্য্যাৎ স্বলেকিাল্লোককণ্টকঃ॥৪১॥

ভারতকৌমুদী

তর্হি বয়মেব তান্ হনিক্সাম ইত্যাহ—নেতি। সম্প্রধার্যতাং দ্বিবীক্রিয়তাম্ ॥৩৬॥
তৎ সম্প্রধারণং ভবতৈব ক্রিয়তামিত্যাহ—অগস্তোনেতি। শক্যা হস্কমিতি শেবঃ ॥৩৭॥
এতদিতি। প্রমেষ্টিনং ব্রহ্মাণম্, আজ্ঞাপ্য আজ্ঞাং কার্বয়িত্বা ॥৩৮॥
তত্ত্বেতি। বারুণিং মৈত্রাবকণপুত্রমগস্তাম্। পিতামহং ব্রহ্মাণম্ ॥৩৯॥
ত ইতি। অচ্যুতম্ অচ্যুতসদৃশং মহাশক্তিম্। অভিষ্ঠুবন্নিত্যভাগমাভাব আর্বঃ ॥৪০॥ ট্

ভাবতভাবদীপঃ

ইন্সতি চলতীতি ইঙ্গং পচাল্ডচ্ জন্সং নেঙ্গতি স্থাব্বম্ ॥২০—২৬॥ চতুর্বিধাঃ স্থবনব-তির্ঘাক্স্থাব্রাঃ, দিবোকসো দেবান্ ॥২৭—৩৮॥ বারুণিং মৈত্রাবরুণপুত্রম্ ॥৩৯॥ অভিটুবন্

কিন্তু তাহাদিগকে বিনষ্ট কবা সম্ভবপর নহে। কারণ, তাহারা সমুদ্রেব ভিতবে রহিয়াছে; স্থতরাং সেই সমুদ্রকে নষ্ট কবিবার জন্মই আপনারা বৃদ্ধি স্থিব করুন ॥৩৬॥

অগস্ত্য ব্যতীত অন্ত কোন লোকই সমূজ শোষণ করিতে সমর্থ হইবে না, আবাব সমূজ শোষণ ব্যতীত অন্ত প্রকাবেও সে দানবগণকে সংহাব কবা যাইবে না" ॥৩৭॥

দেবতারা বিষ্ণুর এই কথা শুনিয়া, ব্রহ্মাব অনুমতি লইয়া তখনই মহর্ষি অগস্ত্যেব আশ্রমে চলিয়া গেলেন ॥৩৮॥

তাঁহারা সেখানে যাইয়া দেখিলেন—দেবতারা যেমন ব্রহ্মাব সেবা কবেন, তেমনই অস্তান্ত ঋষিরা উজ্জ্লতেজা মহাত্মা অগস্ত্যেব সেবা করিতেছেন ॥১৯॥

তথন দেবতারা নিকটে যাইয়া বিষ্ণুব তুল্য শক্তিশালী এবং তপোবাশিব স্থায় আশ্রমে অবস্থিত মহাত্মা অগস্ত্যকে তাঁহারই চরিত্রেব উল্লেখ করিয়া স্তব কবিতে সাগিলেন ॥৪•॥ ক্রোধাৎ প্রবৃদ্ধঃ সহসা ভাস্কবস্থ নগোত্তমঃ।
বচস্তবানতিক্রামন্ বিষ্ক্যঃ শৈলো ন বর্দ্ধতে ॥৪২॥
তমসা চারতে লোকে মন্যুনাহভ্যদ্দিতাঃ প্রজাঃ।
ত্বামেব নাথমাসাত্ম নির্বৃতিং পরমাং গতাঃ ॥৪৩॥
অম্মাকং ভয়ভীতানাং নিত্যশো ভগবান্ গতিঃ।
ততস্ত্বার্ত্তাঃ প্রযাচামো বরং ত্বাং ববদো হুদি ॥৪৪॥

ইতি শ্রীমহাভাবতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্ববি তীর্থযাত্রায়ামগস্ত্যমাহাত্ম্যকথনে সপ্তাশীতিতমোহধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমূদী

নছবেণেতি। গতিঃ উপায় আসীঃ। স্থবৈশ্বর্ঘাৎ দেববাজস্বপদাৎ ॥৪১॥
ক্রোধাদিতি। ভাস্করশু তমনাদৃত্যেতার্থঃ, নগোত্তমঃ পর্ববিশ্রেষ্ঠঃ ॥৪২॥
তমসেতি। তমসা বিদ্ধার্ন্ধ্যা স্থ্যপথরোধাদন্ধকারেণ। মহ্যুনা দৈয়েন ॥৪৩॥
অস্মাকমিতি। নিত্যশশ্চিবমেব। আর্ডাঃ কালেষোৎপীজনেন ক্লিষ্টা বয়ম্ ॥৪৪॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্ঘ্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্ঘ্যবিরচিতাষাং
মহাভাবতটীকাষাং ভারতকোমৃদীসমাধ্যাষাং বনপর্ববি তীর্থ্যাত্রাষাং সপ্তাশীতিতমোহধ্যায়ঃ ॥৩॥
ভাবতভাবদীপঃ

অম্ববন্ অডভাব আর্থ: ॥৪০—৪১॥ নগোত্তমঃ পর্বতেষু শ্রেষ্ঠঃ, বিস্ফ্যো নায়া ॥৪২॥ তমসা বিদ্যাবৃদ্ধা আবৃতে গ্রস্তালোকে লোকে জগতি সতি ॥৪৩—৪৪॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে সপ্তাশীতিতনোহধ্যায়ঃ ॥৮৭॥

দেবগণ বলিলেন—''মহর্ষি! আপনি পূর্ব্বকালে নহুষসন্তুপ্ত লোকদিগেব উদ্ধাবেব উপায় হইয়াছিলেন এবং জগতেব কণ্টক সেই নহুষকে দেবগণেব রাজত্বপদ ইইতে ও স্বর্গলোক হইতে বিচ্যুত করিয়াছিলেন ॥৪১॥

পর্বতশ্রেষ্ঠ বিদ্ধ্যপর্বত ক্রোধবশতঃ সূর্য্যকে অগ্রাহ্য কবিয়া হঠাৎ বৃদ্ধি পাইতে থাকিয়াও, আপনাব বাক্য অতিক্রম করিতে না পাবিয়া বৃদ্ধি পায় নাই ॥৪২॥

জগৎটা অন্ধকাবে আবৃত হইলে লোক সকল বিধাদে পীড়িত হইয়াছিল ; তাহাব পর তাহারা আপনাকে রক্ষক পাইয়া পরম নির্বৃতি লাভ করিয়াছিল ॥৪৩॥

আমাদেরও ভয়ভীত অবস্থায় চিবকালই আপনি উদ্ধাবেব উপায় হইযা আসিতেছেন; স্থতরাং বর্ত্তমান সময়েও আমরা অত্যন্ত পীড়িত হইয়া আপনাব নিকট বব প্রার্থনা করিতেছি; কাবণ, আপনি ববদাতা" ॥৪৪॥

^{* &#}x27;···জ্যধিকশততমঃ····'—বা ব কা পি, '···ছ্যধিকশততমঃ···'—নি । বন-১১৫ (৮)

অষ্টাশীতিতমোহধ্যায়ঃ।

যুধিষ্ঠিব উবাচ।

কিমর্থং সহসা বিষ্ক্যঃ প্রবৃদ্ধঃ ক্রোধর্মুচ্ছিতঃ। এতদিচ্ছাম্যহং শ্রোভুং বিস্তবেণ মহামুনে!॥>॥
লোমশ উবাচ।

অদ্রিবাজং মহাশৈলং মেরুং কনকপর্বতম্।
উদয়ান্তমনে ভানুঃ প্রদক্ষিণমবর্ত্ত ॥২॥
তন্তু দৃষ্ট্বা তথা বিষ্কাঃ শৈলঃ দূর্য্যমথাত্রবীৎ।
যথা হি মেরুর্ভবতা নিত্যশঃ পরিগম্যতে ॥৩॥
প্রদক্ষিণন্চ ক্রিয়তে মামেবং কুরু ভাস্কব।।
এবমুক্তন্ততঃ দূর্য্যঃ শৈলেন্দ্রং প্রত্যভাষত ॥৪॥ (যুগাকম্)
নাহমাত্মেচহয়া শৈল! করোম্যেনং প্রদক্ষিণম্।

ভারতকোমুদী

এষ মার্গঃ প্রদিকৌ মে থৈবিদং নির্দ্মিতং জগৎ ॥৫॥

কিমিতি। বিদ্ধাঃ পর্বতঃ, ক্রোধম্চ্ছিতঃ মৃচ্ছ যেব ক্রোধেন কর্ত্তব্যজ্ঞানহীনঃ ॥>॥

অদ্রীতি। উদ্যান্তগনে উদয়ান্তকালে, ভাহ: পূর্যাঃ ॥২॥

তমিতি। পৰিগম্যতে পৰিতো বিচৰ্ব্যতে; শৈলেন্দ্ৰং বিদ্ধাম্॥৩—৪॥

ভাবতভাবদীপঃ

কিমর্থমিতি ॥১—২৫॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে অষ্টানীতিতমোহধ্যায়ঃ 🕪 ৮॥

যুথিষ্ঠিব বলিলেন—"মহর্ষি! বিদ্ধাপর্বত কিজন্ম ক্রুদ্ধ হইয়া সহসা বৃদ্ধি পাইয়াছিল, ইহা আমি বিস্তবক্রমে শুনিতে ইচ্ছা করি"॥১॥

লোমশ বলিলেন—''স্থ্য্য উদযকালে ও অস্তকালে পৰ্ব্বতবাজ ও মহাপ^{ৰ্ব্বত} স্বৰ্ণময় স্থমেককে প্ৰদক্ষিণ কবিয়া বাইতেন ॥২॥

বিদ্ধাপর্বত সূর্য্যকে সেইৰূপ করিতে দেখিয়া তাঁহাকে বলিরাছিল—"প্রতা-কব! আপনি যেমন প্রতাহই সুমেকপর্বতে বিচরণ করেন এবং তাহাকে প্রদক্ষিণ করেন, আমাকেও এইৰূপ ককন।" বিদ্ধাপর্বত এইৰূপ বলিলে সূর্য্য তাহাকে বলিলেন—॥৩—৪॥ এবমুক্তস্ততঃ ক্রোধাৎ প্রবৃদ্ধঃ সহসাহচলঃ।
সূর্য্যাচন্দ্রমনোর্মার্গং বোদ্ধু মিচ্ছন্ পরন্তপ। ॥৬॥
ততো দেবাঃ সহিতাঃ সর্বব এব বিদ্ধ্যং সমাগম্য মহাদ্রিবাজম্।
নিবারয়ামান্তরুপায়তস্তং ন চ স্ম তেষাং বচনং চকাব ॥৭॥
অথাভিজগ্মুর্মুনিমাশ্রমস্থং তপস্বিনং ধর্মভূতাং ববিষ্ঠম্।
অগস্ত্যমত্যদ্ভতবীর্যুবন্তং তঞ্চার্থমূচঃ সহিতাঃ স্কুরাস্তে ॥৮॥

সূর্য্যাচন্দ্রমসোর্মার্গং নক্ষত্রাণাং গতিং তথা।
শৈলরাজো রণোত্যেষ বিদ্ধ্যঃ কোপবশান্ত্রগঃ ॥৯॥
তং নিবাবযিতুং শক্তো নাস্তঃ কশ্চিদ্ধিজোত্তম !।
খাতে ত্বাং হি মহাভাগ ! তত্মাদেনং নিবারয় ॥১০॥

ভাবতকৌমুদী

নেতি। এনং মেরুম্। প্রদিষ্টো নির্দিষ্টা। ঘৈবীশ্ববৈং, গৌববাদ্বছবচনম্। তেষামাদেশং নাতিক্রমিতুমহামীতি ভাবং ॥৫॥

এবমিতি। অচলো বিদ্ধাঃ। মার্গং দৈনিকবিচবণপথম্ ॥৬॥

তত ইতি। উপায়তঃ অন্থন্যভীতিপ্রদর্শনাভিক্ষপাব্যে:। চকাব বিদ্ধা: ॥ १॥

অথেতি। বীর্য্যমত্র তপঃপ্রভাবঃ। সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥৮॥

স্থাতি। বুণোতি কণদ্ধি। কোপবশাহুগঃ স্থাং প্রতি ॥३॥

তমিতি। তং বিশ্বাম । খতে বিনা ॥১০॥

"পর্বত! আমি নিজেব ইচ্ছায স্থমেককে প্রদক্ষিণ কবি না; যিনি এই জগৎ স্থাষ্টি কবিয়াছেন, তিনিই আমাব এই পথ নির্দিষ্ট কবিয়া দিয়াছেন" ॥৫॥

পবস্তপ ৷ সূর্য্য এইবাপ বলিলে, তাহাব পরই বিষ্ক্যাপর্বত ক্রোধে চন্দ্র ও সূর্য্যের পথ রোধ কবিতে ইচ্ছা করিয়া হঠাৎ বৃদ্ধি পাইতে লাগিল ॥৬॥

তাহাব পব দেবতাবা সকলেই সম্মিলিত হইয়া, পর্ববিতরাজ বিদ্ধ্যের নিকট যাইয়া, নানাবিধ উপায়ে তাহাকে বারণ করিবাব চেষ্টা করিলেন; কিন্তু সে বিদ্ধ্যপর্ববিত তাঁহাদের অন্ধুবোধ রক্ষা করিল না ॥৭॥

তদনস্তব সেই দেবতাবা সম্মিলিত হইয়াই আশ্রমস্থিত, তপস্বী, ধার্ম্মিকশ্রেষ্ঠ এবং অত্যস্ত অন্তুক্তপ্রভাবশালী অগস্ত্যমূনির নিকট গমন করিলেন এবং সেই বিষয় বলিতে লাগিলেন—॥৮॥

"পর্বতবাজ এই বিদ্ধ্য ক্রোধেব বশবর্ত্তী ইইযা চন্দ্র ও সূর্য্যের পথ এবং নক্ষত্রমগুলের গতি রোধ করিতেছে ॥১॥

⁽৮) শ্লোকাৎ পবং 'দেবা উচু:'—বা ব কা পি।

তচ্প্রত্বা বচনং বিপ্রঃ স্থবাণাং শৈলমভ্যগাৎ।
সোহভিগম্যাত্রবীদ্বিদ্ধ্যং দদাবঃ দমুপস্থিতম্॥১১॥
মার্গমিচ্ছাম্যহং দন্তং ভবতা পর্বতোত্তম!।
দক্ষিণামভিগন্তান্মি দিশং কার্য্যেণ কেনচিৎ॥১২॥
যাবদাগমনং মহৃং তাবল্বং প্রতিপালয়।
নির্ত্তে ময়ি শৈলেক্র! ততো বর্দ্ধস্ব কামতঃ॥১৩॥
এবং স সময়ং কৃত্বা বিব্ব্যেনামিত্রকর্ষণ।।
অভ্যাপি দক্ষিণাদ্দেশাদ্বারুণির্ন নিবর্ত্তে॥১৪॥
এতত্তে সর্বমাখ্যাতং যথা বিব্ব্যোন বর্দ্ধতে।
ভাগস্ত্যস্থ প্রভাবেণ যন্মাং ত্বং পরিপুচ্ছিদি॥১৫॥

ভাৰতকৌমুদী

তদিতি। বিপ্রঃ অগস্তাঃ। দাবৈর্জার্থ্যা লোপামূন্তরা সহেতি সদাবঃ ॥১১॥
মার্গমিতি। মার্গং মদ্গমনপথম্। কেনচিৎ কার্য্যো তত্ত্দেশেন ॥১২॥
যাবদিতি। মহুং মম। প্রতিপালব প্রতীক্ষম্ব। নির্ত্তে প্রত্যার্ত্তে সতি ॥১৩॥
এবমিতি। হে অমিত্রকর্ষণ। স বাক্ষণিবগস্তাঃ, বিস্কোন সহ, এবং সমযং প্রতিজ্ঞাং কৃষা,
দক্ষিণং দেশং গত্তেতি শেষঃ, তত্মাদ্দক্ষিণাদ্দেশাদ্ভাপি ন নিবর্ত্ততে ॥১৪॥
এতদিতি। আখ্যাতং ম্যা উক্তম্। পবিপুচ্ছনীত্যতীত্সামীপ্যে বর্ত্ত্যানা ॥১৫॥

কিন্তু ব্রাহ্মণশ্রেষ্ঠ মহাত্মন্! আপনি ব্যতীত অন্ত কোন লোকই তাহাকে বারণ কবিতে সমর্থ হইতেছে না; অতএব আপনি ইহাকে বাবণ ককন''॥১০॥

অগস্ত্যমূনি দেবগণের সেই কথা শুনিয়া, ভার্য্যা লোপামূজার সহিত মিলিত হইয়া বিদ্ধ্যপর্বতেব নিকটে গেলেন এবং নিকটে যাইয়া সমাগত বিদ্ধ্যপর্বতেকে বলিলেন—॥১১॥

"পর্ববত্তপ্রেষ্ঠ! আমি কোন কার্য্য উদ্দেশ্যে দক্ষিণদিকে যাইব; অতএব আমি ইচ্ছা কবি যে, আপনি আমাকে পথ ছাড়িয়া দেন ॥১২॥

পর্বতবাজ! যে পর্য্যন্ত আমাব পুনরায় আগমন হয়, সেই পর্যান্ত আপনি প্রতীক্ষা ককন; তা'ব পব আমি ফিবিয়া আসিলে, আপনি ইচ্ছান্স্সারে বৃদ্ধি পাইবেন"॥১৩॥

শক্রকর্ষণ রাজা। অগস্তামুনি বিদ্ধাপর্বতেব সহিত এইরূপ প্রতিজ্ঞা করিয়া দক্ষিণদেশে যাইয়া অগ্লাপি সে দক্ষিণদেশ হইতে ফিবিয়া আসেন নাই ॥১৪॥ পর্ববণি

কালেয়াস্ত যথা রাজন্ ! স্থবৈঃ সবৈর্বনিসূদিতাঃ।
অগস্ত্যাদ্বমাদাত তমে নিগদতঃ শৃণু ॥>৬॥
ত্রিদশানাং বচঃ শ্রুত্বা মৈত্রাবরুণিরব্রবীৎ।
কিমর্থমভিযাতাঃ স্থ ববং মতঃ কিমিচ্ছথ ॥>৭॥
এবমুক্তাস্ততন্তেন দেবতা মুনিমব্রুবন্।
সর্বাঃ প্রাঞ্জলয়ো ভূত্বা পুরন্দরপুরোগমাঃ ॥>৮॥
এবং স্বয়েচ্ছাম কৃতং হি কার্য্যং মহার্ণবং পীয়মানং মহাত্মন্ !।
ততো বিধিয়াম সহাস্বন্ধান্ কালেয়সংজ্ঞান্ স্থববিদ্বিষন্তান্ ॥>৯॥
তিদশানাং বচঃ শ্রুত্বা তথেতি মুনিরব্রবীৎ।
করিয়ে ভবতাং কামং লোকানাঞ্চ মহৎ স্থখম্ ॥২০॥

ভারতকোমূদী

প্রকৃতমন্থ্যবন্ধাহ—কালেয়া ইতি। কালেযান্তদাখ্যা অন্থরাঃ ॥১৬॥
বিদেশানামিতি। মৈত্রাবকণিবগল্ঞাঃ। অভিযাতা আগতাঃ ॥১৭॥
এবমিতি। তেন অগল্ঞ্যেন। ম্নিমগল্ঞ্যমেব ॥১৮॥
এবমিতি। অন্থবন্ধৈবন্ধচবৈঃ সহেতি সহান্থবন্ধান্তান্ ॥১৯॥
বিদেশানামিতি। কাম্যত ইতি কামন্তম্ অভীষ্ঠং সমুদ্রপানমিত্যর্থঃ ॥২০॥

বিদ্ধ্যপর্বত অগস্ত্যের প্রভাবেই যে বৃদ্ধি পায় নাই—যাহা তুমি আমাকে জিজ্ঞাসা করিয়াছিলে, এই তোমার নিকট সে সমস্তই বলিলাম ॥১৫॥

রাজা! দেবতারা সকলে অগস্ত্যেব নিকট বর লাভ করিয়া যে ভাবে কালেয় অসুরগণকে বিনাশ করিয়াছিলেন, তাহা আমি বলিতেছি, প্রবণ কর ॥১৬॥

ে দেবগণেব কথা শুনিয়া অগস্ত্য বলিলেন—"দেবগণ! আপনারা কি জন্য আসিয়াছেন ? কোন্ ববই বা আমাব নিকট হইতে লাভ কবিতে ইচ্ছা করেন ?" ॥১৭॥

অগস্ত্য এইরপ বলিলে, তাহার পর ইন্দ্রপ্রভৃতি দেবতাবা সকলে কৃতাঞ্জলি হইয়া অগস্ত্যকে বলিলেন—॥১৮॥

"মহাত্মন্! আপনি এইবাপ কার্য্য করেন, অর্থাৎ মহাসমুজ্টাকে পান করেন— ইহা আমবা ইচ্ছা করি। তাহার পব আমবা সেই কালেয়নামক অস্ত্বগণকে অন্তর্গের সহিত্ই বিনাশ কবিব" ॥১৯॥

দেবগণেব কথা শুনিয়া অগস্ত্য বলিলেন—"ভাহাই হইবে। আমি আপনাদের অভীষ্ট বিষয় এবং লোকেব বিশেষ নির্বুতি কবিব"॥২০॥

⁽১৮) দ্বিতীযাৰ্দ্ধং বা ব কা পি নাস্তি।

এবমুক্ত্বা ততোহগচ্ছৎ সমুদ্রং সরিতাং পতিম্।
খাষিভিশ্চ তপঃসিদ্ধৈঃ সার্ধাং দেবৈশ্চ স্থব্রত ! ॥২>॥
মনুয়োরগগন্ধর্ব-যক্ষকিম্পুরুষান্তদা ।
অনুজগ্মুর্মহাত্মানং দ্রেষ্ট্রকামান্তদভূতম্ ॥২২॥
ততোহভ্যগচ্ছন্ সহিতাঃ সমুদ্রং ভীমনিস্বনম্ ।
নৃত্যন্তমিব চোম্মীভির্বল্লন্তমিব বায়ুনা ॥২৩॥
হসন্তমিব ফেনোহাঃ শ্বলন্তং কন্দবেষু চ ।
নানাগ্রাহসমাকীর্নং নানাদ্বিজ্বগণান্তিতম্ ॥২৪॥ (যুগ্মকম্)
অগস্ত্যসহিতা দেবাঃ সগন্ধর্বমহোরগাঃ ।
খাষ্য্রশ্চ মহাভাগাঃ সমাসেত্র্মহোদধিম্ ॥২৫॥

ইতি শ্রীমহাভাবতে শতদাহস্যাং দংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্বাণ তীর্থযাত্রায়ামগন্ত্যমাহাত্ম্যকথনে স্কৌশীতিতমোহধ্যায়ঃ ॥০॥ *

ভাবতকোমুদী

এবনিতি। শাস্ত্রবিহিতনিযমানাং যথাযথপালনাৎ স্করতেতি যুধিষ্টিরশ্য সম্বোধন্ম ॥২১॥ মহুয়োতি। মহাত্মানমগন্ত্যম্। তৎ সমুদ্রপান্ম্ ॥২২॥

তত ইতি। বায়্না বায়্প্রাতিক্ল্যেন, বন্ধন্তং সাটোপং গচ্ছম্ভমিব। ফেনোঘৈর্ছসম্ভমিব, ফেনোঘানাং শুভ্রম্বাৎ, কন্দ্রবেষু গৃহাস্থ, অলন্তং অলিম্বা পতস্তমিব। নানা অনেকৈপ্রাহিৎ-র্জলজন্তভঃ সমাকীর্ণং ব্যাপ্তম্, নানা দিজগগৈঃ পক্ষিগণৈবন্তিত্য ॥২৩ – ২৪॥

অগস্ত্যেতি। সমাদেত্ং প্রাপুং, মহোদধিন্ উক্তরণং মহাসমূক্তন্ ॥০৫॥ ইতি মহামহোপাধ্যাব-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াৎ মহাভাবতটীকাষাং ভাবতকোমূদীসমাধ্যাষাং বনপর্বণি তীর্থমাত্রাষাম্ অস্তাশীতিতমোহধ্যায়ঃ॥০॥

যুধিষ্ঠিব! এইনপ বলিয়া তাহার পর অগস্ত্য তপঃসিদ্ধ ঋষিগণ ও দেবগণেব সহিত মিলিত হইযা সবিংপতি সমূদ্রে গমন করিলেন ॥২১॥

তথন মনুষ্য, নাগ, গন্ধর্বা, যক্ষ ও কিম্পুক্রবগণ সেই অদ্ভূত ঘটনা দেখিবার জন্ম মহাত্মা অগস্থ্যের অনুগমন কবিলেন ॥২২॥

তাহার পর তাঁহারা সন্মিলিত হইয়া সমুদ্রের তীবে উপস্থিত হইলেন। তথন সমুদ্র ভয়ন্বর গর্জন করিতেছিল, তরঙ্গদারা যেন নৃত্য করিতেছিল, বাযুব প্রতিকূলতাবনত: যেন উদ্ধৃতভাবে চলিতেছিল এবং গুহা সকলের ভিতরে যেন পড়িয়া ঘাইতেছিল; আব সে সমুদ্র নানাবিধ জলজন্ততে পরিপূর্ণ এবং নানাবিধ পক্ষিগণে সমাকীর্ণ ছিল ॥২৩—২৪॥

 ^{&#}x27;…চতুর্বধিকশতভয়ः…'—বা ব কা পি, '…আধিকশতভয়ः…'—নি।

উননবতিতমোহধ্যায়ঃ।

লোমশ উবাচ।

সমুদ্রং স সমাসাত্য বারুণির্ভগবানৃষিঃ।
উবাচ সহিতান্ দেবানৃষীংশ্চৈব সমাগতান্॥>॥
এষ লোকহিতার্থং বৈ পিবামি বরুণালয়ম্।
ভবদ্ভির্যদমুঠেয়ং তচ্ছীন্ত্রং সংবিধীয়তাম্॥২॥
এতাবছক্ত্বা বচনং মৈত্রাবরুণিরচ্যুতঃ।
সমুদ্রমপিবৎ ক্রুদ্ধঃ সর্ববলোকস্থ পশ্যতঃ॥৩॥
পীয়মানং সমুদ্রস্ত দৃষ্ট্বা সেন্ত্রাস্তদাহমরাঃ।
বিশ্বয়ং পরমং জগ্যুঃ স্তুতিভিশ্চাপ্যপূজ্য়ন্॥৪॥

ভাবতকোমুদা

সমূল্রমিতি। বাক্লণিবগন্তা:। সহিতান্ সম্মিলিতান্ ॥১॥
এষ ইতি। বক্লণাল্যং সমূল্রম্। অন্তর্জেষং বিধেষম্ ॥২॥
এতাবদিতি। মৈত্রাবক্লণিবগন্তা:, অচ্যুতঃ তপঃপ্রভাবাদল্লইঃ ॥৩॥
ভাবতভাবদীপঃ

স্মৃত্রমিতি ∥১—২১∥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে উননবতিতমোহধ্যায়ঃ ॥৮৯॥

তখন দেবতারা ও মহাত্মা ঋষিরা অগস্ত্যেব সহিত এবং গন্ধর্ববর্গণ ও নাগগণেব সহিত মিলিত হইয়া উক্তবিধ মহাসমুজের তীবে গমন কবিলেন" ॥২৫॥

____°<u>**</u>°___

লোমশ বলিলেন—"ভগবান্ অগস্ত্যমূনি সমুজতীবে উপস্থিত হইয়া সমাগত এবং সম্মিলিত দেবগণ ও ঋষিগণকে কহিলেন—॥১॥

"লোকহিতের জন্ম এই আমি সমুদ্র পান করিতেছি। আপনাদের যাহা কর্ত্তব্য, তাহা শীঘ্র কক্ষন" ॥২॥

এইটুকুমাত্র কথা বলিয়া মহাপ্রভাবসম্পন্ন অগস্ত্য ক্রুদ্ধ হইয়া সকল লোকেব সাক্ষাতে সমুদ্র পান করিতে আবস্ত কবিলেন॥গা

তখন অগস্ত্য সমুজ পান কবিতেছেন দেখিয়া ইন্দ্রপ্রভৃতি দেবগণ অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন এবং স্তব দাবা তাঁহাব সম্মান করিতে লাগিলেন—॥৪॥

⁽२) অহং লোকহিতার্থং বৈ—বা ব কা।

ত্বং নস্ত্রাতা বিধাতা চ লোকানাং লোকভাবন ! ।

ত্বৎপ্রসাদাৎ সমুচ্ছেদং ন গচ্ছেৎ সামবং জগৎ ॥৫॥

স প্রজ্যমানস্ত্রিদশৈর্মহাত্মা গন্ধর্বতূর্য্যেষু নদৎস্থ সর্বশং ।

দিব্যৈশ্চ পুল্পৈরবকীর্য্যমাণো মহার্ণবং নিঃসলিলং চকার ॥৬॥

দৃষ্ট্বা কৃতং নিঃসলিলং মহার্ণবং স্তরাঃ সমস্তাঃ পরমপ্রহৃষ্টাঃ ।

প্রগৃহ্ছ দিব্যানি বরায়ুধানি তান্ দানবান্ জত্মুবদীনসত্ত্বাঃ ॥৭॥

তে বধ্যমানাস্ত্রিদশৈর্মহাত্মহাবলৈর্বেগিভিক্তমদন্তিঃ ।

ন সেহিবে বেগবতাং মহাত্মনাং বেগং তদা ধার্মিতুং দিবৌকসাম্ ॥৮॥

তে বধ্যমানাস্ত্রিদশৈর্দানবা ভীমনিস্থনাঃ ।

চক্রুঃ স্তৃত্বমূলং যুদ্ধং মুহূর্ত্তমিব ভাবত ! ॥৯॥

ভাৰতকৌমুদী

পীষমানমিতি। ইন্দ্রেণ সহেতি সেন্দ্রাঃ। অপূজ্যন্ অগস্তামিতি শেষঃ॥॥॥
দ্বিতি। বিধাতা শুভন্তেতি শেষঃ। লোকভাবন । লোকানাং নির্ভিকাবক ।॥॥॥
দ্বৈতি। সং অগস্তাঃ, ত্রিদশৈর্দেবৈঃ। নদৎস্থ বাদনাৎ শব্দাযমানেষু॥॥॥
দৃষ্টেতি। দিব্যানি স্বর্গীযাণি। অদীনসন্থা অনন্নাধ্যবসাষাঃ॥।॥
ত ইতি। তে দানবাঃ। উন্নদন্তিঃ সিংহনাদং কুর্বন্তিঃ। সেহিবে শেকুঃ॥॥॥
ত ইতি। ত্রিদশৈর্দেবৈঃ। ভীমনিস্থনা ভ্যন্থবসিংহনাদাঃ॥॥॥

'জগতেব নির্ব তিকারক মহর্ষি। আপনি আমাদেব বক্ষাকর্তা এবং ত্রিভুবনেবই মঙ্গলবিধাতা। আপনাব অনুগ্রহেই দেবগণের সহিত সমস্ত জগৎ উচ্ছেদ প্রাপ্ত হুইবে না'॥৫॥

এইভাবে দেবতাবা স্থব করিতে লাগিলেন, গন্ধর্বেবা সকল দিকে তূর্যাধ্বনি কবিতে থাকিল এবং আকাশ হইতে পুষ্পবৃষ্টি হইতে লাগিল; এই অবস্থায় মহাত্মা অগস্থ্য মহাসমুক্তটাকে জলশৃত্য কবিয়া ফেলিলেন ॥৬॥

অগস্ত্য মহাসমুদ্রটাকে জলশৃন্ম কবিয়াছেন দেখিয়া দেবতাবা সকলেই আনন্দিত হইযা স্বৰ্গীয় উৎকৃষ্ট অস্ত্র সকল ধাবণ কবিয়া বিশেষ অধ্যবসায়ের সহিত সেই দানবগণকে বধ কবিতে লাগিলেন ॥৭॥

মহাবল, বেগবান্ ও সিংহনাদকাৰী মহাত্মা দেবতাবা বধ করিতে লাগিলে, তথন সেই দানবেবা বেগবান্ ও মহাবল দেবগণেব সেই বেগ ধারণ করিতে সমর্থ হইল না ॥৮॥

ভবতনন্দন ! দেবতাবা দানবগণকে বধ করিতে লাগিলে, তাহারা ভ্যঙ্কর সিংহনাদ কবিয়া কিছুকাল অভিত্যুল যুদ্ধ কবিল ॥৯॥ তে পূর্বাং তপসা দগ্ধা মুনিভির্ভাবিতাত্মভিঃ।

যতমানাঃ পরং শক্ত্যা ত্রিদলৈবিনিস্দিতাঃ॥>০॥

তে হেমনিক্ষাভরণাঃ কুণ্ডলাঙ্গদধারিণঃ।

নিহতা বহুবোভন্ত পুষ্পিতা ইব কিংশুকাঃ॥>>॥

হতশেষাস্ততঃ কেচিৎ কালেয়া মনুজোত্তম!।

বিদার্য্য বস্ত্রধাং দেবীং পাতালতলমান্ত্রিতাঃ॥>২॥

নিহতান্ দানবান্ দৃষ্ট্যা ত্রিদশা মুনিপুঙ্গবম্।

তুষ্ট্যুব্রিবিধৈর্বাক্যৈরিদক্ষৈবাক্রবন্ বচঃ॥>০॥

তুৎপ্রসাদান্মহাবাহো! লোকৈঃ প্রাপ্তং মহৎ স্থম্।

ত্তজ্বসা চ নিহতাঃ কালেয়াঃ ক্র্বিক্রমাঃ॥>৪॥

পূর্মস্ব মহাবাহো! সমুদ্রং লোকভাবন!।

যত্ত্ব্যা সলিলং পীতং তদন্মিন্ পুনক্রৎস্ত্র ॥>৫॥

ভারতকৌমূদী

ত ইতি। ভাবিতাত্মভিঃ মৈত্রাদিভাবন্যা শোধিতচিত্তৈঃ ॥১০॥
ত ইতি। হেমনিঙ্কং স্বৰ্ণমাল্যম্ আভবণং যেবাং তে। বহু অধিকম্ ॥১১॥
হতেতি। কালেযাঃ ক্র্যাপভার্যাযাঃ কালাযাঃ পুত্রা আদিপর্বগ্যক্তাঃ ৫১২॥
নিহতানিতি। ম্নিপুঙ্গবমগস্তাম্ ॥১৩॥
অদিতি। মহাবাহুবন্মহাশক্রসংহার্ঘটনান্মহাবাহো ইত্যাপস্তাশ্যৈব সম্বোধনম্ ॥১৪॥

নির্মলচিত্ত মুনিরা পূর্ব্বেই তাহাদিগকে তপস্থানলে দগ্ধ করিয়াছিলেন; স্মৃতরাং তখন তাহারা শক্তি অনুসারে জয়েব জন্ম বিশেষ যত্ন কবিতে থাকিলেও দেবতারা তাহাদিগকৈ সংহার করিলেন ॥১০॥

স্বর্ণময় হার, কুণ্ডল ও অঙ্গদধারী সেই দানবেরা নিহত হইয়া পুষ্পিত কিংশুক-বুক্ষেব স্থায় অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥১১॥

নবশ্রেষ্ঠ ! তাহাব পর হতাবশিষ্ট কতকগুলি কালেয় অস্ত্র পৃথিবী বিদারণ করিয়া পাতালে যাইয়া আশ্রয় লইল ॥১২॥

তখন দেবগণ দানবগণকে নিহত দেখিয়া নানাবিধ বাক্যে মূনিশ্রেষ্ঠ অগস্ত্যের স্তব করিলেন এবং এই কথা বলিলেন—॥১৩॥

"মহাবাহু! আপনার অমুগ্রহেই লোকেরা মহাসুখ লাভ করিল। কারণ, আপনার তেজেই ক্রুববিক্রম কালেয়গণ নিহত হইয়াছে ॥১৪॥

⁽১২)---পাতালতলমাস্থিতাং---বা ব কা নি। (১৩)---ইদং ব্চনমব্রুবন্--বা ব কা নি। বন-১১৬ (৮)

এবমুক্তঃ প্রত্যুবাচ ভগবান্ মুনিপুঙ্গবঃ।
তাংগুদা সহিতান্ দেবানগস্ত্যঃ সপুরন্দরান্ ॥>৬॥
জীর্ণং তদ্ধি ময়া তোয়মুপায়োহন্তঃ প্রচিন্ত্যতাম্।
পূরণার্থং সমুদ্রন্থ ভবন্তির্যত্মসান্থিতৈঃ ॥>৭॥
এতচ শ্রুত্বা তু বচনং মহর্ষের্ভাবিতাত্মনঃ।
বিশ্বিতাশ্চ বিষয়াশ্চ বভূবুঃ সহিতাঃ স্থবাঃ ॥>৮॥
পরম্পরমনুজ্ঞাপ্য প্রণম্য মুনিপুঙ্গবম্।
প্রজাঃ সর্ববা মহারাজ! বিপ্রজ্যার্থথাগতম্ ॥>৯॥
ত্রিদশা বিষ্ণুনা সার্দ্ধমুপজ্যারুঃ পিতামহম্।
পূবণার্থং সমুদ্রন্থ মন্ত্রিয়ন্তা পুনঃ পুনঃ ॥২০॥

ভাবতকৌমুদী

পূব্যক্ষেতি । হে লোকভাবন । লোকানাং মজলকাবক । অস্মিন্ সম্দ্রথাতে ॥১৫॥
এবমিতি । ভগবান্ অতিশবেনাণিমাতিখ্য্যবান্, মহার্ণবিশ্রেব পানাৎ ॥১৬॥
জীর্ণমিতি । অন্তঃ মৎকর্ত্কোদ্গাবাদপবঃ ॥১৭॥
এতদিতি । বিস্মিতাঃ ক্ষণেনৈব জলরাশের্জাণীকবণাৎ , বিষণ্ণাঃ সম্দ্রে জলশ্নুত্বাৎ ॥১৮॥
প্রক্ষাবমিতি । প্রজা গন্ধর্বমন্ত্র্যাদ্যো জনাঃ । যথাগতং যথাস্থানম্ ॥১৯॥
ত্রিদশা ইতি । পিতামহং ব্রহ্মাণম্পজ্যাঃ, সম্দ্রপ্রণার্থমিতি ভাবঃ ॥২০॥

মহাবান্থ! লোকমঙ্গলকাবক। আপনি আবাব সমূদ্র পূর্ণ ককন; আপনি যে জল পান করিয়াছেন, তাহা আবার এই খাতে বিসর্জ্জন ককন' ॥১৫॥

দেবতারা এইরূপ বলিলে, মুনিশ্রেষ্ঠ ভগবান্ অগস্ত্য তখন ইন্দ্রপ্রভৃতি সেই সম্মিলিত দেবগণকে বলিলেন—॥১৬॥

"আমি সে জল জীর্ণ করিয়া ফেলিয়াছি; স্থতরাং আপনারা সমূত্র পূবণেব জন্ম বিশেষ যত্ন অবলম্বন করিয়া অন্য উপায় চিন্তা ককন" ॥১৭॥

নির্ম্মলচিত্ত মহর্ষি অগস্ত্যেব এই কথা শুনিয়া সন্মিলিত দেবতারা সকলেই বিশ্বিত এবং বিষয় হইলেন ॥১৮॥

মহারাজ। তাহাব পব তত্রত্য লোকেবা সকলেই মুনিশ্রেষ্ঠ অগস্ত্যকে প্রণাম কবিয়া পবস্পাব পবস্পারেব অনুমতি লইয়া যথাস্থানে চলিয়া গেল ॥১৯॥

আব, দেবতারা সমুদ্রকে পূরণ করিবাব জন্ম বিষ্ণুর সহিত বার বার মন্ত্রণা কবিযা ব্রহ্মার নিকট গমন কবিলেন ॥২০॥

⁽১৬) বিতীমাৰ্ক্ষ বা ব কা পি নাস্তি।

তে ধাতাবমুপাগম্য ত্রিদশাঃ সহ বিস্কুনা।
উচুঃ প্রাঞ্জলয়ঃ সর্বের সাগবস্থাভিপূরণম্ ॥২১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ববিণি
তীর্থযাত্রায়াং সমুদ্রপূরণমন্ত্রণে উননবতিতমোহধ্যায়ঃ॥।॥ *

নবতিতমোহধ্যায়ঃ।

--:*:--

লোমশ উবাচ।

তামুবাচ সমেতাংস্ত ব্রহ্মা লোকপিতামহঃ।
নিহ্র'দিন্যা গিরা রাজন্। দেবানাশ্বাসয়ংস্তদা ॥১॥
গচছধ্বং বিবুধাঃ সর্বের যথাকামং যথেপ্সিতম্।
মহতা কালযোগেন প্রকৃতিং যাস্যাতেহর্ণবঃ॥২॥

ভারতকৌমূদী

ত ইতি। ধাতাবং ব্ৰহ্মাণম্। উচুঃ পপৃচ্ছুঃ। অভিপূৰণং তত্বপাযম্ ॥২১॥ ইতি মহামহোপাধ্যায-ভাৰতাচাৰ্য্য-মহাকবি-পল্নভূষণ-শ্ৰীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচাৰ্য্যবিরচিতায়াং মহাভাৰতটীকাষাং ভাৰতকে মুদীসমাধ্যায়াং বনপৰ্ব্বণি তীৰ্থযাত্ৰাযামূননবভিতমোহধ্যায়ঃ॥•॥

তানিতি। সমেতান্ সমাগতান্। নির্হ্রাদিন্তা স্বভাবত এব গম্ভীবয়। ১॥ গচ্ছধ্বমিতি। যথাকামং গচ্ছধ্বম, যথেন্সিতঞ্চ কুরুধ্বমিতি শেষঃ ॥২॥

সেই দেবতারা বিষ্ণুর সহিত ব্রহ্মার নিকট যাইয়া, সকলেই কৃতাঞ্জলি হইয়া, সমুদ্র পুরণের উপায় জিজ্ঞাসা করিলেন" ॥২১॥

লোমশ বলিলেন—"রাজা! লোকপিতামহ ব্রহ্মা সমাগত দেবগণকে আশ্বস্ত করিবার জন্ম গম্ভীর বাক্যে তাঁহাদিগকে বলিলেন—॥১॥

"দেবগণ! তোমবা সকলে ইচ্ছা হইলে যাইতে পার এবং ইচ্ছানুসারে কার্য্য কবিতে পাব। কারণ, সমুদ্র বহুকাল পরে নিজেই স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইবে॥২॥

⁽২১) পূর্বান্ধি বা ব কা পি নাস্তি। * '...পঞ্চাধিকশততম:...'—বা ব কা পি, '...চতুবধিকশততম:...'—নি। (১) দ্বিতীয়াৰ্জ্য বা ব কা পি নাস্তি।

জ্ঞাতীংশ্চ কাবণং কৃত্বা মহারাজো ভগীরথঃ। পূর্বিয়য়তি তোয়োঘৈঃ সমুদ্রং নিধিমস্তুসাম্ ॥৩॥ পিতামহবচঃ শ্রুত্বা সর্কেব বিবুধসক্তমাঃ। কালযোগং প্রতীক্ষন্তো জগ্মুশ্চাপি যথাগতম্॥৪॥ যুধিষ্ঠির উবাচ।

কথং বৈ জ্ঞাতয়ো ব্রহ্মন্ ! কারণঞ্চাত্র বৈ মুনে !।
কথং সমুদ্রেঃ পূর্ণশ্চ ভগীরথপ্রতিশ্রয়াৎ ॥৫॥
এতদিচ্ছাম্যহং শ্রোভুং বিস্তবেণ তপোধন !।
কথ্যমানং ত্বয়া বিপ্র ! রাজ্ঞাং চরিতমুত্তমম্ ॥৬॥
বৈশস্পায়ন উবাচ।

এবমুক্তস্ত বিপ্রেন্দো ধর্মরাজ্ঞা মহাত্মনা। কথ্যামাদ মাহাত্ম্যং দগরস্ত মহাত্মনঃ॥৭॥

ভাবতকোমূদী

জাতীনিতি। অন্তলাং নিধিম, অভন্তোযৌধৈবেৰ প্ৰবিষ্যতীতি ভাৰঃ ॥৩॥
পিতামহেতি। কালযোগং ভাবিকালপ্ৰাপ্তিসম্বন্ধম, প্ৰতীক্ষন্তঃ প্ৰতীক্ষমাণাঃ ॥৪॥
বথমিতি। অন্ত সম্ভূপ্বণে। ভগীবথস্থ প্ৰতিশ্ৰমাদবলম্বনাৎ ॥৫॥
এতদিতি। বাজচবিতস্যোভ্যমন্বাদেব তদেতচ্শ্ৰোত্মিচ্ছামীত্যাশ্যঃ ॥৬॥
এবমিতি। বিপ্ৰেক্ৰো লোমশঃ। ধর্মবাজ্ঞেতি আর্বন্দদন্তবাভাবঃ ॥৭॥

মহাবাজ ভগীবথ জ্ঞাতিগণকে হেতু কবিয়া জলরাশি দ্বারাই জলনিধি সমূদ্রকে পূর্ণ কবিবেন" ॥৩॥

তখন দেবতাবা সকলে ব্রহ্মাব সেই কথা শুনিয়া, সেই কালের প্রতীক্ষা কবিয়া যথাস্থানে চলিয়া গেলেন" ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—"ব্রহ্মন্! মুনে! এ বিষয়ে ভগীবথের জ্ঞাতিরা কি কবিয়া কারণ হইয়াছিলেন? এবং কি কবিয়াই বা ভগীবথকে অবলম্বন করিয়া সমুদ্র পূর্ণ হইয়াছিল ? ॥৫॥

ব্রাহ্মণ ! তপোধন ! আপনি বাজাদের উত্তম চবিত্র বিস্তরক্রমে বলুন, আমি তাহা শুনিতে ইচ্ছা করি"॥৬॥

বৈশম্পাযন কহিলেন—মহাত্মা যুধিষ্টিব এইকপ বলিলে, লোমশমূনি মহাত্মা সগবের মাহাত্ম্য বলিতে আরম্ভ কবিলেন ॥৭॥

⁽৩) স্থাতীন বৈ কারণং কুল মহারাজ্যে ভগীরথাং। দ্বিতীয়ার্দ্ধে নাস্তি—বা ব কা পি।
(৫) বারণ্যার কিং মুনে !—বা ব কা নি।

লোমশ উবাচ।

ইক্ষ্বাকৃণাং কুলে জাতঃ দগরো নাম পার্থিবঃ।
রূপদত্ত্বলোপেতঃ দ চাপুত্রঃ প্রতাপবান্॥৮॥
দ হৈহয়ান্ দমুৎ দাত্য তালজজ্বাংশ্চ ভারত!।
বশে চ কৃষা রাজন্তান্ স্বরাজ্যমনুশিন্টবান্॥৯॥
তস্তা ভার্য্যে বভবতাং রূপযৌবনদর্শিতে।
বৈদর্ভী ভবতজ্রেষ্ঠ! শৈব্যা চ ভরতর্বভ!॥১০॥
দ পুত্রকামো নৃপতিস্তপ্যতে স্ম মহন্তপঃ।
পত্নীভ্যাং দহ রাজেক্র! কৈলাসং গিরিমাজিতঃ॥১১॥
দ তপ্যমানঃ স্থমহন্তপোযোগদমন্বিতঃ।
আদদাদ মহাত্মানং ত্যকং ত্রিপুর্মর্দ্দনম্॥১২॥
শঙ্করং ভবমীশানং শূলপাণিং পিনাকিনম্।
ত্যম্বকং শিবমুগ্রেশং বহুরূপমুমাপতিম্॥১০॥ (যুগ্মকম্)

ভাৰতকোমূদী

ইক্ষাকুণামিতি। রূপং সৌন্দর্যাং সত্ত্বমধাবসায়ং বলং শক্তিশ্চ তৈরূপেতঃ ॥৮॥

স ইতি। হৈহয়ান্ তালজ্জ্বাংশ্চ তত্ত্বংশীযান্ নূপতীন্ ॥ ।॥

তম্মেতি। বৈদৰ্ভী বিদৰ্ভবাজতনষা, শৈব্যা শিবিতনয়া চ ॥১।॥

স ইতি। আশ্রিতঃ অধিষ্ঠিতঃ॥১১॥

স ইতি। তপো বৈধক্রেশ উপবাসাদিঃ যোগশ্চ ধ্যানাদিস্তাভ্যাং সমন্বিতঃ। ত্রাক্ষং ত্রিলোচনম্। কর্মান্ত্রসারিভির্নামভিস্তং বিশিন্তি শহরমিত্যাদি ॥১২—১৩॥

লোমশ বলিলেন—"ইক্ষ্বাকুবংশে 'সগর'-নামে এক রাজা জন্মিয়াছিলেন ; তিনি ব্যপ, উৎসাহ, শক্তি ও প্রতাপশালী হইয়াও অপুত্রক ছিলেন ॥৮॥

ভরতনন্দন! তিনি হৈহয়বংশীয় ও তালজ্জ্ববংশীয় রাজগণকে উৎসন্ন করিয়া এবং অক্সান্ত ক্ষত্রিয়দিগকে বশীভূত করিয়া আপন রাজ্য শাসন করিতেন ॥১॥

ভবতশ্রেষ্ঠ ! সেই সগররাজার তৃইটী ভার্য্যা ছিল; তাঁহারা তৃই জনই রূপযৌবনগর্বিবতা ছিলেন; তাঁহাদেব একজ্ঞন বিদর্ভরাজার তনয়া, অপরজন শিবিবাজার তৃহিতা ছিলেন ॥১০॥

রাজশ্রেষ্ঠ ! সেই সগররাজা ভার্য্যাদের সহিত মিলিত হইয়া কৈলাসপর্ব্বতে যাইয়া পুত্রকামনা করিয়া গুরুতর তপস্থা করেন ॥১১॥

তিনি উপবাসাদি ও ধ্যানপ্রভৃতি করিতে থাকিয়া গুরুতর তপস্থায় প্রবৃত্ত

⁽२) --- স্বরাজ্যমন্থশাস্ত—বা ব কা পি। (১৩) --- পিনাকিং শ্লপাণিনম্—বা ব কা নি।

ন তং দৃক্ত্বৈব বরদং পত্নীভ্যাং সহিতো নৃপঃ।
প্রণিশত্য মহাবাহুঃ পুত্রার্থং সমবাচত ॥১৪॥
তং প্রীতিমান্ হরঃ প্রাহ সভার্য্যং নৃপসত্তমম্।
বিদ্যন্ রতো মুহুর্ত্তেহং ছরেই নৃপতে! বরম্ ॥১৫॥
বিষ্টিঃ পুত্রসহস্রাণি শ্রাঃ পরমদর্শিতাঃ।
একস্থাং সম্ভবিদ্যন্তি পত্নাং নরবরোত্তম! ॥১৬॥
তে চৈব সর্বের সহিতাঃ করং যাস্থান্তি পার্থিব!।
একো বংশধবঃ শ্র একস্থাং সম্ভবিদ্যতি ॥১৭॥ (বিশেষকম্)
এবমুক্ত্যা তু তং রক্তেন্তরোন্তরধীয়ত।
স চাপি সগরো রাজা জগাম হং নিবেশনম্ ॥১৮॥
পত্নীভ্যাং সহিতন্তর সোহতিহান্তমনান্তদা।
কালং শভুবরপ্রাপ্তং প্রতীক্ষন্ সগবোহনরৎ ॥১৯॥

ভারতকৌমুদী

স ইতি। সম্যাচত বর্মিতি শেবঃ 🛚 ১৪ 🗈

তমিতি। বৃতো যাটিত:। অতএব বিকর্মক্তম্ অপ্রধানকর্মণ উক্ততা চ। একস্তাং পত্নাং বাষ্টঃ পুত্রনহ্মাণি নম্ববিয়ন্তি, তে তৈব নর্ম্মে শৃরাঃ প্রমদর্শিতাশ্চ নম্ববিয়ন্তি, বহিতাঃ নম্মিনিতাশ্চ ক্ষাং যাহ্যন্তি, তন্ত মুহূর্ত্তন্ত গুণাদেবেতি শেবঃ। একঃ পুত্রে। একফাং প্রাম্ ১১৫—১৭৪

এবমিতি। রুলো মহাদেব:। নিবেশনং ভবনন্ ॥১৮ঃ

পদ্মীত্যামিতি। প্রাপ্তঃ শহুবর ইতি শহুবরপ্রাপ্ততম্, অগ্নিস্তোকাদিবং পর্যনিপাতঃ ১১৯:

রহিয়া একদা শঙ্কর, ভব, ঈশান, শূলপাণি, পিনাকা, ত্রাম্বক, শিব ও উর্গ্রেশপ্রভৃতি বহু রূপধারী উমাপতি ত্রিপুরহন্তা মহাল্লা মহাদেবের সাক্ষাংকার লাভ করিলেন ॥১২—১৩॥

মহাবাহু নগৰবাজা মহাদেৰকে দেখিয়াই পত্নীদের নহিত মিলিত হইয়া প্রণিপাত করিয়া পুত্রের জন্ম বর প্রার্থনা করিলেন ॥১৪॥

তখন সম্ভটিত মহাদেব, ভার্ঘাদের সহিত সগববাজাকে বলিলেন—"রাজা! তুমি যে মুহূর্ত্তের আমার নিকট বর প্রার্থনা করিয়াছ, সেই মুহূর্ত্তের গুণে তোমার এক পত্নীর গর্ভে ঘাট হাজাব পুত্র জন্মিবে; তাহারা সকলেই বীব ও মহাদর্পিত হইবে, পরে আবার সকলে মিলিয়াই বিনষ্ট হইবে। আব, অপর পত্নীর গর্ভে একটামাত্র বীর ও বংশরক্ষক পুত্র জন্মিবে" ॥১৫—১৭॥

সগররাজাকে এই কথা বলিয়া মহাদেব সেইখানেই অন্তর্হিত হইলেন : সগরবাজাও আপন ভবনে চলিয়া গেলেন ॥১৮॥

⁽३३) विञीग्रद्धः दा द दा वि नान्ति।

তস্ত তে মনুজশ্রেষ্ঠ ! ভার্য্যে কমললোচনে।
বৈদর্ভী চৈব শৈব্যা চ গর্ভিণ্যো সংবভূবতুঃ ॥২০॥
ততঃ কালেন বৈদর্ভী গর্ভালাবুং ব্যজায়ত।
শৈব্যা চ স্থাবে পুত্রং কুমাবং দেবরূপিণম্ ॥২১॥
তদাহলাবুং সমুৎস্রেষ্ট ং মনশ্চক্রে স পার্থিবঃ।
অথান্তরীক্ষাচ্চুশ্রাব বাচং গন্তীরনিস্বনাম্ ॥২২॥
রাজন্ ! মা সাহসং কার্যীঃ পুত্রান্ ন ত্যক্ত্রুমর্হসি।
অলাব্মধ্যান্নিক্ষয় বীজং যত্নেন গোপ্যতাম্ ॥২০॥
সোপস্বেদেয়ু পাত্রেয়ু স্বতপূর্ণেয়ু ভাগশঃ।
ততঃ পুত্রসহস্রাণি ষষ্টিং প্রান্দ্যাসি পার্থিব ! ॥২৪॥ (য়ুয়্মকম্)
মহাদেবেন দিষ্টং তে পুত্রজন্ম নরাধিপ !।
অনেন ক্রমযোগেন মা তে বুদ্ধিরতোহত্যথা ॥২৫॥

ভারতকোমুদী

তত্যেতি। গর্ভিণ্যো সংবভ্বতুং, কালক্রমেণ শস্ত্ববাদেবেতি ভাবঃ ॥২০॥
তত ইতি। গর্ভভূতা অলাবূর্গর্ভালাবৃস্তাম্, ব্যজাযত ব্যজনষৎ। কুমারং কার্ত্তিকেযমিব,
ভর্তদারকং বা ॥২১॥

তদেতি। সম্ৎশ্ৰষ্ট্ৰং পরিত্যক্তম্, মনশ্চক্ৰে ইবেবেত্যৰ্থং ॥২২॥ রাজন্নিতি। বীজমকুবং, গোপ্যতাং রক্ষ্যতাম্। সোপবেদেয়ু উফেরু ॥২৩—২৪॥

সগররাজা সেখানে যাইয়া পত্নীদের সহিত মিলিত হইয়া অতি ছষ্টমনে মহাদেবেব বরের প্রতীক্ষা করিয়া কাল অতিবাহিত করিতে লাগিলেন॥১৯॥

নরশ্রেষ্ঠ ! কালক্রমে বৈদর্ভী ও শৈব্যা—এই ছইটী পদ্মনয়না সগরভার্য্যাই গর্ভবতী হইলেন ॥২০॥

তাহাব পব যথাকালে বৈদর্ভী একটী অলাবু প্রসব করিলেন এবং শৈব্যা কার্ত্তিকের তুল্য দিব্যবাণী একটী পুত্র প্রসব করিলেন ॥২১॥

তথন সগররাজা সেই অলাবূটাকে ফেলিয়া দিবার ইচ্ছা করিলেন; কিন্তু তিনি সেই সময়েই আকাশ হইতে গন্তীর স্ববে এক বাক্য শুনিতে পাইলেন—॥২২॥

"রাজা! অবিবেচনার কার্য্য করিবেন না, পুত্রগুলিকে ফেলিয়া দিবেন না। অলাবূর ভিতর হইতে বীজ সকল নিকাশনপূর্বক ভাগ ভাগ করিয়া উষ্ণ ও ঘৃতপূর্ব পাত্রে যত্নপূর্বক বক্ষা করুন; তাহা হইলে যাট হাজার পুত্র লাভ করিবেন॥২৩—২৪॥

⁽২৫) শ্লোকাৎ পরম্ '···ষড়ধিকশততমোহধ্যায়ঃ'—বা ব কা পি, '···পঞ্চাধিকশত-তমোহধ্যায়ঃ'—নি।

লোমশ উবাচ।

এতচ্ছু ব্লাহন্তরীক্ষাচ্চ স রাজা রাজসত্তমঃ।

যথোক্তং তচ্চকাবাথ শ্রেদ্ধন্তবতর্ষভ!॥২৬॥
একৈকশস্ততঃ কৃত্বা বীজং বীজং নরাধিপঃ।

য়তপূর্ণেষু কুন্তেষু তান্ ভাগান্ নিদধে ততঃ ॥২৭॥
ধাত্রীশৈচকৈকশঃ প্রাদাৎ পুত্রবক্ষণতৎপরঃ।
ততঃ কালেন মহতা সমৃত্তসুর্মহাবলাঃ॥২৮॥
ঘষ্টিঃ পুত্রসহস্রাণি তস্থাপ্রতিমতেজসঃ।
ক্রন্তপ্রসাদাজাজর্ষেঃ সমজায়ন্ত পার্থিব!॥২৯॥
তে ঘোরাঃ ক্রুরকর্মাণ আকাশপরিস্পিণঃ।
বহুত্বাচ্চাবজানন্তঃ সর্ববান্ লোকান্ সহামবান্॥৩০॥
তিদশাংশ্চাপ্যবাধন্ত তথা গন্ধর্বরাক্ষ্যান্।
সর্ববাণি চৈব ভূতানি শুরাঃ সমরশালিনঃ॥৩১ (যুগ্মকম্)

ভাবতকোমূদী

মহেতি। দিইং নির্দিষ্টম্। ক্রমযোগেন ক্রমনিয়মেন ॥২৫॥
এতদিতি। অন্তরীক্ষাদাগতম্ এতছচনম্। শ্রদ্ধং নিশ্বসন্ ॥২৬॥
একৈকশ ইতি। বীজং পুত্রকাবণীভূতম্, বীজমঙ্কুবম্, একৈকশ: পৃথক্ পৃথক্ ॥২ ॥
ধাত্রীরিতি। পুত্রবক্ষণতৎপবং নগবং। মহাবলাং পুত্রা ইতি শেবং ॥২৮॥
বিষ্টিরিতি। তক্ত সগবক্ত। কন্তপ্রসাদামহাদেবাস্থ্রহাং ॥২৯॥

রাজা। মহাদেব এই ক্রমেই আপনাব পুত্রজন্ম নির্দ্দেশ কবিয়াছেন; স্থতরাং আপনার যেন অক্সকপ বৃদ্ধি হয় না" ॥২৫॥

লোমশ বলিলেন—"ভবতশ্রেষ্ঠ। রাজপ্রধান সগররাজা আকাশ হইতে এই বাক্য শুনিয়া এবং তাহা বিশ্বাস করিয়া যথোক্তব্বপ কার্য্যই করিলেন ॥২৬॥

তিনি পুত্রেব কাবণ সেই অঙ্কুরগুলিকে পৃথক্ পৃথক্ করিয়া, তাহাব পব সেই ভাগগুলিকে ঘৃতপূর্ণ বহুতর কুস্তের ভিতরে রাখিলেন ॥২৭॥

এবং পুত্ররক্ষার্থ এক একটা কুম্ভে এক একটা করিয়া ধাত্রী নিযুক্ত কবিলেন। তাহার পর অনেক কাল পবে মহাবল পুত্র সকল উথিত হইল ॥২৮॥

রাজা! মহাদেবেব অমুগ্রহে অতুলনীয়প্রভাব রাজর্ষি সগরেব বাট হাজার পুত্র জন্মিল ॥২৯॥

ভয়ঙ্করপ্রকৃতি, হিংশ্রন্ধভাব, আকাশচারী, বীব ও যুদ্ধনিপুণ সেই সগব-

⁽৩১) ব্রিদশাং*চাপ্যধাবম্ভ—পি।

বাধ্যমানাস্ততো লোকাঃ সাগরৈর্মন্দবুদ্ধিভিঃ।
ব্রহ্মাণং শরণং জগ্মুঃ সহিতাঃ সর্বদৈবতৈঃ ॥৩২॥
তানুবাচ মহাভাগঃ সর্বলোকপিতামহঃ।
গচ্ছধ্বং ত্রিদশাঃ! সর্বে লোকৈঃ সার্দ্ধং যথাগতম্ ॥৩৩॥
নাতিদীর্ঘেণ কালেন সাগরাণাং ক্ষয়ো মহান্।
ভবিশ্বতি মহাঘোরঃ স্বক্ততিঃ কর্মভিঃ স্থরাঃ!॥৩৪॥
এবমুক্তাস্ত তে দেবা লোকাশ্চ মনুজেশ্বব!।
পিতামহমনুজ্ঞাপ্য বিপ্রজগ্মুর্যথাগতম্ ॥৩৫॥
ততঃ কালে বহুতিথে ব্যতীতে ভরতর্বভ!।
দীক্ষিতঃ সগবো রাজা হয়মেধেন বীর্যবান ॥৩৬॥

ভাবতকোমুদী

ত ইতি। আকাশপরিসর্পিণঃ বিমানাবোহণেন গগনচারিণঃ। জিদশান্ দেবান্। সমরশালিনো যুদ্ধনৈপুণ্যবস্তঃ ॥৩০---৩১॥

বাধ্যমানা ইতি। সাগবৈং সগরপুজৈং, বাধ্যমানাং পীভ্যমানাং ॥৩২॥
তানিতি। সর্বলোকপিতামহো ব্রহ্মা। যথাগতং যথাস্থানম্ ॥৩৩॥
নেতি। সাগরাণাং সগরপুজাণাম্। মহান্, সাকল্যেনোচ্ছেদাদিত্যাশযং ॥৩৪॥
এবমিতি। পিতামহং ব্রহ্মাণম্, অমুজ্ঞাপ্য অমুজ্ঞাং কার্যমিত্বা ॥৩৫॥
তত ইতি। দীক্ষিতো সন্ধূদীক্ষং, হ্যমেধেন অশ্বমেধ্যজ্ঞেন ॥৩৬॥

পুত্রেরা নিজেদের সংখ্যা বহুতর বলিয়া দেবগণের সহিত সমস্ত লোককে অবজ্ঞা করিতে থাকিয়া, সমস্ত প্রাণী, গন্ধর্বে, রাক্ষ্স, এমন কি দেবগণকে পর্যান্ত উৎপীড়িত করিতে লাগিল ॥৩০—৩১॥

তাহার পর সমস্ত লোক, মন্দবৃদ্ধি সগবপুত্রগণকর্তৃক উৎপীড়িত হইতে থাকিয়া দেবগণের সহিত যাইয়া ব্রহ্মার শ্রণাপন হইল ॥৩২॥

তখন মহাত্মা ব্রহ্মা তাহাদিগকে বলিলেন—"দেবগণ! তোমরা সকলে এই লোকদের সহিত যথাস্থানে যাইতে পার ॥৩৩॥

কারণ, দেবগণ! অনতিদীর্ঘকালেব মধ্যেই নিজেদেব কর্মফলে সগবপুত্রগণেব ভীষণভাবে সমূলে ধ্বংস হইবে" ॥৩৪॥

নরনাথ! ব্রহ্মা এইব্বপ বলিলে, সেই দেবতারা ও অন্তান্ত লোকেরা ব্রহ্মার অমুমতি লইয়া য়থাস্থানে চালিয়া গেলেন ॥৩৫॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর বহুকাল অতীত হইলে, প্রতাপশালী দগররাজা অশ্বমেধযজ্ঞে দীক্ষিত হইলেন ॥৩৬॥

বন-১১৭ (৮)

তস্থাথো ব্যচরভূমিং পুত্রৈঃ সম্পরিরক্ষিতঃ ।

সমূদ্রং স সমাসান্ত নিস্তোরং ভীমদর্শনম্ ॥৩৭॥
রক্ষ্যমাণঃ প্রবছেন তত্রৈবান্তরধীয়ত ।

ততন্তে সাগরান্তাত ! হুতং মন্বা হরোন্তমম্ ॥৩৮॥
আগম্য পিতুরাচখুরদৃশ্যং তুরগং হুতম্ ।

তেনোক্তা দিক্ষু সর্বান্ত সর্বের মার্গত বাজিনম্ ॥৩৯॥ (বিশেষকম্)

ততন্তে পিতুরাজ্ঞার দিক্ষু সর্বান্ত তং হয়ম্ ।

অমার্গন্ত মহারাজ ! সর্ব্বঞ্চ পৃথিবীতলম্ ॥৪০॥

ততন্তে সাগরাঃ সর্বের সমূপেত্য পরস্পবম্ ।

নাধ্যগচ্ছন্ত তুরগমশ্বহর্তারমেব চ ॥৪০॥
আগম্য পিতরক্ষোচ্ন্ততঃ প্রাঞ্জলয়োহগ্রতঃ ।

সমনুদ্রবনদ্বীপা সনদীনদকন্দরা ॥৪২॥

সপর্বতিবনোদ্দেশা নিথিলেন মহী নৃপ !।

অস্মাভির্বিচিতা রাজন্ ! শাসনাত্ত্ব পার্থিব ! ॥৪৩॥ (রুগাকম্)

ভাবতকৌমুদী

তম্মেতি । নিস্তোরং থাতমাত্রম্, অগস্তোন পীততোযন্তাৎ । সাগবাঃ সগরপুত্রাঃ । অদৃষ্ঠং যথা স্থান্তথা হৃতম্ । তেন পিত্রা সগরেণ, মার্গত অম্বিক্সত ॥৩৭—৩৯॥

তত ইতি। আজাৰ আজাং গৃহীত্বা। পৃথিবীতলঞ্চ গত্বেতি শেবং ॥৪০॥ তত ইতি। সাগরাং সগরপুত্রাঃ। নাধ্যগচ্ছন্ত নাপুত্রন্, তুবগমখন্ ॥৪১॥

আগম্যেতি। উচু: সাগরা:। নিথিলেন সাকলোনেতার্থ:। বিচিতা অন্থিটা ॥৪২—৪৩।

তখন তাঁহাব বজ্ঞীয় অশ্ব তাঁহাবই পুত্রগণকর্ত্বক পরিরক্ষিত হইরা পৃথিবী বিচৰণ করিতে লাগিল। একদা দেই অশ্ব, জলশৃষ্ম ভীমদর্শন সমুজভীবে বাইয়া বত্নপূর্ব্বক বক্ষিত হইতে থাকিবাও সেই স্থানেই অন্তর্হিত হইল। বংস! তাহাব পব সেই সগবপুত্রেরা পিতাব নিকট আসিয়া বলিল যে, "অদৃষ্মভাবে দে অর্থ অপহত হইয়াছে।" তখন সগব বলিলেন—"তোমবা সকলে সকল দিকে সেই অশ্বের অন্তর্যক কব"॥৩৭—৩৯॥

নহাবাজ! তাহাব পর সগবপুত্রেবা পিতাব আদেশ পাইয়া সকল দিকে এবং সমস্ত পৃথিবীতে সেই অধ্যেব অয়েবণ করিল ॥৪০॥

ভদনত্তব দেই সগবপুত্রেবা সকলে প্রস্পার বিচরণ করিয়াও সে অধ বা অধ্বতাকে পাইল না ॥৪১॥

ভাহাব পব ভাহার৷ আদিয়া পিভাব সম্মূথে কুভাললি হইয়া বলিল ^{যে},

ন চাখমধিগচ্ছামো নাশ্বহন্তারমেব চ।

শ্রুত্বা তু বচনং তেষাং দ রাজা ক্রোধমূচ্ছিতঃ ॥৪৪॥
উবাচ বচনং দর্বাংস্তদা দৈববশান্প!।
অনাগমায় গচ্ছধ্বং ভূয়ো মার্গত বাজিনম্ ॥৪৫॥ (যুগ্মকম্)
যজ্ঞিয়ং তং বিনা হৃষ্ণং নাগন্তব্যং হি পুত্রকাঃ!।
প্রতিগৃহ্ছ তু দন্দেশং পিতুন্তে দগরাত্মজাঃ ॥৪৬॥
ভূয় এব মহীং কৃৎস্নাং বিচেতুমুপচক্রমুঃ।
অথাপশ্যন্ত তে বীরাঃ পৃথিবীমবদারিতাম্ ॥৪৭॥ (যুগ্মকম্)
দমাদাত্য বিলং তচ্চাপ্যথনন্ দগবাত্মজাঃ।
কুদ্দালৈর্হের্কেশ্চাপি দমুদ্রং যত্নমান্থিতাঃ ॥৪৮॥
দ খন্তমানঃ দহিতৈঃ দাগরৈর্বরুণালয়ঃ।
ভগচ্ছৎ প্রমামার্তিং দীর্যুমাণঃ দমন্ততঃ ॥৪৯॥

ভাৰতকোমূদী

নেতি। অধিগচ্ছাম: প্রাপ্নুম:। মার্গত অবিশ্বত ॥৪৪—৪৫॥
যজ্ঞিবমিতি। যজ্ঞিষং যজ্ঞার্হম্। সন্দেশমাদেশম্। বিচেতু মহেটুম্ ॥৪৬—৪৭॥
সমিতি। হেষজে অব্যক্তং শব্ধং কুর্বজীতি হেষ্কাণি প্রস্তকবাকাবম্থানি লোহাস্তাণি
তৈঃ। "রেষু হেষু অব্যক্তে শব্দে" ইতি হেষ্ধাতোবোণাদিক উকঃ ॥৪৮॥
স ইতি। সাগবৈঃ সগবপুত্রেঃ, বক্ণাল্যঃ সমুদ্রঃ ॥৪৯॥

কিন্তু অশ্ব বা অশ্বহর্তাকে পাইলাম না।" রাজা! তাহাদেব দেই কথা শুনিয়া সগররাজা ক্রোধে উত্তেজিত হইয়া দৈববশতঃ তথনত সকলকে বলিলেন— "ফিবিয়া না আসাব জন্মই তোমবা আবাব যাও, অশ্ব অন্বেষণ কর ॥৪৪ — ৪৫॥

পুত্রগণ! সেই যজ্ঞেব অশ্ব ব্যতীত তোমবা আসিও না।'' সেই সগরপুত্রগণ পিতাব আদেশ পাইয়া আবাবও সমগ্র পৃথিবী অন্বেষণ করিবাব উপক্রম করিল। তাহাব পর তাহাবা (সমুদ্রতীবেব এক স্থানে) ভূতলটাকে বিদারিত দেখিল ॥৪৬-৪৭॥

সগবপুত্রেরা সেই গর্গু পাইয়া বিশেষ যত্ন অবলম্বনপূর্ব্বক কুদ্দাল ও হেবুক (অন্ত্রবিশেষ) দ্বাবা সমুদ্র খনন কবিতে লাগিল ॥৪৮॥

[&]quot;মহাবাজ! আপনার আদেশে আমবা সমুক্ত, বন, দ্বীপ, নদী, নদ, গুহা, পর্বত ও বনপ্রাস্তেব সহিত সমগ্র পৃথিবীই অস্বেষণ কবিয়াছি ॥৪২—৪৩॥

⁽⁸b)···কুদালৈব্রে মুকৈশ্চৈব—বা ব কা।

অন্তব্যবগবকাংসি সন্তানি বিবিধানি চ।
আর্ত্রনাদমকুর্বসন্ত বধ্যমানানি সাগবৈঃ ॥৫০॥
ছিন্নশীর্বা বিদেহাশ্চ ভিন্নত্বগন্থিসন্ধবঃ।
প্রাণিনঃ সমদৃশ্যন্ত শতশোহণ সহক্রশঃ ॥৫১॥
এবং হি খনতাং তেবাং সমৃদ্রে বরন্ণালয়স্।
ব্যতীতঃ স্তমহান্ কালো ন চাশ্বঃ সমদৃশ্যুত ॥৫২॥
ততঃ পূর্বেবাভবে দেশে সমৃদ্রেশ্য মহীপতে!।
বিদার্ব্য পাতালমণ সংক্রদ্ধাঃ সগবাত্মজাঃ ॥৫০॥
অপশ্যন্ত হযং তত্র বিচবতং মহীতলে।
কপিলক মহাত্মানং তেজোরাশিমনুত্রমন্ ॥৫৪॥ (যুমাকন্)

ভাৰতকৌমুদী

জন্তবেতি। সভানি প্রাণিন:। সাগরৈ: সগরপুরৈর: ১৫০।
ছিন্নেতি। বিদেহা দেহবহিতা:, ভিন্না বিদীর্ণাম্পান্থিদদ্মযো যেষাং তে ॥৫১॥
এবমিতি। তেখা: সগবপুরাণান্। সমদৃশ্রত তৈরিতি শেষ: ॥৫২॥
তত ইতি। পুর্বোত্তবে দেশে ঈশানকোণে। হুমং তং যজ্ঞান্মম্ ॥৫৩—৫৪॥

ভাবতভাবদীপঃ

তানিতি ॥১—৪ ৭॥ ত্রেষ্কৈঃ ত্রেষণতি সর্পয়ত্যেভিরিতি যৃত্তিকোৎক্ষেপণযথৈঃ সদৃতিও র্লোহপতৈঃ। ত্রেষ্ প্রস্পণে অভ্য রূপম্ ॥৪৮॥ সাগরৈঃ সগরপুত্রসমৃত্য়ে ॥৪৯—৫২॥ পূর্ব্বোত্তরে উশাত্যাম্ ॥৫৩—৯ ৭॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে নবতিতমোহধ্যায়: ॥>•॥

সগবপুত্রেরা মিলিত হইয়া খনন কবিতে লাগিলে সেই সমুদ্র সকল দিকে বিদীর্ণ হইতে থাকিযা অত্যন্ত তঃখ পাইতে লাগিল ॥৪৯॥

সগবপুত্ৰেবা বধ কৰিতে থাকিলে অস্কুব, নাগ, রাক্ষ**স ও অক্যান্ত নানাবিধ** প্রা^{ণী} সকল অর্ত্তিনাদ কবিতে লাগিল ॥৫০॥

মস্তক ছিন্ন, দেহ অপসারিত এবং চর্ম্ম, অস্থি ও সন্ধিস্থান বিদীর্ণ হইল ; এই-ভাবেব শত শত সহস্র সহস্র প্রাণী দেখা যাইতে লাগিল ॥৫১॥

এইভাবে বঞ্গালয় সমুদ্রকে খনন করিতে সগরপুত্রগণের অতি দীর্ঘকাল অতীত হইল ; কিন্তু সে যজ্ঞীয় অশ্ব দেখা গেল না ॥৫২॥

বাজা! তাহাব পব ক্রুদ্ধ সগরপুত্রেরা সমুদ্রেব ঈশানকোণে বিদাবণ কবিযা পাতালে যাইয়া দেখিল যে, সেই যজ্ঞীয় অশ্বটা ভূতলে বিচবণ কবিতেছে ^{এবং} অসাধাবণ তেজঃপুঞ্জের স্থায় মহাত্মা কপিলমুনি অবস্থান করিতেছেন ॥৫৩—৫৪॥ তেজসা দীপ্যমানস্ত জ্বালাভিরিব পাবকম্।
দৃষ্ট্বা হি বিস্মিতাঃ সর্বের বভুবুঃ কালচোদিতাঃ ॥৫৫॥
তে তং দৃষ্ট্বা হয়ং রাজন্। সম্প্রভ্রুষ্টতনূরুহাঃ।
অনাদৃত্য মহাত্মানং কপিলং কালচোদিতাঃ।
সংক্রুদ্ধাঃ সমধাবন্ত অশ্বগ্রহণকাজ্মিণঃ ॥৫৬॥
ততঃ ক্রুদ্ধা মহাবাজ! কপিলো মুনিসভুমঃ।
বাস্তদেবেতি যং প্রাহ্ণ কপিলা মুনিসভুমঃ।
বাস্তদেবেতি যং প্রাহ্ণ কপিলা মুনিসভুমঃ।
দদাহ স্থমহাতেজা মন্দবুদ্ধীন্ স সাগবান্॥৫৮॥
তান্ দৃষ্ট্বা ভস্মসাভূতান্ নারদঃ স্থমহাতপাঃ।
সগরান্তিকমাগচ্ছত্তচ্চ তিস্ম ভ্যবেদয়ৎ ॥৫৯॥

ভারতকৌমুদী

তেজসেতি। জ্বালাভিঃ শিখাভিঃ। কালেন মৃত্যুনা চোদিতাঃ প্রেবিতাঃ ॥৫৫॥
ত ইতি। সম্প্রস্কৃতন্ত্বতা আনন্দেন রোমাঞ্চিতদেহাঃ। সংক্রুদ্ধাঃ কপিলস্তৈব চৌরত্বাবধারণাদিতি ভাবঃ, সমধাবস্ত কপিলমেব হস্কমিতি শেষঃ। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥৫৬॥

তত ইতি। ক্রুদ্ধোহভবং। বাস্থদেবেতি বাস্থদেবাবতার ইতি, "পঞ্চমঃ কপিলো নাম সিন্ধেশঃ কালবিপ্ল তম্। প্রোবাচাম্ব্রে সাংখ্যং তত্ত্ত্রামবিনির্ণযম্॥" ইতি শ্রীমন্তাগবত-ব্চনাৎ ॥৫৭॥

স ইতি। মন্দব্দীন্, কপিলচোর্য্যবিষয়ে বিচারাকবণাদিতি ভাবঃ। স প্রসিদ্ধঃ ॥৫৮॥ তানিতি। ভন্মসাভূতান্ অংশতঃ, পবত্র ''ষত্র তানি শবীবাণি'' ইত্যভিধানাৎ। তৎ পুত্রনিধনম্, তদ্মৈ সগরায় ॥৫২॥

কপিলমুনিকে – শিথাদারা অগ্নির স্থায় তেজদ্বাবা দীপ্যমান দেথিয়াই কাল-প্রেরিত সগরপুত্রেরা সকলেই বিস্ময়াপন হইল ॥৫৫॥

রাজা। তখন তাহাবা সেই অশ্বটা দেখিয়া আনন্দে রোমাঞ্চিত হইয়া, সেই অশ্ব গ্রহণ করিবার ইচ্ছায় কালপ্রেবিত ও ক্রুদ্ধ হইয়া মহাত্মা কপিলকে অবজ্ঞা করিয়া তাঁহার দিকে ধাবিত হইল ॥৫৬॥

মহারাজ! তাহার পর মুনিশ্রেষ্ঠ কপিল ক্রেদ্ধ হইলেন; জ্ঞানীরা যে মুনিশ্রেষ্ঠ কপিলকে নারায়ণের অবতার বলিয়া থাকেন ॥৫৭॥

প্রসিদ্ধ মহাতেজা সেই কপিল চক্ষু বিকৃত কবিয়া সেই মন্দবৃদ্ধি সগরপুত্রগণের উপবে তেজ নিক্ষিপ্ত করিতে থাকিয়া তাহাদিগকে দগ্ধ করিলেন ॥৫৮॥

তখন মহাতপা নারদ সেই সগবপুত্রদিগকে প্রায় ভত্মীভূত দেখিয়া সগববাজাব নিকট গেলেন এবং তাঁহাকে সেই বৃত্তান্ত জানাইলেন ॥৫৯॥

দ তচ্প্রাজা বচো ঘোবং বাজা মুনিমুখোদগত্য। মুহূর্ত্তং বিমনা ভূত্বা স্থাণোর্বাক্যমচিত্তয়ৎ ॥৬०॥ দ পুত্রনিধনোপেন দ্বংখেন সমভিপ্নতঃ। আজানমাজুনাখান্ত হরমেবাহচিত্তরং॥৬১॥ অংশুমন্তং সমাহূয অসমঞ্চঃম্বতং তদা। পোত্ৰং ভৰতশাৰ্দ্দূল ! ইদং বচনসত্ৰবীৎ ॥৬২॥ যষ্টিন্তানি সহস্রাণি পুত্রাণামমিতেজিসাস্। কাপিলং তেজ আসান্ত মৎকৃতে নিধনং গতাঃ॥৬৩॥ তব চাপি পিতা তাত। পবিন্যক্তো ম্বাহন্য!। ধর্ম্মং স্বং বক্ষমাণেন পৌবাণাং হিতমিচ্ছতা॥৬৪॥ যুধিটিব উবাচ।

কিমর্থং বাজশার্দ,লঃ দগবঃ পুত্রমাত্মজম্। ত্যক্তবান্ তুন্ত্যজং বীবং তলো ক্রহি তপোধন!॥৬৫॥

ভাবতকোসুদী

স ইতি। স্থাণোঃ শিবস্তা। "তে চৈব সর্ব্বে সহিতাঃ ক্ষমং যাস্তম্ভি পার্থিব।" ইতি বাক্যম্ 🕪 🛚 স ইতি। হয়ং তং যজাশ্বমেবাচিত্তমৎ, যজনির্ব্বাহার্থমিতি ভাব: ॥৬১॥ অংশিতি। অব্রবীৎ, সগব ইতি শেষঃ ॥৬২॥

ষষ্টিবিতি। গতা ইতি শব্দাভিধেযে পুংস্থম, "শব্দাভিধেষে লিক্ষং স্থাৎ শব্দলিক্ষমণাপি বা। শোভনাগৈ কলত্রায় দাবান্ পশুন্তি শোভনান্॥" ইত্যুক্তে: ॥৬৩॥

তবেতি। পিতা অসমঞা নাম, হে তাত। বংস।। বং বাজকীযম্॥৬৪॥

তখন সগববাজা নারদমুখনিঃস্ত সেই ভযঙ্কর বাক্য শুনিয়া মুহুর্ত্তকাল বিষয়চিত্ত হইযা সেই মহাদেবের বাক্য স্থাবণ করিলেন ॥৬০॥

পুত্রনিধনতঃথে তুঃখিত সগববাজা আপনাবদ্বাবাই আপনাকে আশ্বস্ত করিয়া সেই অশ্বেব বিষয়ই চিন্তা কবিলেন ॥৬১॥

ভবতত্ত্বেষ্ঠ! তথন ভিনি অসমঞ্জাব পুত্র পৌত্র অংশুমান্কে আহ্বান করিয়া এই বথা বলিলেন—॥৬২॥

"বংস। অমিততেজা সেই ষাট হাজাব পুত্র আমার জন্মই কপি*লেব তেজে* মৃত্যুমুখে পতিত হইয়াছে ॥৬৩॥

বংস! আমি নিজের ধর্মাবক্ষাব জন্ম এবং পুৰবাসিগণেৰ হিতের জন্ম তোমাৰ পিতাকেও পবিত্যাগ করিয়াছি" ॥৬৪॥

⁽৬১) এষ শ্লোক: বা ব কা পি নাস্তি।

লোমশ উবাচ।

অসমঞ্জা ইতি খ্যাতঃ সগরস্তা হৃত্ত ।

যং শৈব্যা জনযামাস পৌরাণাং স হি দাবকান্ ।

গলেরু ক্রোশতো গৃহ্থ নতাং চিক্ষেপ তুর্বলান্ ॥৬৬॥

ততঃ পৌরাঃ সমাজগ্যুর্ভয়শোকপরিপ্লুতাঃ ।

সগরস্বাপ্যভাষন্ত সর্বের প্রাঞ্জলয়ঃ হিতাঃ ॥৬৭॥

ত্বং নস্ত্রাতা মহারাজ ! পরচক্রাদিভির্ভয়াৎ ।

অসমঞ্জোভয়াদ্ঘোবাততো নদ্রাতুমইসি ॥৬৮॥

পৌরাণাং বচনং প্রুত্বা ঘোরং নৃপতিসত্তমঃ ।

মুহুর্ত্তং বিমনা ভূত্বা সচিবানিদমত্রবীৎ ॥৬৯॥

অসমঞ্জাঃ পুরাদত্ত হৃতো মে বিপ্রকাশতাম্ ।

যদি বো মৎপ্রিয়ং কার্য্যমেতচছীত্রং বিধীয়তাম ॥৭০॥

ভারতকোমুদী

কিমিতি। আত্মজমিত্যনেন প্ৰজাতক্ষেজ্ঞাদিব্যাবৃত্তিঃ। অতএবোজং হৃন্ত্যঙ্গমিতি ॥৬৫। অসমজা ইতি। ক্রোশত আর্তনাদং কুর্ববিতঃ, গৃহ্য ধৃত্বা। বট্পাদোহবং শ্লোকঃ ॥৬৬॥ তত ইতি। সমাজ্মাঃ সগববাজান্তিকমিতি শেবঃ ॥৬৭॥ ত্বমিতি। না অত্মাকম্। প্রচক্রাদিভিঃ পরবাজ্যাদিভিঃ ॥৬৮॥ পোবাণামিতি। বিমনাঃ, পুত্রক্বতাত্যাচাবশ্রবণাদিতি ভাবঃ ॥৬৯॥ অসমজা ইতি। বিপ্রবাশ্যতাং নির্বাশ্যতাম্। বো যুগ্মাকম্ ॥৭০॥

যুধিষ্ঠির কহিলেন—''তপোধন! রাজশ্রেষ্ঠ সগর হস্তাজ বীব ওরস পুত্রকে কি জন্ম পবিত্যাগ করিয়াছিলেন, তাহা আমার নিকট বলুন'' ॥৬৫॥

লোমশ বলিলেন—"অসমঞ্জা নামে সগরের একটা পুত্র হইয়াছিল, যাহাকে শৈব্যা প্রসব করিয়াছিলেন। সেই অসমঞ্জা পুববাসিগণেব ছর্বল বালকগুলিকে গলদেশে ধারণ কবিয়া নদীতে নিক্ষেপ করিত; তথন সেই বালকেরা আর্তনাদ করিতে থাকিত ॥৬৬॥

তাব পর পুববাসীরা ভয়ে ও শোকে আকুল হইয়া সগববাজাব নিকট আসিত এবং সকলেই কৃতাঞ্জলিপুটে থাকিয়া তাঁহাকে বলিত—॥৬৭॥

"মহারাজ! বিপক্ষরাজ্যেব ভয় হইতে আপনি আমাদেব বক্ষক; স্থৃতরাং অসমঞ্জাব গুরুতর ভয় হইতে আমাদিগকে রক্ষা ককন" ॥৬৮॥

বাজশ্রেষ্ঠ সগব পুৰবাসিগণেৰ সেই দারুণ কথা শুনিয়া, কিছুকাল বিমনা থাকিয়া মন্ত্রিগণকে এই কথা বলিলেন—॥৬৯॥

এবমুক্তা নবেন্দ্রেণ সচিবাস্তে নরাধিপ।।
যথোক্তং ত্বরিতাশ্চক্রুর্যথাজ্ঞাপিতবান্ নৃপঃ॥৭১॥
এতত্তে সর্বমাখ্যাতং যথা পুত্রো মহাত্মনা।
পৌবাগাং হিতকামেন সগবেণ বিবাসিতঃ॥৭২॥
অংশুমাংস্ত মহেম্বাসো যত্নক্তঃ সগবেণ হি।
তত্তে সর্বং প্রবক্ষ্যামি কীর্ত্ত্যমানং নিবোধ মে॥৭৩॥

সগর উবাচ।

পিতুশ্চ তেহহং ত্যাগেন পুত্রাগাং নিধনেন চ।
অলাভেন তথাশ্বস্থ পরিতপ্যামি পুত্রক! ॥৭৪॥
তত্মাদ্তঃখাভিসন্তপ্তং যজ্ঞবিল্লাচ্চ মোহিতম্।
হযস্থানযুনাৎ পৌত্র! নবকান্মাং সমুদ্ধব ॥৭৫॥

ভাবতকৌমুদী

এবমিতি। যথোক্তম্ অসমঞ্জনো নির্বাসনম্ ॥৭১॥ এতদিতি। বিবাসিতো নগবারিব্বাসিতঃ ॥৭২॥

অংশুমানিতি। ইষ্ন্ বাণান্ অশুতি ক্ষিপতীতি ইষাসো ধয়ং "কর্মণাণ্" ইত্যশুতেবণ্, মহানিষাসো যশু স মহেষাসো মহাধন্তব্ধ ইত্যর্থঃ ১৭০॥

পিতুরিতি। নিধনেন কপিলন্যনাগ্রিনা দাহান্মবণেন ॥ १৪॥

তত্মাদিতি। নরকাৎ আরন্ধযুক্তাসমাপনেন সম্ভাব্যমানাদিতি ভাবঃ ॥৭৫॥

"মন্ত্রিগণ! আমাব প্রিয় কার্য্য যদি আপনাদেব কর্ত্তব্য হয়, তবে এই কার্য্যটা সম্বৰ কক্তন, অন্তাই আমাৰ পুত্র অসমঞ্জাকে নগৰ হইতে নির্ব্বাসিত কক্তন" ॥৭০॥

নবনাথ! সগববাজা এইনপ বলিলে, সেই মন্ত্রীবা রাজার আদেশ অনুসাবে সম্ববই অসমঞ্জাকে নগব হইতে নির্ববাসিত করিলেন ॥৭১॥

নগবরাজা পুববাসীদিগেব হিতকামী হইয়া পুত্র অসমঞ্জাকে যে কাবণে নির্বাদিত কবিয়াছিলেন, তাহা সমস্তই এই তোমার নিকট বলিলাম ॥৭২॥

সগররাজা মহাধন্মর্দ্ধর অংশুমান্কে যাহা বলিযাছিলেন, সে সমস্তও আমি তোমার নিকট বলিব ; তুমি শ্রবণ কব ॥৭৩॥

সগব বলিয়াছিলেন—"বংস। তোমাব পিতাকে পবিত্যাগ করায় অস্তান্ত পুত্রদের মৃত্যু হওযায এবং যজ্ঞীয় অগ্ন না পাওয়ায় আমি সর্ববিপ্রকারেই সম্ভণ্ড হইতেছি ॥৭৪॥

ভাতএব আনি শোকে সন্তপ্ত এক যজের বিদ্ন হওয়ায় মোহিত হইয়াছি;

অংশুমানেবযুক্তস্ত সগবেণ মহাত্মনা।
জগাম দুংখাত্তং দেশং যত্র বৈ দারিতা মহী ॥৭৬॥
স তু তেনৈব মার্গেণ সমুদ্রং প্রবিবেশ হ।
অপশ্যচ্চ মহাত্মানং কপিলং তুবগঞ্চ তম্॥৭৭॥
স দৃষ্ট্বা তেজসো বাশিং পুবাণম্বিদত্তমন্।
প্রণম্য শিবসা ভূমো কার্য্যমস্মৈ অবেদয়ৎ ॥৭৮॥
ততঃ প্রীতো মহাবাজ। কপিলোহংশুমতোহভবৎ।
উবাচ চৈনং ধর্মাত্মা বরদোহস্মীতি ভারত!॥৭৯॥
স বত্রে তুরগং তত্র প্রথমং যজ্ঞকারণাৎ।
দ্বিতীয়মুদকং বত্রে পিতৃণাং পাবনেচ্ছয়া॥৮০॥

ভাবতকোমুদী

আংশুমানিতি। দু:খাৎ ষষ্টিসহ্স্রজ্ঞাতিনাশনিবন্ধনাদিত্যাশয়: ॥१৬॥
স ইতি। তেনৈব সগবপুত্রগণকুতেনৈব। তুবগং যজ্ঞাশম্ ॥१९॥
স ইতি। কার্যম্ আত্মন: কর্ত্তব্যবিষম্, অন্মৈ কপিলায় ॥१৮॥
তত ইতি। অংশুমত উপবি। ধর্মাত্মা কপিলঃ, বরদঃ ছাং প্রতীতি শেষঃ ॥৽৯॥
স ইতি। সং অংশুমান্, বত্রে প্রার্থমামাদ। পিতৃণাং সগরপুত্রাণাম্॥৮০॥

স্থুতবাং পৌত্র! তুমি সেই অশ্ব আনয়ন করিয়া আমাকে নরক হইতে উদ্ধার কর"॥৭৫॥

মহাত্মা সগর এইরূপ বলিলে, অংশুমান্ ফু:খিতচিত্তেই সেই স্থানে গমন করিলেন, যেখানে ভূতল বিদারিত ছিল॥৭৬॥

আংশুমান্ সেই পথেই সমূত্রে প্রবেশ করিলেন এবং মহাত্মা কপিলকে ও সেই অশ্বটীকে দেখিতে পাইলেন ॥৭৭॥

অংশুমান্, প্রাচীন ও ঋষিশ্রেষ্ঠ কপিলকে তেজ্ব:পুঞ্জেব ন্যায় দেখিয়া মস্তক দ্বারা ভূতলে প্রণাম করিয়া, উঁহার নিকট নিজেব কর্ত্তব্য বিষয় জ্ঞানাইলেন ॥৭৮॥

মহারাজ ভরতনন্দন! তাহার পর ধর্মাত্মা কপিল অংশুমানের উপরে সন্তুষ্ট হইলেন এবং তাঁহাকে বলিলেন—"আমি তোমার প্রতি বরদাতা হইলাম"॥৭১॥

তখন তিনি প্রথমে যজ্ঞসমাপ্তির জন্ম অর্থ প্রার্থনা করিলেন, পরে পিতৃলোকদের উদ্ধার করিবার ইচ্ছায় জল যাদ্রা করিলেন ॥৮০॥

⁽৮•)~•দ্বিতীয়ং ব্ৰকং ব্ত্ৰে—বা ব কা । বন-১১৮ (৮)

অংশুমানপি ধর্মাত্মা মহীং সাগবমেধলাম্।
প্রশশাস মহারাজ! যথৈবাস্থা পিতামহঃ ॥৯২॥
তক্ষ্য পুত্রঃ সমভবদ্দিলীপো নাম ধর্ম্মবিং।
তিম্মিন্ রাজ্যং সমাধার অংশুমানপি সংস্থিতঃ ॥৯৩॥
দিলীপস্ত ততঃ প্রুত্থা পিতৃণাং নিধনং মহং।
পর্য্যতপ্যত তঃখেন তেষাং গতিমচিন্তরং ॥১৪॥
গঙ্গাবতবণে যত্নং স্থমহচ্চাকবোম্পঃ।
ন চাবতারয়ামাস চেন্টমানো যথাবলম্ ॥৯৫॥
তক্ষ্য পুত্রঃ সমভবচ্ছ্যুমান্ ধর্মপরায়ণঃ।
ভগীরথ ইতি খ্যাতঃ সত্যবাগনসূরকঃ ॥৯৬॥

ভাবতকৌমূদী

প্রশান্তেতি। রাজীবলোচনঃ পদ্মনয়নঃ সগবং। পৌত্রে অংশুমতি ॥>১॥
অংশুমানিতি। সাগর এব মেখলা কাঞ্চী যন্ত্রাস্তাং সাগববেষ্টিতামিত্যর্থঃ ॥>২॥
তন্ত্রেতি। সংস্থিতো মৃতঃ, "পবাস্থপ্রাপ্তপঞ্জপরেতপ্রেতসংস্থিতাঃ" ইত্যমরঃ ॥>৩॥
দিলীপ ইতি। পিতৃণাং পিতৃপ্র্বপুরুষাণাং সগরপুরোণাম, মহৎ সাকল্যাদিতি ভাবঃ ॥>৪॥
গঙ্গেতি। স্থমহদিতি ক্রিয়াবিশেষণত্বান্নপুংসকম্। নূপো দিলীপঃ ॥>৫॥
তন্ত্রেতি। শ্রীমান্ রাজলন্দ্রীবান্। অনস্থয়কঃ পরদোষাবিকাররছিতঃ ॥>৬॥

এইভাবে পদ্মনয়ন সগববাজা দীৰ্ঘকাল ৰাজ্য শাসন করিয়া পৌত্র অংশুমানেব উপবে তাহাব ভাব অর্পন কবিয়া স্বর্গে চলিযা গেলেন ॥১১॥

মহারাজ ! ধর্মাত্মা অংশুমান্ও তাঁহার পিতামহেরই মত সমুদ্রবেষ্টিত সমগ্র পুথিবী শাসন কবিতে লাগিলেন ॥৯২॥

কালক্রমে অংশুমানের 'দিলীপ'-নামে ধর্মজ্ঞ একটী পুত্র জন্মিয়াছিল, তাহার উপবে রাজ্যভার অর্পণ করিয়া অংশুমান্ও পবলোকগমন করিলেন ॥৯৩॥

তাহাব পরে দিলীপ পিতার পূর্ব্বপুক্ষগণের (সগরপুত্রগণের) গুরুতর নিধন-বৃত্তান্ত শুনিয়া হ্বংখে পবিতপ্ত হইতে লাগিলেন এবং তাঁহাদেব উদ্ধাবের উপায় চিন্তা করিতে থাকিলেন ॥১৪॥

তৎপরে দিলীপ গঙ্গাকে মর্ত্তালোকে আনিবার জম্ম গুরুতব চেষ্টা করিলেন; কিন্তু শক্তি অনুসারে চেষ্টা করিয়াও আনিতে পারিলেন না ॥৯৫॥

সেই দিলীপের 'ভগীবথ'-নামে একটা পুত্র জন্মিয়াছিল ; ডিনি রাজলক্ষ্মীসম্পন্ন, ধর্ম্মপরাযণ, সত্যবাদী ও অস্থয়াশূস্ত ছিলেন ॥১৬॥

⁽२७)--- छोत्म बाङ्गार ममाधाय---वा व का नि । (२७)--- मछावाननपृश्वकः---वा व का ।

অভিষিচ্য তু তং রাজ্যে দিলীপো বনমাশ্রিতঃ।
তপঃসিদ্ধিসমাযোগাৎ স বাজা ভবতর্বভ!।
বনাজ্জগাম ত্রিদিবং কালযোগেন ভাবত! ॥৯৭॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈষাসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ভগীবথবাজ্যাভিষেকে নবতিতমোহধ্যায়ঃ॥০॥ #

--:*:---

একনবভিতমোহধ্যায়ঃ।

---°3+°---

লোমশ উবাচ।

স তু বাজা মহেধাসশ্চক্রবর্তী মহাবথঃ। বভূব সর্ববলোকস্ম মনোনয়ননন্দনঃ ॥১॥ স শুশ্রাব মহাবাহুঃ কপিলেন মহাত্মনা। পিতৃগাং নিধনং ঘোরমপ্রাপ্তিং ত্রিদিবস্ম চ ॥২॥

ভাবতকোমূদী

অভীতি। ত্রিদিবং স্বর্গম্, কালযোগেন কালক্রমেণ। বট্পাদোহবং শ্লোকঃ ॥२ ৭॥ ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভারতটীকাযাং ভারতকৌমূদীসমাধ্যায়াং বনপর্কণি তীর্থযাত্রায়াং নবতিতমোহধ্যায়ঃ ॥ • ॥

--:*:---

স ইতি। মহেখাসো মহাধহর্দ্ধবং, চক্রেণ স্বপরবাজ্যাধিকাবেণ বর্ত্তত ইতি চক্রবর্ত্তী ॥১॥ স ইতি। ঘোরং নযনানলেন যুগপং ক্বতছাদিতি ভাবং। ত্রিদিবস্থ স্বর্গস্থ ॥২॥ ভারতভাবদীপঃ

স খিতি ∥১—৪৮∥

ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলক্ষীষে ভাবতভাবদীপে একনবভিতমোহধ্যাযঃ ॥>>॥

ভরতশ্রেষ্ঠ ! মহাবাজ দিলীপ সেই ভগীবধকে রাজ্যে অভিষিক্ত কবিয়া বনে গমন কবেন এবং তিনি তপঃসিদ্ধিব বলে কালক্রমে সেই বন হইতেই স্বর্গে প্রস্থান কবেন" ॥৯৭৪

~--°#°---

লোমশ বলিলেন—"সকল লোকের মন ও নয়নের আনন্দজনক সেই ভগীরথ-বাজা ক্রমে মহাধমূর্দ্ধব, মহাবথ ও রাজচক্রবর্তী হইলেন ॥১॥

^{- * &#}x27;···সপ্তাধিকশততমোহধ্যায়:'—বা ব কা পি নি ৷

দ বাজ্যং সচিবে শুস্ত ছদযেন বিদ্যতা।
জগাম হিমবং পার্থং তপস্তপ্তাং নবেশ্বং ॥৩॥
আরিরাধ্য়িযুর্গঙ্গাং তপদ। দগ্ধকিল্পিয়ং ।
দোহপশ্যত নবশ্রেষ্ঠ । হিমবন্তং নগোভম্ম্ ॥৪॥
শৃক্তির্বহিধাকাবৈধাতুমদ্ভিবলপ্পত্য ।
পবনালম্বিভির্নেষণ পরিষক্তং দমন্ততঃ ॥৫॥
নদীকুঞ্জনিতবৈশ্চ প্রাদাদৈরূপশোভিত্য ।
গুহাকন্দরসংলীনেং দিংহব্যাদ্রৈনিষেবিত্য ॥৬॥
শকুনৈন্চ বিচিত্রাক্ষৈঃ কুজন্তির্বিধা গিবং ।
ভূঙ্গরাজৈন্তথা হংদৈদাভূতহৈর্জলকুর্কুটেঃ ॥৭॥
মর্বরং শতপত্রশ্চ জীবঞ্জীবককোকিলেং ।
চকোবৈবিদ্যাপাদৈন্তথা পুত্রপ্রিবৈধা ॥৮॥
জলস্থানেরু রম্যেরু পদ্মিনীভিশ্চ দক্কুলম্ ।
দাবদানাঞ্চ মধুরৈর্ব্যাহ্নতৈঃ সমলস্কৃত্য্ ॥৯॥

ভারতকোমূদী

স ইতি। বিদ্যতা সন্তপ্যমানেন, উক্তোভযশ্রবণাদিত্যাশ্বঃ ॥৩॥ আরীতি। আনিবাধিনির্ আবাদ্ধমিদ্রু, স্বার্থে ইন্ আর্থঃ ॥৪॥

শৃদৈরিতি। ধাতুমন্তিঃ গৈরিকাদিধাতুমুক্তিঃ। প্রনালম্বিভির্বাযুভ্বসঞ্চলিতৈঃ। প্রাসাদৈর্দেবাল্যেঃ। শুহা এব কন্দবাণি বিবরাণি তেবু সংলীনৈঃ শ্যিতিঃ। শুকুনৈঃ প্রফিভিঃ। কুন্ধন্তিঃ কুর্বন্তিঃ, গিরো ব্যান্। শতপ্রৈঃ পুত্রপ্রিযেন্চ প্রফিবিশেষৈঃ।

ক্রমে মহাবাহু ভগীবথ শুনিতে পাইলেন যে, তাঁহাব পিতৃপুক্ষণণ মহাত্বা কপিলের নয়নানলে ভযঙ্কবভাবে মৃত্যুমুখে পতিত হইয়াছেন এবং (সেই কারণেই) স্বর্গলাভ করিতে পারেন নাই॥২॥

তথন তিনি মন্ত্রীর উপরে রাজ্যভার বিশুস্ত কবিষা তপস্থা করিবাব জন্ম সন্তও হুদুরে হিমালযুসমীপে গমন কবিলেন ॥৩॥

নবশ্রেষ্ঠ ! তিনি তপস্থার প্রভাবে পাপবিহীন হইয়া পবে গঙ্গাব আরাধনা কিবিবাব ইচ্ছায় (বাইতে থাকিয়া ক্রমে) পর্ববিতশ্রেষ্ঠ হিমালয়কে দর্শন করিলেন ॥৪॥ ক্রমে সেই হিমালয়ে যাইয়া উপস্থিত হইলেন। সেই হিমালয়—গৈবিকাদি ধাতুয়ুক্ত নানাবিধ শৃঙ্গদ্বারা অলঙ্কত ছিল; বায়ুভবে চলিত মেঘসমূহ সকল দিকে বর্ষণ করিতে থাকায় সংসিক্ত হইতেছিল; নদী, কুঞ্জ, নিতম্ব ও দেবালয়-

কিন্নবৈবন্দবোভিশ্চ নিষেবিতশিলাতলম্।
দিখারণবিষাণাত্রিঃ সমন্তাদ্মৃক্টপাদপম্॥>०॥
বিভাধবানুচবিতং নানাবত্বসমাকুলম্।
বিষোল্পভুজকৈশ্চ দীগুজিকৈর্নিষেবিতম্॥>>॥
কচিৎ কনকসঙ্গাশং কচিদ্রজতসন্নিভম্।
কচিদঞ্জনপুঞ্জাভং হিমবন্তমুপাগমৎ॥>২॥ (কুলকম্)
স তু তত্ত্র নরশ্রেষ্ঠ ! তপো ঘোবং সমাস্থিতঃ।
ফলমূলান্বুসংভক্ষঃ সহস্রং পরিবৎসরান্॥>০॥
সংবৎসরসহত্রে তু গতে দিব্যে মহানদী।
দর্শবামাস তং গঙ্গা তদা মূর্ত্তিমতী স্বয়ম্॥>৪॥

ভাৰতকোমুদী

ব্যাহ্বতৈঃ ববৈঃ। দিখাবণানাং দিগ্হস্তিনাং বিষাণাগ্রৈর্দস্তাগ্রৈঃ সমস্তাৎ সর্বাহ্ন দিফু, দ্বষ্টাঃ পাদণা বৃক্ষা যত্ত্ব তম্। দীপ্তা উচ্ছলা জিহ্বা যেষাং তৈঃ। কনকদন্ধাশং স্বর্ণবর্ণম্, অঞ্জনপুঞ্চাভং কচ্ছলবাশিবর্ণম্ ॥৫—১২॥

স ইতি। স ভগীবথ:। সমাস্থিতঃ অবলম্বিতবান্ কুতবানিত্যর্থ: ॥১৩॥

সংবৎসবেতি। দিবোঁ দেবপবিমাণে। ইদম্যিককালোপলক্ষণম্। স্বয্মাত্মানম্॥১৪॥

সমূহে শোভিত ছিল, গুহামুপ্ত সিংহ ও ব্যাত্মসমূহে মধ্যুষিত ছিল; নানাবিধ ববকাবা ও বিচিত্র দেহ বহুতর পক্ষী এবং বৃহৎ ভ্রমর ডাছক, পানকড়ি, মযুব, শতপত্র, জীবজ্ঞীবক, কোকিল, চকোব, অসিতাপান্ধ ও পুত্রপ্রিয় পক্ষীবা এবং পাললতাসমূহ তাহাব মনোহব জলাশয়গুলিকে ব্যাপ্ত কবিয়া রহিয়াছিল; আব সাবসপক্ষিগণেব মধুর রব হইতেছিল; কিন্নরগণ ও অক্সবোগণ শিলাতলে অবস্থান কবিতেছিল, সকল দিকের বৃক্ষগুলিই দিগ্হস্তিগণেব দন্তাগ্রে ঘষিত ছিল; বিছাধবেবা বিচবণ করিতেছিল; নানাবিধ বত্ন বিবাজ কবিতেছিল; বিধোমান্ত ও দীপ্তজিহ্ব সর্প সকল অবস্থান করিতেছিল এবং সে হিমালয় কোখাও স্বর্ণবর্ণ, কোথাও বজতবর্ণ এবং কোথাও কজ্জলবাশির স্থায় কৃষ্ণবর্ণ ছিল ॥৫—১২॥

নবশ্রেষ্ঠ ! ভগীবথ সেই হিমালয়পর্বতে সহস্র বৎসবপর্যান্ত কৈবল ফল, মূল ও জল ভক্ষণ কবিয়া ভয়ঙ্কব তপস্থা কবিলেন ॥১০॥

েদবপবিমাণেৰ সহস্ৰ ৰংসৰ অতীত হইলে, তখন মহানদী গঙ্গা মূর্তিনতী হইয়া আসিয়া ভগীবর্থকে আত্মদর্শন কবাইলেন ॥১৪॥

⁽১०, .. नदत्वर्षः ... मर्गाविषः - वां व कां।

গঙ্গোবাচ।

কিমিচ্ছিসি মহারাজ! মতঃ কিঞ্চ দদানি তে।
তদ্ব্রবীহি নরশ্রেষ্ঠ! করিয়ামি বচন্তব ॥১৫॥
এবমুক্তঃ প্রত্যুবাচ রাজা হৈমবতীং তদা।
পিতামহা মে ববদে! কপিলেন মহানদি!॥১৬॥
অন্তেষমাণাস্ত্রবগং নীতা বৈবস্বতক্ষরম্।
ষষ্টিন্তানি সহস্রাণি সাগরাণাং মহাত্মনাম্॥১৭॥ (যুগ্মকম্)
কাপিলং তেজ আসাত্য ক্ষণেন নিধনং গতাঃ।
তেষামেবং বিনফানাং স্বর্গে বাসো ন বিত্ততে ॥১৮॥
যাবত্তানি শরীরাণি ত্বং জলৈনাভিষিঞ্চান।
তাবত্তেষাং গতিনান্তি সাগরাণাং মহানদি!॥১৯॥
স্বর্গং নয় মহাভাগে! মহপিতুন্ সগরাত্মজান্।
তেষামর্থেহিভ্যাচামি ত্বামহং বৈ মহানদি!॥২০॥

ভারতকৌমুদী

কিমিতি। মক্তো মন সকাশাৎ কিমিচ্ছিনি। বচো বচোৎস্ক্রপং কার্য্যম্ ॥১৫॥ এবমিতি। হৈমবতীং হিমবত আগতাং গঙ্গাম্। বৈবস্বতক্ষমং যমাল্যম্। সাগরাণাং সগরপুত্রাণাম্। ষষ্টিরিত্যতঃ সংখ্যাধিক্যাদপ্যস্থপেকণীয়া ইতি ভাবঃ ॥১৬—১৭॥

কাপিলমিতি। "বে চ বৈ বান্ধণৈহঁতাঃ" ইতি স্মতো পাতিতাশ্রবণাদিত্যাশয়ঃ ॥১৮॥ যাবদিতি। ত্বদীয়জলেনাভিষেকে তু তেবাং স্বর্গে গতিঃ স্থাদেব, "যাবদন্থি মন্ত্যস্থ গঙ্গাতোষেরু মন্থতি। তাবম্বৰ্ধসহস্রাণি স্বর্গলোকে মহীযতে" ইতি স্থতেরিতি তাবঃ ॥১৯॥

গঙ্গা বলিলেন—"মহারাজ। আপনি আমার নিকট হইতে কি ইচ্ছা করেন, আমি আপনাকে কি দিব, তাহা বলুন; নরশ্রেষ্ঠ। আমি আপনার প্রার্থনাব অমুরূপ কার্য্য করিব"॥১৫॥

গঙ্গা এইরূপ বলিলে, তথন ভগীবথ তাঁহাকে বলিলেন—"বর্দে। মহানিদি। আমার পূর্বপুক্ষেবা অশ্ব অন্বেষণে গিয়াছিলেন, তখন কপিল তাঁহাদিগকে যমালয়ে পাঠাইয়াছেন। সেই মহাত্মা সগবপুত্রগণ সংখ্যায় ছিলেন ষাট হাজার ॥১৬—১৭॥

তাঁহাবা কপিলেব তেজে ক্ষণকালমধ্যেই মৃত্যুমুখে পতিত হইয়াছেন। এই-ভাবে বিনষ্ট হওয়ায় তাঁহাদের স্বর্গে বাস হইতে পারে না ॥১৮॥

মহানদি! যে পর্যান্ত আপনি জলদ্বাবা সেই শরীরগুলি অভিষিক্ত না করেন, সে পর্যান্ত সেই সগরপুত্রণের সদ্গতি হইতে পারে না ॥১৯॥

^{(&}gt;৮) ক্পিলং দেবনাগাত—বা বা ব কা।

লোমশ উবাচ।

এতচ্প্রত্থা বচো রাজ্ঞা গঙ্গা লোকনমস্কৃতা।
ভগীরথমিদং বাক্যং স্থপ্রতা সমভাষত ॥২১॥
কবিয়ামি মহারাজ! বচন্তে নাত্র সংশয়ঃ।
বেগস্ত মম ছর্নার্য্যং পতন্ত্যা গগনান্ত্বম্ ॥২২॥
ন শক্তস্ত্রিয়ু লোকেয়ু কশ্চিদ্ধার্য্নিত্বং নৃপ!।
অন্তত্র বিবুধশ্রেষ্ঠানীলকণ্ঠান্মহেশ্ববাৎ ॥২৩॥
তং তোষয় মহাভাগ! তপসা বরদং হবম্।
স তু মাং প্রচ্যুতাং দেবঃ শিরসা ধার্য্নিয়তি ॥২৪॥
স কবিয়তি তে কামং পিতৃণাং হিতকাম্য়া।
এতচ্প্রত্থা ততো রাজন্! মহারাজো ভগীবথঃ ॥২৫॥

ভাবতকৌমূদী

স্বর্গমিতি। মৎপিত,ূন্ মম পিতৃপূর্বপূক্ষান্ ॥২ •॥

এতদিতি। স্থপ্রীতা, পূর্বপুরুষোদ্ধাবাষ ঈদৃশাষাসম্বীকবণাদিত্যাশযঃ ॥২১॥

করিস্থামীতি। ত্বর্দ্ধার্যমিতি ভাবে প্রত্যেষাৎ "ন কর্ত্বর্দ্মপ্রাপ্তো" ইতি কর্মণি ষঞ্চীনিষেধাৎ বেগমিতি বিতীযেব, "কাং দিশং গস্তব্যম্" ইতি শ্রীপত্যুদাহৃতবৎ ॥২২॥

নেতি। ধার্মিকুং মম বেগমিতি শেষঃ। বিবৃধ্প্রেষ্ঠাৎ দেবপ্রধানাৎ ॥২৬॥ তমিতি। প্রচ্যুতাং ভূবি পতন্তীম্ ॥২৪॥

অতএব মহাভাগে! মহানদি! আপনি আমার পূর্বপুক্ষ সগবপুত্রদিগকে স্বর্গে প্রেবণ ক্কন, ভাহাদের জন্মই আমি আপনাব নিকট এই প্রার্থনা করিতেছি"॥২০॥

লোমশ কহিলেন—"ভগীরথেব এই কথা শুনিয়া জগৎপূজনীয়া গঙ্গা সম্ভষ্ট হইয়া ভগীবথকে এই কথা বলিলেন—॥২১॥

"মহাবাজ! আমি আপনাব প্রার্থনাব অনুরূপ কার্য্য করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই বটে , কিন্তু আকাশ হইতে ভূতলে পড়িবার সময়ে আমাব বেগ ধাবণ কবা ছুদ্ধর ॥২২॥

বাজা! দেবশ্রেষ্ঠ নীলকণ্ঠ মহাদেব ব্যতীত ত্রিভূবনের মধ্যে অন্য কোন লোকই আমার বেগ ধাবণ কবিতে সমর্থ হইবে না ॥২৩॥

অতএব মহাভাগ ! আপনি তপস্যাদ্বাবা সেই ববদাতা মহাদেবকে সন্তুষ্ট ককন ; তিনিই পড়িবার সময়ে আমাকে মস্তকদ্বাবা ধাবণ কবিবেন ॥২৪॥

⁽২১)•••বাক্যম্বাচ প্রীতমানসা—বা ব কা। (২২)•••গগনাদ্জতম্—পি। বন-১১৯ (৮)

কৈলাসং পর্বতং গত্বা তোষ্যামাস শস্কবম্।
তপন্তীব্রমূপাগম্য কালযোগেন কেনচিৎ ॥২৬॥ (মুগ্মকম্)
ত্বগত্তীব্রমূপাগম্য কালযোগেন কেনচিৎ ॥২৬॥ (মুগ্মকম্)
ত্বগত্তীব্রমূপাগম্য কালযোগেন কেনচিৎ ॥২৬॥ (মুগ্মকম্)
ত্বগত্তীব্রমূপাগম্য পিতৃণাং স নবাক্তমঃ ॥২৭॥
ভগীরথবচঃ শ্রুত্বা প্রিয়ার্থঞ্চ দিবোকসাম্।
ব্রমন্তিবি বাজানং ভগবান্ প্রত্যভাষত ॥২৮॥
ধারযিয়ে মহাভাগ । গগনাৎ প্রচ্যুতাং শিবাম্।
দিব্যাং দেবনদীং পুণ্যাং ত্বৎক্তে নূপসত্তম ! ॥২৯॥
ব্রেমুক্ত্ব্যা মহাবাহো ! হিমবন্তমূপাগম্ব ।
ব্রতঃ পারিষদৈর্ঘোরের্নানাপ্রহরণোত্তিতঃ ॥৩০॥
তব্র ত্বিত্বা নরশ্রেষ্ঠং ভগীবথমূবাচ হ ।
প্রযাচন্ত্ব মহাবাহো ! শৈলবাজ্যতাং নদীম্ ॥৩১॥

ভারতকোমূদী

ন ইতি। কামমন্তীষ্টম্। উপাগমা অঙ্গীক্বতা ক্বৰেতাৰ্থ: ॥২৫—২৬॥
অগ্য়াদিতি। অগ্য়াৎ অযাচতেতাৰ্থ:। ন ভগীরথ: ॥২৭॥
ভগীতি। প্রিযার্থ্য সম্দ্রপ্রণকপপ্রীতিকরকার্যার্থম্, দিবোকসাং দেবানাম্ ॥২৮॥
ধার্মিক্স ইতি। প্রচ্যুতাং পতিভাম্, শিবাং মঙ্গলকরীম্, দিব্যাং স্বর্গীযাম্ ॥২৯॥
এবমিতি। উপাগমৎ, ভগবানিতি পূর্বতোহসূত্বত্তি: ॥৩০॥

এবং তিনিই আপনাব পিতৃপুক্ষগণেব হিত করিবাব ইচ্ছায় আপনাব অভীষ্ট সম্পাদন কবিবেন।" রাজা। এই কথা শুনিয়া তাহার পর মহাবাজ ভগীরথ কৈলাসপর্বতে যাইয়া তীত্র তপস্থা কবিষা বছকাল পরে মহাদেবকে সম্ভষ্ট করিলেন ॥২৫—২৬॥

এবং নবশ্রেষ্ঠ ভগীবথ আপন পিতৃপুক্ষগণের স্বর্গে বাস উদ্দেশ্য কবিয়া গঙ্গাকে ধারণ কবিবাব বিষয়ে মহাদেবেব নিকট বর প্রার্থনা করিলেন ॥২৭॥

ভগীবথেব কথা শুনিষা ভগবান্ মহাদেব দেবগণেবও প্রীতিকর কার্য্য করিবাব জন্য ভগীবথকে বলিলেন—"এইকপই হউক ॥২৮॥

মহাভাগ বাজশ্রেষ্ঠ। আকাশ হইতে নিপতিতা মঙ্গলকাবিণী স্বৰ্গীয়া পবিত্রা গঙ্গাকে তোমার জন্মই আমি ধাবণ কবিব" ॥২৯॥

মহাবাহু! মহাদেব এইবাপ বলিয়া- নানাবিধ অস্ত্রধাবী ভয়ঙ্কর পারিষদবর্গে পবিবেষ্টিত হইয়া হিমালয়ে গমন কবিলেন ॥৩০॥

⁽২৭) শ্লোকাৎ পরম্ '--- ছাটাধিকশততমোহধ্যায়ঃ। লোমশ উবাচ'—বা ব কা'পি নি।

পিতৃণাং পাবনার্থং তে তামহং মনুজাধিপ !।
পতমানাং সরিচেছ্ ষ্ঠাং ধাবরিয়ে ত্রিপিউপাৎ ॥৩২॥
এতচ শ্রেক্সা বচো বাজা শর্কেণ সমুদাহৃত্য ।
প্রয়তঃ প্রণতো ভূত্বা গঙ্গাং সমনুচিন্তয়ৎ ॥৩৩॥
ততঃ পুণ্যজলা রম্যা রাজ্ঞা সমনুচিন্তিতা।
ঈশানঞ্চ স্থিতং দৃষ্ট্বা গগনাৎ সহসা চ্যুতা ॥৩৪॥
তাং প্রচ্যুতামথো দৃষ্ট্বা দেবাঃ সার্দ্ধং মহর্ষিভিঃ।
গন্ধর্কোরগযক্ষাশ্চ সমাজগ্ম দিদৃক্ষবঃ ॥৩৫॥
ততঃ পপাত গগনাদ্গঙ্গা হিমবতঃ স্থতা।
সমুদ্ধতমহাবর্ত্তা মীনগ্রাহসমাকুলা॥৩৬॥

ভাৰতকোমুদী

তত্ত্ত্তি। প্রযাচম্ব অবতরণমিতি শেষ:। নদীং গঙ্গাম্ ॥৩১॥
পিতৃণামিতি। পতমানাং পতন্তীম্। ত্ত্রিপিষ্টপাৎ ম্বর্গাৎ ॥৩২॥
এতদিতি। শর্বেণ মহাদেবেন। সমস্প্রচিন্তবদিতি অভাগমাভাব আর্ব: ॥৩৩॥
তত ইতি। পুণ্যজলা গঙ্গা। ঈশানং মহাদেবঞ্চ, স্থিতং ধাবণাবেতি শেষ: ॥৩৪॥
তামিতি। প্রচ্যুতাং পতন্তীম্। দিদৃক্ষবো স্রষ্টুমিচ্ছব: ॥৩৫॥
তত ইতি। সমৃষ্ঠেতা গর্বিত ইব মহানাবর্ত্তো জলভ্রমির্ধতা: না, গ্রাহো জলজ্জ্ঞ ॥৩৬॥

তিনি সেইখানে থাকিয়া (দাডাইয়া) নবশ্রেষ্ঠ ভগীবথকে বলিলেন—"মহাবাহু। তুমি পর্ব্বতবাজকন্তা গঙ্গাব নিকট তাহাব অবতবণ প্রার্থনা কর॥৩১॥

নবনাথ! তোমাব পিতৃপুক্ষগণকে পবিত্র করিবার জন্ম স্বর্গ হইতে পড়িবার সমযে আমি সেই নদীশ্রেষ্ঠা গঙ্গাকে ধাবণ কবিব" ॥৩২॥

মহাদেবেৰ এই কথা শুনিয়া বাজা ভগীবথ পবিত্ৰ ও প্ৰণত হইয়া গঙ্গাকে স্মৰণ কবিলেন ॥৩১॥

তাহাব পব ভগীবথকর্ত্ত্ব স্মৃত হইরা এবং মহাদেবকে দাঁডাইরা থাকিতে দেখিরা পুণাঞ্চলা ও রম্যা গঙ্গা তংক্ষণাং আকাশ হইতে পতিত হইলেন ॥৩৪॥

তথন তাঁহাকে পতিত দেখিয়া মহর্ষিদের সহিত দেবগণ এবং গন্ধর্ববগণ, নাগগণ ও যক্ষগণ দেখিবাব ইচ্ছায় আগমন কবিলেন ॥৩৫॥

তাহাব পব হিমালয়তনয়া গঙ্গা মংস্থ ও জলজন্ততে পবিপূর্ণ হইয়াই আকাশ হইতে পতিত হইতে লাগিলেন, দেই সময়েই তাহাব জলে বিশাল আবর্ত্ত (ঘোলা) সকল উদ্ধৃতভাবে চলিতে লাগিল ॥৩৬॥

⁽৩২) প্রথমান্ধ বা ব কা পি নাস্তি।

তাং দধাব হরো রাজন্! গঙ্গাং গগনমেখলাম্।
ললাটদেশে পতিতাং মালাং মুক্তাময়ীমিব ॥৩৭॥
সা বভূব বিদর্পন্তী ত্রিরা বাজন্। সমুদ্রেগা।
ফেনপুঞ্জাকুলজলা হংসানামিব পঙ্কুষঃ ॥৩৮॥
কচিদাভোগকুটিলা প্রস্থালন্তী কচিৎ কচিৎ।
সা ফেনপটদংবীতা মত্তেব প্রমদাহত্রজৎ।
কচিৎ সা তোয়নিনদৈর্নদন্তী নাদমুক্তমম্ ॥৩৯॥
এবংপ্রকারান্ স্থবহূন্ কুর্বতী গগনাচ্চ্যুতা।
পৃথিবীতলমাসাল্ল ভগীবথমথাত্রবীৎ ॥৪০॥
দর্শবন্ধ মহারাজ! মার্গং কেন ত্রজাম্যহম্।
অদর্থমবতীর্ণান্মি পৃথিবীং পৃথিবীপতে! ॥৪১॥

ভাৰতকৌমুদী

তামিতি। গগনশু মেথলাং কাফীমিব। মৃক্তেতাাদিনা জনাযাসধারণং স্ফুচিভম্ ॥৩৭॥ সেতি। বিদর্শস্তী নিপতন্তী, ত্রিধা ধারাত্রয়েণ বিভক্তা, হবশু ছিধাবিভক্তজটাগ্রহমাৎ নাদিকাগ্রাচ্চ অবণাদিতি ভাবঃ, সমুক্রণা সমুক্রাভিমূ্থগমনপ্রবৃত্তা ॥৬৮॥

কচিদিতি। আ সম্যগ্ভোগঃ সর্পশবীরং তবং কুটিলা বক্রা, অন্যত্ত আ ভোগায় সম্যগ্বিতি-স্থথায় কুটিলা বক্রাভিপ্রাযা, কচিৎ কচিৎ উন্নতগাযাণাদে।, প্রস্থলম্ভী প্রতিহতবেগা, ফেনঃ পট ইব তিন নবীতা আবৃতা। বটুপাদোহয়ং শ্লোকঃ ॥০১॥

এবমিতি। এবম্ ঈদৃশান্, প্রকারান্ অবস্থাঃ। চ্যুতা পতিতা ॥৪•॥ দর্শযম্বেতি। মার্গং মন্গমনপথম্, কেন মার্গেন ॥৪১॥

রাজা! তথন আকাশেব মেখলাব স্থায় গঙ্গা মহাদেবের ললাটদেশে পতিত হইতে লাগিলেন; মহাদেবও মুক্তাময়ী মালার স্থায় তাঁহাকে ধাবণ কবিতে থাকিলেন ॥৩৭॥

বাজা। গঙ্গা পতিত হইতে থাকিয়াই তিন ভাগে বিভক্ত হইয়া সমুজাভি-মূথে চলিতে লাগিলেন; তখন হংসঞোনীৰ স্থায় ফেনবাশিতে তাঁহাৰ জল ব্যাপ্ত ইইতে থাকিল ॥৬৮॥

কোথাও সর্পশরীবের স্থায় বক্রা, কোথাও কোখাও প্রাতিহতবেগা এবং কোথাও জলেব শব্দে মনোহব শব্দকাবিণী হইয়া এবং ফেনবসনে দেহ আর্ড কবিয়া, মতা কামিনীর স্থায় তিনি চলিতে লাগিলেন ॥৩৯॥

গঙ্গা আকাশ হইতে পড়িবাৰ সময়ে এইকপ বহুবিধ ভাব করিয়া, তাহাব পব ভূতলে আসিয়া ভগীরথকে বলিলেন—॥৪•॥ চত্ত শ্রুত্থা বচো রাজা প্রাতিষ্ঠত ভগীবথঃ।

যত্র তানি শবীবাণি সাগবাণাং মহাত্মনাম্।
প্রাবনার্থং নরশ্রেষ্ঠ ! পুণ্যেন সলিলেন চ॥৪২॥
গঙ্গাযা ধারণং কৃত্বা হরো লোকনমস্কৃতঃ।
কৈলাসং পর্বতশ্রেষ্ঠং জগাম ত্রিদশৈঃ সহ ॥৪৩॥
সমাসাত্য সমুদ্রক গঙ্গয়া সহিতো নৃপঃ।
পূর্য়ামাস বেগেন সমুদ্রং বরুণালয়ম্ ॥৪৪॥
ত্রহিত্ত্বে চ নৃপতির্গঙ্গাং সমন্ত্রকল্লয়ং।
পিতৃণাক্ষোদকং তত্র দদৌ পূর্ণমনোবথঃ ॥৪৫॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং গঙ্গা ত্রিপথগা যথা।
পূবণার্থং সমুদ্রস্থ পৃথিবীমবতারিতা ॥৪৬॥
কালেয়াশ্চ মহাবাজ। ত্রিদশৈর্বিনিপাতিতাঃ।
সমুদ্রশ্চ যথা পীতঃ কাবণার্থং মহাত্মনা ॥৪৭॥

ভারতকোমূদী

এতদিতি । প্রাতিষ্ঠত পন্থানং প্রদর্শবন্ অগ্রে অগে অগচ্ছৎ । বট্পাদোহনং শ্লোকঃ ॥৪২॥ গঙ্গামা ইতি । ত্রিদশৈঃ—গঙ্গামাঃ পতনদর্শনেচ্ছমা প্রাগাগতৈর্দেবৈঃ ॥৪৩॥ সমাসাছেতি । প্রয়ামাস গঙ্গামা জলদাবা ॥৪৪॥

ছৃহিতৃত্ব ইতি। গঙ্গাং ছৃহিতৃত্বে সমন্ত্ৰর্যৎ, তন্তাঃ পৃথিব্যাম্ৎপাদনাদিত্যাশবঃ। অতএব সা ভাগীরথীত্যাথ্যায়তে। সমন্ত্ৰর্যদিত্যভাগমাভাব আর্থঃ ॥৪৫॥

"মহারাজ! আমি কোন্ পথে যাইব, তাহা আপনি দেখাইয়া দিন; পৃথিবীপতি! আমি আপনাব জন্মই পৃথিবীতে অবতীৰ্ণ হইয়াছি'' ॥৪১॥

নবশ্রেষ্ঠ ! ভনীবথবাজা এই কথা শুনিয়া—যেখানে মহাত্মা সগবপুত্রগণেব সেই শবীরগুলি ছিল, সেগুলিকে গঙ্গার পবিত্র জলদ্বাবা প্লাবিত করাইবার জন্ত সেই পথে চলিতে লাগিলেন ॥৪২॥

জগৎপৃঞ্জিত মহাদেব গঙ্গাকে ধাবণ কৰিয়া দেবগণেৰ সহিত পৰ্ব্বতশ্ৰেষ্ঠ কৈলাসে চলিয়া গেলেন ॥৪৩॥

বাজা ভগীবথও গঙ্গার সহিত সমুদ্রে যাইয়া তাঁহার জলদাবা বঞাালয় সমুদ্রকে বেগে পবিপূর্ণ কবিলেন ॥৪৪॥

এবং তিনি গঙ্গাকে আপন কন্যানপে কল্পনা করিলেন, আব সেখানে পিতৃ-পুক্ষগণকে গঙ্গাজল দান কবিয়া পূর্ণমনোব্থ হইলেন ॥৪৫॥

(89) প্রথমার্ক্ষ বা ব কা পি নান্তি।

বাতাপিশ্চ যথা নীতঃ ক্ষরং স ব্রহ্মহা প্রভো!। অগস্ত্যেন মহারাজ! যশ্মাং ত্বং পরিপৃচ্ছসি ॥৪৮॥ (বিশেষকম্) ইতি শ্রীমহাভারতে শতসাহস্স্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ববি তীর্থবাত্রায়াং গঙ্গাবতরণকথনে একনবতিতমোহধ্যায়ঃ॥০॥ #

---2*2---

দ্বিনবতিতমোহধ্যায়ঃ।

----°#2---

বৈশম্পায়ন উবাচ।
ততঃ প্রয়াতঃ কোন্তেয়ঃ ক্রমেণ ভরতর্বভ!।
নন্দামপরনন্দাঞ্চ নজো পাপভ্য়াপহে॥১॥
পর্ববতং স সমাসাল্য হেমক্টমনাময়ম্।
অচিন্ত্যানভূতান্ ভাবান্ দদর্শ স্থবহূন্ নৃপঃ॥২॥

ভারতকৌমুদী

এতদিতি। স্ববতাবিতা আনীতা। কাবণার্থং কালেববিনাশবপপ্রয়োজনসাধনার্থন্। ব্রহ্মহা ব্রহ্মহত্যাকারী। মহাত্মনা অগস্ত্যেনেতি সম্বন্ধঃ ॥৪৬—৪৮॥
ইতি মহামহোপাধ্যাব-ভারতাচার্য্য-মহাক্বি-পক্ষভূবণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবির্চিতাযাৎ
মহাভারতটীকারাং ভারতকে মুদীসমাধ্যাবাং বনপর্বাণি তীর্থ্যাব্রাযামেকনবতিতমাহধ্যামঃ ॥০॥

--- 9 # 6---

তত ইতি। ততো ভৃগুতীর্থাৎ, প্রয়াতো গতঃ, কোন্তেয়ো বৃধিষ্টিরঃ ॥১॥

নহাবাজ বুর্থিন্টিব ! তুমি আমাকে বাহা জিজ্ঞাসা কবিয়াছিলে—অর্থাৎ
সমৃত্রপূরণেব জন্ম ত্রিপথগামিনী গঙ্গাকে বে পৃথিবীতে আনরন করা হইয়াছিল,
দেবতাবা কালের অস্থ্রগণকে যে নিপাত কবিয়াছিলেন, দেবগণেব উদ্দেশ্য
সাধন কবিবার জন্ম মহাত্মা অগস্ত্য যে সমৃত্যকে পান কবিয়াছিলেন এবং
তিনি—সেই ব্রহ্মহত্যাকাবী বাতাপি দানবকে যে ক্ষয় কবিয়াছিলেন, সেই
সমস্তই এই তোমার নিকট বলিলাম" ॥৪৬—৪৮॥

___<u>6</u>&___

বৈশম্পায়ন বলিলেন—ভবতশ্রেষ্ঠ জনমেজয় ! যুখিন্তিব সেই ভৃগুতীর্থ হইতে জনে পাপভয়নাশিনী নন্দা ও অপবনন্দানান্নী তুইটী নদীতে গমন করিলেন ॥১॥

 ^{* &#}x27;---নবাধিকশততমোহধ্যাবঃ'---বা ব কা পি নি।

বাচা ষত্রাভবন্ মেঘা উপলাশ্চ সহস্রশঃ।
নাশকুবংস্তমারোচ্যু বিষশ্বমনসো জনাঃ॥৩॥
বায়ুর্নিত্যং ববৌ তত্র নিত্যং দেবশ্চ বর্ষতি।
স্বাধ্যায়ঘোষশ্চ তথা শ্রুয়তে ন চ দৃশ্যতে ॥৪॥
সাফং প্রাতশ্চ ভগবান্ দৃশ্যতে হব্যবাহনঃ।
মন্দিকাশ্চাদশংস্তর তপসঃ প্রতিঘাতিকাঃ।
নির্বেদো জায়তে তত্র গৃহাণি শ্বরতে জনঃ॥৫॥
এবং বহুবিধান্ ভাবানদ্ভুতান্ বীক্ষ্য পাগুবঃ।
লোমশং পুনরেবাথ পর্য্যপ্চছন্তদন্তুতম্॥৬॥

ভারতকোমুদী

পর্বতমিতি। জনামশং নিকপ্রথম্। ভাষান্ পদার্থান্ ॥२॥
বাচেতি। বাচা বাপ্তকাবণমাত্রেগ। উপলাঃ পাষাণাঃ। তং হেমক্টপর্বতম্ ॥৩॥
বাধুরিতি। স্বাধ্যামঘোষো বেদপাঠধ্বনিঃ, ন চ দৃষ্যতে তৎপাঠক ইতি শেষঃ ॥৪॥
সামমিতি। হ্ব্যবাহনো বহিঃ। নির্বেদো বৈবাগ্যম্, গৃহাণি ভার্যাদীন্। ষ্ট্পাদোহযং
শ্লোকঃ ॥৫॥

এবমিতি। ভাবান্ পদার্থান্। পাণ্ডবো যুথিষ্টিবঃ এখা ভাবতভাবদীপঃ

তত ইতি ॥>॥ ভাবান্ পদার্থান্ ॥२॥ বাতাবদ্ধা বাতেনাবদ্ধা মেঘা উপলাশ্চ ভবন্ বাতং বিনৈব সহসা মেঘাঃ শিলাশ্চ প্রযুজ্যন্তে ইত্যর্থ:। ভবন্নিত্যভভাব আর্থ:। বাচা যত্র ভবন্নিতি পাঠে শন্দোচ্চাবণেনৈব যত্র মেঘা উপলাশ্চ, হে ভবন্। ভাসমান! আবির্ভবন্তীতি শেষ: ॥৩॥ ন চ দৃষ্ঠাতেহধ্যেতা ॥৩॥ নির্কেদো গিবিদর্শনিবৈবাগ্যম, গৃহাণি স্ক্যাদীনি ॥৫—৬॥

তিনি নিরুপদ্রব হেমক্টপর্বেতে যাইয়া অচিন্তনীয় ও অদ্ভূত বহুতর পদার্থ দর্শন করিলেন ॥২॥

যেখানে যে কোন বাক্য উচ্চাবণ করা মাত্রই সহস্র সহস্র মেঘ ও পাষাণ আবিভূতি হইত এবং বিষণ্ণচিত্ত লোকেবা সেই পর্বতে আবোহণ কবিতে সমর্থ হইত না ॥৩॥

এবং সর্ব্যবাহি সেখানে বায়ু বহিত হয়, সর্ব্যদাই মেঘ বর্ষণ করে এবং বেদপাঠেব শব্দ শুনা যায়, অথচ তাহাব পাঠককে দেখা যায় না ॥৪॥

আব, সেথানে প্রাক্তকালে ও সন্ধ্যাকালে ভগবান্ অগ্নিকে দেখা যায়, তপস্থাব বিন্নকাবী মক্ষিকা সকল আসিয়া দগ্ম, দীকবে, তপস্থায মানুষেব বৈরাগ্য উপস্থিত হয় এবং মানুষ গৃহপ্রভৃতি স্মরণ কবিতে থাকে ॥৫॥

⁽৩) বাতাবদ্ধা ভবন্ মেঘা:—বা ব কা। (৫)···মক্ষিকাশ্চাগ্যপঞ্জ-পি ।

লোমশ উবাচ।

যথা শ্রুতিমিদং পূর্বিমস্মাভিররিকর্ষণ ! ।
তদেকাগ্রমনা রাজন্ ! নিবাধ গদতো মম ॥৭॥
অস্মিন্ন্ ষভকুটেহভূদৃষভো নাম তাপসঃ ।
অনেকশতবর্ষায়ুস্তপন্থী কোপনো ভূশম্ ॥৮॥
স বৈ সম্ভাষ্মাণোহন্তিঃ কোপান্গিরিম্বাচ হ ।
য ইহ ব্যাহরেৎ কশ্চিত্রপলাসুৎসজেন্তদা ॥৯॥
বাতঞ্চাহুয় মা শব্দমিত্রুবাচ স তাপসঃ ।
ব্যাহরংশ্চেহ পুরুষো মেঘশব্দেন বার্যতে ॥>০॥
এবমেতানি কর্মাণি রাজংন্তেন মহর্ষিণা ।
কুতানি কানিচিৎ ক্রোধাৎ প্রতিষিক্ষানি কানিচিৎ ॥>১॥

ভারতকৌমুদী

যথেতি। গদতো মম সকাশাৎ, নিবোধ শৃগু ॥ ।।
অন্দিরিতি। কৃটে শৃলে ধনভমুনেরবস্থানাদৃনভকূট এব হেমকূটক নামাভূৎ দে।
স ইতি। গিবিং হেমকূটম্। ব্যাহরেৎ বাচমূচ্যারবেৎ। উপলান্ পাবাণান্ ॥ ॥
বাতমিতি। বাতং বাযুষ্। মা শবং কুন্ধিতি শেষং। ব্যাহরন্ বাচমূচ্যাররন্ । ১০॥
এবমিতি। কৃতানি উপলবর্ধণাদীনি। প্রতিধিন্ধানি বারোবিশি শবকরণাদীনি ॥ ১১॥

এইরপ বহুবিধ অভূত ভাব দর্শন করিয়া যুধিষ্ঠির পুনরায় সেই অভূত ব্যাপারগুলিব বিষয় লোমশের নিকট জিজ্ঞাসা করিলেন ॥৬॥

লোমশ বলিলেন—''শক্রনাশক রাজা! পূর্ব্বে আমরা যেমন গুনিয়াহি. তেমনই বলিতেছি; তুমি একাগ্রচিত্ত হইয়া তাহা আমার নিকট শ্রবণ কর ॥৭॥

পূর্বকালে এই ঋষভকৃট-(হেমকৃট) পর্বতে 'ঋষভ'-নামে এক তপস্বী ছিলেন ; তিনি অতি প্রাচীন, তপস্বী ও অত্যন্ত কোপনস্বভাব ছিলেন ॥৮॥

একদা অন্ত লোক আসিয়া তাঁহার সহিত আলাপে প্রবৃত্ত হইলে, তিনি কোপবশতঃ এই পর্বতকে বলিয়াছিলেন—''যে কোন লোক এথানে আসিয়া কথা বলিবে, তুমি তথনই তাহাব উপব প্রস্তব নিম্পেপ করিবে'' ॥৯॥

এবং তিনি বায়্কে ডাকিয়া বলিয়াছিলেন—"বায়্! তুমিও শব্দ করিও না।" তাই এথানে মানুষ কথা বলিলেই^{ড্ৰি}, বায়্ মেঘশবদারা তাহাকে বারণ কবে ॥১০॥

রাজা ! এইভাবে সেই মহর্ষি ক্রোধবশতঃ কতকগুলি কার্য্যের বিধান এ^{বং} কতকগুলি কার্য্যেব নিষেধ কবিয়াছিলেন ॥১১॥ নন্দাং ছভিগতা দেবাঃ পুবা বাজন্নিতি শ্রুতিঃ।
তারপদ্যন্ত সহসা পুরুষা দেবদর্শিনঃ ॥১২॥
তে দর্শনং ছনিচ্ছন্তো দেবাঃ শক্রপুবোগমাঃ।
ছুর্গং চক্রুবিমং দেশং গিরিপ্রভূয়হরপকম্ ॥১৩॥
তদা প্রভৃতি কোন্তেয় ! নবা গিরিমিমং সদা।
নাশক্রুরাভিদ্রন্তুং কুত এবাধিবোহিতুম্ ॥১৪॥
নাতপ্রতপদা শক্যো দ্রন্তুর্মেষ মহাগিবিঃ।
তাবোঢ়ুং বাপি কোন্তেয় ! তত্যানিষতবাগ্ ভব ॥১ ।॥
ইহ দেবান্তদা সর্বেষ বজ্ঞানাজহ কুত্রমান্।
তেষামেতানি লিঙ্গানি দৃশ্যন্তেহ্গাপি ভাবত ! ॥১৬॥
কুশাকাবেব দূর্বের্মং সংস্তীর্ণেব চ ভূবিয়ম্।
যুপপ্রকারা বহবো রক্ষাশ্চেমে বিশাংপতে ! ॥১৭॥

ভাবতকোমুদী

ইদানীং পর্বতাবোহণব্যাঘাতমাহ চতুর্ভিঃ—নন্দামিতি। অন্বপদ্যস্ত অন্বসরন্ ॥১২॥ ত ইতি। দর্শনন্ আত্মপ্রত্যক্ষন্। ফুর্গং তুর্গমন্, গিবিবের প্রত্যুহরপো যত্র তম্ ॥১৬॥ তদেতি। অধিরোহিতুন্ অধিবোচ, ম, ইডাগম আর্যঃ ॥১৪॥ নেতি। নিযতবাক্ নিবৃত্তবচনো ভব, পর্বতকর্ভ্কোপলবর্ষণভ্যাদিতি ভাবঃ ॥১৫॥ ইহেতি। আত্মহুঃ অনুষ্ঠিতবস্তঃ। তেষাং যজ্ঞানান্, লিজানি চিহ্নানি ॥১৬॥

ভাবতভাবদীপঃ

পৃষ্টিণ্ট লোমশ উবাচ—যথা শ্রুতমিতি ॥৭॥ ঋষভকূচে ঋষভাশ্রিতে শৈলশৃঙ্গে ॥৮—>॥ মা শবং কুর্বিতি শেষ: ॥১•—১১॥ অম্বপগ্রস্ত অন্তগতবস্তঃ, দেবদর্শিনো দেবদর্শনার্থিনঃ ॥১২॥

বাজা। ইহাও আমাদেব শুনা আছে যে, পূর্ব্বকালে দেবতাবা একদা এই নন্দানদীতে আসিতেছিলেন; তথন মানুষেরা তাঁহাদিগকে দেখিবাব জন্ম তাঁহাদের অনুসরণ করিয়াছিল ॥১২॥

তখন ইল্ৰপ্ৰভৃতি সেই দেবতারা দেখা দেওয়াব অনিচ্ছাবশতঃ এই পৰ্বতৰূপ বিম্বদ্বাৰা এই দেশটাকে মান্তুষেৰ পক্ষে তুৰ্গম কৰিয়াছিলেন ॥১৩॥

কুন্তীনন্দন! সেই অবধি মানুষেবা এই পর্বেত দেখিতেও পারে না, স্বতরাং কি কবিয়া আবোহণ করিবে ? ॥১৪॥

যে লোক তপস্থা করে নাই, সে লোক এই মহাগিরি দেখিতে বা আরোহণ করিতে পারে না ; অতএব কুন্তীনন্দন ! তুমি নীবব হও ॥১৫॥

ভরতনন্দন! তখন দেবতাবা সকলে এইখানেই উত্তম উত্তম যজ্ঞ কবিয়া-ছিলেন; সে যজ্ঞগুলিব এই সকল চিহ্ন অগ্নাপি দেখা যাইতেছে ॥১৬॥ বন-১২• (৮) দেবাশ্চ খ্লাষয় কৈব বসন্ত্যন্তাপি ভারত !।
তেষাং সায়ং তথা প্রাতদূ শ্যতে হব্যবাহনঃ ॥১৮॥
ইহাপ্লুতানাং কোন্ডেয় ! সদ্যঃ পাপ্মাভিহন্যতে।
ক্রুশ্রেষ্ঠাভিষেকং বৈ তন্মাৎ কুরু সহানুজঃ ॥১৯॥
ততো নন্দাপ্লুতাঙ্গস্তং কোশিকীমভিযাম্পদি।
বিশ্বামিত্রেণ যত্রোগ্রং তপস্তপ্তমনুত্তমম্ ॥২০॥

বৈশস্পায়ন উবাচ। ণ

ততন্তত্ত্ব সমাপ্ল,ত্য গাত্রাণি দগণো নৃপঃ।
জগাম কোশিকীং পুণ্যাং রম্যাং শীতজলাং শুভাম্॥২১॥
ইতি শ্রীমহাভাবতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্ববিণ তীর্থবাত্রারামুষভমাহাত্ম্যকথনে দ্বিনবতিতমোহধ্যায়ঃ॥•॥ *

ভারতকোমুদী

তানি লিম্নান্তাহ—কুশেতি। সংস্তার্ণা ক্বতকুশান্তবণা ॥১৭॥
দেবা ইতি। বসস্থি অদুশান্তাবনেতি ভাবঃ। হব্যবাহনো যজ্ঞান্নিঃ ॥১৮॥
ইহেতি। আগ্রুতানাং লাতানাম্। হে কুকশ্রেষ্ঠ। তন্মাদিহ অভিষেকং কুরু ॥১৯॥
তত ইতি। নন্দানাং নদ্যামাপ্নতানি অবগাঢ়ানি অম্বানি যন্ত্র সং। কোশিকীং নদীম্ ॥২০॥
ভাবতভাবদীপঃ

প্রভাৱের দর্শনে বিষরপুষ্ । ১৩--- ১৪॥ নিয়তবাঙ্মোনবান্ ॥১৫--- ১৮॥ তে কুরুশেষ্ঠ। ইতি চ্ছেন্ট ॥১৯---- ২১॥

ইতি শ্রীনহাভারতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে দ্বিনবতিতমোহধ্যায়ঃ ॥৯২॥

নবনাথ ! এই দূর্ববাগুলি যেন কুশেব মত, এই ভূমিটা যেন কুশাস্তৃত এবং এই বহুতব বৃহ্নও যেন যূপেব তুলা দেখা যাইতেছে ॥১৭॥

এই বহুওব বৃক্ত বেন যুগোৰ তুলা দেখা বাহতেছে ॥১৭॥ ভবতনন্দন! সেই দেবতাৰা ও ঋষিবা প্ৰচ্ছন্নভাবে অভাপি এখানে বাস কবিতেছেন; তাই প্ৰাতঃকালে ও সন্ধ্যাকালে তাঁহাদেবই যজ্ঞাগ্নি দেখা যায়॥১৮॥

কুকভোষ্ঠ কুফীনন্দন! এখানে বাহাবা স্নান কৰে, তাহাদেৰ সভাই পাপ নট হয়; মতএব তুমি সমুজ্গণেৰ সহিত এইখানে স্নান কৰ ॥১৯॥

এই নন্দানদাতে স্নান কবিয়া তাহার পব তুমি কৌশিকীনদীতে যাইবে; গেখানে বিশ্বামিত্র সত্যুত্তন ও ভবদ্ধব তপস্থা কবিয়াছিলেন" ॥২০॥

ক মহং পাঠা বা ব কা পি নাজি। • '-- দশাধিকশততমোহধ্যায়া'—পি নি, বা ব কা শধ্যায়মবাধিনিজি।

ত্রিনবতিতমোহখ্যায়ঃ।

লোমশ উবাচ।

এষা দেবনদী পুণ্যা কোশিকী ভরতর্বভ !।
বিশ্বামিত্রাশ্রমো রম্য এব চাত্র প্রকাশতে ॥>॥
আশ্রমশ্রের পুণ্যাখ্যঃ কাশ্যপস্থ মহাত্মনঃ।
খায্যশৃঙ্গঃ হুতো বস্থ তপস্বী সংযতেন্দ্রিয়ঃ॥২॥
তপ্রসো বঃ প্রভাবেণ বর্ষয়ামাস বাসবম্।
অনার্ফ্যাং ভ্যাদ্যস্থ বর্ষ বলর্ত্রহা॥৩॥

ভাবতকোমুদী

তত ইতি। তত্ত্ৰ নন্দানভাম্। সগণঃ সপবিজনঃ। কৌশিকীং নদীম্ ॥২১॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচাৰ্য্য মহাকবি-পদ্মভূষণ-শ্ৰীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচাৰ্য্যবিবচিতাযাং মহাভাবতটীকাষাং ভাবতকোম্দীসমাধ্যাযাং বনপৰ্ব্বণি তীৰ্থযাত্ৰাষাং দিনবতিতমোহধ্যায়ঃ॥•॥

এবেতি। পুণ্যা পুণ্যজনিকা, অতএব দেবনদী দেবানামপ্যাদৃতা নদী ॥১॥
আশ্রম ইতি। কাশ্রপশ্য কাশ্রপগোত্রজন্ম বিভাওকন্ম। অগ্রম মুগবিশেষন্মের শৃদ্ধ যম্ম
স:। অবং মুর্দ্মগুরকাববান্ তালব্যশকাববাংশ্চ, "গোকর্ণপৃষ্ঠতণম্ব বোহিতাঃ" ইত্যমবোজেঃ, "গতং রোহিভ্তাং বিবম্যিষ্মুগ্রন্থ বপুষা" ইতি মহিম্যজোত্রাৎ, "বলবদৃশ্যা দৃশ্যা স্থলী" ইতি বৃন্দাবন-যমকান্ত'॥২॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর যুখিষ্ঠিব সহচরদিগেব সহিত সেই নন্দা-নদীতে স্নান কবিয়া পুণ্যজনিকা, মনোহবা, শীতলজ্ঞলা ও মঙ্গলকাবিণী কৌশিকী-নদীতে গমন কবিলেন ॥২১॥

লোমশ বলিলেন—"ভবতশ্রেষ্ঠ ! পুণাজনিকা ও দেবাদৃতা এই কৌশিকীনদী এবং ইহার তীবে এই মনোহব বিশ্বামিত্রের আশ্রম শোভা পাইতেছে ॥১॥
আর, মহাত্মা বিভাগুকমুনিব এই পুণাখ্য আশ্রম দেখা যাইতেছে; যাঁহার পুত্র
খন্ত্যপুঙ্গ তপন্থী ও সংযতেন্দ্রিয় ছিলেন ॥২॥

যিনি তপস্থার প্রভাবে ইন্দ্রদাবা বর্ষণ কবাইয়াছিলেন এবং ইন্দ্রও বাঁহাব ভযে অনার্টিব সময়ে বর্ষণ কবিয়াছিলেন ॥৩॥

মৃগ্যাং জাতঃ দ তেজস্বী কাশ্যপশ্য স্থতঃ প্রভুঃ। বিষয়ে লোমপাদশ্য ধশ্চকারাত্তুতং মহৎ ॥৪॥ প্রবর্ত্তিতেমু শস্তোমু যগ্নৈ শান্তাং দদৌ নৃপঃ। লোমপাদো হুহিতরং দাবিত্রীং দবিতা যথা॥৫॥

যুধিষ্ঠির উবাচ।

খাগুশৃঙ্গঃ কথং মুগ্যামুৎপন্নঃ কাশ্যপাত্মজঃ।
বিরুদ্ধে যোনিসংসর্গে কথঞ্চ তপদা যুতঃ ॥৬॥
কিমর্থঞ্চ ভয়াচ্ছক্রস্তস্থ বালস্থ ধীমতঃ।
অনার্ফ্যাং প্রবৃত্তায়াং ববর্ষ বলর্ত্রহা ॥৭॥
কথংরূপা চ দা শান্তা রাজপুত্রী যত্রতা।
লোভয়ামাদ যা চেতো মুগভূতস্থ তস্থ বৈ ॥৮॥
লোমপাদশ্চ রাজর্ষির্যদাশ্রেয়ত ধার্দ্মিকঃ।
কথং বৈ বিষয়ে তস্থ নাবর্ষৎ পাকশাদনঃ ॥৯॥

ভারতকৌমুদী

তপদ ইতি। বর্ষমাদ বৃষ্টিং কার্যামাদ। বলবৃত্তহা ইক্স তো মৃগ্যামিতি। কাশুপশু বিভাওকশু। বিষয়ে দেশে, লোমণাদশু রাজ্ঞ হে। প্রবাতিতেবিতি। প্রবাতিতের বৃষ্ট্যা উৎপাদিতের। শালাং নাম ।ধা ময়েতি। যোনিসংসর্গে বিকরে সতি ভিন্নপ্রাণিতাদিতি ভাবং। জাত ইতি শেবং ধা কিমর্থমিতি। শক্র ইক্সং, তশু ব্যাশৃক্ষ । প্রবৃত্তান্তাম্ম্ ।।। কথ্যমিতি। কথংক্রণা কিছুতা আসীং। যতম্ ইন্দ্রিয়সংয়ম্ এব ব্রতং যন্তা: সা ॥৮॥

তেজস্বী ও তপঃপ্রভাবশালী সেই ঋষ্যশৃঙ্গ লোমপাদরাজার রাজ্যে বিভাগুকমুনির উবসে মৃগীর গর্ভে জন্মিয়াছিলেন; যিনি গুকতব অভ্যুত কার্য্য করিয়াছিলেন ॥৪॥ সূর্য্য যেমন সাবিত্রীকে দান কবিয়াছিলেন, সেইরূপ লোমপাদরাজা শস্ত উৎপন্ন হইলে আপন কন্তা শাস্তাকে বাঁহাব হস্তে দান কবিয়াছিলেন"॥৫॥ যুধিষ্ঠিব বলিলেন—"বিভাগুকমুনির পুত্র ঋষ্যশৃঙ্গ কি করিয়া মৃগীর গর্ভে উৎপন্ন

হইলেন ? বিভিন্ন প্রাণীব সংসর্গজাত সন্তানই বা কি করিয়া তপস্বী হইল ? ॥৬॥ বল ও বুত্রাস্থ্রহন্তা ইন্দ্রই বা কিজন্ম অনার্টিব সময়ে সেই বালক ঋষ্যশৃঙ্গের

ভয়ে বর্ষণ কবিয়াছিলেন ? ॥१॥

আর, সেই রাজকন্যা শাস্তাই বা কিবাপ ছিলেন, যিনি সংযত হইয়া মৃগভূত খন্ত্রস্প্রেব চিত্ত লুব্ধ কবিরাছিলেন ॥৮॥ এতন্মে ভগবন্! সর্বাং বিস্তারেণ যথাতথম্। বক্তুমুর্হসি শুক্রামোর্খ য়াশৃঙ্গস্থা চেষ্টিতম্॥>০॥
লোমশ উবাচ।

বিভাগুকস্থ বিপ্রর্যেস্তপদা ভাবিতাত্মনঃ।
অমোঘবীর্যাস্থ দতঃ প্রজাপতিদমত্যুতেঃ॥>>॥
শূণু পুত্রো যথা জাত খায়শৃঙ্গঃ প্রতাপবান্।
মহার্হস্থ মহাতেজা বালঃ স্থবিবদন্মতঃ॥>২॥ (যুগ্মকম্)
মহার্হদং দমাদাত কাশ্যপস্তপদি স্থিতঃ।
দীর্ঘকালং পবিশ্রোন্ত খাষিঃ দ দেবদন্দ্রিতঃ॥>৩॥
তন্ম বেতঃ প্রচন্দদ দৃষ্ট্যান্দারদমূর্ববিশীম্।
অব্দ্যুপস্পূশতো বাজন্! মুগী তচ্চাপিবত্তদা॥>৪॥

ভাবতকৌমূদী

লোমেতি। যদা ধার্ম্মিকঃ অশ্রাষত, তদা কথম, তস্তা বিষষে দেশে রাজ্যে ॥>॥

এতদিতি। শুশ্রাবোঃ শ্রোতুমিচ্ছোঃ। চেষ্টিতং চরিতম্ ॥১০॥

বিভেতি । ভাবিতাত্মনঃ শোধিতচিত্তস্তাপি সত ইতি সম্বন্ধঃ। মহার্হস্ত মহর্বিত্বা-মহামান্তস্ত । স্থবিবসম্মতঃ জ্ঞানতপোহতিবেকাদ্বন্ধত্বেন লোকৈবভিমতঃ ॥১১—১২॥

মহেতি। কাশ্যপো বিভাণ্ডকঃ। দীর্ঘকালং তপদি স্থিতঃ অতএব পবিশ্রান্তঃ ॥১৩॥ ভাবতভাবদীপঃ

এবেতি ॥১॥ কাশ্যপশু বিভাওকশু। ঝশ্রেতি তালব্যাদিং, মূর্ম্ম্যাদিপাঠং প্রামাদিকং, ঝশ্যো মৃগস্তবৈত্যব শৃক্তমশ্রান্তীতি গায়শৃক্ষঃ, ''ঝশ্যো ন গায়ন্'' ইতি মন্তবর্গাৎ ॥২—না শুশ্রবোর্মে

এবং বাজর্ষি লোমপাদকে যখন ধার্দ্মিক বলিয়া শুনা যায়, তখন তাঁহার রাজ্যেই বা কেন ইন্দ্র বর্ষণ করেন নাই ? ॥৯॥

ভগবন্! আমি শুনিতে ইচ্ছা করি; অতএব আপনি এই সমস্ত ঋগ্যশৃঙ্গেব চরিত্র বিস্তবক্রমে এবং যথাযথভাবে আমার নিকট বলুন' ॥১০॥

লোমশ বলিলেন—"অব্যর্থ বীর্য্য, ব্রহ্মাব তুল্য তেজস্বী, মহামান্ত এবং ব্রহ্মার্থ বিভাগুকমুনি তপঃপ্রভাবে শোধিতচিত্ত হইলেও, তপঃপ্রভাবশালী, মহাতেজা এবং বালক হইয়াও স্থবিবসম্মত ঋষ্যশৃঙ্গ যেভাবে তাঁহাব পুত্র হইয়াছিলেন, তাহা তুনি প্রবণ কর ॥১১—১২॥

কাশ্যপগোত্র ও দেবতুল্য সেই বিভাগুকমূনি কোন মহাহ্রদে যাইযা দীর্ঘকাল তপস্ঠায় প্রবৃত্ত থাকিয়া পবিশ্রান্ত হইয়াছিলেন ॥১৩॥

বাজা! একদা ভিনি স্নান কবিতেছিলেন, এমন সময়ে অপ্সরা উর্বেশীকে

সহ তোয়েন তৃষিতা গভিণী চাভবততঃ।

সা পুবোক্তা ভগবতা ব্রহ্মণা লোককর্তৃণা ॥>৫॥ (য়ৄয়য়য়য়)

দেবকয়া য়গী ভূত্বা মুনিং সূয় বিমোক্ষ্যদে।
অমোঘত্বাদ্বিধেশ্চিব ভাবিত্বাদ্বৈনিন্মিতাৎ ॥>৬॥
তক্ষাং য়ৢগ্যাং সমভবতক্ষ পুত্রো মহানৃষিঃ।
ঋষ্যশৃঙ্গস্তপোনিত্যো বন এবাভ্যবর্ত্ত ॥>৭॥ (য়ৄয়য়য়য়)
তক্ষর্বেঃ শৃঙ্গং শির্মি বাজনাসীমহাত্মনঃ।
তেনর্যাশৃঙ্গ ইত্যেবং তদা স প্রথিতোহভবৎ ॥>৮॥
ন তেন দৃষ্টপূর্বোহয়ঃ পিতুরয়ত্র মানুষঃ।
তত্মাত্রয়্য মনো নিত্যং ব্রহ্মচর্যোহভবন্ন পা । ॥>৯॥

ভাৰতকৌমুদী

তম্মেতি। উপস্পৃশতঃ স্নানং কুর্ববিতম্ভক্ত রেতঃ, অব্সূত্র জলে, প্রচম্বন্দ ঋলতি শ্ব। তচ্চ ভূষিতা মুগী তোমেন সহাণিবং। লোককর্তুণেতি আর্যজাদনগ্রিছেহণি নাদেশঃ ॥১৪—১৫॥

ব্ৰদ্বণা কিম্জেত্যাহ—দেবেতি। হং দেবক্যাপি অপরাধান, নী ভূতা, মুনিং ত্র্য প্রত্যন্ত বিমোক্ষাস ইতি। অমোঘতাদ্বক্ষবাকাস্ত অব্যর্থহাৎ, বিধেশ্চ অবশুস্তাবিনো ব্যাপাব্য চ দৈবনির্মিতাৎ অদৃষ্টক্বতাম্ভাবিদ্বাদ্ধেতোঃ। তম্ম বিভাওকস্ত। তপ এব নিতাং যম্ম সং। অভাবর্ত্ত অতিষ্ঠৎ ৪১৬ — ১৭॥

ব্দথ তত্ত্ব গ্রন্থস্থলামুদ্ধে কো হেতুরিত্যাহ—তত্ত্বেতি। ইত্যেবং নামা ॥১৮॥ ভাবতভাবদীপঃ

মম ইতি সম্বন্ধ: ॥১০—১১॥ মহার্হস্রাতিপূজ্যস্ত ॥১৩—১৪॥ তোমেন সহাহণিবদিতাঘ্য: ॥১৫॥ ত্র প্রত্য, বিধেবিধিবাক্যস্ত দৈবনিশ্বিতাদ্ধেতোর্ভাবিত্বাৎ অপরিহার্য্যস্তাচ্চ ॥১৬—১৯॥

দেখিয়া জলের ভিতরেই তাঁহার শুক্র খালন হইয়াছিল, তখন পিপাসার্ত্ত কোন হরিণী জলের সহিত সেই শুক্ত পান করিয়াছিল, তাহাতেই সেই হবিণী গর্ভবতী হইয়াছিল। কারণ, জগৎস্ষ্টিকর্ত্তা ভগবান্ ব্রহ্মা পূর্ব্বজন্মে তাহাকে বলিয়াছিলেন—॥১৪—১৫॥

'তুমি দেবক্সা হইলেও (অপরাধনিবন্ধন) হবিণী হইয়া কোন মুনিকে প্রসব করিয়া পরে মুক্তি লাভ করিবে।' বিধাতাব বাক্য অব্যর্থ বলিয়া এবং দৈববশতঃ সেইবাপ হইবে বলিয়া সেই হরিণীব গর্ভেই বিভাগুকেব মহর্ষি পুত্র হইয়াছিল। সেই ঝয়াশৃদ্ব সর্ববাণ তপস্থায় প্রবৃত্ত থাকিয়া বনেই থাকিতেন ॥১৬—১৭॥

রাজা। মহাত্মা বিভাওকপুত্রেব মস্তকে শৃঙ্গ ছিল; সেই জন্মই তিনি তখন 'খালুশুরু'-এই নামে প্রসিদ্ধ হইয়াছিলেন ॥১৮॥

এত স্থিমেব কালে তু সথা দশরথস্থ বৈ।
লোমপাদ ইতি খ্যাতো হুঙ্গানামীশ্বরোহভবৎ ॥২০॥
তেন কামাৎ কৃতং মিখ্যা ব্রাহ্মণস্থেতি নঃ প্রুতিঃ।
স ব্রাহ্মণেঃ পরিত্যক্তস্তদা বৈ জগতঃ পতিঃ॥২১॥
পুরোহিতাপচারাচ্চ তম্ম বাজ্ঞো মহামতেঃ।
ন ববর্ষ সহস্রাক্ষস্ততোহপীড়াস্ত বৈ প্রজাঃ॥২২॥
স ব্রাহ্মণান্ পর্যাপ্চছত্তপোযুক্তান্ মনীষিণঃ।
প্রবর্ষণে স্থরেক্রন্ম সমর্থান্ পৃথিবীপতে।॥২০॥

ভাবতকোমুদী

নেতি। পিতৃর্বিভাওকাং। অক্সত্র স্থানেহপি। ব্রদ্ধার্যে সর্বাথা স্ত্রীসংসর্গরাহিত্যে ॥১৯॥ এতিমিরিতি। অক্সানাম্ অক্সনেম্য, ঈশ্বরঃ পতিঃ ॥২০॥ তেনেতি। কামাদিচ্ছাত এব, মিথ্যা নিক্ষিপ্তধনস্থানকীকারাদিতি ভাবঃ ॥২১॥ পুরোহিতেতি। পুরোহিতে ব্রাহ্মণে অপচারাদপব্যবহারাচে। সহস্রাক্ষ ইন্দ্রঃ ॥২২॥ স ইতি। প্রবর্ধণে অর্চনাদিনা প্রকৃষ্টবর্ধণসম্পাদনে সমর্থান্ ॥২০॥

ভাৰতভাবদীপঃ

অকানাং দেশানাস্ ॥২০॥ তেন কামাৎ বৃদ্ধিপূর্বং বাহ্মণতা প্রতিশ্রুতোতি শেবং, মিথ্যা-কৃতং—"ম্বা তৃভাং দাতৃং কিমণি ন প্রতিশ্রুত"মিতাপলাপং কৃতবানিতার্থং ॥২১॥ তত্ত্ব হেতৃং—

ভাব্যাহতগতিশ্চিব বথস্তস্য মহাত্মনঃ।
বথেন তেন তু সদা ববদানেন বীর্য্যবান্ ॥>০॥
মর্মদি দেবান্ যক্ষাংশ্চ ধারীংশৈচব সমস্ততঃ।
ভূতাংশৈচব স সর্বাংস্ক পীড়য়ামাস সর্বতঃ ॥>৪॥ (য়ুয়্মকম্)
ততো দেবাঃ সমেত্যাহুখার্ষফ্রণ্ড মহাত্রতাঃ।
দেবদেবং স্থবারিল্পং বিষ্ণুং সত্যপরাক্রমম্ ॥>৫॥

ভাবতকোমুদী

রাসস্থেতি। কার্দ্ধবীর্যান্ত চ চরিতমিতি সম্বন্ধঃ। দেবসন্মিতং দেবচবিত্রতুলাম্॥>৽॥
বামেণেতি। ত্রীণি সপ্ত চ বাহুশতানি সহস্রং বাহব ইত্যর্থঃ॥>>॥
দত্তেতি। কাঞ্চনং অর্ণমবম্। ঐশ্বর্যাম্ আধিপতাম্॥>২॥
অব্যাহতেতি। ববদানেন দত্তাত্রেবম্নেঃ। ভূতান্ প্রাণিনঃ॥>৩—>১৪॥
তত ইতি। আহুঃ প্রবচনং ক্রবস্তি ন্ম। স্থ্রাবিদ্নম্ অস্ত্রহস্তাব্ম্॥১৫॥

ভবতনন্দন । জমদগ্নিপুত্র রামেব চবিত্র দেবচবিত্রেব তুল্য এবং হৈহয়াধিপতি কার্ত্তবীর্য্যার্জ্জনের চবিত্রও দেবচরিত্রেবই তুল্য ছিল ॥১০॥

পাণ্ড্নন্দন! বাম, হৈহয়াধিপতি কার্ত্তবীর্য্যার্জ্জ্নকে বিনাশ করিয়াছিলেন; তাহাব একসহস্র বাহু ছিল ॥১১॥

বাজা ! দত্তাত্রেয়মূনির অন্তগ্রহে কার্ত্তবীর্য্যার্জ্জুনেব স্বর্ণময় বিমান এবং পৃথিবীব সমস্ত প্রাণীব উপরে আধিপত্য ছিল ॥১২॥

এবং সেই মহাত্মাব বথেব গতি সর্ববত্র অব্যাহত ছিল। বলবান্ কার্দ্তবীর্য্যার্জ্জুন দন্তাত্রেযমূনিব ববপ্রভাবে সেই বথে আরোহণ কবিয়া সর্বাদা সকল দিকের দেবতা, যক্ষ ও ঝবিগণেব উৎপীড়ন করিতেন এবং সকল দিকের সকল প্রাণীদিগেব উপদ্রব কবিতেন ॥১৩—১৪॥

তাহার পব দেবগণ ও দৃচত্রতপবায়ণ ঋষিগণ—দেবদেব, অস্কুরহস্তা ও যথার্থ পবাক্রমশালী বিঞুর নিকট যাইয়া বলিলেন—॥১৫॥ ভগবন্ ! ভূতবক্ষার্থমর্জ্জুনং জহি বৈ প্রভো । ।
বিমানেন চ দিব্যেন হৈহয়াধিপতিঃ প্রভুঃ ।
শচীসহায়ং ক্রীড়ন্তং ধর্ষধামাস বাসবম্ ॥১৮॥
ততন্ত ভগবান্ দেবঃ শক্রেণ সহিতন্তনা ।
কার্ত্রবির্যাবিনাশার্থং মন্ত্রয়ামাস ভাবত । ॥১৭॥
যতন্ত্রহিতং কার্যাং স্থবেন্দ্রেণ নিবেদিতম্ ।
স প্রতিশ্রুত্য তৎ সর্ববং ভগবালোঁ কপূজিতঃ ॥১৮॥
জগাম বদরীং বম্যাং স্বমেবাঞ্জমমণ্ডলম্ ।
এতস্মিমেব কালে তু পৃথিব্যাং পৃথিবীপতিঃ ॥১৯॥
কান্যকুজে মহানাসীৎ পার্থিবঃ স্বমহাবলঃ ।
গাধীতি বিশ্রুতো লোকে বনবাসং জগাম হ ॥২০॥ (বিশেষকম্)
বনে তু তস্ত্য বসতঃ কন্যা জজ্ঞেহক্ষবঃসমা ।
ঋচীকো ভার্যবন্তাঞ্চ বব্যামাস ভাবত ! ॥২১॥

ভাবতকোমুদী

ভগবন্ধিতি। ভূতানাং প্রাণিনাং বক্ষার্থম্। বটুণাদোহনং শ্লোকঃ ॥১৬॥
তত ইতি। দেবো বিষ্ণুং, শক্রেণ ইন্দ্রেণ ॥১৭॥
যদিতি। প্রতিশ্রুত্য কর্ত্তব্যত্থেনাঙ্গীকৃত্য। বং স্বকীযম্। কান্মর্ভ্রে দেশে ॥১৮—২০॥
বন ইতি। খাচীকো নাম ভার্গবো ভূগুবংশজাতঃ কন্দিৎ ॥২১॥

"ভগবন্। প্রভূ! আপনি প্রাণিগণকে বক্ষা করিবার জন্য কার্ত্বীর্যার্জুনকে বধ কব্দন। কারণ, হৈহয়াধিপতি প্রভাবশালী কার্ত্তবীর্যার্জ্জ্ন দিব্য বিমানে যাইয়া শচীর সহিত ক্রীড়ায় প্রবৃত্ত ইন্দ্রকে বিদলিত কবিয়া আসিয়াছেন" ॥১৬॥

ভরতনন্দন। তদনন্তব ভগবান্ বিষ্ণু তথনই ইক্রেব সহিত মিলিত হইযা কার্ত্তবীর্য্যাৰ্জ্জুনকে বিনাশ কবিবাব জন্ম মন্ত্রণা কবিলেন ॥১৭॥

তখন দেবরাজ জগতেব হিতের জন্ম যে কর্ত্তব্য বিষয় জানাইলেন, দে সমস্তই করিবেন বলিয়া প্রতিজ্ঞা কবিয়া ভগবান্ জগৎপৃজিত নাবায়ণ স্থকীয় ননোহব বদবিকাশ্রমে গমন কবিলেন। এই সমযে পৃথিবীতে কাম্মকুজদেশে 'গাধি'নামে বিখ্যাত প্রবলপবাক্রাম্ভ এক মহাবাজ ছিলেন; তিনি বনবাসে গিয়াছিলেন॥১৮—২০॥

ভরতনন্দন! বনে বাস করিবাব সময়ে সেই গাধিবাছার অপ্সবার তুলা একটা কন্তা জনিয়াছিল; যথাকালে ভৃগুর্নশীয় ঝটাক সেই কন্তাটাকে প্রার্থনা করেন ॥২১॥ তমুবাচ ততো গাধিব্ৰ ক্ষিণং সংশিতব্ৰতম্ ।
উচিতং নঃ কুলে কিঞ্চিৎ পূৰ্ব্বৈৰ্যৎ সম্প্ৰবৰ্ত্তিতম্ ॥২২॥
একতঃ শ্যামকৰ্ণানাং পাগুবাণাং তবস্থিনাম্ ।
সহস্ৰং বাজিনাং শুল্কমিতি বিদ্ধি দিজোত্তম । ॥২৩॥
ন চাপি ভগবান্ বাচ্যো দীযতামিতি ভাৰ্গব ! ।
দেষা মে ছহিতা চৈব স্বিদ্ধায় মহাত্মনে ॥২৪॥

ঋচীক উবাচ।

একতঃ শ্ঠামকর্ণানাং পাগুবাণাং তবস্থিনাম্। দাস্তাম্যথসহত্রং তে মম ভার্য্যা স্থতাস্ত তে ॥২৫॥

অকৃতত্রণ উবাচ।

দ তথেতি প্রতিজ্ঞায বাজন্! বরুণমত্রবীৎ। একতঃ শ্যামকর্ণানাং পাগুবাণাং তরম্বিনাম্॥২৬॥

ভাবতকোমুদী

তমিতি। উচিতং মমাপি তন্ত্রক্ষিতৃং স্থাযাম। পূর্বৈক্ষ পূর্বপূর্কাবিঃ ॥২২॥

একত ইতি। একতো বহির্দেশে শ্যামকর্ণানাম, অন্তবে তু বক্তকর্ণানামিতি ভাবঃ, পাণ্ডবাণাং
সমুদাযেন খেতরক্তবর্ণানাম, তরম্বিনাং বেগবতাম্ ॥২৩॥

নেতি। ভগবান্ ভবান্। দীয়তাং তাদৃশমশ্বদহস্রমিতি শেষঃ ॥২৪॥

একত ইতি। অশ্বেতি লুগুষষ্ঠীবছবচনাস্তং পদম্, তল্লোপশ্চার্যঃ। অন্তথা অশ্বেতাশ্র
শ্রামকর্ণানামিত্যাদিনা সহার্যয়ো ন স্থাৎ। অথবার্যস্বাক্তবিধৈকদেশাম্বয় এব বাচ্যঃ ॥২৫॥

তদনস্তব গাধিরাজা সেই দৃঢত্রত ব্রাহ্মণকে বলিলেন—''পূর্ব্বপুক্ষেবা আমাদেব বংশে যে কিছু রীতি প্রবর্ত্তিত কবিয়া গিয়াছেন, তাহা বক্ষা কবা আমাদেব উচিত ॥২২॥

অতএব ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আপনি ইহা অবগত হউন যে, কাণেব ভিতবটা বক্তবর্ণ ও বাহিবটা শ্যামবর্ণ থাকিবে, অন্য সমস্ত অঙ্গ পাণ্ডবর্ব হইবে এবং মহাবেগশালী হইবে, এহেন সহস্র অশ্ব আমাদেব কন্যাণ্ডক ॥২৩॥

কিন্তু ভৃগুনন্দন! আপনাকে আমি এ কথা বলিতে পাবি না যে, আপনি শেইক্সপ সহস্ৰ অশ্ব আমাকে শুন্ধকপে দান করুন; অথচ আপনাব মত মহাত্মাকেই
কন্যা দান করা আমাব উচিত" ॥২৪॥

ঋচীক বলিলেন—"কাণেৰ ভিতৰটা বক্তবৰ্ণ ও বাহিবটা শ্রামবর্ণ থাকিবে, অন্ত সমস্ত অঙ্গ পাণ্ডরবর্ণ হইবে এবং মহাবেগশালী হইবে, এইরূপ সহস্র অধুই আপনাকে দান করিব; আপনাব কন্তা আমাব ভার্য্যা হউন" ॥২৫॥ সহস্রং বাজিনামেকং শুল্কার্থং মে প্রদীয়তীম্।
তিম্মে প্রাদাৎ সহস্রং বৈ বাজিনাং বরুণস্তদা ॥২৭॥ (যুগ্মকম্)
তদাশ্বতীর্থং বিখ্যাতমুখিতা যত্র তে হয়ঃ।
গঙ্গায়াং কান্সকুব্রু বৈ দদৌ সত্যবতীং তদা ॥২৮॥
ততো গাধিঃ স্থতাঞ্চাম্মে জন্সাশ্চাসন্ স্থবাস্তদা।
লব্ধ্বা হযসহস্রস্ত তাংশ্চ দৃষ্ট্বা দিবৌকসঃ ॥২৯॥
ধর্মেণ লব্ধ্বা তাং ভার্যামুচীকো দ্বিজ্বসত্তমঃ।
যথাকামং যথাজোমং তথা বেমে স্থমধ্য়া।॥৩০॥

ভাবতকৌমুদী

স ইতি। স তথা প্রতিজ্ঞাষ ইতি বঙ্গণমত্রবীং। তাঁশে ঋচীকাষ ॥২৬—২৭॥
তদিতি। তে তাদৃশা বঞ্গদন্তাঃ। গঙ্গাৰাং গঙ্গাতীবে, দদৌ গাধিবিতি শেষঃ ॥২৮॥
তত ইতি। গাধিং, তত ঋচীকাং, হ্যসহস্রং লব্ধা, অন্মৈ ঋচীকাষ চ স্থতাং দদাবিতি শেষঃ।
তদা চ স্থবা দেবাঃ, জন্মা ববপ্রিষা বব্যাত্রা ইত্যর্থঃ আসন্। "জন্মো ব্যবধ্জ্ঞাতিপ্রিষভৃত্যহিতেহপি চ" ইতি বিশ্বঃ। তে দিবেকিসশ্চ তান্ ব্বক্নোভ্যপক্ষান্ দৃষ্ট্য জগ্মুরিতি শেষঃ।
গত্যস্তবাভাবাদীদৃশী ব্যাখ্যা ॥২২॥

ধর্মেণেতি। যথাজোবং যথাস্থম, "তৃষ্ণীমর্থে স্থথে জোবম্" ইত্যমবঃ ॥৩০॥ ভাৰতভাবদীপঃ

স ইতি ॥১—৪॥ আযান্ আগচ্ছন্ ॥৫—২৪॥ একত ইতি। বহিঃ খ্যামা অস্তবাবক্তা: কর্ণা যেবাং তে একতঃ খ্যামকর্ণান্তেধাম্ ॥২৫—২৮॥ জন্মা ববপক্ষীযাঃ ॥২৯—৬০॥

অকৃতত্রণ কহিলেন—"বাজা! ঋচীকমূনি সেইবাপ প্রতিজ্ঞা কবিষা বকণেব নিকট যাইয়া বলিলেন—"কাণেব ভিতবটা বক্তবর্ণ ও বাহিবটা খ্যামবর্ণ থাকিবে, অন্ত সমস্ত অঙ্গ পাণ্ডববর্ণ হইবে একং মহাবেগশালী হইবে, এইবাপ সহস্র অশ্ব আমাকে শুল্কের জন্ত দান ককন।" বকণ তখনই তাঁহাকে সেই এক সহস্র অশ্ব দান করিলেন ॥২৬—২৭॥

সেই অশ্বগুলি সমূদ্রেব যেস্থানে উঠিয়াছিল, সেই স্থানটা 'অশ্বতীর্থ' বলিয়া বিখ্যাত হইয়াছে। তদনস্তব গাধিবাজা কান্তকুজে গঙ্গাতীবে যাইয়া ঋচীকের হস্তে সত্যবতীনাম্নী নিজকন্যাটীকে দান কবিলেন ॥২৮॥

গাধিবাজা ঋচীকের নিকট হইতে এক সহস্র অশ্ব লাভ কবিয়াই তাঁহাকে কন্তা দান কবিয়াছিলেন; তথন দেবতারা ববযাত্র হইযাছিলেন এবং সেই দেবতাবা বব ও কন্তাপক্ষকে দেখিয়া চলিয়া গিষাছিলেন ॥২৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ঋচীক ধর্ম অনুসাবে সেই গাধিবাজার কন্তাকে ভার্য্যারূপে লাভ কবিষা ইচ্ছানুসারে এবং যথাসুথে সেই স্থমধ্যমার সহিত বিহাব করিতে লাগিলেন ॥ ০ ॥ তং বিবাহে কৃতে বাজন্। সভার্য্যমবলোককঃ।
আজগাম ভৃগুঃ শ্রেষ্ঠং পুত্রং দৃষ্ট্যা ননন্দ চ ॥৩১॥
ভার্য্যাপতী তমাসীনং গুরুং প্ররগণাচিত্র্য।
অচিত্রা পর্যুপাসীনো প্রাঞ্জলী তম্বতুস্তদা ॥৩২॥
ততঃ স্মুবাং স ভগবান্ প্রশ্নফৌ ভৃগুরব্রবীৎ।
ববং র্ণীম্ব স্থভগে! দাতা ছিম্মি তবেন্দিত্র্য ॥৩০॥
সা বৈ প্রসাদয়ামাস তং গুরুং পুত্রকারণাৎ।
আজুনশ্চিব মাতুশ্চ প্রসাদঞ্চ চকাব সঃ ॥৩৪॥

ভৃগুরুবাচ।

খাতো ছবিঞ্চৰ মাতা চ স্নাতে পুংসবনায় বৈ।
আলিঙ্গেতাং পৃথগ বুক্কো সাহশ্বথং ত্বমুভূদ্ববম্ ॥৩৫॥
চরুদ্বয়মিদং ভদ্রে! জনস্থান্চ তবৈব চ।
বিশ্বমাবর্ত্তবিত্বা তু ময়া যত্নেন সাধিতম্ ॥৩৬॥

ভাবতকোসুদী

তিমিতি। অবলোককঃ অবলোকবিতুম, "বুণ্ তুমৌ ক্রিযাযাং ক্রিযার্থাযাম্" ইতি বুণ্ ॥৩১॥
ভার্য্যেতি। গুরুষ শশুবং পিতরঞ্চ। প্যু গোদীনো দির্মাব্পবিষ্টো ॥৩২॥
ভত ইতি। স্মু বাং প্ত্রবধ্ম। হে স্কৃতগে। ভাগ্যবতি।॥৩৩॥
সেতি। গুরুং শশুরম্। স ভৃগুদ্দ প্রসাদমন্ত্রহং চকাব ॥৩৪॥
খতাবিতি। স্লাতে ভবতোঁ, পুংসোঃ প্রযোঃ স্বনায প্রসাদ ॥৩৫॥

রাজা! ঋচীক বিবাহ কবিলে পব একদিন মহর্ষি ভৃগু, ভার্য্যাব সহিত সেই ঋচীককে দেখিবাব জন্ম আগমন করিলেন এবং শ্রেষ্ঠ পুত্রকে দেখিয়া আনন্দিত ইইলেন ॥৩১॥

দেবগণপূজিত পিতা ভৃগু উপবেশন কৰিলে, পতি ও পত্নী উভয়েই তাঁহাকৈ পূজা করিয়া কৃতাঞ্চলি হইযা তাঁহাৰ সন্মুখে উপবেশন কৰিলেন ॥৩২॥

তাহাব পৰ ভগবান্ ভৃগু আনন্দিত হইয়া পুত্ৰবধূকে বলিলেন —"ভাগ্যবতি ! তুমি বৰ গ্ৰহণ কর, আমি তোমাৰ অভীষ্ট বস্তু দান কৰিব"॥৩৩॥

তখন সেই পুত্রবধ্, নিজের ও নিজনাতাব পুত্রেব জন্ম শ্বগুৰকে প্রদন্ন কবিলেন ; শ্বগুরুও প্রদন্ন হইলেন ॥৩৪॥

'ভৃগু বলিলেন—"তুনি ও তোমাব মাতা ছই জনেই ঋতুস্নান কবিয়া পুত্র প্রসব কবিবার জ্ঞা পুথক্ পুথক্ ভাবে ছইটা বৃক্ষকে আলিসন কবিবে—তোমার মাতা অহথবৃদ্ধকে এবং তুনি উদুধরবৃক্ষকে ॥৩৫॥ প্রাশিতব্যং প্রযত্নেন চেক্যুক্ত্বাহদর্শনং গতঃ।
আলিঙ্গনে চবৌ চৈব চক্রভুস্তে বিপর্য্যম্ ॥৩৭॥
ততঃ পুনঃ দ ভগবান্ কালে বহুতিথে গতে।
দিব্যজ্ঞানাদ্বিদিত্বা তু ভগবানাগতঃ পুনঃ ॥৩৮॥
অথোবাচ মহাতেজা ভৃগুঃ দত্যবতীং স্কুষাম্।
উপযুক্তশ্চকর্ভদ্রে! ব্রক্ষে চালিঙ্গনং কৃতম্ ॥৩৯॥
বিপবীতেন তে স্কুল্রু। মাত্রা চৈবাদি বঞ্চিতা।
ভ্রাহ্মণঃ ক্ষত্রবৃত্তিবৈ তব পুত্রো ভবিশ্বতি ॥৪০॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

চর্নিতি। বিশং জগৎ, আবর্ত্তবিদ্বা অন্তসদ্ধাৰ, উপাদানসংগ্রহার্থমিতি ভার: ॥୬৬॥
প্রেতি। প্রাশিতব্যং ভোক্তব্যম্। চবে চক্তব্যুণ। তে জননীতনয়ে ॥୬৭॥
তত ইতি। স ভৃঞ:, ভগবান্ মাহাত্মাবান্, স্থপোজে!ৎপত্তো ভগবান্ যত্নবাংশ্চ ॥৬৮॥
অথেতি। হে স্কুল্ল। তে দ্বন্ধা, বিপরীতেন ভাবেন, চক্ষঃ, উপযুক্তো ভক্ষিতঃ, বৃক্ষে
চালিঙ্গনং কৃত্যম্। বঞ্চিতাসি বিপর্যযোপদেশেনেতি ভাবঃ। বাদ্ধণো জাত্যা ॥০৯—৪০॥

ভাবতভাবদীপঃ

অবলোককোহবলোকনার্থী ॥৩১—৩৫॥ বিখং বিবাটপুরুবমাবর্ত্তবিদ্বা মৃত্যু ত্রন্থসন্ধায এতয়োশ্চর্কোর্জন্মন বিশ্বস্থাইতুল্যে পুত্রো ভবিষ্ণত ইতি ভাবঃ ॥২৬॥ তে উভে প্রতীত্যুক্তেতীকারলোপঃ
সন্ধির্বা আর্বঃ, আলিঙ্গনে অশ্বথোডুধরবোঃ ॥২৭ ৪৬।

ইতি শ্রীমহাভাবতে বনপর্ববি নৈলক্ষীষে ভাবতভাবদীপে বগ্গবতিতমোহধ্যায়ঃ ॥৯৬॥

ভদ্ৰে! আমি তোমাব ও তোমাব জ্বননীব জন্ম বিশ্ববন্ধাণ্ড অনুসন্ধান কবিযা যত্নপূৰ্ববৈক এই তুই ভাগ চক নিৰ্মাণ করিয়াছি ॥৩৬॥

তোমরাও ষত্নপূর্ব্বক ইহা ভক্ষণ কবিবে।" এই কথা বলিয়া ভৃগু অন্তর্হিত ইইলেন। এদিকে তাঁহাবা বৃক্ষ আলিঙ্গনে ও চকভক্ষণে বিপর্য্য করিলেন। (অর্থাৎ সত্যবতী অশ্বত্মক্ষকে এবং তাঁহাব মাতা উভুম্বববৃক্ষকে আলিঙ্গন কবিলেন; আব সত্যবতী তাঁহাব মাতার চক এবং তাঁহাব মাতা সত্যবতীব চক ভক্ষণ কবিলেন)॥৩৭॥

তাহাব পৰ বহুকাল অতীত হইলে, সংপৌত্রোংপাদনে যত্নশীল ভগবান্ ভৃগু দিব্যজ্ঞানে সেই বিপর্য্য জানিতে পাবিয়া পুনবায় আগমন কবিলেন ॥১৮॥

তৎপরে মহাতেজা ভৃগু পুত্রবধ্ সত্যবতীকে বলিলেন—"ভড়ে! তুমি বিপবীতভাবে চক ভক্ষণ ও বৃক্ষ আলিঙ্গন কবিয়াছ; স্থতবাং হে স্থুক্ষ! তোমার মাতাই তোমাকে বঞ্চনা কবিয়াছেন; অতএব তোমাব পুত্র ব্রাহ্মণ হইয়াও ক্ষত্রিযবৃত্তি হইবে"॥৩৯—৪০॥

বন-১২৫ (৮)

ক্ষতিয়া প্রাক্ষণাচারো মাতুন্তব স্থতো মহান্।
ভবিশ্বতি মহাবীর্য্যঃ সাধুনাং মার্গমাস্থিতঃ ॥৪১॥
ততঃ প্রসাদয়ামাস খশুরং সা পুনঃ পুনঃ।
ন মে পুত্রো ভবেদীদৃক্ কামং পোত্রো ভবেদিতি ॥৪২॥
এবমন্থিতি সা তেন পাণ্ডব! প্রতিনন্দিতা।
কালং প্রতীক্ষতী গর্ভং ধারয়ামাস যত্নতঃ ॥৪৩॥
জমদিয়িং ততঃ পুত্রং জজ্ঞে সা কাল আগতে।
তেজসা বর্চ্চসা চৈব যুক্তং ভার্গবনন্দনম্ ॥৪৪॥
স বর্দ্ধমানস্কেজন্বী বেদস্যাধ্যয়নেন চ।
বহুনুষীন্ মহাতেজাঃ পাণ্ডবেয়াত্যবর্ত্ত ॥৪৫॥

ভারতকৌমুদী

ক্ষত্রিয় ইতি। ক্ষত্রিবো জাত্যা। মার্গং পদ্বানং রীতিমিতার্থং, আন্থিত আন্তিতং ॥৪১॥
তত ইতি। সা পুত্রবধ্ং সত্যবতী। ঈদৃক্ ক্ষত্রিয়বৃত্তিং। কামং বরম্ ॥৪২॥
এবমিতি। তেন ভৃগুণা। প্রতিনন্দিতা অভিনন্দিতা ॥৪৩॥
ভ্রমদন্নিমিতি। জজ্ঞে জনবাসাস। তেজসা বান্দদীস্ত্যা, বর্চ্চসা কাস্ত্যা ॥৪৪॥
স ইতি। তেজস্বী বৃদ্ধিপ্রভাবশালী। অত্যবর্ত্তত অভিক্রান্তবান্ ॥৪৫॥

আর, তোমার মাতার পুত্র ক্ষত্রিয় হইয়াও ব্রান্সণাচাব, মহাত্মা, মহাবল ও সাধুপথাবলম্বী হইবে" ॥৪১॥

তাহার পর সত্যবতী বাব বাব এই কথা বলিয়া শ্বন্তবেব নিকট অনুনয় করিতে লাগিলেন যে, ''আমার পুত্র যেন এ প্রকার হয় না, ববং পৌত্র যেন হয'' ॥৪২॥

"এইবপই হউক" এই কথা বলিয়া ভৃগু সত্যবতীকে আনন্দিত কবিলেন। তাহাব পব সত্যবতী কাল প্রতীক্ষা করিতে থাকিয়া যত্নপূর্ব্বক গর্ভ ধাবণ কবিলেন ॥৪৬॥

তদনন্তব কাল উপস্থিত হইলে, সত্যবতী ভৃগুবংশেব আনন্দজনক এবং তেজ ও কান্তিসম্পন্ন 'জনদগ্নি'-নামক একটী পুত্র প্রসব কবিলেন ॥৪৪॥

পাণ্ড্নন্দন! সেই জ্বমদগ্নি বৃদ্ধি পাইতে থাকিয়া ক্রমে বুদ্ধিমান্ ও মহাতেজা হইয়া বেদাধ্যয়নদারা বহু ঋষিকে অতিক্রম কবিলেন ॥৪৫॥

⁽৪৩) দ্বিতীয়াৰ্দ্ধং বা ব কা পি নাস্তি।

তন্ত কৃৎস্নো ধনুর্ব্বেদঃ প্রত্যভাদ্তরতর্বভ ! ।
চতুর্বিবধানি চাস্ত্রাণি ভাস্কবোপমবর্চ্চসম্ ॥৪৬॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ববিনি
তীর্থবাত্রায়াং জমদগ্র্যুৎপর্ক্তো ধরবতিতমোহধ্যায়ঃ ॥০॥ #

- 040

সপ্তনৰতিতমোহধ্যায়ঃ।

一。赤。—

অকৃত্ত্রণ উবাচ।

স বেদাধ্যয়নে যুক্তো জমদগ্রির্মহাতপাঃ।
তপজ্যেপ ততো দেবান্ নিয়মাদশমানয়ৎ॥১॥
স প্রসেনজিতং বাজন্। অধিগম্য নবাধিপম্।
বেগুকাং বরয়ামাদ স চ তক্ষৈ দদৌ নৃপঃ॥২॥

ভাবতকৌমুদী

তমিতি। তং প্রতি, অভাৎ আবিবভবৎ। চতুর্বিধানি ছেদন-ভেদন-স্তম্ভন-সম্মোহন-জনকানি। ভাস্করোপমবর্চসং স্থাতুল্যতেজস্বম্ ॥১৬। ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাদসিদ্ধান্তবাদীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভারতটীকায়াং ভারতকোমূদীদমাখ্যাযাং বনপর্বাবি তীর্থ্যাতায়াং বর্ধবিতিতযোহধ্যাযঃ॥০॥

--:*:---

দ ইতি। যুক্তো ব্যাপৃতঃ। ততো নিষমাৎ তপত্যাত এব 🕪 । দ ইতি। প্রদেনজিতং তদাখামু। েপুকাং তন্নামীং কন্সাম্ ॥২॥

ভরতশ্রেষ্ঠ ! ক্রমশ: সমস্ত ধন্মর্কেদ ও চতুর্বিধ অস্ত্র সেই সূর্য্যতুল্য তেজস্বী জমদগ্রির হৃদয়ে প্রকাশ পাইল" ॥৪৬॥

--:*:---

অক্বতত্রণ বলিলেন—"মহাতপা জমদগ্নি বেদপাঠে প্রবৃত্ত থাকিয়া তপস্থা কবিতে লাগিলেন; তাহাতেই দেবগণকে বশে আনয়ন করিলেন ॥১॥

বাজা! তিনি একদা প্রসেনজিৎরাজাব নিকট যাইয়া তাঁহাব কন্তা বেণুকাকে প্রার্থনা কবিলেন ; প্রসেনজিৎও তাঁহাব হস্তে বেণুকাকে দান কবিলেন ॥২॥

^{* &#}x27;···পঞ্চদশাধিকশততমঃ···'—বা ব কা, '···বোড়শাধিকশততমঃ···'—পি নি।

বেণুকাং ত্বথ সম্প্রাপ্য ভার্য্যাং ভার্গবনন্দনঃ।

মাশ্রমস্থস্তরা সার্দ্ধং তপস্তেপেহনুকূলরা ॥৩॥

তস্তাঃ কুমারাশ্চত্বাবো জজ্ঞিবে বামপঞ্চমাঃ।

মর্বেরমাজঘন্তান্ত রাম আসীজ্জঘন্তালঃ ॥৪॥

ফলাহাবের সর্বেরর গতেরথ স্থতের বৈ।

রেণুকা স্নাতুমগমৎ কদাচিন্নিয়তত্রতা ॥৫॥

সা তু চিত্রবথং নাম মার্ভিকাবতকং নৃপম্।

দদর্শ রেণুকা বাজনাগচহন্তী যদৃচ্ছরা ॥৬॥

ক্রীড়ন্তং সলিলে দৃষ্ট্বা সভার্য্যং পদ্মমালিনম্।

ঝাদ্ধিমন্তং ততন্তস্তা স্পৃহরামাস বেণুকা ॥৭॥

ব্যভিচারাচ্চ সা তত্মাৎ ব্লিন্নাহন্তসি বিচেতনা।

প্রবিবেশাশ্রমং ত্রন্তা তাং বৈ ভর্ত্যহন্তর্ব্বাত ॥৮॥

ভাবতকৌমুদী

রেণুকামিতি। ভার্গবনন্দন: স জমদন্ধি:। অন্তর্কুন্যা বশবর্তিক্যা । ।।
তক্তা ইতি। কুমাবা: পুতা:, রাম: পঞ্চমো যেবাং তে। অজবক্তা গুণৈবনিক্ট উৎকৃষ্টা
এবেতার্থ, জঘক্তাজা অস্তাজাতা, ''জঘক্তাহয়েতাহধমেহলি চ'' ইতামব: ॥॥

ফলেতি। ফলানামাহাবেষু আহবণেষু। ব্যক্তিভেদেন ক্রিযাভেদাছছবচনম্ 🛍

সেতি। মৃত্তিকাহস্তান্তি মৃত্তিকাবান্ প্রশন্তমৃত্তিকো দেশস্তস্তায়মিতি মার্ত্তিকাবতঃ, ততঃ সংজ্ঞাবাং কপ্রত্যায়ন্তম্, যদৃচ্ছযা সহলশৃশুত্বত্যা গমনপ্রসঙ্গেনেত্যর্থঃ ॥৬॥

ক্রীভস্তমিতি। দৃষ্ট্রা তীরপথেনাগমনসময় ইত্যাশয:। পদ্মগালিনং হেমপদ্মমালালিবিতক্ঠন, ঋদ্ধিমস্তং কান্তিসম্পদ্যক্রম্, তত ঋদ্ধিমন্তাদেব ॥৭॥

তাহাব পব ভার্গবনন্দন জমদগ্নি বেণুকাকে ভার্য্যা পাইয়া আশ্রমে থাকিয়া সেই অমুকুলা ভার্য্যাব সহিত তপস্তা কবিতে লাগিলেন ॥৩॥

ক্রমে রেণুকাব পাঁচটা পুত্র জন্মিল; তাঁহাদের মধ্যে বাম ছিলেন—পঞ্চম; কিন্তু বাম বয়দে সর্ববিকনিষ্ঠ হইয়াও গুণে সর্বোপেক্ষাই উৎকৃষ্ট ছিলেন ॥৪॥

তাহাব পব কোন সময়ে পুত্রেরা সকলে ফলাহবণ করিবার জন্ম বাহিবে গেলে, ব্রতপ্রবায়ণা বেণুকা স্নান করিতে গেলেন ॥৫॥

বাজা। সেই রেণুকাদেবী স্নান কবিয়া আসিবার সময়ে যদৃচ্ছাক্রমে মার্ত্তিকাবত-দেশের বাজা চিত্রবথকে দেখিলেন ॥৬॥

বেণুকাদেবী (তীবপথ দিয়া আসিবাব সময়ে) স্বর্ণপদ্মেব মালাধারী ও পবমস্থন্দব চিত্রবথকে জলেব ভিতবে ভার্য্যাব সহিত ক্রীড়া কবিতে দেখিয়াই তাঁহাব উপবে কামস্পৃহা করিলেন ॥৭॥ দ তাং দৃষ্ট্বা চ্যুতাং ধৈর্য্যাদ্রাক্ষ্যা লক্ষ্যা বিবর্জিতাম্। ধিক্শব্দেন মহাতেজা গর্হয়ামাদ বীর্যুবান্ ॥৯॥ ততো জ্যেটো জামদয্যো রুমধান্ নাম নামতঃ। আজগাম স্থান্দেচ বস্থবিশ্বাবস্থক্তথা ॥১০॥ তানানুপূর্ব্যা ভগগান্ বধে মাতুবচোদয়ৎ। ন চ তে জাতদংক্ষেহাঃ কিঞ্চিদূচ্বিচেতদঃ ॥১১॥ ততঃ শশাপ তান্ ক্রোধাতে শপ্তাশ্চেতনাং জহুঃ। ম্যুপক্ষিসধর্ম্মাণঃ ক্ষিপ্রমাসন্ জড়োপমাঃ ॥১২॥ ততো রামোহভায়াৎ পশ্চাদাশ্রমং পববীবহা। তমুবাচ মহাবাহুর্জমদ্যির্মহাতপাঃ ॥১৩॥

ভারতকৌমুদী

ব্যভীতি। অন্তদি ক্লিয়া আর্শ্রীভূতদেহা "ক্লিদ্ আর্শ্রীভাবে" ইতি ধাত্বর্থায়সাবাৎ তদানীমপ্যপ্রোঞ্চিতগাত্তীতার্থঃ, সা বেণুকা, তন্মাৎ স্থন্দবপবপ্রক্ষস্পহারপাত্যভিচাবাদেব, বিচেতনা
কামমুখা, অতএব ত্রস্তা চ সতী আশ্রমং প্রবিবেশ। ভর্তা জমদগ্রিন্চ তাং তাদৃশীম, অন্বর্ধাত,
কন্সবোমাঞ্চাদিসাত্তিকভাবদর্শনাদিতি ভাবঃ ॥৮॥

স ইতি। ব্রাক্ষ্যা লক্ষ্যা চিবধীরত্বরূপয়া শ্রিষা। বীর্য্যবান্ তপসা বলবান্ । ॥
তত ইতি। জামদগ্রো জমদগ্রিপূত্রঃ। স্থবেণাদয়ণ্চ জামদগ্রা এব ॥১০॥
তানিতি। আমুপূর্ব্যা জ্যেষ্ঠক্রমেণ। ভগবান্ জমদগ্রিঃ। বিচেতসঃ স্নেহাদেব মৃগ্ধাঃ॥১১॥
তত ইতি। শশাপ জমদগ্রিঃ। চেতনাং মহয়োচিতং প্রকৃষ্টচৈতক্তম, জহুঃ তত্যজুঃ। মৃগাণাং
পশ্নাং পক্ষিণাঞ্চ সমানো ধর্মো যেবাং তে, পশুপক্ষিতৃস্যা ইত্যর্থঃ॥১২॥

জলে আর্দ্রদেহা বেণুকা সেই ব্যভিচাববশতই মুগ্ধা ও ত্রস্তা হইয়া আশ্রমে প্রবেশ করিলেন ; কিন্তু জমদগ্নি তাঁহাকে বুঝিয়া ফেলিলেন ॥৮॥

মহাতেজা ও তপঃপ্রভাবসম্পন্ন জমদগ্নি রেণুকাকে ধৈর্য্যচ্যুত ও ব্রাহ্মশ্রীবিহীন দেখিয়া ধিক ধিক শব্দে নিন্দা কবিতে লাগিলেন ॥১॥

তাহাব পৰ জমদগ্লিব জ্যেষ্ঠপুত্ৰ কমথান্, দ্বিতীয় পুত্ৰ স্থাবণ, তৃতীয় পুত্ৰ বস্তু ও চতুৰ্থ পুত্ৰ বিশ্বাবস্থ আশ্ৰমে আসিলেন ॥১ -॥

তখন জমদগ্নি জ্যেষ্ঠক্রমে তাঁহাদিগকে মাতৃবধে প্রণোদিত করিলেন; কিন্তু প্রবল স্নেহ উপস্থিত হওয়ায় আকুল হইয়া তাঁহাবা কিছুই বলিলেন না ॥১১॥

তথন জমদগ্নি ক্রোধবশতঃ তাঁহাদিগকে অভিসম্পাত করিলেন; তাহাতে তৎক্ষণাৎ মনুষ্মযোগ্য চৈতন্ম ত্যাগ কবিলেন এবং পশু-পক্ষীব সমান হইয়া জড়েব মত থাকিলেন ॥১২॥

⁽১১)---জাতসমোহাঃ---পি।

জহীমাং মাতবং পাপাং মা চ পুত্র ! ব্যথাং কুথাঃ ।
তত আদায় পবশুং রামো মাতুঃ শিরোহহবৎ ॥>৪॥
ততন্তস্য মহারাজ ! জমদগ্রেম্হাত্মনঃ ।
কোপোহভ্যগচ্ছৎ সহসা প্রসনশ্চাত্রবীদিদম্ ॥>৫॥
মমেদং বচনাত্তাত ! কুতং তে কর্ম হৃষ্ণরম্ ।
র্ণীয় কামান্ ধর্মজ্ঞ ! যাবতো বাঞ্চ্পে হৃদা ॥>৬॥
স বত্রে মাতুরুত্থানমস্মৃতিঞ্চ বধস্য বৈ ।
পাপেন তেন চাম্পর্মং জাতুণাং প্রকৃতিং তথা ॥>৭॥
অপ্রতিদ্বন্দ্রতাং যুদ্ধে দীর্ঘমাযুশ্চ ভাবত !।
দদ্দে চ সর্বান্ কামাংস্তান্ জমদগ্রিম্হাতপাঃ ॥>৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। অভ্যমাদাগচ্ছং। প্ৰবীৰহেতি ভাৰিনি ভূতবহুপচাবাহুক্তম্ ॥১৩॥
জহীতি। পাপামিত্যনেন ৰধাৰ্হতা স্থচিতা। তপঃপ্ৰভাৰাৎ কামদাতা পিতা নিৰিবাদমাদেশপালনাৎ প্ৰসন্ধঃ পুনরপ্যেনাম্জীৰ্ষিয়তীতি মহৈব ৱামো মাতৃহত্যায়াং প্ৰকৃত্ত ইতি
ৰোধ্যম্ ॥১৪॥

তত ইতি। অভ্যগচ্ছৎ তিরোহভবৎ। প্রসন্ধান নিবিবাদমাদেশপালনাদিতি ভাবঃ ॥১৫॥
মমেতি। তে ত্বা। পিতৃবাদেশশু সর্বাধা পালনীযত্তজানাত্ত্মহাজেতি সম্বোধনম ॥১৬॥
স ইতি। তেন মাতৃহত্যাক্বতেন। প্রকৃতিং স্বভাবম্। কামান্ অভীট্রবিষ্ণান্ ॥১१—১৮॥
ভাবতভাবদীপঃ

স বেদেতি ॥১—১॥ ততন্তস্ত স্পৃহ্যামাস তমৈছেং ॥৭॥ অস্তুসি স্বস্থেব ক্লিরা ক্রতা। তথা চোক্তং—''স্থান্ববং পুরুষং দৃষ্টা ভাতবং পিতরং স্থতম্। যোনিপ্র'বতি নাবীণাং সত্যং

তদনস্তব বিপক্ষবীবহস্তা বাম সকলের পরে আশ্রমে আসিলেন; তখন মহাবাছ ও মহাতপা জমদগ্নি তাঁহাকে বলিলেন—॥১৩॥

"পুত্র! তোমাব এই পাপিষ্ঠা মাতাকে বধ কব, ছঃখ কবিও না।" তাহার পব বাম কুঠাব লইয়া মাতার শিবশ্ছেদ করিলেন ॥১৪॥

মহাবান্ধ! তাহাব পৰ তখনই সেই মহাত্মা জমদগ্নিৰ ক্ৰোধ নিবৃত্তি পাইল এবং তিনি প্ৰদন্ন হইযা এই কথা বলিলেন—॥১৫॥

'বংস! তুমি আমাব আদেশমাত্রেই এই হুচ্চর কার্য্য কবিয়াছ; অতএব তুমি মনে যতগুলি বিষয় ইচ্ছা কব, তাহাই বব লও' ॥১৬॥

মাতাব জীবিত হইযা উত্থান, তাঁহাব সেই হত্যা শ্বৰণ না কৰা, আপনাতে সেই পাপস্পৰ্শ না হওযা, ভাতাদেব স্বাভাবিক অবস্থা এবং নিজের যুক্ষে কণাচিত্ত, তথৈবাস্থা বিনিক্রান্তাঃ স্থতাঃ প্রভা ।।
অথানূপপতির্বীবঃ কার্ত্তবীর্য্যোহভারর্ত্তত ॥১৯॥
তমাশ্রমপদং প্রাপ্তয়্মবর্ভার্য্যা সমার্চয়ৎ ।
স যুদ্ধমদসন্মত্তো নাভ্যনন্দত্তথার্চ্চনম্ ॥২০॥
প্রমথ্য চাশ্রমান্তস্মাদ্ধোমধেনোস্ততো বলাৎ ।
জহার বৎসং ক্রোশস্ত্যা বভঞ্জ চ মহাক্রমান্ ॥২১॥
আগতায় চ বামাষ তদাচফী পিতা স্বয়ম্ ।
গাঞ্চ বোরুদতীং দৃষ্ট্যা কোপো বামং সমাবিশৎ ॥২২॥
স মৃত্যুবশমাপন্নং কার্ত্তবীর্যয়পাদ্রবৎ ।
তস্থাথ যুধি বিক্রম্য ভার্গবঃ পববীবহা ॥২৩॥

ভাবতকৌমুদী

কদাচিদিতি। তথৈৰ ফলাহৰণাৰ্থমেৰ। অনুপপতিঃ সমুদ্ৰজলপ্ৰাযদেশস্ত রাজা ॥১৯॥ তমিতি। তং কাৰ্দ্ধবীৰ্য্যম্। ঝৰেৰ্ডাৰ্য্যা বেণুকা, সমাৰ্চ্চযৎ আতিথ্যেন ॥২০॥ প্ৰমথ্যেতি। প্ৰমণ্য হোমধেন্থমেৰ নিপীভ্য। ক্ৰোশস্ত্যা আৰ্দ্ধনাদং কুৰ্বভাাঃ ॥২১॥ আগতাবেতি। আচষ্ট উক্তবান্, পিতা জমদগ্নিঃ। বোকদতীং ভূশং ক্ৰুদন্তীম্ ॥২২॥

অপ্রতিদ্বন্তা ও দীর্ঘ আযু—এই সকল বব বাম চাহিলেন ; মহাতপা জমদগ্নিও সেই সমস্ত ববই দিলেন ॥১৭ —১৮॥

রাজা! তাহাব পব কোন সময়ে জমদগ্নিব পুত্রগণ সেই ফলাহবণেব জন্মই নির্গত ইইয়া গেলেন; এমন সময়ে সমুদ্রেব তীবদেশেব রাজা কার্ত্তবীর্যার্জ্জ্ন সেই আশ্রমে আসিলেন ॥১৯॥

তখন বেণুকাদেবী সেই আশ্রমাগত বাজার যথোচিত সংকাব কবিলেন ; কিন্তু যুদ্ধমদমন্ত রাজা তাহাতে সন্তুষ্ট হইলেন না ॥২০॥

কিন্তু তিনি উৎপীড়ন করিয়া সেই আশ্রম হইতে বলপূর্বক হোমধেন্তুব বংসটীকে হবণ করিলেন, তখন হোমধেনুটি আর্ত্তনাদ কবিতে লাগিল; আবাব তিনি আশ্রমের উত্তম বৃক্ষগুলিকেও ভগ্ন কবিলেন ॥২১॥

তাহার পব রাম আশ্রমে আসিলে, জমদণ্ণি নিজেই তাহাব নিকট সেই বৃত্তান্ত বলিলেন; তাহা শুনিয়া এবং হোমধেনুকে আর্ত্তনাদ কবিতে দেখিয়া বামেব ক্রোধ জন্মিল ॥২২॥

তাহাব পব বিপক্ষবীবহস্তা বাম, আসন্নমৃত্যু কার্গুবীর্য্যার্জ্জ্নের দিকে ধাবিত হইলেন এবং মনোহর ধন্ন ধাবণ কবিয়া যুদ্ধে বিক্রমপ্রকাশপূর্বক নিশিত ভল্ল-সমূহ দ্বাবা কার্গুবীর্য্যার্জ্জ্নেব পবিষতুলা সহস্র বাহু ছেদন করিলেন। বাজা! চিক্তেদ নিশিতৈউলৈবাঁহুন্ পরিষদনিভান্।
সহস্রদন্মতান্ রাজন্! প্রগৃহ্ম রুচিরং ধরুঃ।
অভিভূতঃ স রামেণ সংযুক্তঃ কালধর্মণা ॥২৪॥ (যুগ্মকম্)
অর্জ্জনন্তাথ দায়াদা বামেণ কৃতমন্তবঃ।
আশ্রমন্থং বিনা রামং জমদগ্রিমুপাদ্রবন্ ॥২৫॥
তে তং জন্মুর্যহাবীর্য্যমযুধ্যক্তং তপন্দিনম্।
অসকুদ্রাম রামেতি বিক্রোশন্তমনাথবং ॥২৬॥
কার্ত্ববীর্য্যন্থ পুত্রাস্ত জমদগ্রিং যুধিষ্ঠির!।
পীড়বিত্বা শরৈর্জগার্মথাগতমরিন্দমাঃ॥২৭॥
অপক্রান্তের্ চৈতর্ জমদগ্রে তথা গতে।
স্মিৎপাণিক্রপাগ্যন্থামং ভৃত্তনন্দনঃ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। উপাদ্রৰ অভ্যধাবং। অভিভূত: আক্রান্ত: স কার্তবীর্যা, কালা কলনমের ধর্মে।

যন্ত তেন মৃত্যুনা সংযুক্ত: মমারেতার্থ:। পরশোক: বটুপাল: 1২৩—২৪1

অব্ধ্নন্তোতি। দায়াদা: পুঝা:। কুতো মহা: ক্রোধো যেবাং তে 1২৫।

ত ইতি। তপদ্বিনং তপপ্রের্ভ্য্। অতএবাভিশাপালপি নির্ভমিতি ভাব: 1২৬।

কার্তবীর্ত্তিতি। সম্যুত ইতি গতং ছানং যথাগতং যথাহান্য্ 1২৭।

অপেতি। তথা মৃত্যুবশং গতে সতি। ভূত্যুনদনো রাম: 1২৮।

এইভাবে রামকর্তৃক আক্রান্ত হইয়া কার্ত্তবীর্য্যার্জ্ন মৃত্যুমুখে পতিত হইলেন ॥২০—২৪॥

তদনন্তর কার্ত্তবীর্য্যার্জ্নের পুত্রেরা বামের প্রতি ক্রুদ্ধ হইয়া—রাম যখন আশ্রমে ছিলেন না, দেই সময়ে আশ্রমন্থিত জমদন্মির প্রতি ধাবিত হইল ॥২৫॥

তথন জমদন্তি বলবান্ হইয়াও তপস্থায় প্রবৃত্ত ছিলেন বলিয়া যুক্ত করিলেন না কেবল অনাথের স্থায় বার বার 'বাম' 'রাম' বলিয়া আর্ত্তনাদ কবিতে থাকিলেন : সেই অবস্থায়ই কার্ত্তবীর্যার্জ্জনের পুত্রেরা তাঁহাকে বধ কবিল ॥২৬॥

যুধিষ্ঠিব! শক্রহম্ভা অর্জুনপুত্রগণ বাণদ্বাবা জমদগ্লিকে বধ করিয়া যথাস্থানে চলিয়া গেল ॥২৭॥

তাহাবা চলিয়া গেল, জমদগ্লিরও মৃত্যু হইলে, বাম সমিধ লইয়া আশ্রমে আসিলেন ॥২৮॥ স দৃষ্ট্বা পিতবং বীবস্তথা মৃত্যুবশং গতম্। অনর্হন্তং তথা ভূতং বিললাপ স্কন্থঃখিতঃ ॥২৯॥ ইতি শ্রীমহাভাবতে শতসাহস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং জমদগ্রিবধে সপ্তনবতিতমোহধ্যায়ঃ ॥০॥ *

---°#°---

অষ্টনবভিতমোহধ্যায়ঃ।

---°#°---

রাম উবাচ।

মমাপবাধান্তিঃ ক্ষুদ্রৈর্ছতক্ত্বং তাত। বালিশৈঃ। কার্ত্তবীর্ঘ্যন্ত দায়াদৈর্বনে মৃগ ইবেষুভিঃ॥>॥ ধর্মজ্জন্ম কথং তাত। বর্ত্তমানক্ষ সৎপথে। মৃত্যুবেবংবিধাে যুক্তঃ দর্ববভূতেম্বনাগদঃ॥২॥

ভাবতকৌমূদী

স ইতি। অনর্হস্তং তপস্থিত্রাহ্মণত্বাত্তাদৃশমূত্যোব্যোগ্যম্, তথা ভূতং ভূপতিতম্ ॥২০॥ ইতি মহামহোপাধ্যাম-ভাবতাচার্য্য-মহাক্বি পদ্মভূষণ-শ্রহিরিদাসনিকান্তবাদীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকায়াং ভারতকোম্শীসমাথ্যাযাং বনপর্বণি তীর্থ্যাত্রামাং সপ্তনবতিত্যোহধ্যায়ঃ ॥১॥

--:+:--

বিলাপপ্রকাবমাহ —মমেতি। বালিশৈম্ থৈঃ, প্রাপ্রাধেন প্রহ্ননাদিত্যাশ্যঃ ১১০ ভাবতভাবদীপঃ

সত্যং জনাদ্দন। ॥" ইতি ॥৮—২৩॥ কাল্ধর্মণা মৃত্যুন। ॥२৪ – ২৮॥ ভার্য্যাবধদোবাৎ স্বম্পি তাদৃশ্যেব মুরণং প্রাপেত্যাশ্যঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্কনি নৈন্কন্তীষে ভাবতভাবদীপে সপ্তনবতিত্যোহ্ধ্যায়ঃ 📭 😘

পিতা জমদন্নি সেইৰূপ মৃত্যুব অযোগ্য ছিলেন, তথাপি তিনি মৃত ও ভূতল-পতিত রহিয়াছেন ইহা দেখিয়া বীব রাম অত্যন্ত ছংখিত হইয়া বিলাপ কৰিতে লাগিলেন" ॥১৯॥

বাম বলিলেন—"পিতঃ। স্কুত্প্রকৃতি এবং মূর্থ নেই কার্ত্তবীর্য্যপুত্রেবা আমাবই অপবাধে বনেব ভিত্তবে হবিণেব স্থায় আপনাকে বাণদ্বাবা বধ কবিয়া গেল । ॥১॥

^{* &#}x27;···বোডশাধিকশততমং···'—বা ব কা, '·· সপ্তদশাধিকশততমং···'—পি নি ৷ বন-১২৬ (৮)

কিং নু তৈর্ন কৃতং পাপং যৈর্ভবান্ তপদি স্থিতঃ।

অযুধ্যমানো ব্লন্ধঃ দন্ হতঃ শরশতৈঃ শিতৈঃ॥৩॥

কিং নু তে তত্র বক্ষান্তি সচিবেয়ু স্বন্ধংস্ক চ।

অযুধ্যমানং ধর্মজ্জমেকং হত্বাহনপত্রপাঃ॥৪॥

বিলপ্যৈবং সকরুণং বহু নানাবিধং নূপ।।

প্রেতকার্য্যাণি সর্ববানি পিতুশ্চক্রে মহাতপাঃ॥৫॥

দদাহ পিতবঞ্চাগ্রো বামঃ পবপুরপ্তরঃ।

প্রতিজ্জে বধঞ্চাপি সর্বক্ষত্রস্থ ভাবত।॥৬॥

সংক্রেক্ষোহতিবলঃ সংখ্যে শস্ত্রমাদায় বীর্য্যবান্।

জন্মিবান্ কার্তবীর্যাস্থ স্থতানেকোহস্তকোপমঃ॥৭॥

ভাবতকোমুদী

ধর্মেতি। কথং যুক্তা, অপি তু কথমপি নেতার্থা। অনাগসো নিবপবাধস্ত ॥২॥
কিমিতি। কিং পাপং ন কতং হা, অপি তু সর্বাং পাপমেব কতমিতার্থা ॥৩॥
কিমিতি। তত্ত স্ববাজধাত্তাম্। অনপত্তপা নির্লজ্জাং ॥৪॥
বিলপ্যেতি। বহু প্রচুরম্। মহাতপা বামং ॥৫॥
দদাহেতি। অগ্নো তদীযশ্রোতাগ্নো, তদর্থমেবাগ্নিপদোপাদানাৎ ॥৬॥
সংক্রেক্ক ইতি। অতিবলং সাতিশ্যকাধিকবশবান, বীর্যাবান্ মানসিকবল্বাংশ্চ ॥१॥

হা পিতঃ। আপনি ধর্মজ্ঞ ছিলেন, চিবদিন সংপথে বহিয়াছিলেন এবং সকল প্রাণীর প্রতিই নিরপরাধ ছিলেন; স্থুতবাং আপনাব এই প্রকাব মৃত্যু কি সঙ্গত হইয়াছে।॥॥

আপনি বৃদ্ধ, তাহাতে আবাব তপস্থায প্রবৃত্ত ছিলেন; যুদ্ধ কবিতেছিলেন না, এই অবস্থায় যাহারা নিশিত বাণসমূহদ্বাবা আপনাকে বধ কবিয়া গিয়াছে, তাহাবা কোন পাপ না কবিয়াছে ? ॥ ॥

আপনি যুদ্ধ কবিতেছিলেন না, অথচ ধর্মজ্ঞ ও একাকী ছিলেন; এই অবস্থায আপনাকে বধ কবিয়া রাজধানীতে যাইয়া সেই নির্লজ্জ পাপিষ্ঠেবা মন্ত্রিগণ ও বন্ধুগণেব নিকট কি বলিবে!"॥॥

বাজা! মহাতপা বাম এইবাপ নানাবিধ বহুতব সককণ বিলাপ করিয়া পিতার সমস্ত প্রেতকার্য্য কবিলেন ॥৫॥

ভবতনন্দন শক্রনগববিজয়ী বাম তাঁহাব পিতাকে (শ্রোত) অগ্নিতে দাহ কবিলেন, ভাহাব পব সমস্ত ফত্রিয়-বধেব প্রতিজ্ঞা কবিলেন ॥৬॥

⁽e) লালপ্যৈবম্—বাবকা।

তেষাঞ্চানুগতা যে চ ক্ষত্রিয়াঃ ক্ষত্রিয়র্যন্ত ।।
তাংশ্চ সর্বানবামূদ্বাদ্রামঃ প্রহরতাং বরঃ ॥৮॥
ত্রিঃসপ্তকৃত্বঃ পৃথিবীং কৃত্বা নিংক্ষত্রিয়াং প্রভূঃ ।
সমস্তপঞ্চকে পঞ্চ চকাব বৌধিরান্ হ্রদান্ ॥৯॥
স তেয়ু তর্পরামাস পিত্বন্ ভ্গুকুলোদ্বহঃ ।
সাক্ষাদ্দদর্শ চচ্চীকং স চ বামং অবারয়ৎ ॥১০॥
ততো যজেন মহতা জামদগ্রঃ প্রতাপবান্ ।
তর্পরামাস দেবেক্রমৃত্বিগ্ ভ্যঃ প্রদদৌ মহীম্ ॥১১॥
বেদীঞ্চাপ্যদদদ্বৈমীং কশ্যপায় মহাত্মনে ।
দশব্যামাযতাং কৃত্বা নবোৎ দেধাং বিশাংপতে । ॥১২॥

ভাবতকোমুদী

তেবামিতি। অবামৃদ াৎ অবমন্দিতবান্, প্রহবতাং যোদ্বহুণাম্ ॥৮॥
বিবিতি। বিঃসপ্তকৃত্ব একবিংশতিবাবম্। সমস্তপঞ্চকে তদাখ্যে স্থানে ॥२॥
স ইতি। স্বচীকং নাম স্বপিতামহম্। অবাবযৎ ক্ষব্রিযবধাদিতি শেবঃ ॥১০॥
তত ইতি। মহীং জয়লকাং ভূমিম্, জয়েন জিতন্তব্যে স্বত্যোদ্যাৎ ॥১১॥

বেদীমিতি। হৈনীং স্বৰ্ণনয়ীম্। ব্যামো হস্তচতুষ্ট্যম্, ''ব্যামো বাহ্বোঃ সকরঘোস্ততযো-ন্তির্যাগন্তবম্" ইতামবঃ। দশব্যামায়তাং চন্দাবিংশদ্বস্তদীর্ঘাম্, বিস্তাবেহণি তাবতীমেব, সমান-চতুদোণবেক্তাঃ প্রসিদ্ধন্থাৎ, নবোৎসেধাং নবব্যামোন্নতাং বট্জিংশদ্বস্তোচ্চামিতার্থঃ ॥১২॥

ভাৰতভাবদীপঃ

মমেতি ॥১—১১॥ দশব্যামাযতাং ব্যামো হস্তচতুইয়ম্, চছারিংশদ্ধস্তায়ামবিস্তাবাম্, নবোৎ-দেধাং বটুবিংশদ্বস্তোজ্ঞাযাং চেত্যর্থ:। ব্যাযামেতি প্রমানপাঠ:॥১২॥ খণ্ডশঃ খণ্ডানি

অত্যন্ত দৈহিকবল ও মানসিকবলশালী বাম ক্রুদ্ধ হইয়া, অন্ত লইয়া, যমেব তায় একাকীই যাইয়া, যুদ্ধে কার্ত্তবীর্য্যার্জ্নের পুত্রদিগকে সংহাব কবিলেন ॥৭॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ ! যে সকল ক্ষত্রিয তাহাদেব অনুগত ছিল, যোদ্ধশ্রেষ্ঠ বাম তাহাদেব সকলকেও বিনাশ করিলেন ॥৮॥

প্রভাবশালী বাম এইভাবে একুশ বাব পৃথিবীকে নিঃক্ষত্রিয় কবিয়া (কুক্দেত্রের অন্তর্গত) সমন্তপঞ্চকে পাঁচটা কধিবেব হুদ করিলেন ॥১॥

ভৃগুকুলশ্রেষ্ঠ বাম সেই হ্রদগুলিতে পিতৃলোকের তর্পণ কবিলেন এবং নিজের পিতামহ খাচীককে প্রত্যক্ষ দেখিলেন; তখন খাচীক রামকে ক্ষত্রিযবিনাশ হইতে নিবারণ কবিলেন ॥১০॥

তাহার পব প্রতাপশালী বাম এক মহাযজ্ঞ কবিয়া দেববাজকে সন্তুষ্ট কবিলেন এবং পুরোহিতকে ভূমি দান কবিলেন ॥১১॥ তাং কশ্যপস্থানুমতে ব্রাহ্মণাঃ খণ্ডশস্তদা।
ব্যভজংস্তেন তে বাজন্। প্রখ্যাতাঃ খাণ্ডবাঘনাঃ ॥>০॥
স প্রদায মহীং তথ্যৈ কশ্যপায মহাত্মনে।
তপঃ স্থমহদাস্থায় ক্তিয়ান্তকবো নৃপ!।
অস্মিন্ মহেন্দ্রে শৈলেন্দ্রে বসত্যমিতবিক্রমঃ ॥>৪॥
এবং বৈবমভূত্তস্থ ক্ষত্রিয়েলে কিবাসিভিঃ।
পৃথিবী চাপি বিজিতা বামেণামিততেজসা ॥>৫॥
বৈশম্পাযন উবাচ।
তত্তশ্রভূদিশীং রামঃ সম্যেন মহামনাঃ।

ভাবতকোমুদী

দশ্যামাস তান বিপ্রান্ ধর্ম্মবাজঞ্চ সাকুজয় ॥১৬॥

তামিতি। থগুশা থগুনি থগুনি কৃষা। ব্যভদন্ বিভদ্য গৃহীতবস্তঃ ॥১০॥
স ইতি। মহীং জ্বলকাং পৃথিবীম্। পূর্বেত্র ঋষিগ্ভ্যো যজ্ঞানিজনাকণেণ পৃথিবায়া কিয়দংশদানম্, অত্ত তু তদিতবসমগ্রপৃথিবীদানমিতাবিবোধঃ। আস্থায় অবলম্বা, ক্ষত্রিয়াস্তকবো রামঃ। অনেন চ প্রবদ্ধেন বামে যুদ্ধবীবস্বং দানবীবস্বং ধর্মবীবস্বংঞ্চি ত্র্যমেব দশিতমন্থ্যমেষ্ম্। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥১৪॥

উপদংহরতি—এবমিতি। তশু বাসশু ॥১৫॥ তত ইতি। চতুর্দশীং প্রাপ্যেতি শেষঃ। সময়েন নির্দিষ্টবেল্যা ॥১৬॥

এবং নবনাথ। দৈর্ঘ্যে ও বিস্তাবে চল্লিশ হাত এবং উচ্চতায ছত্রিশ হাত একটা স্বর্ণবেদী নির্মাণ কবিয়া তাহা মহাত্মা কশুপকে দান কবিলেন॥১২॥

বাজা। তথন কশ্যপেব অনুমতিক্রমে ব্রাহ্মণেবা সেই বেদীটাকে খণ্ড খণ্ড কবিয়া বিভক্ত কবিযা লইয়া গেলেন; তাহাতেই তাঁহাবা 'খাণ্ডবায়ন'-নামে বিখ্যাত হইযা গেলেন ॥১॥

বাজা। তাহাব পৰ অসাধাৰণ পৰাক্রমশালী ও ক্ষত্রিযান্তকাৰী বাম মহাত্মা কশ্যপকে সমগ্র পৃথিবী দান কৰিয়া গুৰুতৰ তপস্তা অবলম্বনপূর্বক এই মহেন্দ্রনামক পর্ববহুশ্রেষ্ঠে বাস কৰিতেছেন ॥১৪॥

এইভাবে জগদ্বাসী ক্ষত্রিয়গণেব সহিত বামেব শক্রতা জন্মিযাছিল এবং অমিতভেজা বাম পৃথিবী জম কবিযাছিলেন'' ॥১৫॥

বৈশপ্পায়ন বলিলেন—তাহাব পব মহামনা বাম চতুর্জনীর দিন নির্দিষ্ট সমযে আসিয়া সেই ব্রাহ্মণদিগকে এবং ভ্রাতৃগণের সহিত বুধিষ্টিবকে দর্শন দান করিলেন ॥১৬॥

স তমানর্চ্চ বাজেন্দ্র । ভাতৃভিঃ সহিতঃ প্রভুঃ ।
বিজ্ঞানাঞ্চ পবাং পূজাং চক্রে নৃপতিসত্তমঃ ॥>৭॥
অর্চিত্বা জামদগ্ন্যং স পূজিতস্তেন চোদিতঃ ।
মহেন্দ্র উন্ম তাং রাত্রিং প্রযথৌ দক্ষিণামুখঃ ॥>৮॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈধাসিক্যাং বনপর্বার্ণি
তীর্থযাত্রাযাং জামদগ্ন্যোপাখ্যানে অফনবতিতমোহধ্যাযঃ ॥০॥ *

ভাৰতকৌমূদী

স ইতি। আনর্চ প্জয়ামাস। দিজানামতেবাং ব্রাহ্মণানাঞ্ ॥১৭॥
অচিত্বেতি। তেন জামদগ্রোন চ, পূজিতঃ সম্মানিতঃ, উদিতঃ—মন্ত অতৈব স্থীযতামিত্যুক্তশ্চ স যুধিপ্রিবঃ। মহেন্দ্রে পর্বতে, উন্ত বাসং ক্রবা ॥১৮॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-ম্থাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতামাং
মহাভাবতটীকাষাং ভাবতকোম্দীসমাধ্যামাং বনপর্ববি তীর্থ্যাত্রামাইনবতিতমোহধ্যাযঃ॥•॥

---;*;---

ভাবভভাবদীপঃ

থণ্ডানি কৃষা, ব্যস্তলন্ বিভাগং কৃতবৃস্তঃ ॥১৩—১৬॥ আনচ্চ অচিতবান্ ॥১৭॥ তেন চ উদিত ইতি চ্ছেনঃ। উয় উধিবা ॥১৮॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্ব্বণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে অষ্টনবতিতমোহধ্যায়ঃ ॥२৴॥

---:

রাজন্ত্রেষ্ঠ ! তৎপবে প্রভাবশালী ও নুপতিপ্রধান যুখিন্ঠিব ভ্রাতৃগণেব সহিত মিলিত হইয়া বামেব পূজা কবিলেন এবং অক্যান্ত ব্রহ্মণদেবও সংকাব কবিলেন॥১৭॥ বামেব পূজা কবাব পরে, বামও যুখিন্ঠিবেব সম্মান করিলেন এবং সেদিন সেখানে থাকিবার জন্ত বলিলেন; স্কৃতবাং যুখিন্ঠিব সে বাত্রি সেই মহেন্দ্রপর্বতেই থাকিয়া প্রদিন দক্ষিণমুখে প্রস্থান কবিলেন॥১৮॥

^{* &#}x27;·· সপ্তদশাধিকশতভমঃ '— বা ব কা, '···অষ্টাদশাধিকশতভমঃ···'—পি নি i

নবনবতিতমোহধ্যায়ঃ।

----:#:----

বৈশম্পায়ন উবাচ।

গচ্ছন্ স তীর্থানি মহানুভাবঃ পুণ্যানি রম্যাণি দদর্শ রাজা।
সর্ব্বাণি বিপ্রৈরুপশোভিতানি কচিৎ কচিন্তারত! সাগরস্থ ॥>॥
স র্ত্তবাংস্থের কৃতাভিষেকঃ সহানুজঃ পার্থিবপুত্রপোত্রঃ!
সমুদ্রগাং পুণ্যতমাং প্রশস্তাং জগাম পারিক্ষিত! পাণ্ডুপুত্রঃ॥২॥
তত্রাপি চাপ্লুত্য মহানুভাবঃ সন্তর্পয়ামাস পিতৃন্ স্থবাংশ্চ।
ছিজাতিমুথ্যেরু ধনং বিস্তজ্য গোদাববীং সাগরগামগচ্ছৎ ॥৩॥
তত্তো বিপাপাা ত্রবিড়েরু বাজন্! সমুদ্রমাসাত্য চ লোকপুণ্যম্।
অগস্ত্যতীর্থঞ্চ মহাপবিত্রং নাবীতীর্থান্তথ বীবো দদর্শ ॥৪॥

ভাবতকোমুদী

গচ্ছন্নিতি। মহান্ অন্থভাবং প্রভাবো যশু সং "অন্নভাবং প্রভাবেৎপি" ইত্যমরং ॥১॥
স ইতি। হে পারিক্ষিত। পরিক্ষিতঃ পুত্র!। বৃত্তবান্ সদ্বৃত্তিশালী। পার্থিবং শাস্তমুস্তম্ম পুত্রো বিচিত্রবীর্যান্তম্ম পোত্র ইতি বংশান্ত্রকমেণ বাজস্বকীর্ত্তনান্মহাগোরবং স্থাচিতম্। প্রশস্তাং
নাম তীর্থাভূতাং নদীম্ ॥২॥

তত্ত্তেতি। আপ্লুত্য স্বাদা। বিষ্ণয় দ্বা, গোদাবরীং নাম নদীম্ ॥৩॥ ভাষতভাষদীপঃ

গচ্ছনিতি ৷১৷ বৃত্তবান্ সন্তৃত্ত:, পার্থিবং পৃথীপতিং কণ্ঠপন্তত্ত পুত্রং স্থান্তত্ত পৌত্রো যুধিষ্টিরং, তৎপিতৃর্ধনত স্থাপুত্রত্বাৎ, প্রশস্তাং নাম নদীম্ ৷২—১৷ নাবীতীর্থানি গ্রাংরূপাং

বৈশম্পায়ন বলিলেন—ভবতনন্দন জনমেজয় । মহাপ্রভাবশালী বাজা যুধিষ্ঠিব মহেন্দ্রপর্ব্বত হইতে প্রস্থান কবিষা পবিত্র ও মনোহব তীর্থসকল দর্শন করিলেন। সমুদ্রেব কোন কোন তীর্থে সমস্ত স্থানই ব্রাহ্মণগণে পবিশোভিত ছিল ॥১॥

জনমেজয় ! সদ্বৃত্তিশালী, বাজপুত্রেব পৌত্র এবং পাড়্ব পুত্র যুখিন্টির ভাতৃগণেব সহিত সেই সকল তীর্থে স্নান করিয়া সমুদ্রগামিনী প্রমপ্রিত্রা প্রশস্তানদীতে গমন করিলেন ॥২॥

মহাপ্রভাবশালী যুধিষ্টিব দেখানেও স্নান কবিয়া দেবতর্পণ ও পিতৃতর্পণ কবিলেন, পবে শ্রেষ্ঠ ব্রাহ্মণদিগকে ধন দান কবিয়া সমুজ্যামিনী গোদাবরীনদীতে গমন করিলেন।।থা তত্রাজুনস্থাগ্র্যধন্তর্দ্ধবস্থ নিশম্য তৎ কর্ম নবৈবশক্যম্।
সম্পূজ্যমানঃ পরমর্ষিদংবিঃ পরাং মুদং পাণ্ডুস্কতঃ স লেভে ॥৫॥
স তেয়ু তীর্থেষভিষিক্তগাত্রঃ কৃষ্ণাসহাযঃ সহিতোহসুজৈশ্চ।
সম্পূজ্যন্ বিক্রমমর্জ্জুনস্থ রেমে মহীপাল। পতিঃ পৃথিব্যাঃ ॥৬॥
ততঃ সহস্রাণি গবাং প্রদায় তীর্থেরু তেম্বন্থবোক্তমস্থ।
ছান্টঃ সহ ভ্রাতৃভিবর্জ্জুনস্থ সঙ্কীর্ত্তয়ামাস গবাং প্রদানম্ ॥৭॥
স তানি তীর্থানি চ সাগবস্থ পুণ্যানি চান্থানি বহুনি রাজন্!।
ক্রমেণ গচ্ছন্ পরিপূর্ণকামঃ সূর্পাবকং পুণ্যতমং দদর্শ ॥৮॥
তত্তোদধেঃ কিঞ্চিদতীত্য দেশং খ্যাতং পৃথিব্যাং বনমাসসাদ।
তপ্তাং স্থবৈরত্র তপঃ পুবস্তাদিন্টং তথা পুণ্যপবৈর্নবৈক্তঃ ॥৯॥

ভাৰতকৌমুদী

তত ইতি। যত্ত বর্গাদয়ঃ পঞ্চান্সবসো ব্রাহ্মণশাপাদ্গ্রাহা ভূতা জলে স্থিতাঃ পুন-রর্জুনেনোত্তোলনাৎ স্বস্কর্পং প্রাপ্তাঃ, তানি নাবীতীর্থানি। এতত্বপাখ্যানমাদিপর্ব্বণি নবাধিক-বিশততমাধ্যাযাদে ব্রষ্টব্যম্। বীবো মুধিষ্টিরঃ ॥৪॥

তত্ত্বতি । অগ্রাধমূদ্ধবশ্র শ্রেষ্টধামূদ্ধশ্য । তৎ কর্ম গ্রাহাণামূত্তালনরপং কার্য্য ॥৫॥ দ ইতি । অভিবিক্তগাত্তঃ রূপিতশরীরঃ, রুষ্ণানহাষো জ্রোপদীসহিতঃ ॥৬॥ তত ইতি । অমূধবাঃ দম্প্রান্তেষ্ উত্তমশ্য । দর্গার্জয়ামান ম্থিটিরঃ ॥৭॥ দ ইতি । পবিপূর্ণকামঃ রানদানাদিনা । অপাবকং নাম প্রাগ্রেশিতং তীর্থম ॥৮॥

রাজা। তাহাব পব বীব যুখিন্টির জবিজ্দেশে জগৎপবিত্র সমূজে যাইয়ানিষ্পাপ ইইয়া, তৎপরে মহাপবিত্র অগস্ত্যতীর্থ (ইহাও একটা নাবীতীর্থ) এবং অপব চারিটা নাবীতীর্থ দর্শন কবিলেন ॥৪॥

সেখানে শ্রেষ্ঠধনুর্দ্ধর অর্জ্জনেব সেই জলজন্ত উত্তোলনরূপ মানুষের অসাধ্য কর্ম্মের বৃত্তান্ত শুনিয়া এবং মহর্ষিগণকর্তৃক সম্মানিত হইতে থাকিয়া যুধিষ্টির পরম আনন্দ লাভ কবিলেন ॥২॥

রাজা। পৃথিবীপতি যুর্ঘিষ্টির দ্রৌপদী ও ভ্রাতাদেব সহিত মিলিত হইয়া সেই তীর্থগুলিতে স্নান কবিয়া এবং অর্জুনেব বিক্রমের প্রশংসা কবিতে থাকিযা আনন্দ অনুভব কবিতে লাগিলেন ॥৬॥

তাহার পব যুধিষ্ঠির সমুদ্রেব সেই সকল তীর্থে সহস্র সহস্র গো দান কবিয়া আনন্দিত হইয়া প্রতিদেব সঙ্গে অর্জুনেব গো দানের আলোচনা কবিলেন ॥৭॥

রাজা। তদনন্তব যুধিষ্ঠিব ক্রমশঃ সমুদ্রের সেই সকল তীর্থে ও অক্সান্ত বহুতর তীর্থে গমন কবিয়া পূর্ণমনোবথ হইয়া পুণ্যতম স্থূর্পাবকতীর্থ দর্শন করিলেন ॥৮॥

দ তত্র তার্মগ্রাপ্তর্ম্বরক্ত বেদীং দদশায়তগীনবাহুঃ।

ঋচীকপুত্রেন্স তপস্থিদংবৈঃ দমার্তাং পুণ্যক্বদর্চনীযাম্ ॥>০॥

ততো বদূনাং বস্ত্রধাধিপঃ দ মরুদ্রগণানাঞ্চ তথান্বিনাশ্চ।

বৈবস্বতাদিত্যধনেশ্বরাণামিদ্রেন্স বিষ্ণোঃ দবিতুর্বিভোশ্চ ॥>>॥

ভবস্থ চন্দ্রক্ত দিবাকরক্ত পতেবপাং দাধ্যগণস্থ চৈব।

ধাত্যুঃ পিতৃণাঞ্চ তথা মহাত্মা রুদ্রেন্স রাজন্। দর্গণস্থ চৈব ॥>২॥

দবস্বত্যাঃ দিদ্ধগণস্থ চৈব পুষ্ণশ্চ যে চাপ্যমরান্তর্থান্তে।

পুণ্যানি চাপ্যায়তনানি তেষাং দদর্শ রাজা স্থমনোহ্বাণি ॥>০॥ (বিশেষকম্)

তেষ্প্রাদান্ বিবিধানুপোত্ম দল্ভা চ বত্মানি মহান্তি বাজা।

তীর্থেরু দর্কেরু পবিপ্লাভাঙ্গঃ পুনঃ দ দূর্পাবক্ষাজ্গাম ॥>৪॥

ভাবতকোমুদী

তত্ত্বেতি। হুর্বির্দেবিঃ, অত বনে, পুবস্তাৎ পূর্বায়। ইষ্টং যজ্ঞঃ কুতঃ ॥>॥ স ইতি। অগ্রাঃ শ্রেষ্ঠো ধহুর্দ্ধরস্তম্ম। ঋচীকপুত্রম্ম জমদগ্রেঃ ॥১০॥

তত ইতি। বৈবন্ধতো যমঃ, আদিত্যা দবিতৃদিবাকবপূবেতরে নব। ভবস্থ শিবস্থ। অপাং-পতের্বরুণস্থ। ধাতুর্বন্ধণঃ। দগণস্থ প্রমথবর্গদহিতস্থ। পৃষ্ণ আদিত্যবিশেষ্প্য। আয়তনানি তপ্যক্ষেত্রাণি ॥১১ —১৬॥

ভাৰতভাবদীপঃ

পঞ্চাপরসো মৃনিশাপবশাদ্যত স্থিতা অর্জুনেন চ শাপাল্যোচিতাস্তানি নাবীতীর্থানি ॥৪—৬॥ অষ্ধরোত্তমশু সম্ভ্রশু ॥৭—১৩॥ তেযু তীর্থেষু, উপবাদান্ দমীপবাদিনো বিব্ধান্ পিঙিতা-

সে স্থান হইতে সমুদ্রতীবের কিছু দেশ অতিক্রম করিষা পৃথিবীবিখ্যাত একটি বনে উপস্থিত হইলেন; সেই বনে পূর্বেব দেবতারা তপস্থা কবিয়াছিলেন এবং ধর্মপ্রবায়ণ রাজারা যজ্ঞ কবিয়াছিলেন ॥৯॥

আয়ত-স্থলবাছ যুধিষ্টিব সেই বনেব ভিতরে শ্রেষ্ঠবন্থর্দ্ধব জনদগ্নিব তপ্স্থাব বেদী দর্শন করিলেন, সে বেদীটা ধার্মিকগণেব পৃন্ধনীয় বলিয়া তখনও তপস্বিসমূহে পরিবেষ্টিত ছিল ॥১০॥

রাজা! তাহাব পব বস্থগণ, মকদ্গণ, অশ্বিনীকুমাবদ্বয়, যম, আদিত্যগণ, কুবের, ইন্দ্র, প্রেভু বিষ্ণু, সূর্য্যা, শিব, চন্দ্র, দিবাকব, বৰুণ, সাধ্যগণ, ব্রহ্মা, পিতৃগণ, প্রমথগণেব সহিত কন্দ্র, সবস্বতী, সিদ্ধগণ ও পূ্যা এবং অন্য যে সকল দেবতা আছেন, তাঁহাদেব পূণ্য ও মনোহর আয়তনগুলিকে পৃথিবীপতি মহাত্মা যুধিষ্টিব দর্শন করিলেন ॥১১—১৩॥

⁽১৪) তেব,প্রাসান্ বিব্ধায়পোয়—বা ব কা नि ।

দ তেন তীর্থেন তু সাগবস্থ পুনঃ প্রয়াতঃ দহ সোদবীয়ৈঃ।
দিজৈঃ পৃথিব্যাং প্রথিতং মহছিন্তীর্থং প্রভাসং সমুপাজগাম ॥>৫॥
তত্রাভিষিক্তঃ পৃথুলোহিতাক্ষঃ সহান্মজৈর্দেবগণান পিতৃংশ্চ।
সন্তর্পয়ামাস তথৈব কৃষ্ণা তে চাপি বিপ্রাঃ দহ লোমশেন ॥>৬॥
স দাদশাহং জলবাযুভক্ষঃ কুর্বেন্ ক্ষপাহঃহু তদাভিষেকম্।
সমন্ততোহগ্রীনুপদীপয়িত্বা তেপে তপো ধর্মভ্তাং ববিষ্ঠঃ ॥>৭॥
তযুগ্রমাস্থায় তপশ্চরন্তং শুশ্রাব বামশ্চ জনার্দিনশ্চ।
তৌ সর্বব্রক্ষিপ্রবর্ষো সমৈন্টো যুষিষ্ঠিরং জন্মতুরাজমীঢ়ৃম্ ॥>৮॥

ভারতকোমুদী

তেষিতি। অত্রোক্ষেশ্যানাং বিবিধছাত্পবাসানামপি বিবিধছম্। অত্র "উপবাসান্ সমীপবাসিনা, বিব্ধান্ পণ্ডিতান্, বিবিধানিত্যপপাঠা, উপোশ্য বজৈবাবাশ্য" ইতি নীলকণ্ঠা তদ্বেম,
কর্ষবি উপবাসপদান্তপপত্তা "বস আচ্ছাদনে" ইতাশ্য যন্ত্যাদিদ্বাভাবাৎ সম্প্রসারণাসম্ভবেন
উপোশ্রেতি পদাসম্ভবাচ্চ। উপোশ্য বিধাষ, মহাস্তি প্রচুবাণীতার্থা। পরিপ্লুতাঙ্গা দ্বাতা,
ক্রপারকং তীর্থম্ ॥১৪॥

দ ইতি। সোদবীবৈত্র ভিভিঃ। দ্বিজৈঃ সহচবৈত্র ক্ষিণেঃ ॥১৫॥
তত্ত্বেতি। পৃথুনী বিশালে লোহিতে চ অক্ষিণী যক্ত সং। ক্বফা র্ফোপদী ॥১৬॥
দ ইতি। জলবায়ুভক ইত্যবধাবণপুৰু । ক্ষপাহঃস্ক বাত্রিয়ু দিবদেষ্ চ ॥১৭॥

রাজা যুধিষ্ঠির সেই আয়ত্তনগুলিতে নানাবিধ উপবাস এবং প্রচুব বত্ন দান কবিষা এবং সেই সকল তীর্থে স্নান কবিয়া পুনরায় সূর্পাবকতীর্থে আগমন কবিলেন ॥১৪॥

তিনি ভ্রাতৃগণ ও শ্রেষ্ঠ ব্রাহ্মণগণের সহিত মিলিত হইয়া পুনবায় সমুদ্রেব সেই তীর্থপথ দিয়া যাইতে থাকিয়া পৃথিবীবিখ্যাত প্রভাসতীর্থে আগমন কবিলেন ॥১৫॥

বিশাল লোহিতনয়ন যুধিষ্ঠিব ভ্রাতৃগণের সহিত সেই প্রভাসতীর্থে স্নান কবিয়া দেবগণ ও পিতৃগণের ভর্পণ কবিলেন; আব জৌপদী এবং সেই সকল ব্রাহ্মণেরাও লোমশের সহিত (যথাসম্ভব) স্নান ও ভর্পণ কবিলেন ॥১৬॥

তদনস্তব ধার্ন্মিকশ্রেষ্ঠ যুধিষ্ঠিব বার দিন পর্যান্ত জ্বল ও বাযুমাত্র ভক্ষণ কবিয়া, বাত্রিতে ও দিনে স্নান করিতে থাকিয়া এবং সকল দিকে অগ্নি প্রজ্বলিত করিয়া তপস্থা করিলেন ॥১৭॥

তাহাব পর বাম ও কৃষ্ণ শুনিতে পাইলেন যে, যুধিষ্ঠির ঘোরতব তপস্থা আরম্ভ কবিয়া তাহা সম্পাদন করিতেছেন; তখন বৃষ্ণিবংশশ্রেষ্ঠ বাম ও কৃষ্ণ সদৈন্তে অন্ধ্যমীচবংশসম্ভূত যুধিষ্ঠিবেৰ নিকট গমন কবিলেন ॥১৮॥

বন-১২৭ (৮)

তে বৃক্ষয় পাভুন্নতান্ সমীক্ষ্য ভূমো শ্বানান্ মলদিয়গাত্রান্।
আনহ্তীং দ্রোপদীঞ্চাপি দৃষ্ট্ব। স্তত্বংখিতাশ্চুক্তুগুরার্ভনাদম্ ॥>৯॥
ততঃ স রামঞ্চ জনার্দ্দনঞ্চ কার্ষিঞ্চ শাস্বঞ্চ শিনেশ্চ পোত্রম্।
আয়াংশ্চ বৃক্ষীন্তুপগম্য পূজাং চক্রে বথাধর্মমদীনসন্ত্বঃ ॥২০॥
তে চাপি সর্বান্ প্রতিপূজ্য পার্থান্ তৈঃ সংক্রতাঃ পাভুস্থতৈন্তথৈব।
যুধিচিরং সংপবিবার্য্য রাজন্! উপাবিশন্ দেবগণা বথেক্রেম্ ॥২১॥
তেষাং স সর্বাং চবিতং পরেষাং বনে চ বাসং পরমপ্রতীতঃ।
ভাদ্রার্থমিক্রম্ম গতঞ্চ পার্থং নিবেশনং ছাইমনাঃ শশংস ॥২২॥

ভারতকোসুদী

তমিতি । আন্থায় অবলম্বা । চবস্তমন্থতিষ্ঠিত্তম্ । আন্ধমীচ্মজমীচবংশুম্ ॥১৮॥
ত ইতি । অনৰ্থতীং তাদৃশত্বংখভোগাযোগ্যাম্ । আর্জো নাদো যন্মিন্ কর্মণি তৎ ॥১৯॥
তত ইতি । কার্ষিং প্রত্যায়ক্ষ । শিনেঃ পৌজ্বং দাত্যবিষ্ণ । অদীনসন্ধঃ অনন্ধাধ্যবসামঃ ॥২০॥
ত ইতি । পার্থান্ পাণ্ডবান্ । সংক্বতা আদৃতাঃ । সংপবিবাধ্য পরিবেষ্ট্য ॥২১॥
তেবামিতি । পরেষাং ছর্ব্যোধনাদীনাম্ । ইক্রম্ম নিবেশনমিতি সম্বন্ধঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

ন্তপোন্ত বন্ধৈরাবাক্স রত্মানি চ তেন্তা এব দ্বা ॥১৪॥ তেন তীর্থেন সিদ্ধৃতীবমার্গেণ ॥১৫—১৯॥ কার্ষিং প্রতান্তম্, পৌন্ধে সাত্যকিম্ ॥২০—২৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে নবনবতিতমোহধ্যায়ঃ ॥>>॥

পাণ্ডবগণ ভূতলে শয়ন কবেন এবং তাঁহাদের অঙ্গসকল ধূলিতে পবিপূর্ণ, ইহা দেখিয়া, আব তাদৃশ তৃঃখভোগেব অযোগ্য জ্রোপদীকেও দেখিয়া সেই বৃষ্ণিবংশীযেবা অত্যন্ত তুঃখিত হইযা আর্গুনাদ কবিতে লাগিলেন ॥১৯॥

তদনন্তব অভ্যন্ত অধ্যবসায়শালী বুর্ষিন্তিব—বাম, কৃষ্ণ, প্রাক্তায়, শাস্ত্র, সাডাকি এবং অন্তান্ত বৃঞ্জিবংশীয়গণেব নিকটে যাইবা তাঁহাদেব যথাযোগ্য সম্মান কবিলেন ॥২০॥

তথন তাঁহাবাও পাণ্ডবদেব সকলকেই প্রতিসন্মানিত করিলে, পাণ্ডবেবাও আবাব সেইরূপই তাঁহাদেব আদব কবিলেন। বাজা। তথন দেবগণ যেমন ইল্রুকে পবিবেষ্টন করিয়া উপবেশন কবেন, তেমন বৃঞ্চিবংশীয়েবা যুধিষ্টিবকে পবিবেষ্টন কবিয়া উপবেশন করিলেন ॥২১॥

তাহাব পব হাইচিত্ত যুখিছিব বিশেষ আশ্বস্তভাবেই তাঁহাদেব নিকটে তুর্য্যোধন-প্রভৃতিব আচবণ, নিজেদেব বনবাস এবং অস্ত্রশিক্ষাব জন্ম ইন্দ্রভবনে অর্জ্ঞ্নের গমন ইত্যাদি সংবাদ বলিলেন ॥২২॥

⁽১০) --- হুজ্ ধি তাম্-- পি।

শ্রুত্বা তু তে তস্ম বচঃ প্রতীতাস্তাংশ্চাপি দৃষ্ট্বা স্থরুশানতীব। নেত্রোদ্ভবং সংমুমুচুর্মহার্হা হুঃখার্তিজং বারি মহান্মভাবাঃ ॥২৩॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈবাদিক্যাং বনপর্ববিদি তীর্থযাত্রায়াং বাষ্টের্যুধিষ্ঠিরসমাগমে নবনবতিতমোহধ্যায়ঃ॥०॥ #

----04E0---

শতত্বোহধ্যায়ঃ।

---;#:---

জনমেজয় উবাচ।

প্রভাসতীর্থমাসান্ত পাগুবা বৃষ্ণযন্তথা।
কিমকুর্ববন্ কথানৈচষাং কান্তত্রাসংস্তপোধন!॥১॥
তে হি সর্বেব মহাত্মানঃ সর্ববশান্ত্রবিশারদাঃ।
বৃষ্ণয়ঃ পাগুবানৈচব স্কল্পন্চ প্রবস্পবম্॥২॥

ভাবতকোমুদী

শ্রন্থেতি। প্রতীতাঃ ক্বতপ্রত্যধাঃ, তান্ পাণ্ডবান্। মহার্হা মহামান্তাঃ ।২৩॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্ধ্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহবিদাদদিদ্ধান্তবাদীশভট্টাচার্য্যবিবচিতামাং মহাভাবতটীকাষাং ভারতকোমুদীদমাধ্যাষাং বনপর্ববি তার্ধ্যাত্রামাং নবনবতিতমোহধ্যায়ঃ ॥०॥

--:*:---

প্রভাসেতি। কথা আলাপাঃ, এবামূভ্যেবাং পবস্পরম্ ॥১॥
ত ইতি। অতো বিবিধবিষ্যালোচনা ধ্রুবৈবাদীদিতি ভাবঃ ॥২॥

তখন মহামান্ত ও মহাপ্রভাবশালী সেই বৃঞ্চিবংশীয়েবা যুর্ষিষ্টিরেব কথা শুনিয়া, তাহা বিশ্বাস কবিয়া এবং তাঁহাদিগকে অত্যন্ত কৃশ দেখিয়া তুঃখপীড়াবশতঃ অফ্রা মোচন কবিতে লাগিলেন ॥২৩॥

জনমেজয় বলিলেন—"তপোধন। পাশুবগণ ও বৃক্ষিগণ প্রভাসতীর্থে যাইয়া কি করিযাছিলেন একং সেখানে তাঁহাদেব পবস্পব কি আলাপ হইয়াছিল গ ॥১॥ তাঁহারা সকলেই মহাত্মা ও সর্ব্বশাস্ত্রবিশাবদ ছিলেন এবং বৃক্ষিগণ ও পাশুবগণ পরস্পব স্বস্থাপও ছিলেন"॥২॥

^{* &#}x27; অষ্টাদৃশাধিকশততমঃ ... ' — বা ব কা , ' । উনবিংশতাধিকশততমঃ ... ' — পি নি ।

বৈশস্পায়ন উবাচ।

প্রভাসতীর্থং সম্প্রাপ্য পূণ্যং তীর্থং মহোদধ্যে।
রুঞ্চয়ঃ পাগুবান্ বীবাঃ পরিবার্ব্যোপতস্থিবে ॥৩॥
ততো গোক্ষীরকুন্দেন্দু-মূণালরজতপ্রভঃ।
বনমালী হলী বামো বভাষে পুস্কবেক্ষণম্ ॥৪॥
ন কৃষ্ণ! ধর্মাশ্চবিতো ভবায় জন্তোবধর্মাশ্চ পবাভবায়।
বুধিষ্ঠিবো যত্র জটী মহাত্মা বনাপ্রয়ঃ ক্লিশ্যতি চীববাসাঃ ॥৫॥
ছুর্য্যোধনশ্চাপি মহীং প্রশান্তি ন চাম্ম ভূমির্বিববং দদাতি।
ধর্মাদধর্মশ্চবিতো গরীযানিতীব মন্মেত নবোহঙ্গবুদ্ধিঃ ॥৬॥
ছুর্য্যোধনে চাপি বিবর্জমানে যুধিষ্ঠিরে চাম্থথমাত্তবাজ্যে।

ভারতকৌ মূদী

কিং নত্র কর্ত্তব্যমিতি প্রজাভিঃ শঙ্কা মিথঃ সংজনিতা নরাণামু ॥৭॥

প্রভাসেতি। পবিবার্থ্য পবিবেষ্ট্য, উপতন্থিবে সমীপে স্থিতা: ॥৩॥
তত ইতি। হলী হলধবং। পুদরেক্ষণং পুগুবীকাক্ষং কৃষ্ণম্ ॥৪॥
নেতি। ভবাষ উন্নভষে, জন্তোর্যাহ্বক্ষ। জটা জটাভূং, চীববাসা: কোপীনভূং ॥৫॥
তুর্ব্যোধন ইতি। অন্নবৃদ্ধিবিত্যনেন মহাবৃদ্ধিস্ত নৈবং মন্তেভেতি স্ফুচিতম্ ॥৬॥
তুর্ব্যোধন ইতি। অস্থপং যথা ভাত্তথা, আতং পবৈগৃহীতং বাজাং যত্ম তক্ষিন্ সতি,
অত্ত পুণাপাপরোর্যধ্যে অত্মাভিঃ, কিং পুণাং পাপং বা কর্ত্তব্যমিতি শঙ্কা সন্দেহঃ, প্রজাভিঃ,
ভাবভভাবদীপঃ

প্রভাসেতি ॥১—৩॥ হলীতি হলধবতাৎ ধর্মস্থাপি নিন্দাং কবিস্থতীতি ধ্বনিতম্ ॥৪॥ ভবায় অভ্যুদ্যাব ॥৪॥ বিববং শরীবগৃহনাষ ন দ্বাতীত্যর্থ: ॥৬॥ মিথ: শঙ্কা, ধর্মাধর্মযোঁ

বৈশম্পায়ন বলিলেন—বীব বৃঞ্চিগণ মহাসমুদ্ৰেব পুণ্যতীৰ্থ প্ৰভাসতীৰ্থে যাইযা পাগুবগণকে পরিবেষ্টন কবিয়া অবস্থান কবিলেন ॥৩॥

তাহাব পৰ গোত্ত্ব, কুন্দপুষ্প, চন্দ্ৰ, মূণাল ও বৌপ্যেৰ স্থায় শুভ্ৰবৰ্ণ এবং বনমালাধাৰী হলধর বাম কৃষ্ণকে বলিলেন—॥৪॥

"কৃষ্ণ! ধর্ম্মেব অনুষ্ঠান কবিলেও মান্ত্র্যেব উন্নতি হয় না, আবার অধর্ম্মেব অনুষ্ঠান করিলেও তাহার অবনতি ঘটে না। যেহেতু মহাত্মা যুধিষ্ঠিব জটা ও কৌপীন ধারণ কবিয়া বনে থাকিয়া কষ্ট ভোগ কবিতেছেন ॥৫॥

আবাব তুর্য্যোধন পৃথিবী শাসন কবিতেছে; কিন্তু পৃথিবী উহাকে প্রেবেশ করিবাব জন্ম) বিবব দিতেছেন না; অতএব ধর্মানুষ্ঠান অপেক্ষা অধর্মানুষ্ঠানই ভাল; ইহাই যেন অল্পবৃদ্ধি লোক মনে কবিবে ॥৬॥

⁽৩) --- পুণ্যতীর্থং মহোদধেঃ---বা ব কা। (१) --- কিং তত্ত্ব-- পি, --- কিন্তুত্ত্ব-- বা ব কা।

আয়ং স ধর্মপ্রভবো নবেন্দ্রো ধর্ম্মে ধৃতঃ সত্যধৃতিঃ প্রদাতা।
চলেদ্ধি রাজ্যান্দ স্থান্দ পার্থো ধর্মাদপেতস্ত কথং বিবর্দ্ধেৎ ॥৮॥
কথং নু ভীক্মশ্চ কৃপশ্চ বিপ্রো দ্রোণশ্চ বাজা চ কুলস্ম বৃদ্ধঃ।
প্রব্রাজ্য পার্থান্ স্থথমাগ্লুবন্তি ধিক্ পাপবৃদ্ধীন্ ভবতপ্রধানান্॥৯॥
কিং নাম বক্ষ্যত্যবনিপ্রধানঃ পিতৃন্ সমাগম্য পবত্র পাপঃ।
পুত্রেষু সম্যক্ চবিতং মযেতি পুত্রানপাপান্ ব্যববোপ্য বাজ্যাৎ ॥১০॥

ভাবতকোমুদী

নবাণাং মধ্যে, মিথঃ পবস্পরং সংজনিতা। তথা চ পাপে সতি দুর্য্যোধনস্থ বৃদ্ধিং, তশ্মিমসতি চ যুধিষ্টিবস্থ ক্ষয ইতি প্রত্যক্ষদর্শনাৎ পাপমেব কর্ত্তব্যম্ ? আহোস্থিৎ অব্যয়ব্যভিচাবমঙ্গীকৃত্যাপি পুণাং শ্বেমসং কাবণমু' ইতি বৃদ্ধোপদেশাৎ পুণ্যমেব কর্ত্তব্যমিতি ভাবঃ ॥ ॥

অথ কৃতামণি প্রতিজ্ঞাম্ৎক্রম্য যুধিষ্ঠিবো বলেন কথং ন বাজ্যং গৃহীতবানিত্যাহ—অনমিতি। ধর্মপ্রভবো ধর্মপুত্রঃ। ধর্মে ধ্রতোহবন্থিতঃ, "ধুঙ্ অবস্থানে" ইত্যক্ত রূপম্। সত্যধৃতির্বধার্থ ধৈর্যঃ। চলেদ্রশ্রেং। বিবর্দ্ধেং প্রতিজ্ঞাভঙ্গেন বাজ্যলাভাৎ ॥৮॥

পাগুবনির্ব্বাদনে ভীমাদীনামপি সম্মতিং সম্ভাব্য তান্ নিন্দতি—কথমিতি। বাজা ধ্বতবাষ্ট্রঃ। পাপবুদ্ধীন্, পক্ষপাতাদিত্যাশয়ঃ। ভবতেতি তু দ্রোণকুপযোবপ্যাপলক্ষণম্ ॥३॥

কিমিতি। পাপঃ, অবনিপ্রধানো ধৃতবাষ্ট্রঃ, অপাপান্, পুত্রান্, পুত্রস্থানীযান্ পাণ্ডবান্, বাজ্যাৎ ব্যবরোপ্য নির্ব্বাস্ত্র, পবত্র পরলোকে, পিতৃন্ সমাগম্য, মধা পুত্রেষ্ সমাক্ চবিতং ব্যবস্তৃতম্, ইতি কিং নাম বক্ষাতি বক্তুঃ শক্ষাতি ? কথমপি ন ॥১•॥

ভাবতভাবদীপঃ

কিং বলীয় ইতি শাস্তাহভবযোর্বিরোধাৎ সংশযঃ॥৭॥ বাজ্যাচ্চ হুথাচ্চ চলেয় তু ধর্মাদিতি শেষঃ, তত্ত্ব হেতুঃ ধর্মাদিতি। কথমিত্যুপহাসার্থম্॥৮—३॥ অবনিপ্রধানো ধৃতবাষ্ট্রঃ॥১০॥

তুর্য্যোধনেব উন্নতি হইতেছে, আব তুঃখ দিয়া বাজ্য হবণ কৰায় যুখিষ্ঠিবের ক্ষয় হইতেছে; স্থতবাং পুণ্য ও পাপেব মধ্যে আমাদেব কোন্টা কর্ত্তব্য, এইভাবে লোকেরা লোকেব মধ্যে প্রক্ষাব সন্দেহ জন্মাইয়া দিয়াছে ॥৭॥

ধর্মেব পুত্র, ধর্মে অবস্থিত, যথার্থ ধীবপ্রাকৃতি ও দাতা—এই রাজা যুর্ধিষ্ঠিব রাজ্য ও সুখ হইতে বিচ্যুত হইতে পাবেন বটে ; কিন্তু ধর্ম হইতে বিচ্যুত হইযা কি কবিয়া উন্নতি লাভ করিতে পাবিবেন ॥৮॥

ভীদ্ম, ব্রাহ্মণ দ্রোণ ও কৃপ এবং বংশেব মধ্যে বৃদ্ধ ধৃতবাষ্ট্র—ইহাবা পাণ্ডবগণকে নির্বাসিত কবিয়া কি কবিয়া স্থুখ পাইতেছেন, স্মৃতবাং পাপবৃদ্ধি ভরতবংশীয় বৃদ্ধিগকে ধিক্ ॥১॥

পাপাত্মা ধৃতবাষ্ট্র নিষ্পাপ পুত্রস্থানীয় পাণ্ডবগণকে রাজ্য হইতে নির্ব্বাসিত কবিষা পবলোকে পিতৃলোকদেব নিকটে যাইষা ইহা কি বলিতে পাবিবে যে, 'আমি পুত্রগণের প্রতি স্থায্য ব্যবহাব কবিয়াছি ?' ॥১ ॥ নাদে ধিয়া সম্প্রতি পশ্যতি স্ম কিং নাম কৃত্বাহমচকুরেবন্।
ভাতঃ পৃথিব্যামিতি পার্থিবেরু প্রব্রাজ্য কোন্তেবমিতি স্ববাজ্যাৎ ॥>>॥
নৃনং সমৃদ্ধান্ পিতৃলোকভূমে চামীকরাভান্ ক্ষিতিজ্ঞান্ প্রফুল্লান্।
বিচিত্রবীর্যাক্ত স্থতঃ সপুত্রঃ কৃত্বা নৃশংসং বত পশ্যতি স্ম ॥>২॥
ব্যাঢ়োভরাংসান্ পৃথুলোহিতাক্ষান্ ইমান্ স্ম পৃক্তন্ স শৃণোতি নূনম্।
প্রাস্থাপরদ্বৎ স বনং হুশঙ্কো যুথিষ্ঠিবং সানুজমাভশন্ত্রম্॥>০॥

ভারতকৌমুদী

ধৃতরাট্রন্থাবিয়ন্ত্রকারিতাং নিন্দতি—নেতি। অহং পূর্বজন্মনি কিং নাম পাপং কুপা এবসিখম, অচন্দুরন্ধো জাতঃ; তন্ন জানামীতি ভাবঃ। সম্প্রতি তু কোন্ডেনং স্বরাজ্যাৎ প্রবাদ্যা, পৃথিবাং পার্থিবেষু মধ্যে কিং নাম কীদৃশো জাতো ভবেষমিতি, ধিয়া ন পশুতি স্থ নালোচিতবান্। অতীবন্দিতো জাত ইতি ভাবঃ ॥১১॥

ইহলোক ইব পরলোকেহপি গুতরাষ্ট্রন্থ নিন্দাং সন্থাবয়তি—নৃন্মিতি। সপুত্রো বিচিত্রবীর্থান্ত পুত্রো গতরাষ্ট্রং, নৃশংসং পাণ্ডবনির্ব্বাসনরপং নিষ্টুরং কর্ম রুহা, পিতৃলোকভূমো পরলোকে, সম্বান্ ধর্মসন্থিনপানান, অতএব চামীকরাভান কাঞ্চনবর্ণান, ফিভিন্ধান্ অন্যান্থান নৃপতীন, নৃনং নিশ্চিতমেব, প্রক্রমান্ নং প্রভাল্লঠনহান্তেন প্রস্করবদনান্, পশুতি প্রক্রমাতীতি ভবিল্লংসামীপ্যে বর্ত্বমানা। অতে। বিগিমম্ভরলোকনিন্দার্হং গতরাষ্ট্রমিতি ভাবঃ। বতেতি থেদে, মেতি পাদপ্রবে॥১২॥

তেন্তা: প্রত্যক্ষত এব গ্রহরাট্র: স্থানন্দাং শ্রোক্সতীত্যাহ —ব্যুচ্ছেতি। স গ্রহরাট্র, ব্যুক্ত্রি প্রগাঢ়ো উর্নের উক্তর্মা চ স্বংসো স্বন্ধো বেবাং তান্, পৃথুলোহিতাক্ষাংশ্চ, ইমান্ উক্তান্ ভারতভাবদীপঃ

নানাবিতি। কিং নাম পাপং কুছাহ্মচকুর্জাতঃ, কোঁস্তেরং প্রব্রাজ্য কীদুশো ভবিদ্যামীতি ধিয়া নানো পশুতীভাধ্যান্বতা যোজ্যন্ ১১১॥ চানীকরাভান্ কনকপ্রভান্, এতন্মরণচিছন্, নৃশংসং নিদ্যাং কর্ম ১১২॥ ইমান্ ভীমাদীন্ শৃণাতি হিনন্তি, শৃণোভীতি লেথকপ্রমাদঃ, ন শৃণোভীতি গৌড়পাঠে তু—"ব্যুমাইবৈশ্বানরে। যোহ্মমন্তঃ পুরুবো যেনেদমন্তং পচাতে যদিদমন্ততে তত্তিব

'আমি পূর্বজন্ম কি পাপ করিয়া ইহজন্মে এইরূপ অন্ধ হইয়াছি, (তাহা জানি না); আবাব এখন যুখিষ্টিবকে তাহার আপন বাজ্য হইতে নির্বাসিত করিয়া পৃথিবীর রাজাদের মধ্যে কিরূপ হইব' ইহা বোধ হয় তখন ধৃতরাষ্ট্র মনে মনেও আলোচনা করে নাই ॥১১॥

হার! ধৃতরাষ্ট্র পুত্রগণের সহিত মিলিত হইয়া, এই নৃশংস কার্য্য করিয়া, পরলোকে যাইয়া, ধার্ম্মিক ও স্বর্ণবর্ণ অক্সান্ত রাজাকে নিশ্চয়ই (বিক্রপেব হাসিতে) প্রফুল্লমুখ দেখিতে পাইবে ॥১২॥

^{(&}gt;>)--- वाष्ट्रां९--वा व का नि। (>७)--- मृशांि नृत्य्-वा व का नि।

যোহয়ং পরেষাং পৃতনাং সমৃদ্ধাং নিবামুধো দীর্ঘভুজো নিহন্তাৎ।
ক্রেবি শব্দং হি রুকোদরস্ত মুঞ্জি সৈন্তানি শক্ত্ সমূত্রম্ ॥১৪॥
স ক্ষুৎপিপাসাধ্বকৃশস্তবস্থী সমেত্য নানামুধবাণপাণিঃ।
বনে স্মবন্ বাসমিমং স্তুযোরং শেষং ন কুর্য্যা'দতি নিশ্চিতং মে ॥১৫॥
ন হাস্ত বীর্য্যেণ বলেন কশ্চিৎ সমঃ পৃথিব্যামিপি বিঅতেহন্তঃ।
স শীতবাতাতপকর্শিতাঙ্গো ন শেষমাজাবস্তুত্ৎ স কুর্য্যাৎ ॥১৬॥
প্রাচ্যান্ নৃপানেকবথেন জিত্বা রুকোদবঃ সামুচবান্ বণেমু।
স্বস্ত্যাগমদ্যোহতিবথস্তবস্থী সোহয়ং বনে ব্রিশ্যতি চীরবাসাঃ ॥১৭॥

ভাবতকোমুদী

পরলোকস্থান্ ক্ষিতিজ্ঞান্, পৃচ্ছন্ তেষাং হাস্থকাবণং জিজ্ঞানমানঃ সন্, নৃনং নিশ্চিতমেব, শৃণোতি এতৎ শ্রোস্থাতি, যৎ, স ধৃতবাষ্ট্রঃ, অশক্ষো নিরুছেগ এব, আন্তশদ্ধং লক্ষাপ্রবিভ্যমণি সাহজং মুধিষ্টিবম্, বনং প্রাস্থাপয়ৎ ৷ পক্ষপাতেন গুণবতামেব যুধিষ্টিবাদীনাং নির্বাদনমেব তেষাং হাস্থকাবণমিতি ভাবঃ ॥১৩॥

ইদানীং ভীমবিষমং বিরুণোতি— য ইতি। পৃতনাং দেনাম্। শক্তং পুবীষম্ ॥১৪॥
স ইতি। তবন্ধী বলবান্। শেষং ন কুর্যাৎ অপি তু নিঃশেষমেব কুর্যাৎ ॥১৫॥
নেতি। বীর্যাং মানসিকী শক্তিঃ, বলঞ্চ কাষিকী শক্তিঃ। আন্দৌ যুদ্ধে, অন্তব্ধং
শক্তবুন্দম্ ॥১৬॥

ভাবতভাবদীপঃ

ঘোষো ভবতি। যমেতৎ কর্ণাবিপিধায শৃণোতি স যদোৎক্রমিশ্বন্ ভবতি নৈনং ছোষং শূণোতি'' ইতি প্রতার্থোৎস্থসন্ধেষঃ ॥১৩—১৪॥ শেষং ন কুর্যাৎ নিঃশেষমেব নাশয়েদিতার্থঃ

তা'ব পব সেই দৃঢ় পীববস্কন্ধ ও বিশাল লোহিতনেত্ৰ ৰাজগণকৈ সেই হাস্তেব কাবণ জিজ্ঞাসা কবিলে, ধৃতরাষ্ট্র নিশ্চযই ইহা শুনিবে যে, 'তুমি প্রাতাদেব সহিত অস্ত্রবিগ্যায় স্থশিক্ষিত যুধিষ্ঠিবকে নির্ব্বাসিত কবিয়াছিলে কি না, (তাহা ভাবিয়াই আমবা হাসিতেছি)' ॥১৩॥

যে দীর্ঘবাছ ভীমসেন নিবন্ত্র হইয়াও, অন্ত্রশন্ত্রে স্থসজ্জিত বিপক্ষসৈক্তকে সংহাব কবিতে পাবেন, সেই ভীমসেনেব শব্দ শুনিয়াই বিপক্ষসৈক্তেবা ভবে মলমূত্র ত্যাগ কবিষা থাকে ॥১৪॥

ক্ষ্ধা, পিপাসা ও পথেব পবিশ্রমে কৃশ সেই বলবান্ ভীমসেন নানাবিধ অন্ত ও বাণ ধাব্ণ করিয়া যাইয়া, বনবাসের এই ভয়ন্কব কষ্ট স্মরণ কবিয়া শত্রুপক্ষেব শেষ বাখিবেন না—ইহাই আমার দৃঢ় ধাবণা ॥১৫॥

কি মানসিক বল, কি দৈহিক বল, কোনটাতেই উহাব সমান অপব কোন লোক পৃথিবীতে নাই; শীত, বাযু ও বৌল্লে কৃশীকৃতদেহ সেই প্রসিদ্ধ এই ভীমসেন যুদ্ধে শক্রদিগকে নিঃশেষই করিবেন ॥১৬॥ যঃ সিন্ধুকূলে ব্যজয়য়ৄদেবান্ সমাগতান্ দাক্ষিণাত্যান্ মহীপান্।
তং পশ্যতেমং সহদেবমত তরস্বিনং তাপসবেশরপম্ ॥১৮॥
যঃ পার্থিবানেকরথেন জিগ্যে দিশং প্রতীচীং প্রতি যুদ্ধশোণ্ডঃ।
সোহয়ং বনে মূলফলেন জীবন্ জটা চরত্যন্ত মলাচিতাঙ্গঃ॥১৯॥
সত্রে সমূদ্ধেহতিবথস্থা বাজে৷ বেদীতলাত্বৎপতিতা স্থতা যা।
সেয়ং বনে বাসমিমং স্তত্বঃখং কথং সহত্যন্ত সতী স্থাহা ॥২০॥
ত্রিবর্গমুখ্যস্তা সমীরণস্তা দেবেশ্বরস্তাপ্যথা চাশ্বিনোশ্চ।
এষাং স্থবাণাং তনয়াঃ কথং সু বনেহচরন্ হাস্তম্বধাঃ স্থথাহাঁঃ॥২১॥

ভাবতকোমুদী

প্রাচ্যানিতি। স্বন্ধি মঙ্গলেন। তবস্বী বলবান্। চীববাসাঃ কোপীনধাবী ॥১৭॥
অথ প্রাচ্যাং ভীমবিজ্যং বর্ণযিত্বা তৎক্রমেণ বর্ণযন্ জ্যেষ্ঠমপি প্রতীচীবিজ্যনিং নকুলমূলক্য
অবাচীবিজ্যনিং সহদেবং বর্ণযতি—য ইতি। নুযু দেবা ইব নুদেবাস্তান্ ॥১৮॥

- ইদানীং নকুলং বর্ণথতি—য ইতি। যুদ্ধে শৌগুো মন্তঃ। মলাচিতাঙ্গো ধূলিব্যাপ্তাঙ্গঃ ॥১৯॥ জৌপদীং বিরুগোতি—সত্র ইতি। সত্রে যজে। বাজো জপদক্ত ॥২০॥

ত্রীতি। ত্রিবর্গে ধর্মার্থকামেরু মৃথ্যঃ শ্রেষ্ঠো ধর্ম ইত্যর্থস্তশু, সমীরণশু বাষোং, দেবেধবশু ইক্সন্ত । অন্তন্ত্র্থান্তিবোহিতন্ত্র্থাং, ন্ত্থাহাঃ ন্ত্র্থভোগযোগ্যাঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

॥১৫—১৬॥ স্বস্তি ক্ষেমেণ, আগমৎ আগতঃ॥১৭—১৮॥ দোহয়ং নকুলঃ॥১৯॥ রাজ্ঞো জ্রপদস্য॥২০॥ ত্রিবর্গমুখ্যস্ম ধর্মস্য। ''ত্রিবর্গে বিশ্বকামার্টর্যঃ' ইত্যমবঃ। বনে অচবন্ হি,

অতিরথ ও বলবান যে ভীমসেন একমাত্র রথে, অন্তচরবর্গের সহিত পূর্ববদেশীয় রাজগণকে যুদ্ধে জয় করিয়া কুশলেই আগমন করিয়াছিলেন, এই সেই ভীমসেন কৌপীন পরিধান করিয়া বনবাসের কষ্ট ভোগ কবিতেছেন ॥১৭॥

যিনি সমুজের তীরে সম্মিলিত মনুয়াশ্রেষ্ঠ দাক্ষিণাত্য নুপতিগণকে জয় করিয়াছিলেন, এই সেই বলবান্ সহদেবকে আপনাবা আজ তপস্বিবেশে দর্শন করুন ॥১৮॥

যুদ্ধমন্ত যে বীব একবথে পশ্চিমদিকের রাজ্ঞগণকে জয় কবিয়াছিলেন, এই সেই
নকুল ফল-মূল-ভক্ষণে জীবিত থাকিয়া, জটা ধাবণ করিয়া এবং ধূলিধূসরাঙ্গ হইয়া
আজ বনে বিচৰণ করিভেছেন ॥১৯॥

অতিবথ ক্রপদবাজার যে কন্সা আড়ম্বরপূর্ণ যজ্ঞবেদী হইতে উথিত হইয়াছিলেন ; এই সেই জৌপদী সুখভোগেব যোগ্য হইয়াও আজ এই বনবাসেব গুক্তর গ্রঃখ কি করিয়া সন্থ কবিতেছেন ! ॥২০॥

ধর্ম্ম, বাযু, ইন্দ্র এবং অধিনীকুমাবদ্বয়—এই পঞ্চ দেবভার পঞ্চ পুত্র স্থুখভোগেব যোগ্য হইযাও কি করিয়া বনের ভিতবে ছঃখে বিচরণ করিলেন। ॥২১॥ জিতে হি ধর্মস্থ স্থতে সভার্য্যে সভ্রাতৃকে সামুচরে নিবস্তে।
ছুর্য্যোধনে চাপি বিবর্দ্ধমানে কথং ন সীদত্যবনিঃ সশৈলা ॥২২॥
সাত্যকিরুবাচ।

ন রাম! কালঃ পরিদেবনায় যতুত্তরং তত্র তদেব সর্বেব।
সমাচরামো ছনতীতকালং যুধিচিরো যতাপি নাহ কিঞ্চিৎ ॥২৩॥
যে নাথবন্তো হি ভবন্তি লোকান্তে নাজনা কর্ম্ম সমারভন্তে।
তেষান্ত কার্য্যেরু ভবন্তি নাথাঃ শিব্যাদয়ো রাম! যথা যথাতেঃ ॥২৪॥
যেষাং তথা রাম! সমারভন্তে কার্য্যাণি নাথাঃ স্বমতেন লোকে।
তে নাথবন্তঃ পুরুষপ্রবীরা নানাথবৎ বুচ্ছু মবাপ্লুবন্তি ॥২৫॥
কন্মাদিমো রামজনার্দনো চ প্রত্যুদ্ধশান্তো চ ময়া সমেতে।।
বসন্ত্যবণ্যে সহ সোদবীয়ৈক্তিলোক্যনাথানধিগম্য পার্থাঃ ॥২৬॥

ভারতকৌমুদী

আক্ষেপাদ্রবীতি—জিত ইতি। নিবস্তে নির্কাসিতে। সীদতি বিদীর্ঘ্যতে ॥২২॥
নেতি। পবিদেবনায বিলাপায়, যং উত্তবং পবকর্ত্তবাম্। নাহ ন ব্রবীতি ॥২৬॥
য ইতি। নাথা: সহাযা:। আজুনা স্বযম্। ভবস্তি প্রবৃত্তা ইতি শেষ: ॥২৪॥
যেবামিতি। নাথা: সহাযা:। জনাথবং নি:সহাযা ইব, কুছুং ক্টম্ ॥২৫॥
ক্ষাদিতি। জৈলোক্যনাথান্ বলপ্রভাবেণ জিভুবনপ্রভুত্যোগ্যান্ বামাদীন্ ॥২৬॥

ভার্য্যা, ভ্রাতা ও অমুচরবর্গেব সহিত ধর্মপুত্র যুধিষ্টিব বিজিত ও নির্ব্বাসিত হইয়াছেন; আর (পাপাত্মা) ছর্য্যোধন বৃদ্ধি পাইতেছে, ইহাতে পর্ব্বতসমন্বিতা পৃথিবী বিদীর্ণ হইতেছেন না কেন ?" ॥২২॥

সাত্যকি বলিলেন—"বলদেব! এটা বিলাপ করিবাব সময় নহে। যদিও যুধিষ্ঠিব কিছু বলিতেছেন না, তথাপি আমরা সকলেই অবিলম্বে সেখানে যাইয়া— যাহা পরকর্ত্তব্য, তাহাই করি ॥২৩॥

কারণ, যে সকল লোক সহায়সম্পন্ন হন, তাঁহাবা নিজেবা কোন কর্ম কবেন না। যেহেতু শিবিপ্রভৃতি যেমন যযাতিব কার্য্যে প্রবৃত্ত হইয়াছিলেন, তেমন সহায় লোকেরাই তাঁহাদের কার্য্যে প্রবৃত্ত হইয়া থাকে ॥২৪॥

বলদেব ! জগতে সহায় লোকেরা আপন আপন মত অন্নসাবে যাঁহাদের কার্য্য কবে, সেই সহায়সম্পন্ন প্রধান পুরুষেবা নিঃসহায়ের ক্যায় কণ্ট অনুভব কবেন না ॥২৫॥ আমার সহিত এই বাম ও কৃষ্ণ এবং প্রাক্তান্ন ও শাস্ব, আমবা এই কয়

⁽২২) ইতঃ পবম্ '…একোনবিংশতাধিকশততমোহধ্যায়ং'—বা ব কা, '…বিংশতাধিকশত-তমোহধ্যায়ং'—পি নি। (২৪)…শৈব্যাদয়ো রাম !—নি।

বন-১২৮ (৮)

নির্ঘাতু সাধ্বত্য দশার্হসেনা প্রভূতনানাষুধচিত্রবর্ণ্মা।

যমক্ষরং গচ্ছতু ধার্ত্তরাষ্ট্রঃ সবান্ধবাে রফিবলাভিভূতঃ ॥২৭॥

ত্বং হেব কোপাৎ পৃথিবীমপীমাং বিনাশ্যেন্তিষ্ঠতু শার্স্পর্ধা।

স ধার্ত্তবাষ্ট্রং জহি সান্ধবন্ধং বৃত্তং যথা দেবপতির্মহেন্দ্রঃ ॥২৮॥

ভ্রাতা চ মে বঃ স সথা গুরুশ্চ জনার্দ্দনস্থাত্মসমশ্চ পার্থঃ।

যদর্থ মৈচছন্মনুজঃ স্থপুত্রং শিয়াং গুরুশ্চাপ্রতিকূলবাদ্য ॥২৯॥

যদর্থমভূত্যত্তমুত্তমং তৎ কবােতি কর্প্যাত্র্যমপারণীরম্।

তপ্যান্ত্রবর্ধাণ্যহযুত্তমান্ত্রেরিহত্য সর্ববািণ রণেহভিভূর ॥৩০॥

ভাৰতকোমুদী

নির্বান্থিতি। দশার্হণিং বৃঞ্চীনাং সেনা। যমক্ষমং যমাল্যম্ ॥২৭॥
দ্বানিত। স্থানক এবেতি ভাবঃ। শার্ক ধরা কৃষ্ণঃ। বৃত্তং বৃত্তান্থরম্ ॥২৮॥
ভাতেতি। যো মে ভাতা পিতৃবস্পুত্রসম্পর্কাৎ, সথা সোহার্দ্ধাৎ, গুরুশ্চ অন্তাশিক্ষাদানাৎ,
জনার্দ্ধনশ্য কৃষ্ণশ্য চ আত্মসমঃ সথা, স পার্থোহর্জ্ভ্নশ্চ, তির্চন্থিতি পূর্বান্থবৃত্তিঃ। যেন হি মহান্তঃ,
যদর্থং স্বকার্য্যকবণার্থন্, স্থপুত্রম, ঐচ্ছৎ, গুরুশ্চ অপ্রতিকূলবাদং শিশুম্ ঐচ্ছৎ। অর্জ্জ্নশি্ষ্ণোহহ্মজ্জ্বনশ্য তৎ কার্যাং কবিশ্বামীতি শেবঃ ॥২১॥

অণ বিপক্ষঃ কর্ণোহস্তীতি চেত্তত্তাহ—যদর্থসিতি। যেন কর্ণেন যদর্থং ছর্যোধনবিপক্ষ-ভাবতভাবদীপঃ

অস্তম্বথা ইতি চ্ছেদঃ ॥২১—২০॥ নাথবস্ত ঐশ্বয়বন্তঃ। ভাবে বঙ্, নাত্মনা ন স্বয়ং নাথাঃ কাহ্যসাধকাঃ, শিব্যাদ্য ইত্তোবপাঠঃ, শৈব্যাদ্য ইতি পাঠে তু স্বার্থে ক্সঙ্ ॥২৪—২২॥ স

জনই ত্রিভূবনেবও প্রভূষ করিতে পারি; স্থতবাং আমাদিগকে পাইয়া পাওবগণ কেন আত্মীযগণেব সহিত বনে বাস করিতেছেন የ ॥২৬॥

স্থতরাং অন্তই বৃঞ্চিসেনা বিচিত্র বর্দ্ম পরিধান করিয়া এবং প্রচুর পরিমাণে নানাবিধ অন্ত লইয়া স্থল্দবভাবে নির্গত হউক; পবে বান্ধবগণের সহিত হুর্ঘ্যোধন বৃঞ্চিসৈন্তে আক্রান্ত হইবা যমালয়ে গমন ককক ॥২৭॥

অথবা কৃষ্ণ (প্রভৃতি) থাকুন; আপনি একাই ত ক্রোখে এই পৃথিবীটাকেও বিনাশ করিতে পাবেন, স্থতবাং দেবরাজ ইন্দ্র যেমন বৃত্তাস্থরকে বধ কবিয়াছিলেন, তেমন আপনিই অনুচববর্গেব সহিত তুর্ব্যোধনকে বধ ককন ॥২৮॥

যিনি আমাৰ ভ্রাতা, সথা ও গুক এবং কুফেব আত্মতুলা স্মৃন্তং, সেই অর্জুনও থাকুন। কারণ, মানুব যে জন্ম স্থপুত্র ইচ্ছা কবে এবং গুক যে জন্ম অপ্রতিকূলবাদী শিন্ত ইচ্ছা কবেন, তাহা আমিই কবিব; কেন না, আমি অর্জুনের শিন্তা ॥২৯॥

⁽२४)--- नःत्वरेग्रिटिकेष् गार्क् भर्या---वा व का नि । (२३)--- यहर्वेरेग्रष्टम् मर्स्साः---वा व का ।

কোপাচিছরঃ দর্পবিষাগ্নিকল্পৈঃ শবোন্তবৈদ্ধন্মথিতান্মি রাম !।
খড়েগন চাহং নিশিতেন সংখ্যে কাষাচ্ছিবস্তস্থ্য বলাৎ প্রমণ্য ॥৩১॥
ততোহস্থ্য দর্ববানমুগান্ হনিয়ে তুর্য্যোধনঞ্চাপি কুরংশ্চ দর্ববান্ ।
আন্তায়ুধং মামিহ বোহিণেয ! পশ্যস্ত ভৈমা যুধি জাতহর্বাঃ ॥৩২॥
নিল্নন্তমেকং কুরুযোধমুখ্যানগ্নিং মহাকক্ষমিবান্তকালে।
প্রত্যানমূক্তান্ নিশিতান্ ন শক্তাঃ সোঢ়ুং কুপজোণবিকর্ণকর্বাঃ ॥৩৩॥
(কলাপকম্)

জানামি বীর্য্যঞ্চ জয়াত্মজস্ম কাফির্ভবত্যেষ যথা বণস্থঃ। শাষ্যঃ সমূতং সবথং ভুজাভ্যাং তুঃশাসনং শাস্ত বলাৎ প্রমণ্য ॥৩৪॥

ভাবতকোমুদী

জ্বার্থম, উত্তমমন্ত্রম্ অভ্যাততম, যশ্চ কর্ণঃ অত্যৈবপাবণীয়ম, অগ্রাং শ্রেষ্ঠং তৎ তুর্য্যোধনবিপক্ষবিজয়ন্ত্রণং কর্ম করোতি, অহমৃত্তমান্ত্রিঃ ববে তত্ম সর্বাণি অন্তবর্গাণি বিহত্য, তঞাভিভূষ, কোপাৎ, সপ্রিবাগ্নিকল্পৈ: শবোত্তমৈং, তত্ম শিবঃ উন্নথিতান্মি বিদলিক্সামি। অথবা হে বাম। অহং সংখ্যে যুদ্ধে বলাৎ নিশিতেন খজেন তত্ম কায়াৎ শিবঃ প্রমণ্য নিপাত্য, ততঃ অত্ম কর্ণত্ম সর্বান্ অন্থগান্, তুর্ব্যোধনক্ষ, অত্যান্ সর্বান্ কুরংশ্চাপি হনিত্তে। হে বেছিলেয়। রাম। তৈমা ভীমপক্ষীয়া যোধাঃ, জাতহর্বাঃ সন্তঃ, অন্তকালে মহাকক্ষং মহাভঙ্কবনম্, নিম্নন্তং দহন্তমগ্নিমিব, ইহ যুধি, আত্যামুক্তান্ কিশতান্ বাণান্ নোচুং ন শক্তা ভবেষুঃ ॥৩০ – ৩০॥

জানামীতি। এব কার্ফিঃ রুঞ্পুত্তঃ প্রাত্ময়ং, বণস্থো যথা ভবতি, তথা ভূততা জ্বাত্মজত অর্জুনপুত্রতা অভিমন্তোশ্চ বীর্বাং জানামি ॥ ২৪॥

বলদেব! যে কর্ণ যে জন্ম উত্তম অন্ত্র দকল ধাবণ কবিয়াছে এবং যে কর্ণ অন্তের অসাধ্য দেই শ্রেষ্ঠ কার্য্য দম্পাদনও কবিয়া থাকে, আমি উত্তম উত্তম অম্বদ্ধাবা যুদ্ধে দেই কর্ণের সমস্ত অন্তবর্গণ প্রভিত্ত কবিয়া এবং তাহাকে পরাভূত কবিয়া, দর্পবিষ ও অন্নির তুল্য তীক্ষ্ম উত্তম বাণসমূহ দ্বারা ক্রোধে তাহার মস্তক বিদীর্ণ কবিব; কিংবা আমি নিশিত তববাবিদ্ধারা যুদ্ধে বলপূর্বক ভাহাব দেহ হইতে মস্তক বিচ্ছিন্ন কবিয়া, তৎপবে তাহাব সমস্ত অমূচব, ছর্য্যোধন এবং সমস্ত কৌবককে বিনাশ কবিব। বোহিণীনন্দন। তৎকালে ভীমপক্ষীয় লোকেরা আনন্দিত হইয়া দেখিবে যে, প্রলযকালে অন্নি যেমন শুদ্ধ মহাবন দগ্ধ কবে, আমি একাকী অন্ত্র ধাবণ কবিয়া সেইবপই সেই যুদ্ধে কুক্পক্ষীয় যোদ্ধশ্রেষ্ঠদিগকে বিনাশ কবিতেছি। তা'ব পব, কৃপ, জ্বোণ, বিকর্ণ ও কর্ণ—ইহাবা প্রছ্যায়নিক্ষিপ্ত বাণ সন্ত কবিতে পাবিবেন না ॥৩০—৩৩॥

ন বিগতে জাম্ববতীয়তন্ত রণেথবিষহাং হি রণোৎকটন্ত ।
এতেন বালেন হি শম্ববন্ত দৈত্যন্ত সোভং সহসা প্রণুন্নম্ ॥৩৫॥
রভোক্রবত্যায়তপীনবাহুবেতেন সংখ্যে নিহতোথশ্বচক্রঃ।
কো নাম শাঘন্ত মহারথন্ত রণে সমক্রং বথমভ্যুদীয়াৎ ॥৩৬॥
যথা প্রবিশ্যান্তরমন্তকন্ত কালে মনুষ্যো ন বিনিক্রমেত।
তথা প্রবিশ্যান্তরমন্ত সংখ্যে কো নাম জীবন্ পুনরাব্রজেচ্চ ॥৩৭॥
ডোণঞ্চ ভীম্মঞ্চ মহাবথো তো স্থতৈর্ব্তঞাপ্যথ সোমদত্তম্।
সর্ববাণি সৈন্তানি চ বাহুদেবঃ প্রধক্ষাতে সায়কবিহ্নজালৈঃ ॥৩৮॥

ভাবতকোমুদী

নেতি। জাম্বতীস্থতশ্য শাম্বশ্য, অবিষহ্মজ্যামিতার্থ:। সোভং বিমানম্ ॥৩৫॥
বৃত্তেতি। বৃত্তে গোলো উর মশু সং, অত্যাযনপীনো অতিদীর্ঘস্থলো বাহু মশু সং। সংখ্যে
যুদ্ধে, অম্বচক্রো নাম বীরঃ। রথম্ আদাযেতি শেষঃ ॥৩৬॥

যথেতি। অন্তকশু অন্তবং বাহুমধ্যম্। সংখ্যে অন্তবং যুদ্ধশু মধ্যম্ ॥৩৭॥ দ্রোণমিতি। বাস্ক্দেবশু সর্কসংহাবসামর্থ্যমনেন স্থচিতম্ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

পার্থোহণি তিষ্ঠত্বিতি পূর্বেণায়য়ং, যদর্থং শত্রুবধার্থম্ ॥২৯॥ তৎ স্থপুত্রাদিকম্ অস্মাকমন্তীতি শেষঃ ॥৩০ — ৩১॥ তিমা ভীমকর্মকর্তাবো ভীমবংশকা বা ॥৩২ — ৩৩॥ জ্বাত্মজ্ঞাভিমজ্ঞো

অর্জুনেব পুত্র অভিমন্তার বলও আমি জানি,—যুদ্ধে থাকিয়া এই প্রহায় যেমন হয়, অভিমন্তাও তেমনই হইতে পারিবে। তা'র পর, শাস্ব বাছযুগলদ্বারা বলপূর্বক অভিভূত করিয়া বথ ও সারথির সহিত তুঃশাসনকে নিগৃহীত ককক ॥৩৪॥

যুদ্ধে যুদ্ধমন্ত শাম্বেব কিছুই অসহ্য নাই। কারণ, এই শাম্বই বাল্যকালে শম্বাস্থবেব বিমানখানাকে হঠাৎ বিনষ্ট করিয়াছিল ॥৩৫॥

তা'ব পব, যাহার উক্যুগল গোল এবং বাহুযুগল অতিশয় দীর্ঘ ও স্থুল ছিল, সেই অশ্বচক্রকেও এই শাম্বই যুদ্ধে বিনাশ করিয়াছিল; স্থুতবাং যুদ্ধে মহার্থ শাম্বেব সমক্ষে কোন্ ব্যক্তি রথ লইয়া আসিতে পারিবে ?॥ ৩॥

আয়ুংশেষকালে যমেব বাহুযুগলেব মধ্যে প্রবেশ করিয়া মান্ত্র যেমন নির্গত হইতে পাবে না, তেমন শাস্ত্রেব যুদ্ধমধ্যে প্রবেশ কবিয়া কোন্ ব্যক্তি জীবিত অবস্থায় আবার ফিরিয়া আসিতে পাবিবে ? ॥৩৭॥

তা'র পর, কৃষ্ণ বাণবহ্নিসমূহদ্বারা মহারথ ভীদ্ম ও ক্রোণকে এবং পুত্রগণে পবিবেষ্টিত সোমদত্তকে, আব সমস্ত সৈত্যকে দগ্ধই কবিয়া ফেলিবেন ॥৬৮॥ কিং নাম লোকেষবিষহ্থমন্তি কৃষ্ণশু সর্বেষ্ সদেবকেষু।
আত্তায়্ধস্যোত্তমবাণপাণেশ্চক্রায়ুধস্যাপ্রতিমস্থ যুদ্ধে ॥৩৯॥
ততোহনিরুদ্ধোহপ্যসিচর্ম্মপাণির্মহীমিমাং ধার্ত্তবাষ্ট্রেরিসংক্তঃ।
কৃত্তোত্তমাস্পৈনিহিতৈঃ কবোতু কীর্ণাং কুশৈর্বেদিমিবাধ্ববেষু ॥৪০॥
গদোল্মুকৌ বাহুকভামুনীথাঃ শৃবশ্চ সংখ্যে নিশঠঃ কুমারঃ।
রণোৎকটো সাবণচারুদেফৌ কুলোচিতং বিপ্রথয়ন্ত কর্মা ॥৪১॥
সর্বিভাজান্ধকষোধমুখ্যা সমাগতা সাত্ততশ্বসেনা।
হত্মা রণে তান্ ধৃতরাষ্ট্রপুত্রান্ লোকে যশঃ স্ফীতমুপাকবোতু ॥৪২॥
ততোহভিমন্যঃ পৃথিবীং প্রশান্ত যাবদ্বতং ধর্মভ্তাং ববিষ্ঠঃ।
যুধিষ্ঠিরঃ পাবয়তে মহাত্মা দ্যুতে যথোক্তং কুরুসত্তমেন ॥৪০॥

ভারতকোমুদী

কিমিতি। দেবৈঃ সহেতি সদেবকান্তেষ্, বছত্রীহো কপ্রত্যথঃ ॥৩৯॥
তত ইতি। ক্বত্তোত্তমাদৈশিছন্নমন্তকৈঃ, নিহিতৈভূ তলপাতিতৈঃ। কীর্ণাং ব্যাপ্তাম্ ॥৪৯॥
গদেতি। গদাদীনি বৃক্ষিবীবাণাং নামানি। বিপ্রথযন্ত প্রকাশন্ত ॥৪১॥
সেতি। সাত্বতশ্য যত্তকশেশু শ্বসেনা বীবসৈশ্যম্। উপাকবোত্ উৎপাদযত্ ॥৪২॥
অথ ধার্তবাষ্ট্রান্ বিজিত্য বষমেব কিং তদীষবাজ্যং গৃহীমঃ। যেন বনবাসত্রতসমাপ্তেঃ পূর্ব্বং
যুধিষ্টিবো বাজ্যং ন গৃহীযাদিত্যাহ—তত ইতি। পাবষতে সমাপ্ষতি ॥৪৩॥

কৃষ্ণ যখন উত্তম বাণ, চক্র বা অন্তান্ত অস্ত্র ধাবণ কবেন, তখন যুদ্ধে উনি অতুলনীয়ই হন; স্থতরাং দেবগণেব সহিত সমস্ত জগতে কৃষ্ণেব অসহ্য কি আছে ৪ ॥৩৯॥

তা'র পর, যাজ্ঞিকেরা যেমন কুশদ্বাবা যজ্ঞবেদি আস্তীর্ণ কবেন, সেইকপ অনিক্দ্ধও অসি-চর্ম ধারণ করিয়া, মস্তকচ্ছেদনপূর্বক ভূশাযিত কবিয়া অচৈতন্ত ধার্তবাষ্ট্রগণদ্বাবা এই পৃথিবীকে আস্তীর্ণ ককক ॥৪০॥

বীর গদ, উলাকু বাহুক, ভানু, নীথ, কুমাব নিশঠ এবং যুদ্ধমত্ত সাবণ ও চাকদেষ্ণ—ইহারা যুদ্ধে বংশোচিত কার্য্য প্রকাশ ককক ॥৪১॥

যত্নংশীয় বীরবাহিনী বৃষ্ণি, ভোজ ও অন্ধকবংশীয় প্রধান প্রধান যোদ্ধাব সহিত মিলিত হইয়া যাইয়া যুদ্ধে সেই ধৃতবাষ্ট্রপুত্রগণকে বধ কবিয়া জগতে বিপুল যশ উৎপাদন ককক ॥৪২॥

তাহাব পব ধার্ম্মিকশ্রেষ্ঠ মহাত্মা যুধিষ্ঠির দ্যুতক্রীড়াব সমযে যেরূপ বলিয়াছিলেন, সেই অন্ম্পাবে যে পর্য্যন্ত বনবাসত্রত সমাপ্ত না কবেন, সে পর্য্যন্ত অভিমন্ত্যু বাইয়া কুকবাজ্য শাসন করুক ॥৪৩॥ অস্মৎ প্রযুক্তির্বিশিথৈর্জিতাবিস্ততো মহীং ভোক্ষ্যতি ধর্ম্মবাজঃ।
নির্ধার্ত্তবাষ্ট্রাং হতদূতপুত্রামেতন্ধি নঃ কৃত্যতমং যশস্তম্ ॥৪৪॥
বাস্কদেব উবাচ।

অসংশয়ং মাধব! সত্যমেতদ্গৃহ্লীম তে বাক্যমদীনসত্ত্ব। বাভ্যাং ভুজাভ্যামজিতান্ত ভূমিং নেচ্ছেৎ কুরূণামূষভঃ কথঞিৎ ॥৪৫॥ ন ছেষ কামান্ন ভয়ান্ন লোভাদ্যুধিষ্ঠিরো জাতু জহ্মাৎ স্বধর্মম্। ভীমার্চ্জুনো চাতিবথো যমো চ তথৈব কুঞা ক্রুপদাত্মজেয়ম্ ॥৪৬॥ উভৌ হি যুদ্ধেহপ্রতিমো পৃথিব্যাং ব্যকোদবশৈচব ধনঞ্জয়শ্চ। কুসান্ন কুৎস্নাং পৃথিবীং প্রশাদেশ্যাদ্রীস্থতাভ্যাঞ্চ পুবস্কৃতোহ্যম্ ॥৪৭॥ বদা তু পাঞ্চালপতির্মহাত্মা সকেক্যশ্চেদিপতির্বয়ঞ্চ। যুধ্যেম বিক্রম্য রণে সমেতান্তদৈব সর্বের বিপরো হি ন স্থ্যঃ ॥৪৮॥

ভারতকোসুদী

স্মাদিতি। জিতা অবনঃ অপরে২পি শত্রবো যন্ত সং। যশস্তং যশস্কবম্ ॥৪৪॥
স্বাংশ্যমিতি। হে মাধব। মধুদেশজাত। সাত্যকে। হে অদীনসন্থ। অন্মবল।।
কুরুণামূবভঃ শ্রেষ্ঠো যুধিষ্ঠিরঃ, নেচ্ছেৎ, কাপুক্ষতাপাতাদিত্যাশ্যঃ ॥৪৫॥

তর্হি স্বম্যবেদ্য নির্বান্ধিত্যাহ—নেতি। জাতু কদাচিৎ, জন্মাৎ ত্যজেৎ ॥৪৬॥
অক্সণা যুমত্পদেশং বিনাপি স্বথমেবার্দো রাজ্যং গৃহীষাদিত্যাহ—উভাবিতি ॥৪৭॥
তর্হি কদাসো বাজ্যং গৃহীষাদিত্যাহ—যদেতি। সমেতা মিলিতাঃ। ন স্থান তিষ্টেয়ঃ ॥৪৮॥

তা'র পর (বনবাসত্রত সমাপ্ত হইবা গেলে), যুখিষ্ঠির যাইয়া বাজ্য পালন কবিবেন; তখন ধৃতবাষ্ট্রেব পুত্রগণ ও কর্ণ থাকিবে না এবং আমবা বাণদ্বাবা তৎকালীন শত্রুদিগকেও জয় কবিষা দিব। ইহাই আমাদেব কার্য্যেব মধ্যে প্রধান কার্য্য এবং কীর্ত্তিজনক কার্য্য" ॥৪৪॥

কৃষ্ণ বলিলেন—"মহাবল সাত্যকি! তোমার এই সত্য বাক্য আমবা নিঃসন্দেহেই গ্রহণ করিতাম বটে; কিন্তু কৌরবশ্রেষ্ঠ যুধিষ্ঠিবই যে আপন বাহু-বলে অবিজ্ঞিত বাজ্য কোন প্রকারেই গ্রহণ কবিতে ইচ্ছা কবিবেন না ॥৪৫॥

এই যুর্ধিষ্টির ইচ্ছা, ভয বা লোভবশতঃ কখনও স্বধর্ম ত্যাগ কবিবেন না কিংবা অতিবথ ভীম ও অর্জ্জ্ন এবং নকুল ও সহদেব, আর ক্রপদনন্দিনী এই কৃষণ —ইহাবা স্বধর্ম ত্যাগ কবিবেন না ॥৪৬॥

না হইলে, ভীম ও অর্জুন—ইহারা গৃই জনই পৃথিবীৰ মধ্যে যুদ্ধে অতুলনীয; তা'র পব নকুল-সহদেবও উ হার (যুধিষ্ঠিবেব) পিছনে বহিয়াছেন, এ অবস্থায় উনি সমগ্র পৃথিবী শাসন করেন না কেন ॥৪ ৭॥

যুধিষ্ঠিব উবাচ।

নেদং চিত্রং মাধব। যদ্ব্রবীষি সত্যস্ত মে রক্ষ্যতমং ন রাজ্যম্।
কৃষ্ণস্ত মাং বেদ যথাবদেকঃ কৃষ্ণক বেদাহমথো যথাবৎ ॥৪৯॥
যদৈব কালং পুরুষপ্রবীরো বেৎস্তত্যয়ং মাধব! বিক্রমস্ত।
তদা বনে ত্বঞ্চ শিনিপ্রবীর। স্থযোধনং জেম্বাসি কেশবশ্চ ॥৫০॥
প্রতিপ্রযান্ত্রত্ত দশাহ্বীরা দৃফৌহস্মি নাথৈর্নবলোকনাথৈঃ।
ধর্মেহপ্রমাদং কুরুতাপ্রমেয়াঃ! দ্রফীস্মি ভূষঃ স্থথিনঃ সমেতান্॥৫১॥

বৈশম্পায়ন উবাচ। #

তেথফোন্তমামন্ত্র্য তথাভিবাত বৃদ্ধান্ পবিষজ্য শিশৃংশ্চ দর্ববান্। যহুপ্রবীবাঃ স্বগৃহাণি জগাুন্তে চাপি তীর্থান্তকুসংবিচেরুঃ ॥৫২॥

ভাবতকোমুদী

নেতি। বক্ষাতমং বক্ষোষু প্রধানম্। বেদ জানাতি। বেদ জানামি ॥৪৯॥
যদেতি। পুরুষপ্রবীবঃ রুষ্ণ:। বেৎস্থতি জ্ঞাস্থতি। হে শিনিপ্রবীব। সাত্যকে।॥৫০॥
প্রতীতি। দশার্হবীবা যাদববীবা ভবস্কঃ। অপ্রমাদম্ অনবধানতারাহিত্যম্ ॥৫১॥
ত ইতি। বুদ্ধানভিবান্ধ, সর্বান্ শিশৃংশ্চ পবিষদ্ধা আলিঙ্গা ॥৫২॥

অতএব মহাত্মা ক্রপদ, কেকয়বান্ধ, চেদিরান্ধ এবং আমরা—এই সকলে মিলিত হইযা যুদ্ধে বিক্রম প্রকাশ কবিয়া যখনই যুদ্ধ কবিব, তখনই সমস্ত শত্রু তিবোহিত হইবে (এবং তখনই উনি বান্ধ্য গ্রহণ কবিবেন)" ॥৪৮॥

ু বৃধিষ্ঠির বলিলেন—"সাত্যকি! তুমি যাহা বলিলে, তাহা আশ্চর্য্য নহে; কিন্তু সত্যই আমার রক্ষণীয়েব মধ্যে শ্রেষ্ঠ, রাজ্য নহে। একমাত্র কৃষ্ণই আমাকে যথাযথভাবে জানেন, আমিও কৃষ্ণকে যথাযথভাবে জানি ॥৪৯॥

অতএব সাত্যকি। এই পুকরশ্রেষ্ঠ কৃষ্ণ যখনই বিক্রমপ্রকাশের সময় ইইয়াছে বলিয়া মনে কবিবেন, তখনই তুমি ও কৃষ্ণ যুদ্ধে তুর্য্যোধনকে জয় করিবে॥৫০॥

অতএব আজ যতুবংশীয় বীবগণ প্রতিগমন করুন; কেন না, তোমরা মর্ত্তালোকের মধ্যে প্রভু এবং আমার সহায়, তোমাদের সহিত আমাব সাক্ষাৎ হইয়া গিয়াছে। হে অসাধাবণ বীবগণ। আপনাবা ধর্ম্মের প্রতি সাবধান থাকিবেন, আবার আমি আপনাদিগকে সুখী ও সমাগত দেখিব"॥৫১॥

বৈশপ্পায়ন বলিলেন—তাহাব পব যাদবগণ ও পাগুবগণ প্রক্রাষণ, বৃদ্ধদিগকে অভিবাদন এবং সকল কনিষ্ঠদিগকে আলিঙ্গন করিলেন, তৎপরে

^{*} অয়ং পাঠো নাস্তি বা ব কা পি।

বিস্বজ্য কৃষ্ণং ত্বথ ধর্মরাজো বিদর্ভরাজোপচিতাং স্থতীর্থাম্। জগাম পুণ্যাং দবিতং পয়োষ্টাং দল্রাভৃতৃত্যঃ দহ লোমশেন ॥৫৩॥ স্থতেন দোমেন বিমিশ্রতোয়াং ততঃ পয়েয়ষ্টাং প্রতি সোহধ্যুবাদ। দিজাতিমুখ্যেমু দিতৈর্মহাত্মা সংস্কৃরমানঃ স্তুতিভির্বরাভিঃ ॥৫৪॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্ববিশি তীর্থযাত্রায়াং বাদবগমনে শততমোহধ্যায়ঃ ॥০॥ #

----*#°---

ভারতকোমুদী

বিস্তজ্যেতি। বিদর্ভরাজেন উপচিতাং বর্জিতাম্, শোভনানি তীর্থানি ঘট্টানি ঘ্যাং তাম্ ৮০০।

হুতেনেতি। স্থতেন যজ্ঞার্থে নির্মিতেন, সোমেন সোমরসেন ICSI
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্ব্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসন্দিন্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং
মহাভারতটীকায়াং ভারতকোমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং শততমোহধ্যায়ঃ I°I

ভারতভাবদীপঃ

ISS—891 মাধব ৷ মধুদেশো মথুরাপ্রদেশস্তত্ত জাত ৷ ISC—৫৩1 স্থতেন অভিষ্তেন, যজে সোমপানতুল্যং তব্দ্বশানমিত্যর্থঃ ৷ পয়োফীং প্রতি পষোষ্যাম্, পযোমাত্রমধ্যোস ভক্ষিত-বান্ ICSI

ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলক্ষ্মীয়ে ভারতভাবদীপে শততমোহধ্যায়: ॥১০০॥

-:*:--

যাদবগণ আপন আপন গৃহে চলিয়া গেলেন; আর পাণ্ডবগণ তীর্থের দিকেই প্রস্থান করিলেন ॥০২॥

তাহার পর, যুর্ধিষ্টির কৃষ্ণকে বিদায় দিয়া ভ্রাতৃগণ, ভূত্যগণ ও লোমশম্নির সহিত মিলিত হইরা বিদর্ভরাজকর্তৃক বর্দ্ধিত ও স্থন্দব ঘট্টযুক্ত পবিত্র পয়োফীনদীতে গমন করিলেন ॥৩৩॥

বাহার জলে ষজ্ঞীয় সোমরস মিশ্রিত ছিল, সেই পয়োফীনদীতে যাইয়া মহাত্মা যুর্ধিষ্টির তাহার তীরে বাদ করিতে লাগিলেন; তখন শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ আনন্দিত ইইয়া মনোহব স্থাতিবাক্যে তাঁহার স্তব কবিতে থাকিলেন॥2৪॥

----°#?----

 ^{&#}x27;…বিংশত্যধিকশততয়:…'—বা ব কা, '…একবিংশত্যধিকশততয়;…'—পি নি !

একাধিকশততমোহধ্যায়ঃ

লোমশ উবাচ।

নূগেণ যজমানেন সোমেনেহ পুরন্দবঃ।
তর্পিতঃ শ্রুয়তে রাজন্। স তৃপ্তো মুদমভ্যগাৎ ॥>॥
ইহ দেবৈঃ সহেক্রৈশ্চ প্রজাপতিভিবের চ।
ইফীং বহুবিধৈর্যজ্ঞৈর্যহিন্তির্ভু রিদক্ষিণৈঃ ॥২॥
আমূর্ত্তরয়দশ্চেহ বাজা বক্রধরং প্রভুম্।
তর্পয়ামাস সোমেন হয়মেধেরু সপ্তত্ম ॥৩॥
তত্ম সপ্তত্ম যজ্ঞেরু সর্বমাসীদ্ধির্থাযম্।
বানস্পত্যঞ্চ ভৌমঞ্চ যদ্দ্রব্যং নিয়তং মথে ॥৪॥
চয়ালযুপচমসাঃ স্থাল্যঃ পাত্র্যঃ ক্রুচঃ ক্রুবাঃ।
তেম্বের চাস্থ যজ্ঞেরু প্রয়োগাঃ সপ্ত বিশ্রুহাঃ॥৫॥

ভারতকোমুদী

বুগেণেতি। বুগেণ বুগনায়া রাজ্ঞা, যজমানেন যজ্জং কুর্বতা, সোমেন সোমবদেন ॥১॥ ইহেতি। ইদ্রেণ সহেতি সহেন্দ্রাক্তিং, প্রজাপতিভিঃ কশ্যপাদিভিঃ ॥২॥ আমুর্ব্বেতি। অমুর্ত্তরয়সোহপত্যম্ আমুর্ত্তবয়সো গয়ঃ, বজ্পববিদ্রম্ ।৩॥ তন্ত্রেতি। হিরগ্নয়ং স্থর্ণময়ম্। বানস্পত্যং কাষ্ঠ্যমম্, ভৌমং মুন্নমম্ ॥৪॥

লোমশ বলিলেন—"রাজা। আমবা শুনিতে পাই যে, এইখানে নুগবাজা যজ্ঞ করিবাব সময়ে সোমরস দ্বাবা ইন্দ্রকে পবিতৃপ্ত কবিযাছিলেন এবং ইন্দ্রও তৃপ্ত ইইয়া সর্বব্যপ্রকাবে আনন্দিত হইযাছিলেন ॥১॥

আর, ইন্দ্রের সহিত দেবতাবা এবং প্রজ্ঞাপতিবাও এইখানেই প্রচুব দক্ষিণাযুক্ত নানাবিধ বৃহৎ বৃহৎ যজ্ঞ কবিয়াছিলেন ॥২॥

এবং অমূর্ত্তরয়ার পুত্র গয়রাজাও এইখানেই সাতটী অশ্বমেধযজ্ঞে সোমরসদাবা দেববাজকে পরিতৃপ্ত করিয়াছিলেন ॥৩॥

যজ্ঞে ষে দকল জব্য নিয়মিতভাবে কণ্ঠিময় ও মূন্ময় হইয়া থাকে, তাহা সমস্তই গয়রাজার সেই সাতটী যজ্ঞে স্বর্ণময় হইয়াছিল ॥ ।॥

⁽১) গয়েন यজमात्नन—नि । বন-১২৯ (৮)

সংস্থিকৈকস্থ যুপস্থ চধালাশ্চোপবিস্থিতাঃ।
তক্ষ স্থা যুপান্ যজের ভ্রাজমানান্ হিবগ্নয়ান্॥৬॥
স্থামুখাপয়ামাস্থদে বাঃ সেন্দ্রা যুধিষ্ঠিব !।
তেরু তন্ত মথাত্যোয়ু গয়স্থ পৃথিবীপতেঃ॥৭॥
তমাভদিন্দ্রঃ সোমেন দক্ষিণাভির্দ্ধিজাতয়ঃ।
প্রসংখ্যানানসংখ্যেয়ান্ প্রত্যগৃহ্লন্ হিজাতয়ঃ॥৮॥ (বিশেষকম্)
সিকতা বা যথা লোকে যথা বা দিবি তারকাঃ।
যথা বা বর্ষতো ধারা ভাসংখ্যেয়াঃ স্ম কেনচিৎ ॥৯॥
তথৈব তদসংখ্যেয়ং ধনং যৎ প্রদদ্যে গয়ঃ।
সদস্যেভ্যো মহারাজ ! তেরু যজেরু সপ্তরু ॥২০॥ (রুগ্মকম্)

ভাবতকোমুদী

অথ কিং কিং নাম তদ্বেবামিতাহ—চবালেতি। অশু গমশু, তেমু সপ্তবেব যজেমু, চবালো যুপকটক: যুপোপরিনিশ্বিতো বলয়রপো ভমকরপো বা কাষ্ঠবিশেষ ইত্যর্থ:, যুপো যজীরপত্ত-বন্ধনন্তভ:, চমনঃ সোমরসপানপাত্তং তে, স্থাল্য: পাকপাত্রাণি, পাত্রাঃ পক্তর্যরক্ষণপাত্রাণি, জনো হবিঃপ্রাপনপাত্রাণি চ, এতে সপ্তিব, প্রযুদ্ধান্ত ইতি প্রয়োগা উপকবণস্ববাণি, বিশ্রতা হিবগ্রযুদ্ধেন আকর্ণিতাঃ ॥৫॥

নপ্তেতি। সপ্তস্থ যুণেয়ু একৈকত্মেতি সপ্তিকৈক্স। উপরিস্থিত। আসন্। মখাগ্রোয়্ যজ্ঞশ্রেষ্টেয়ু। প্রসংখ্যাযন্তে অন্তৈর্গণ্যন্তে যে তে প্রসংখ্যানাঃ স্বর্ণান্তান্, ''পঞ্জুফলকো মান্তে স্বর্ণন্ত বোডশ'' ইতি মন্ত্রপরিভাষিতাঃ স্বর্ণমুলা ইত্যর্থঃ। অতএব পুংস্ক্রম্যাঙ—৮॥

সিকতা ইতি। সিকতা বালুকাঃ। বৰ্ধতো মেঘস্ত। গধাে রাজা ॥৯—১•॥
ভাবতভাবদীপঃ

নুগেণেতি ॥১—२॥ আমূর্ত্তরয়সো গয়নামা ॥৩॥ বানম্পত্যং বৃক্ষজং চৰালাদি, ভৌমং মুম্মমং স্থাল্যাদি ॥৪॥ চযালো বৃপক্টক:। বৃণো যজ্জজ্জ:। চম্দাঃ সোমপানপাতাদি। পাত্যো হবিংস্থাপনার্থানি মুম্ময়ানি পাত্তাণি। ক্ষচঃ হবিংপ্রদানার্থাঃ। ক্ষবাঃ হবির্বদানার্থাঃ

স্থৃতবাং গয়বাজার সেই সাতটী যজ্ঞেই চষাল, যূপ, চমস, স্থালী, পাত্র, প্রুক্ ও ক্ষব—এই সাতটী বস্তুই স্বর্ণময় হইয়াছিল বলিয়া শুনা যায় ॥৫॥

সাতটী যুপের মধ্যে প্রত্যেক যুপের উপবেই চ্যাল ছিল এবং যুখিন্টির! গয়বাদ্ধাব যজ্ঞেব সেই স্বর্ণময় উজ্জ্ঞল যুপগুলিকে ইন্দ্রপ্রভৃতি দেবতাবা নিজেরাই তুলিয়াছিলেন এবং গয়রাজ্ঞাব সেই শ্রেষ্ঠ যজ্ঞগুলিতে ইন্দ্র সোমরস পান করিয়া, আর ব্রাহ্মণেবা দক্ষিণা লাভ কবিয়া আনন্দে মত্ত হইয়াছিলেন; আর ব্রাহ্মণেবা অসংখ্য স্বর্ণমূলা প্রতিপ্রহ কবিযাছিলেন॥৬—৮॥

মহাবাজ! ভূতলেব বালি, আকাশের নক্ষত্র এবং মেঘেব বৃষ্টিধারা যেমন

ভবেৎ। সংখ্যোয়মেতদ্বি যদেতৎ পরিকীর্ভিতম্।
ন তস্ম শক্যাঃ সংখ্যাতুং দক্ষিণা দক্ষিণাবতঃ ॥>>॥
হিরগ্নযীভির্গোভিশ্চ কুতাভির্বিশ্বকর্মণা।
ব্রাহ্মণাংস্তর্পয়ামাদ নানাদিগ্ ভ্যঃ সমাগতান্ ॥>২॥
ব্যাহ্মণাংস্তর্পয়ামাদ নানাদিগ্ ভ্যঃ সমাগতান্ ॥>২॥
ব্যাহ্মণা পৃথিবী চৈত্যৈবাদীমহাত্মনঃ।
গয়স্য বজমানস্য তত্র তত্র বিশাংপতে!॥>৩॥
দ লোকান্ প্রাপ্তবানৈক্রান্ কর্মণা তেন ভারত!।
সলোকতাং তস্ম গচ্ছেৎ পযোষ্ণ্যাং য উপস্পৃশেৎ॥>৪॥
তত্মাত্মত্র বাজেক্র। ভ্রাতৃভিঃ সহিতোহচ্যুত।।
উপস্পৃণ্য মহীপাল। ধৃতপাপাুা ভবিশ্বদি॥>৫॥

ভাবতকৌমূদী

ভবেদিতি। এতৎ সিকতাদিকম্। দক্ষিণাবতঃ প্রশন্তদক্ষিণস্থ যজ্ঞস্থ ॥১১॥
হিরণ্মনীভিরিতি। হিরণ্ময়ীভিঃ স্বর্ণময়ীভিঃ। তর্পমামাস তোষমামাস ॥১২॥
আন্নেতি। হৈতৈয়র্বজ্ঞশালাভিঃ। যজমানস্থ যজ্ঞং কুর্ববিতঃ ॥১৩॥
স ইতি। স গয়ঃ। সলোকতাং সমানলোকবাসম্। উপস্পৃদেৎ স্নামাৎ ॥১৪॥
তন্মাদিতি। হে অচ্যুত। ধর্মপথাদন্তই। উপস্পৃষ্ঠ স্নাস্বা, ধৃতণাপুনা নিস্পাপঃ ॥১৫॥

কেহই গণনা করিতে সমর্থ হয় না, তেমন সেই সাতটী যজ্ঞে গয়বাজা সদস্যদিগকে যে ধন দান কবিয়াছিলেন, তাহাও কেছ গণনা কবিতে সমর্থ হয় নাই ॥৯—১০॥

এই যেগুলি বলিলাম, যদিও এগুলিব সংখ্যা কবা যায়, তথাপি সেই প্রণস্ত দক্ষিণাযুক্ত যজ্জের দক্ষিণাগুলিব সংখ্যা কবা যায় নাই ॥১১॥

আর, গয়রাজা বিশ্বকর্মনির্মিত স্বর্ণময় গো দান কবিয়া নানাদিক্ হইতে আগত আস্বাদিণিকে সভ্তই কবিয়াছিলেন ॥১২॥

নবনাথ! মহাত্মা গয়বান্ধা সেই সেই স্থানে যে সকল যজ্ঞ করিয়াছিলেন, তাহাব গৃহগুলিতে প্রায় ব্যাপ্ত হইয়া যাওয়ায় পৃথিবীব অল্পন্থানই অবশিষ্ট ছিল॥১৩॥

্ ভবতনন্দন! তাহাব পব গ্যবাজা সেই সকল যজ্ঞেব ফলে ইন্দ্রলোক লাভ করিয়াছিলেন। এই পয়োঞ্চীনদীতে যিনি স্নান কবেন, তিনিও গ্যবাজাব সমান লোক লাভ করেন ॥১৪॥

অতএব ধার্ম্মিক বাজশ্রেষ্ঠ। তুমিও ভ্রাতাদেব সহিত এই পয়োফীনদীতে স্নান কবিয়া নিম্পাপ হইবে" ॥১৫॥

বৈশস্পায়ন উবাচ।

স পরোক্যাং নরশ্রেষ্ঠঃ স্নাত্ম বৈ ভ্রাতৃভিঃ সহ।
বৈদূর্য্যপর্বতিঞ্চব নর্মানাঞ্চ মহানদীম্।
সমাজগাম তেজস্বী ভ্রাতৃভিঃ সহিতোহনঘ! ॥১৬॥
তত্রাস্থ সর্ববাণ্যাচখ্যো লোমশো ভগবানৃষিঃ।
তীর্থানি রমণীয়ানি পুণ্যান্থায়তনানি চ ॥১৭॥
যথাযোগং যথাপ্রীতি প্রযুব্যে ভ্রাতৃভিঃ সহ।
তত্র তত্রাদদদ্বিতং ব্রাক্ষণেভ্যঃ সহস্রশঃ ॥১৮॥

লোমশ উবাচ।

দেবানামেতি কোন্তের ! তথা রাজ্ঞাং দলোকতাম্। বৈদূর্ব্যপর্ববতং দৃষ্ট্বা নর্মাদামবতীর্ব্য চ ॥>৯॥ সন্ধিরেষ নরশ্রেষ্ঠ ! ত্রেতারা দ্বাপরস্থ চ। এতমাসাম্ম কোন্তের ! সর্ববপাপেঃ প্রমূচ্যতে ॥২০॥

ভারতকোমুদী

দ ইতি। পরোক্যাং নভাম্। নরশ্রেটে। যুধিষ্টিরঃ। বটুপাদোহয়ং শ্লোকঃ ॥১৬॥ তত্ত্রেতি। অশু যুধিষ্টিরভান্তিকে, আচথো) বর্ণবামাদ ॥১৭॥ ঘথেতি। বর্ণাবোগং যথোপায়ম্। বিত্তং ধনম্॥১৮॥ দেবানামিতি। এতি প্রাপ্নোতি। সলোকতাং সমানলোকম্॥১৯॥ দদ্ধিরিতি। এব বৈদ্যাপর্বতঃ, সন্ধিঃ মদ্ধিসময়োৎপন্নঃ। অতএব মহাপুণাঃ ॥২০॥

বৈশপ্পায়ন বলিলেন — নিপাপ বাজা! তাহাব পর তেজম্বী যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত পযোফীনদীতে স্নান করিয়া ভ্রাতাদের সহিতই বৈদ্র্যাপর্বত ও মহানদী নর্ম্মদায় আগমন কবিলেন ॥১৬॥

সেধানে উহার নিকটে ভগবান্ লোমশমূনি সকল মনোহর তীর্থ ও পুণ্য আয়তনগুলিব বিষয় বলিলেন ॥১৭॥

তথন যুধিষ্ঠির ভাতাদের সহিত মিলিত হইয়া যথাযোগ্য উপায়ে এবং প্রীতিসহকারে সেই সেই স্থানে গমন করিলেন এবং ব্রাহ্মণদিগকে সহস্র সহস্র ধন দান করিলেন ॥১৮॥

লোমশ বলিলেন—"কুন্তীনন্দন! বৈদ্য্যপর্বত দর্শন কবিয়া এবং নর্মদানদীতে অবতীর্ণ হইয়া মানুষ দেবলোক ও রাজলোক লাভ করে ॥১৯॥

কাবণ, নরশ্রেষ্ঠ কৃন্তীনন্দন! এই বৈদূর্ঘ্যপর্বত ত্রেতা ও দাপরযুগের সন্ধিসময়ে জন্মিয়াছিল; স্মৃতরাং এই পর্বতে যাইয়া মানুষ সমস্ত পাপ হইতে মৃক্ত হয়॥২০॥ এষ শর্যাতিষজ্ঞস্য দেশস্তাত ! প্রকাশতে।
সাক্ষাদ্যত্রাপিবৎ সোমমশ্বিত্যাং সহ কৌশিকঃ ॥২১॥
চুকোপ ভার্গবন্চাপি মহেন্দ্রস্থ মহাতপাঃ।
সংস্কল্যাঞ্চাপি ভার্যাং স বাজপুত্রীমবাপ্তবান্।
নাসত্যে চ মহাভাগ ! কৃতবান্ সোমগীথিনো ॥২৩॥
যুধিষ্ঠির উবাচ।

কথং বিফস্তিতন্তেন ভগবান্ পাকশাসনঃ।
কিমৰ্থং ভাৰ্গবশ্চাপি কোপং চক্ৰে মহাতপাঃ ॥২৪॥
নাসত্যো চ কথং ব্ৰহ্মন্। কৃতবান্ সোমপীথিনো।
এতৎ সৰ্ববং যথাব্ৰত্তমাথ্যাতু ভগবান্ মম ॥২৫॥

ভাবতকৌমুদী

এব ইতি। শর্যাতির্নাম রাজা তদ্যজ্ঞস্থ । সোমং সোমবসম্, কোশিক ইন্দ্র: ॥২১॥
চুকোপেতি। মহেন্দ্রস্থ উপবি। বাসবমিন্দ্রম্ । প্রভুক্তপংপ্রভাবশালী ॥২২॥
স্থক্তামিতি। স্থক্তাং নাম। দ চ্যবনঃ। নাসত্যো অধিনীকুমার্রো। সোমস্থ সোমরসস্থ
পীতং পানমনয়োবস্থান্তীতি তৌ, পূষোদবাদিস্বান্তকাবস্থ থকাবঃ ॥২৩॥
কথমিতি। বিষ্টল্লিতো বিশেষেণ স্তন্ধীকৃতঃ, তেন চ্যবনেন ॥২৪॥
নাসত্যাবিতি। বৃত্তং ঘটিতমন্তিক্রম্যেতি ষথাবৃত্তম্, আথ্যাতু ব্বীতু ॥২৫॥

বংস! এই শর্যাতিরাজার যজ্ঞস্থান প্রকাশ পাইতেছে; যেখানে দেববাজ ইন্দ্র অধিনীকুমারদ্বয়ের সহিত প্রত্যক্ষতঃ সোমরস পান করিয়াছিলেন ॥২১॥

এবং মহাতপা ও প্রভাবশালী ভৃগুনন্দন চ্যবন ইন্দ্রের উপবে ক্রুদ্ধ হইযাছিলেন এবং তাঁহাকে স্বন্ধিত করিয়াছিলেন ॥২২॥

মহাভাগ! আর তিনি রাজকন্তা স্থকন্তাকে ভার্য্যা লাভ কবিযাছিলেন এবং অধিনীকুমাবদিগকে সোমপায়ী কবিয়াছিলেন" ॥২৩॥

যুথিষ্ঠির বলিলেন—"মহাতপা চ্যবনমুনি, মাহাত্মাশালী ইন্দ্রকে কেন স্তর্ফ কবিয়াছিলেন ? কি জন্মই বা তাঁহাব উপরে কুপিত হইয়াছিলেন ? ॥২৪॥

বন্ধান্! আর তিনি কেন অধিনীকুমাবদিগকে সোমপায়ী কবিয়াছিলেন ? এই সমস্ত বিষয় আপনি যথাযথভাবে আমাব নিকট বলুন" ॥২৫॥

⁽২৩) দ্বিতীয়াৰ্দ্ধ বা ব কা পি নাস্তি। (২৫) শ্লোকাৎ পরন্ '…একবিংশতাধিকশত-তমোহধ্যায়ং'—বা ব কা, '…ছাকিংশতাধিকশততমোহধ্যায়ং'—পি নি।

লোমশ উবাচ।

ভূগোর্মহর্বেঃ পুত্রোহভূচ্যবনো নাম ভারত!।

সমীপে সবসঃ সোহস্ত তপস্তেপে মহাদ্যুতিঃ ॥২৬॥

স্থাণুভূতো মহাতেজা বীরস্থানেন পাণ্ডব!।

অতিষ্ঠৎ স্থাচরং কালমেকদেশে বিশাংপতে!॥২৭॥

স বল্মীকোহভবদৃষিল তাভিরভিসংরতঃ।

কালেন মহতা বাজন্! সমাকীর্ণঃ পিপীলিকৈঃ॥২৮॥

তথা স সংরতো ধীমান্ মুৎপিণ্ড ইব সর্ব্বশঃ।

তপ্যতে স্ম তপো ঘোবং বল্মীকেন সমার্তঃ॥২৯॥

অথ দীর্ঘস্ত কালস্থ শ্র্যাতির্নাম পার্থিবঃ।

আজগাম সবো বম্যং বিহুর্ত্তু মিদমুক্তমম্॥৩০॥

তস্ত স্ত্রীণাং সহন্রাণি চত্বার্য্যাসন্ পবিগ্রহে।

একৈব চ স্থতা স্থল্জঃ স্থক্যা নাম ভারত।॥৩১॥

ভাবতকোমূদী

ভূগোরিতি। সবসো জলাশযন্তা। মহাদ্যুতির্মহাতেজাঃ ॥২৬॥

স্থাধিতি। স্থাণুভূতঃ নিষ্পত্রশাথবুক্ষবন্ধিতনঃ, বীবস্থানেন বীরাসনেন ॥২ ৭॥

न हेि । वन्नीका वन्नीकावृष्ठामहः । नमाकीर्या वाश्वः ॥२৮॥

তথেতি। সর্বাশঃ সর্বাস্থ দিক্ষ্, সংব্রতো লডাভিবাবৃতঃ, অতএব মৃৎপিণ্ড ইব স্থিতঃ ॥২≯॥

অথেতি। দীর্ঘস্ত কালস্ত অতিক্রমে সতীতি শেবঃ ॥৩০॥

লোমশ বলিলেন—''ভরতনন্দন। মহর্ষি ভৃগুব 'চাবন-'নামে একটী পুত্র হইযাছিল, সেই মহাতেজা চাবন এই সরোববেব নিকটেই তপস্থা করিয়া-ছিলেন ॥২৬॥

নবনাথ পাণ্ড্নন্দন। মহাতেজা চ্যবন এই সবোববেবই এক স্থানে বীরাসনে বসিযা দীর্ঘকাল স্থাণুব স্থায় অচল ছিলেন ॥২৭॥

রাজা! বহুকাল পবে তিনি উয়ীব মাটীতে আবৃত , লতায় আচ্ছাদিত এবং পিপীলিকায় ব্যাপ্ত হইয়াছিলেন ॥২৮॥

সেইভাবে লতা ও উয়ীৰ মাটীতে সকল দিকে আৰুত; স্মৃতবাং মৃত্তিকাস্থ্^{পেৰ} স্থায় অবস্থিত চ্যবন ভযম্বর তপস্থা কবিতে লাগিলেন ॥২৯॥

তাহার পর দীর্ঘকাল অতীত হইলে, 'শর্যাতি'-নামে এক রাজা এই মনো^{হর} উত্তম সরোবরে বিহার করিতে আসিলেন ॥৩০॥ সা সখীভিঃ পবির্তা দিব্যাভরণভূষিতা।
চংক্রম্মাণা বল্মীকং ভার্গবস্থ সমাসদৎ ॥৩২॥
সা বৈ বস্থমতীং তত্র পশুন্তী স্থমনোবমাম্।
বনস্পতীন্ বিচিম্বন্তী বিজহাব সধীরতা ॥৩৩॥
রূপেন বয়্রদা চৈব মদনেন মদেন চ।
বভঞ্জ বনর্ক্ষাণাং শাখাঃ পরমপুষ্পিতাঃ ॥৩৪॥
তাং সখীর্হিতামেকামেকবন্ত্রামলঙ্কৃতাম্।
দদর্শ ভার্গবাে ধীমাংশ্চবন্তীমিব বিহ্যুত্ম্ ॥৩৫॥
তাং পশুমানো বিজনে স বেমে পবমহ্যুতিঃ।
কামকণ্ঠশ্চ বিপ্রবিত্তপােবলসমন্বিতঃ ॥৩৬॥
তামাবভাষে কল্যাণীং সা চাস্থান শৃণােতি বৈ।
ততঃ স্থকন্থা বল্মীকে দৃষ্ট্যা ভার্গবচকুষী ॥৩৭॥

ভাবতকোমূদী

তশ্রেতি। পৰিপ্রহে কলঅস্থানে, "পরিপ্রহঃ কলজেংপি মূল্যস্বীকাবয়োবণি" ইতি মেদিনী ॥৩১॥ -

সেতি। বল্মীকম্ আবরণকারিণমুখীকামৃত্তিকাভূপম্॥৩২॥

দেতি। বন্ধুমতীং সমস্ততঃ স্থানম্। বিচিন্নতী ফলানি বিচিন্নতী ॥৩৩॥

রূপেণেতি। রূপাদিনা সমন্বিতেতি শেষঃ ॥৩৪॥

তামিতি। একবন্তামিত্যনেন বাযুনা বন্তচালনে তদক্ষণনসম্ভব ইতি স্থাচিতম ॥৩৫॥

তামিতি। রেমে আননল। ক্লাসকর্থঃ অতিক্ষীণস্বরঃ, চিবভোজনাভাবেনাতিত্রবলস্থা-

ভবতনন্দন! সেই শর্যাতিবাজাব চাবি হাজার ভোগ্য স্ত্রী এবং 'স্কুক্যা'-নামে প্রমন্ত্রন্দরী একটা কক্যাছিল ॥৩১॥

দিব্য অলঙ্কাবে অলঙ্কৃত সেই স্থুকক্সা সথীগণে পবিবেষ্টিত হইয়া বিচবণ করিতে কবিতে চ্যবনেব সেই বল্মীকমৃত্তিকাস্থূপের নিকটে আগমন করিল॥৩২॥

সখীগণবেষ্টিতা স্থকন্তা তখন অতিমনোহৰ স্থানগুলি দেখিতে থাকিয়া এবং বুক্ষের ফল চয়ন কবিয়া কবিয়া বিচৰণ কবিতে লাগিল ॥৩৩॥

বাপ, বয়স, কাম ও মদসম্পন্না স্থকন্তা ক্রমে পুষ্পসমন্বিত বস্ত বৃক্ষেব শাখাগুলিকে ভগ্ন করিতে লাগিল ॥৩১॥

তথন জ্ঞানী চ্যবন—সখীবহিতা, একাকিনী, একবস্ত্রা ও অলঙ্কৃতা সেই সুকন্তাকে বিচরণশীলা বিগ্ন্যতের ক্যায় দর্শন কবিলেন ॥৩৫॥

মহাতেজা চ্যবন নির্জ্জনে তাহাকে দেখিয়াই আনন্দিত হইলেন এবং

কোতৃহলাৎ কন্টকেন বুদ্ধিমোহবলাৎ কৃতা।
কিন্ধু খলিদিপুক্তবা নির্বিভেদাস্থ লোচনে ॥৩৮॥ (বিশেষকম্)
অক্রুধ্যৎ দ তথা বিদ্ধে নেত্রে পরমমন্ত্রমান্।
ততঃ শর্যাতিদৈন্তস্থ শকুন্মূত্রে দমার্ণোৎ ॥৩৯॥
ততো রুদ্ধে শকুন্মূত্রে দৈন্তমানাহত্যুখিতম্।
তথাগতমভিপ্রেক্ষ্য পর্য্যপূচছৎ দ পার্থিবঃ ॥৪০॥
তপোনিত্যস্থ বৃদ্ধস্থ বোষণস্থ বিশেষতঃ।
কেনাপকৃতমন্তেই ভার্গবস্থ মহাত্মনঃ।
ভ্যাতং বা যদি বাহজ্ঞাতং তদ্দ্রুতং ক্রেত মা চিরম্ ॥৪১॥

ভাৰতকৌমুদী

দিত্যাশ্যঃ। অতএব সা স্কল্যা অভ চ্যবনস্থাভাষণং ন শ্ণোতি আ। বৃদ্ধিমোহবলাৎ কৃতা বৃদ্ধিমোহবিষ্টা। অভ চ্যবনস্থা ॥৩৬—৩৮॥

অকুধ্যদিতি। পরমমস্থামান্ অতীবদৈয়ান্বিতঃ। সমাবৃণোৎ রুদ্ধবান্ ॥৩৯॥
তত ইতি। আনাহেন মলমুত্রবন্ধেন হঃখিতম্। তথা তক্রপেণের আগতম্ ॥৪০॥
তপ ইতি। তপ এব নিত্যং সদাতনং যক্ত তক্ত। বটুপাদোহয়ং শ্লোকঃ ॥৪১॥
ভারতভাবদীপঃ

॥৫—१॥ প্রসংখ্যানান্ একষত্বেন ভ্যংস্বর্ণমূল্রাদের্মাপকান্ থারীদ্রোণাদীন্ ॥৮—২৩॥ সোমশ্র পীথঃ পানং তহন্তো সোমপীথিনো ॥২৪॥ বীরস্থানেন বীরাসনেন ॥২৫—৩৫॥ ক্ষামক্ষ্ঠঃ ক্ষীণধ্বনিঃ ॥৩৬॥ অতএব সা তহ্বচনং ন শৃণোতি ॥৩৭—৩৯॥ আনাহো মলবিষ্টস্তঃ॥৪০—৫৩॥ ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলক্ষ্ঠীয়ে ভারতভাবদীপে একাধিকশততমোহধ্যায়ঃ॥১০১॥

তপোবলযুক্ত ব্রহ্মর্থি সেই চ্যবন ক্ষীণস্ববে সেই কল্যাণী স্থকস্থাব সহিত কথা বলিয়া উঠিলেন ; কিন্তু স্থকস্থা চ্যবনের সে কথা শুনিতে পাইল না। তাহার পব স্থকস্থা উয়ীব মাটীব ভিতৰে চ্যবনেব চোথ তুইটা দেখিয়া, 'এটা কি রে!' এই কথা বলিয়া কৌতুক ও বুদ্ধিমোহবশতঃ কণ্টক দ্বাবা চ্যবনেব নয়ন বিদ্ধ করিল॥৩৬—৩৮॥

স্কৃত্যা নয়ন বিদ্ধ করিলে, চ্যবন অত্যস্ত বেদনা পাইয়া ক্রুদ্ধ হইলেন; তৎপবে তিনি তপঃপ্রভাবে শর্যাতিবান্ধাব সৈক্যগণেব মল-মূত্র কদ্ধ করিলেন ॥৩৯॥

মল-মূত্র কদ্ধ হইলে, সৈন্তগণ আনাহরোগে পীড়িত হইযা সেইভাবেই যাইয়া রাজার নিকট উপস্থিত হইল , বাজা তাহা দেখিয়া জিজ্ঞাসা কবিলেন— ॥৪•॥

"সর্ববদা তপস্থাকাবী, বৃদ্ধ, বিশেষতঃ কোপনস্বভাব মহাত্মা চ্যবনের কোন অপকার আজ এথানে কেহ করিয়াছ কি ? জান বা না জ্ঞান, তাহা সত্ব বল; বিলম্ব করিও না'' ॥৪১॥ তমূচুঃ সৈনিকাঃ দর্বের ন বিদ্যোহপক্তং বযম্।
দর্ব্বোপাথৈর্যথাকামং ভবাংস্তদধিগচ্ছতু ॥৪২॥
ততঃ দ পৃথিবীপালঃ দালা চোগ্রেণ চ স্বযম্।
পর্য্যপৃচ্ছৎ স্বছদর্গং পর্যাজানন্ ন চৈব তে ॥৪০॥
আনাহার্ত্তং ততো দৃষ্ট্বা তৎ দৈন্তমস্থান্দিতম্।
পিতবং ফুঃথিতং দৃষ্ট্বা স্থকন্তেদমথাত্রবীৎ ॥৪৪॥
মযাহটন্ত্যেহ বল্মীকে দৃষ্টং দত্তমভিদ্বলৎ।
থতোতবদভিজ্ঞাতং তন্ময়া বিদ্ধমন্তিকাৎ ॥৪৫॥
এতচ্প্রাক্তা তু বল্মীকং শর্যাতিস্ত্র্নমভ্যগাৎ।
তত্রাপশ্যত্তপোরৃদ্ধং ব্যোর্দ্ধঞ্চ ভার্গবম্ ॥৪৬॥
আযাচদথ দৈন্তার্থং প্রাঞ্জলিঃ পৃথিবীপতিঃ।
অজ্ঞানাদ্বালয়া যতে কৃতং তৎ ক্ষম্তমর্হদি ॥৪৭॥

ভারতকোমুদী

তমিতি। যথাকামং যথেচ্ছম, অধিগচ্ছতু জানাতু ॥৪২॥
তত ইতি। সামা কোমলবাকোন, উগ্ৰেণ কন্ষবাকোন চ। তে স্বস্থাং ॥৪৩॥
আনাহেতি। আনাহার্ছং মলমূত্রবন্ধরোগপীডিতম্ ॥৪৪॥
মযেতি। অটস্তা বিচরস্তা। সত্বং কিমপি ত্রবাম্ ॥৪৫॥
এতদিতি। বন্দীকম্ উয়ীকামৃত্তিকান্তৃপম্। ভার্গবং চাবনম্ ॥৪৬॥
অযাচদিতি। পৃথিবীপতিঃ শর্ষাভিঃ। যৎ পীড়নম্ ॥৪ ॥

তথন সৈত্যেরা সকলেই রাজাকে বলিল—"আমবা উহার্ কোন অপকাবেব বিষয় জানি না ; আপনি ইচ্ছান্মসারে সর্বপ্রেকাবে তাহা জান়্ুন" ॥৪২॥

তাহার পব শর্যাতিরাজা নিজেই কোমল ও কঠোর বাক্যে বন্ধুবর্গের নিকট জিজ্ঞাসা কবিলেন; তাহাবাও জানে না (বলিল) ॥৪৩॥

তৎপরে সেই সৈন্তগণকে আনাহবোগে পীড়িত ও যাতনাগ্রস্ত এবং পিতাকেও ছঃখিত দেখিয়া স্থকন্তা এই কথা বলিল—॥৪৪॥

"আমি এইখানে বিচৰণ কবিবার সমযে উয়ীৰ মাটীর ভিতবে উজ্জ্ল একটা বস্তু দেখিয়াছিলাম এবং সেটাকে জোনাকিপোকাৰ মত মনে করিলাম; তাই নিকটে যাইয়া উহা আমি বিদ্ধ করিয়াছি" ॥৪৫॥

ইহা শুনিয়া শর্যাতিরাজা সম্বর্হ সেই উয়ীব মাটীব নিকট গেলেন এবং তাহাব ভিতরে তপোবৃদ্ধ ও বয়োবৃদ্ধ চ্যবনকে দেখিলেন ॥৪৬॥

তাহাব পব তিনি কৃতাঞ্চলি হইয়া সৈম্মগণের জন্ম প্রার্থনা কবিলেন যে, বন-১৩০ (৮) ততোহত্রবীশ্বহীপালং চ্যবনো ভার্গবন্তদা।
অপমানাদহং বিদ্ধো হ্বনধা দর্পপূর্ণরা ॥৪৮॥
রূপোদার্য্যসমাযুক্তাং লোভমোহবলাৎ কৃতাম্।
তামেব প্রতিগৃহাহং রাজন্। ত্রহিতবং তব!
ক্ষংস্থামীতি মহীপাল! সত্যমেতদ্ত্রবীমি তে ॥৪৯॥

লোমশ উবাচ।

খাষের্বচনমাজ্ঞায় শর্যাতিববিচাবয়ন্।
দদৌ ছহিতবং তদ্মৈ চ্যবনায় মহাত্মনে ॥৫০॥
প্রতিগৃহ্য চ তাং কন্মাং ভগবান্ প্রসদাদ হ।
প্রাপ্তপ্রসাদো বাজা বৈ সদৈন্যঃ পুবমাত্রজৎ ॥৫১॥
স্থকন্যাপি পতিং লব্ধু। তপস্থিনমনিন্দিতা।
নিত্যং পর্যাচবৎ প্রীত্যা তপদা নিযমেন চ॥৫২॥

ভারতকোমূদী

তত ইতি। অপমানাৎ অপমানবমজ্ঞাং ক্ষত্বেতি ল্যব্লোপে পঞ্চমী ॥৪৮॥
ক্লপেতি। কপং সোন্দর্য্যম্ উদার্য্যৎ বংশগুণাৎ সম্ভাব্যমানং মহন্তৃঞ্চ তাভ্যাং সমাযুক্তাম্, লোভঃ
কৌতুক্চবিতার্থতাপ্রবণতা মোহন্চ মম নমন এব থডোতব্রমস্তাভ্যাং বলাৎ ক্বতাং বলেনাবিষ্টাম্।
বটুপাদোহয়ং শ্লোকঃ ॥৪৯॥

খবেবিতি। আজ্ঞায শ্রন্থা। অবিচাবষন্ মূনের্বান্ধকাদিকম্, সৈক্তপীড়াদর্শনাৎ ॥৫০॥ প্রতীতি। প্রাপ্তঃ প্রসাদঃ প্রসন্নতানিবন্ধনং সৈক্তস্বাস্থ্যং যেন সং ॥৫১॥ স্ক্কেতি। নিযমেন বৈধসানাদিনা পর্যাচবৎ, পতান্থসারিত্বাৎ পত্না ইতি তাবং ॥৫২॥

"মহর্ষি! বালিকা অজ্ঞানবশতঃ আপনাকে যে পীড়ন কবিয়াছে, তাহা আপনি ক্ষমা ক্রুন" ॥৪৭॥

তদনন্তর ভৃগুনন্দন চ্যবন রাজ্ঞাকে বলিলেন—"বাজা। এই দর্গিতা বালিকা অবজ্ঞা কবিয়া আমাকে বিদ্ধ করিয়াছে ॥৪৮॥

রাজা! রূপ ও উদারতাযুক্তা এবং লোভ ও মোহসমাবিষ্টা আপনাব সেই কন্যাটীকে গ্রহণ করিয়াই আমি ক্ষমা করিব; ইহা আপনার নিকট সত্য বলতেছি"॥৪৯॥

লোমশ বলিলেন—"চ্যবনের উক্তি শুনিয়া শর্যাতিরাজা কোন বিবেচনা না করিয়াই সেই মহাত্মা চ্যবনকে কন্সা সমর্পণ করিলেন ॥৫০॥

চ্যবনও সেই ক্সাটীকে গ্রহণ করিয়া প্রসন্ন হইলেন ; রাজাও তাঁহার প্রসন্নতা লাভ কবিয়া সৈম্মগণেব সহিত রাজধানীতে চলিয়া গেলেন ॥৫১॥ অগ্নীনামতিথীনাঞ্চ শুশ্রুবনসূ্য্যিকা।
সমাবাধ্যত ক্ষিপ্রং চ্যবনং সা শুভাননা ॥৫৩॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্যাং সংহিতাযাং বৈযাসিক্যাং বনপর্ব্বিশি
তীর্থযাত্রাযাং স্থকন্যোপাখ্যানে একাধিকশততমোহধ্যায়ঃ ॥০॥
#

--°=0

দ্ব্যধিকশততমোহধ্যায়ঃ।

---°**

লোমশ উবাচ।

কস্যচিত্ত্বথ কালস্থ ত্রিদশাবশ্বিনো নৃপ। ।
কৃতাভিষেকাং বিবৃত্তাং স্থকন্যাং তামপশ্যতাম ॥>॥
তাং দৃষ্ট্বা দর্শনীয়াঙ্গাং দেবরাজস্থতামিব।
উচত্তঃ সমভিদ্রুত্ত্য নাসত্যাবশ্বিনাবিদম্॥২॥

ভাবতকোমুদী

জগ্নীনামিতি। জগ্নীনাং শুশ্রষ্থ প্রজ্ঞানাদিনা, জতিথীনাঞ্চ শুশ্রষ্থ সৎকাবেণ। জন-স্থিকা প্রদোষাবিদ্ধাববহিতা। সমাবাধ্যত শুশ্রষ্যা বশীভূতমকবোৎ ॥৫৩॥ ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাষাং মহাভাবতটীকাষাং ভাবতকৌমূদীসমাথ্যাষাং বনপর্কণি তীর্থ্যাত্রাধামেকাধিকশততমোহধ্যাযঃ॥।॥

কন্সচিদিতি। কন্সচিৎ কালগু অতিক্রমে সতীতি শেষঃ, ব্রিদর্শো দেবোঁ। ক্বতাভিবেকাং ক্বতমানাম, অতএব বিবৃতাং বসনপবিধানাৎ প্রাগনাবৃতাঙ্গীম্ ॥১॥

তামিতি। সমভিক্তত্য ক্রতমূপেত্য, ন অসত্যং মিথ্যা চিকিৎসা যযোজে ॥২॥

এদিকে অনিন্দিতা স্কুকন্তাও তপস্বী পতি লাভ কবিষা তপস্থা ও নিয়ম দ্বাবা প্রীতিসহকারে সর্ববদা তাঁহার পরিচর্যা কবিতে লাগিলেন ॥ ২২॥

এইভাবে প্রদোষামুসন্ধানরহিতা সুমুখী স্থকন্তা অগ্নি ও অতিথিগণেব শুক্রাবায় প্রবৃত্ত থাকিয়া সম্ববই সেবা দ্বাবা চ্যবনকে বশীভূত কবিলেন" ॥৫৩॥

লোমশ বলিলেন—''বাজা! তাহাব পব কিছু কাল অতীত হইলে, একদা দেবতা অশ্বিনীকুমাবেবা, স্নান কবিবাব পবে নগ্ন অবস্থায় সেই স্থকন্তাকে দর্শন কবিলেন ॥১॥

দেববাজেব কন্সাব স্থায় স্থাদৃশ্যাঙ্গী সেই স্থকস্থাকে দেখিয়া অশ্বিনীকুমাবেবা সহব তাঁহাব নিকট যাইয়া এই কথা বলিলেন—॥২॥

^{* &#}x27;···ছাবিংশত্যধিকশততমোহধ্যায়ং'—বা ব কা, '···জ্যোবিংশত্যধিকশততমোহধ্যায়ং'
—পি নি ৷

কস্ম স্থমদি বামোর ! বনেহিন্মিন্ কিং করোষি চ।
ইচ্ছাব ভদ্রে ! জ্ঞাতুং স্বাং তত্ত্বমাখ্যাহি শোভনে ! ॥৩॥
ততঃ স্থকন্যা সত্রীড়া তারুবাচ স্থরোত্তমোঁ ।
শর্যাতিতনয়াং বিজং ভার্যাং মাং চ্যবনস্থ চ ॥৪॥
অথাখিনো প্রহুইস্থতামক্রতাং পুনবেব তু ।
কথং স্থমদি কল্যাণি ! পিত্রা দন্তা গতাধ্বনে ॥৫॥
ভ্রাজসেহিন্মিন্ বনে ভীক্র ! বিচ্যুৎ সোদামিনী যথা ।
ন দেবেম্বপি তুল্যাং হি স্থয়া পশ্যাব ভাবিনি ! ॥৬॥
অনাভবণসম্পন্না পবমান্থবর্ষজ্জিতা ।
শোভয়স্থধিকং ভদ্রে । বনমপ্যনলস্কৃতা ॥৭॥
সর্ব্বাভরণসম্পন্না পবমান্থবধাবিনা ।
শোভসে স্থনব্যাঙ্গি ! ন স্থেবং মলপক্ষিনী ॥৮॥

ভাবতকোমুদী

কশুতি। হে বামোর । স্থলবোক্ষযুগলে !। ইচ্ছাব আবাম্ ॥৩॥
তত ইতি। সত্রীভা পরপ্রথাদ্টসর্বাসভাং সলজা। বিস্তং যুবাং জানীতম্ ॥৪॥
অথেতি। গতাধ্বনে অতীতযৌবনকালায, "সাদধা কালবর্ম্ম নোং" ইতি ত্রিকাগুশেষঃ ॥৫॥
ভালস ইতি। বিহাৎ তডিৎ, সোদামিনী তদাখা। স্বর্বেশা চ। পশুব আবাম্ ॥৬॥
অনেতি। অনাভরণসম্পন্না, অতএবানলক্ষতাপি বনমধিকং শোভরিসি ॥৭॥
সর্বেতি। মলপক্ষো শরীরস্বেদাদিকর্দমো অশ্রান্ত ইতি মলপদ্ধিনী ॥৮॥

"বামোরু! তুমি কাহাব ? এ বনেই বা কি কব ? ভজে ! আমবা তোমাকে জানিতে ইচ্ছা কবি, সুন্দবি ! তাহা বল' ॥॥

তাহাব পর স্থকন্তা লজ্জিত হইয়া সেই দেবশ্রেষ্ঠ ছইজনকে বলিলেন— "আপনারা অবগত হউন যে, আমি শর্যাতিবাজাব তনয়়া এবং মহর্ষি চ্যবনের ভার্যা।" ॥৪॥

তৎপবে অধিনীকুমাবেব। হাস্ত করিয়া আবাবও তাঁহাকে বলিলেন—"কল্যাণি! তোমার পিতা তোমাকে বৃদ্ধেব হস্তে দান কবিয়াছেন কেন ?" ॥৫॥

ভীক! তুমি এই বনেব ভিতবে বিদ্যুৎ ও সৌদামিনীনায়ী অপ্সরাব স্থায় শোভা পাইতেছ; ভাবিনি! দেবতাদেব মধ্যেও তোমার মত স্থন্দরী আমরা দেখিতে পাই না ॥৬॥

ভাজে! তোমার কোন অলঙ্কাব নাই; স্থভরাং ভূমি অনলঙ্কৃতা এবং উৎকৃষ্ট বস্তুবহিতা; তথাপি ভূমি এই বনটীর পরম শোভা জন্মাইতেছ ॥৭॥ কন্মাদেবংবিধা ভূত্বা জবাজর্জ্জবিতং পতিম্।

ত্বমুপাস্থে হ কল্যানি! কামভোগবহিক্তম্॥৯॥

ত্বসমর্থং পবিত্রানে পোষনে চ শুচিন্মিতে।।

সা ত্বং চ্যবনমুৎস্জ্য ববয়বৈকমাবয়োঃ॥১০॥
পত্যর্থং দেবগর্ভাভে! মা রুথা বৌবনং রুথাঃ।

এবমুক্তা স্থকন্যাপি স্থরো তাবিদমত্রবীৎ॥১১॥ (বিশেষকম্)
রতাহং চ্যবনে পত্যো মৈবং মাং পর্য্যশঙ্কতম্।

তাবক্রতাং পুনস্থেনামাবাং দেবভিষগ্ ববৌ॥১২॥

যুবানং রূপসম্পন্নং করিয়াবঃ পতিং তব।

ততস্কস্যাবয়োক্ষেব রুণীঘান্যতমং পতিম্।

এতেন সময়েনৈনমামন্ত্রয় পতিং শুভে!॥১০॥ (যুগাকম্)

সা তয়োর্বচনান্রোজন্ম পুসঙ্গম্ম্য ভার্গবম্।

উবাচ বাক্যং যভাভ্যামুক্তং ভৃগুক্তং প্রতি॥১৪॥

ভাবতকোমূদী

কন্মাদিতি। উপাস্থে সেবসে। হশক্য পাদপূরণে। হে শুচিনিতে। গুল্লহাতে।। পত্যর্থং বরম্বতে সম্বদ্ধঃ। হে দেবগর্ভাভে। দেববালিকাতুল্যে।॥>-->১॥

রতেতি। এবং বৃদ্ধত্বাচ্য্যবনবিবক্তাম্। সমযেন প্রতিজ্ঞবা। পরঃ শ্লোৰঃ বট্পাদঃ ঃ১২—১৩ঃ

স্থুন্দবি ! তুমি—সমস্ত অলঙ্কাব ও উৎকৃষ্ট বস্ত্ৰ ধাৰণ কবিয়াই শোভা পাইতে পাব ; কিন্তু এইৰূপ মল-কৰ্দম-যুক্ত হইয়া নহে ॥৮॥

কল্যাণি! তুমি এমন স্থন্দরী হইয়া—জবাজর্জবিত, কামভোগশক্তিশৃত্য এবং রক্ষা করিতে ও ভরণ-পোষণ কবিতে অসমর্থ পতিব সেবা কবিতেছ কেন ? শুল্রহাসিনি! তুমি চ্যবনকে পরিত্যাগ কবিযা পতিরূপে আমাদের একজনকে ববণ কর; দেববালিকাতুল্যে! তুমি তোমাব যৌবনটাকে বৃথা কবিও না।" অধিনীকুমাবেরা এইরূপ বলিলে, স্থক্ত্যাও সেই দেবতা ছই জনকে এই কংগা বলিলেন—॥৯—১১॥

"আমি—পতি চ্যবনেব প্রতি অন্তরক্ত; কিন্তু আপনারা আমাকে তাঁহাল প্রতি বিরক্ত বলিয়া মনে করিবেন না।" তথন অধিনীকুমাবেরা পুনরার স্কর্লাকে কহিলেন—"কল্যাণি। আমরা দেবচিকিংসকদের মধ্যে প্রধান; স্কুতরাং আমল। তোমাব পতিকে যুবক ও কপবান্ কবিয়া দিব; তাহাব পব তিনি এবং আললা— এই তিন জনের মধ্যে কোন একজনকে পতিরে বরণ কবিও, আত্রত এই স্কুজানাইয়াই তোমাব সেই পতিকে ভাক"। ১২—১৩

তচ্প্রান্থা চ্যবনো ভার্য্যামুবাচ ক্রিয়তামিতি।
ভর্ত্রা সা সমস্করাতা ক্রিয়তামিত্যথাব্রবীৎ ॥১৫॥
শ্রেম্বা তদাঘিনো বাক্যং তত্তস্থাঃ ক্রিয়তামিতি।
উচতূ বাজপুত্রীং তাং পতিস্তব বিশত্বপঃ ॥১৬॥
ততোহস্তশ্চ্যবনঃ শীব্রং রূপার্থী প্রবিবেশ হ।
অধিনাবিপি তদ্রাজন ! সরঃ প্রাবিশতাং তদা ॥১৭॥
ততো মুহূর্ত্তাভূত্তীর্নাঃ সর্বেব তে সরসন্তদা।
দিব্যরূপধরাঃ সর্বেব যুবানো মুফ্টকুগুলাঃ ॥১৮॥
ভূল্যবেশধরাশৈচব মনসঃ প্রীতিবর্দ্ধনাঃ।
তেহক্রবন্ সহিতাঃ সর্বেব রূণীয়ান্যতমং শুভে। ॥১৯॥
ভাস্মাক্মীপ্রিতং ভদ্রে! পতিত্বে বরবর্ণিনি!।
যত্র বাপ্যভিকামাদি তং রূণীয় স্থশোভনে! ॥২০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

নেতি। ভার্গবং চ্যবনং তদন্তিকমিতার্থ: ॥১৪॥
তদিতি। ক্রিয়তান্, উক্তরূপং কার্য্যমখিনীকুমারাভামিতি শেষ: ॥১৫॥
শ্রুতি । তন্তা: স্ক্রতারা:। অপে। জলম্ ॥১৬॥
তত ইতি। রূপার্থী যৌবনার্থী চ। প্রাবিশতাং প্রবিষ্টবন্তো ॥১৭॥
তত ইতি। মূহুর্তাৎ পরম্। মুইকুওলা: পরিদ্ধতকুওলা:। অস্মাকং মধ্যে ঈপ্সিতমগ্রতমং
জনং পতিত্বে বুণীবেতি নম্বন্ধ:। অভিকামা আদিতঃ কাম্কী ॥১৮—২০॥

বাজা। অশ্বিনীকুসাবদের সেই কথা অনুসারে স্থকন্তা চ্যবনের নিকট যাইযা—তাঁহাব প্রতি তাঁহাবা যে কথা বলিয়াছিলেন, তাহা বলিলেন ॥১৪॥

তাহা শুনিয়া চ্যবন স্থকন্তাকে বলিলেন—"অধিনীকুমাবেবা উক্তরূপ কার্য্যই ককন।" তথন স্থকন্তা ভর্তাব অনুমতি পাইয়া যাইয়া অধিনীকুমারদিগকে বলিলেন—"আপনারা তাহাই ককন" ॥১৫॥

তখন স্মৃক্তার মূখে 'কঙ্কন'—এই কথা শুনিয়া অধিনীকুমাবেবা ভাষাকে বলিলেন—"তবে তোমার পতি জলে প্রবেশ কন্ধন" ॥১৬॥

তাহার পর কপ ও যৌবনার্থী চব্যন সম্বরই জলে প্রবেশ কবিলেন। রাজা! ওখন অধিনীকুমারেরাও নেই সবোবরে প্রবেশ করিলেন॥১৭॥

তদনস্তব তাঁহারা সকলেই মুহূর্ত্তকাল পরে সরোবর হইতে উঠিলেন; তথন তাঁহারা সকলেই দিয়-রূপ-সম্পন্ন, যুবক, পবিমার্জ্জিত কুগুলধারী, সমান বেশ-সময়িত এবং মনের আনন্দর্বদ্ধক হইয়া বিরাজ করিতে লাগিলেন। পর, সা সমীক্ষ্য তু তান্ সর্ববিংস্তুল্যরূপধ্বান্ স্থিতান্।
নিশ্চিত্য মনদা বুদ্ধা দেবী বত্রে স্বকং পতিম্ ॥২১॥
লব্ধ্বা তু চ্যবনো ভার্য্যাং বয়ো রূপঞ্চ বাস্থিতম্।
হাটোহরবীন্মহাতেজাস্তো নাদত্যাবিদং বচঃ ॥২২॥
যথাহং রূপদম্পন্মো বয়দা চ সমন্মিতঃ।
হাতো ভবদ্ভ্যাং বৃদ্ধঃ সন্ ভার্য্যাঞ্চ প্রাপ্তবানিমাম্ ॥২৩॥
তত্মাদ্যুবাং কবিদ্যামি প্রীত্যাহং সোমগীথিনো।
মিষতো দেববাজন্ম সত্যমেতদ্ত্রবীমি বাম্ ॥২৪॥ (যুগাকম্)

ভাৰতকোমুদী

সেতি। নিশ্চিত্য বৃদ্ধা যোগিযোগ্যন্যনভাবাদিনা নিশ্চয়েনাবগ্যয় ॥২১॥

লব্ধেতি। বয়ো যোবনম্। নাসত্যো অখিনীকুমারো ॥২২॥

য়াধেতি। মধ্য মন্ত্রাৎ। সোম্বাধিনো মাজে সোম্বাধিনো। মিষ্ডাং প্র

যথেতি। যথা যশ্মৎ। সোমপীথিনো যজ্ঞে লোমপাযিনো। মিষতঃ পশ্যতঃ পশ্যতঃ তমনাদৃত্যেত্যর্থঃ। এতেনাশ্বিনো পূর্ব্ধমনোমপাবান্তামিতি স্থচিতম্ ॥২৩—২৪॥

ভাৰতভাৰদীপঃ

কশুচিদিতি। বিবৃতামনাচ্ছাদিতাম্ ॥১—॥ গতাধ্বনে অতীতবয়সে ইতার্থ: ॥৫—২৩॥ "অখিনো বৈ দেবানামনোমপাবাস্তাম্" ইতি শ্রুতঃ তক্তৈতত্পবৃংহণম্, তত্মান্যুবামিতি। যুব্য়োন্বসামপত্ম মিগতঃ পশ্রতঃ দুরীকবিদ্যামীতার্থ: ॥২৪—২৫॥

ইডি শ্রীসহাভারতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে ছাধিকশততমোহধ্যাসঃ ে৽২০

তাঁহাবা সকলেই দশ্মিলিত হইয়া স্থকন্তাকে বলিলেন—"কল্যাণি! তুমি আমাদেব মধ্যে তোমাব অভীষ্ট কোন একজনকে পতিতে ববণ কব, অথবা ভত্তে। ববনৰ্ণিনি! স্থুনদরি! বাঁহার উপবে তোমাব পূর্বে হইতেই অভিলাব আছে, তাঁহাকেই ববণ কব"॥১৮ ২০॥

তথন স্থকন্তাদেবী তাঁহাদের সকলকেই সমানবাপধাৰণপূৰ্বক থাকিতে দেথিয়া মনে মনে নিশ্চিতভাবে বুঝিযা আপন পতিকেই বৰণ করিলেন ॥২১॥

তাহাব পর মহাতেজা চ্যবন ভার্যা, অভীষ্ট বয়স ও রূপ লাভ কবিয়া আনন্দিত ইইয়া সেই অধিনীকুমাব্ছয়কে এই কথা বলিলেন—।২২।

"আমি বৃদ্ধ ছিলাম, তথাপি আপনাবা যখন আমাকে যুবা ও কপ্রান্ ব হিলেন এবং আমি এই ভার্যাটী লাভ করিলাম: তথন আমিও প্রেয়বরণতঃ দেবরাতের সাকাতেই আপনাদিগকে সোমপানী কবিব, ইচা আপনাদিগকে সভা বলিলাম" যুহত—২৪।

⁽२)) - निकिटा मन्या द्षा,—दा द १। नि ।

তচ্শ্ৰুত্বা হুন্টমনসো দিবং তো প্ৰতি জগ্মতুঃ।
চ্যবনশ্চ স্থকন্যা চ স্থৱাবিব বিজহ্নতুঃ ॥২৫॥
ইতি শ্ৰীমহাভাবতে শতসাহস্ৰ্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপৰ্ব্বিণি তীৰ্থযাত্ৰায়াং স্থকন্যোপাখ্যানে দ্যধিকশততমোহধ্যায়ঃ॥।॥ #

ত্র্যধিকশততমোহধ্যায়ঃ।

লোমশ উবাচ।

ততঃ শুশ্রাব শর্যাতির্বয়স্থং চ্যবনং কৃত্য । সংহৃষ্টঃ সেনয়া সার্দ্ধমূপায়াদ্রার্গবাশ্রমম্ ॥>॥ চ্যবনঞ্চ স্থকভাঞ্চ দৃষ্ট্ব। দেবস্থতাবিব । রেমে সভার্য্যঃ শর্যাতিঃ কৃৎস্নাং প্রাপ্য মহীমিব ॥২॥

ভারতকোমুদী

তদিতি। তোঁ অশ্বিনো। স্থবশ্চ স্থরী চ স্থরো দেবদেব্যাবিবেতার্থঃ ॥২৫॥ ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকোমূদীসমাধ্যাযাং বনপর্ববি তীর্থযাত্রাযাং ব্যধিকশততমোহধ্যাযঃ ॥•॥

তত ইতি। বয়স্থং তরুণম্, "বয়স্থস্তরুণো যুবা" ইত্যমরঃ ॥১॥ চ্যবনমিতি। দেবস্থ স্থতশ্চ স্থতাচ দেবস্থতো। রেমে আননন্দ ॥২॥

তাহা শুনিয়া আনন্দিত হইয়া অধিনীকুমাবন্ধ স্বর্গের দিকে চলিয়া গেলেন; এদিকে চ্যবন এবং স্থকস্থাও দেব-দেবীর স্থায় বিহার করিতে লাগিলেন" ॥২৫॥

----°#°---

লোমশ বলিলেন—"তাহার পর শর্যাতিবাজা শুনিলেন যে, অশ্বিনীকুমারদ্বর চ্যবনকে যুবা কবিয়াছেন; ইহা শুনিয়া তিনি বিশেষ আনন্দিত হইয়া সৈম্মগণেব সহিত চ্যবনের আশ্রমে গমন করিলেন ॥১॥

শর্যাতিরাজা ভার্য্যার সহিত যাইয়া চ্যবনকে ও স্থকক্সাকে দেবতাব পুত্র-কন্তাব স্থায় দেখিয়া, সমগ্র পৃথিবীর রাজত পাইয়াই যেন আনন্দ লাভ কবিলেন ॥২॥

^{* &#}x27;---ত্রোবিংশতাধিকশততমোহধ্যায়ঃ'—বা ব কা, '---চতুর্বিংশতাধিকশততমোহধ্যায়ুং' —পি নি।

খাবিণা সৎকৃতন্তেন সভার্য্যঃ পৃথিবীপতিঃ।
উপোপবিষ্টঃ কল্যানীঃ কথাশ্চক্রে মনোবমাঃ॥৩॥
অথৈনং ভার্গবো বাজনু বাচ পরিসান্ত্যন্।
যাজয়িয়ামি রাজংস্তাং সম্ভারান্তপকল্পব ॥৪॥
ততঃ পরমসংহৃষ্টঃ শর্যাতিরবনীপতিঃ।
চ্যবনস্থ মহাবাজ। তদ্বাক্যং প্রত্যপূজ্য়ৎ ॥৫॥
প্রশন্তেহহনি যজ্ঞীযে সর্ববিকামসমৃদ্ধিমৎ।
কারয়ামসে শর্যাতির্বজ্ঞাযতনমূত্তমম্॥৬॥
তব্রৈনং চ্যবনো বাজন্। যাজরামাস ভার্গবঃ।
অন্ততানি চ তত্তাসন্ যানি তানি নিবোধ মে॥৭॥

ভারতকৌমুদী

শ্ববিণেতি। উপ সমীপে, কল্যাণীর্মসল্ময়ী:, কথা আলাপান্ ॥৩॥
আথেতি। পরিসাল্বয়ন্ অহনয়ন্। সন্ধারান্ যজ্ঞোপযোগিদ্রব্যাণি ॥৪॥
তত ইতি। প্রত্যপূজ্যৎ অস্পীকারেণাদৃতবান্ ॥৫॥
প্রশন্ত ইতি । কামান্ত ইতি কামা অভীইদ্রব্যাণি। যজ্ঞান্নতনং যজ্ঞশালাম্ ॥৬॥
ভত্তেতি। এনং শর্ঘাতিম্। অন্ত্তানি আশ্র্যাব্যাপারা। নিবোধ শুরু॥৭॥
ভারতভাবদীপঃ

তত ইতি। বরুতং যুবানম, "যুবং চ্যবানমখিনা জরস্তং পুন্যুবানং চরপায় চক্রথু"রিতি
মন্ত্রলিকাং। চ্যবানং চ্যবনম, চরথায় ধর্মাচরণার্থম্॥>—৩॥ লম্ভারান্ যজ্ঞোপকরণানি॥ ৪—৭॥

তখন চ্যবন তাঁহাদেব সংবর্জনা করিলে, শর্যাতিরাজা ভার্য্যার সহিত নিকটে বসিযা মঙ্গলকর ও মনোহব আলাপ করিলেন মঙা

যুধিচির। তাহাব পব চ্যবন অন্থনয় কবিয়া শর্যাভিবাজাকে বলিলেন— "বাজা। আমি আপনাকে যজ্ঞ করাইব, আপনি তাহার জব্যসামগ্রী সংগ্রহ কক্ষন"॥৪॥

মহারাজ। তদনস্তব শর্যাতিবাজা অত্যন্ত আনন্দিত হইয়া চ্যবনেব সেই বাক্যেব সমাদব কবিলেন ॥৫॥

তৎপরে শর্যাভিরাজা যজের প্রাশস্ত দিনে সর্ববাঙ্গসম্পন্ন উত্তম যজ্ঞশালা নির্মাণ করাইলেন ॥৬॥

রাজা! ভৃগুনন্দন চ্যবন সেই যজ্ঞশালায় শর্যাতিবাজাকে যজ্ঞ করাইতে লাগিলেন; ভাহাতে যে সকল অদ্ভূত ঘটনা ঘটিয়াছিল, তাহা আমাব নিকট শ্রবণ কর ॥৭॥

बन-३७३ (৮)

অগৃহ্লাচ্চ্যবনঃ সোমমশ্বিনোর্দেবয়োস্তদা। তমিন্দ্রো বারয়ামাস গৃহ্লানং স তয়োগ্রহিম্ ॥৮॥ ইক্র উবাচ।

উভাবেতো ন সোমাহোঁ নাসত্যাবিতি মে মতিঃ। ভিষক্ষো দিবি দেবানাং কর্মণা তেন নার্হতঃ ॥৯॥

চ্যবন উবাচ।

মহোৎসাহো মহাত্মানো রূপদ্রবিণবত্তরো।
যো চক্রতুর্মাং মঘবন্! বৃন্দাবকমিবাজরম্॥১০॥
খাতে ছাং বিবুধাংশ্চান্তান্ কথং বৈ নার্হতঃ সবম্।
অখিনাবিপি দেবেক্র! দেবো বিদ্ধি পুরন্দর!॥১১॥

ইন্দ্র উবাচ।

চিকিৎসকো কর্ম্মকরে কামরূপসমন্বিতো। লোকে চরন্তো মর্ত্ত্যানাং কথং সোমমিহার্হতঃ ॥১২॥

ভারতকৌমূদী

ষগৃহ্লাদিতি। ষশ্বনোরর্থে। গৃহ্ণতে জনেনেতি গ্রহং গোমপাত্রম, তম্ ॥৮॥
উভাবিতি। নাসত্যাবিখিনো। ভিষজে চিকিৎসকমাত্রো ন প্নর্দেবাবিতি ভাবং ॥॥
মহেতি। রূপত্রবিণবন্তর্বো প্রাধান্তেন সৌন্দর্যাধনবন্তো। বৃন্দারকং দেবম্ ॥২০॥
ঋত ইতি। সবং যজ্ঞং যজ্ঞীয়সোমমিতার্থং। দেবো বিদ্ধি, জতং সোমমূহতঃ ॥১১॥
চিকিৎসকাবিতি। কামরূপসময়িতো, মায়ামাত্রেণ ন পুনর্দেবজেনেত্যাশন্তঃ ॥১২॥

চ্যবন অশ্বিনীকুমাবদেব জন্ম সোমবস লইবাব সঙ্কল্প করিলেন, এমন কি তিনি তাঁহাদিগকে দিবাব জন্ম সোমপাত্র গ্রহণই কবিলেন; তখন ইন্দ্র তাঁহাকে নিষেধ করিলেন ॥৮॥

ইন্দ্র বলিলেন—"ঋষি! আমার ধাবণা এই যে, এই অশ্বিনীকুমাবেবা ছই-জনই সোমরস পাইতে পাবেন না। কাবণ, ইহারা স্বর্গে দেবগণেব চিকিৎসক-মাত্র : স্মৃতরাং সেই কার্য্যবশৃতই সোমরস পাইতে পারেন না" ॥১॥

চ্যবন বলিলেন—"দেববাজ! ইহারা অত্যস্ত উৎসাহী ও মহাত্মা এবং বিশেষ রূপবান্ ও ধনবান্; বিশেষতঃ, যাঁহারা আমাকে দেবতাব স্থায় জরা-বিহীন ক্রিয়াছেন ॥>৩॥

অতএব দেবরাজ। আপনি বা অস্থান্ত দেবতা ব্যতীত ইহাবা কেন যজ্ঞীয় সোমরস পাইবেন না। পুরুদ্ধব। আপনি এই অশ্বিনীকুমাব ছইজনকে দেবতা বলিয়াই জান্ত্ন" ॥১১॥

লোমশ উবাচ।

এতদেব যদা বাক্যমান্ত্রেড়য়তি দেবরাট্।
অনাদৃত্য ততঃ শক্রং গ্রহং জগ্রাহ ভার্গবঃ ॥>০॥
গ্রহীয়ন্তস্ত তং সোমমশিনোকত্তমং তদা।
সমীক্ষ্য বলভিদেব ইদং বচনমত্রবীৎ ॥>৪॥
আভ্যামর্থায় সোমং ছং গ্রহীয়াসি যদি স্বযম্।
বজ্রং তে প্রহবিয়ামি খোররপমনুত্রমম্ ॥>৫॥
এবমুক্তঃ স্মর্যমিন্দ্রমভিবীক্ষ্য স ভার্গবঃ।
জগ্রাহ বিধিবৎ সোমমশ্বিভ্যামুত্তমং গ্রহম্ ॥>৬॥
ততোহক্ষৈ প্রাহবদ্বজ্ঞং ঘোররূপং শচীপতিঃ।
অস্থ প্রহরতো বাহুং স্তম্ভবামাস সর্ববঙঃ ॥>৭॥

ভাবতকৌমুদী

এতদিতি। আন্তেমতি দিন্তিবদিতি, "আন্তেডিঙং দিন্তিকক্তম্" ইত্যাসর: ॥১৩॥ গ্রহীয়স্তমিতি। অমিনোরর্থে। বলভিৎ ইন্দ্র: ॥১৪॥ আত্যামিতি। আত্যাম্ অনমোর্থিনো: অর্থায় প্রয়োজনায় ॥১৫॥ এবমিতি। স্ময়ন্ ইবছসন্। সোমং সোমাধাবভূতম্, গ্রহং পাত্তম্ ॥১৬॥ ভত ইতি। প্রাহরৎ প্রহর্তমূদ্যভূৎ। স্তম্ভ্যামাস চাবন ইতি শেবঃ ॥১৭॥

ইন্দ্র বলিলেন—"ঝিষ। ইহাবা দেবগণেব চিকিৎসক ও কার্য্যকারী এবং মায়া কবিষা কামকণী হন, বিশেষতঃ মর্ত্ত্যলোকে বিচবণ কবেন; স্কুতবাং ইহারা কি করিয়া সোমরস পাইতে পাবেন ?" ॥১২॥

লোমশ বলিলেন—"দেববাজ যখন এই কথাই ছই তিন বাব বলিলেন, তখন চ্যবন তাঁহাকে অগ্রাহ্য কবিয়া দোমপাত্র গ্রহণ কবিতে প্রবৃত্ত হইলেন এগ্র

চ্যবন অশ্বিনীকুমারদেব জক্ত উত্তম সোমবস গ্রহণই কবিবেন, ইহা দেখিয়া তথন দেবরাজ এই কথা বলিলেন—॥১৪॥

"তুমি যদি অধিনীকুমারদের জন্ম নিজেই সোমবদ গ্রহণ কর, তবে তোমাব উপবে দাৰুণ ও শ্রেষ্ঠ বজ্র প্রহাব কবিব" ॥১৫॥

ইন্দ্র এইরূপ বলিলে, চ্যবন ঈষৎ হাস্থ্য করিয়া ভাঁহাব দিকে চাহিয়া অধিনীকুমাবদেব জন্ম যথাবিধানে উত্তম সোমপাত্র গ্রহণ কবিলেন ॥১৬॥

তাহার পব ইন্দ্র চ্যবনেব উপবে ভয়ঙ্কব বজ্র প্রহাব কবিবার উত্তম কবিঙ্গেন ; উত্তম কবিবামাত্র চ্যবন তাঁহাব বাহু সর্ববিপ্রকাবে স্তব্ধ কবিলেন ॥১৭॥ তং স্বস্তার্থী হুমহাতেজা দেবং হিংসিতুমুগুতঃ ॥>৮॥
কৃত্যার্থী হুমহাতেজা দেবং হিংসিতুমুগুতঃ ॥>৮॥
ততঃ কৃত্যাথ সংজ্ঞে মুনেস্কস্ম তপোবলাৎ।
মদো নাম মহাবীর্য্যো বৃহৎকায়ো মহাহ্বরঃ ॥>৯॥
শরীবং যস্থ নির্দেষ্ট্র্মশক্যন্ত হুরাহ্মবৈঃ।
তত্মাস্থমভবদ্ঘোরং তীক্ষাগ্রদশনং মহৎ ॥২০॥
হনুরেকা হিতা তত্ম ভূমাবেকা দিবং গতা।
চতত্রশচাযতা দংষ্ট্রা যোজনানাং শতং শতম্ ॥২১॥
ইতরে তত্ম দশনা বভূবুর্দশযোজনাঃ।
প্রাসাদশিধরাকারাঃ শূলাগ্রসমদর্শনাঃ ॥২২॥
বাহু পর্বতসঙ্কাশাবায়তাবযুতং সমৌ।
নেত্রে ববিশশিপ্রধ্যে বক্ত্রুং কালাগ্রিসন্নিভম্ ॥২০॥

'ভারতকৌমূদী

তমিতি। মন্ত্রতো মন্ত্রং পঠিছা। ক্বত্যার্থী মারণদেবতোৎপাদনার্থী ॥১৮॥
তত ইতি। ক্বত্যা কাচিমারণদেবতা, "ক্বত্যা ক্রিয়াদেবতয়োঃ" ইত্যমরঃ ॥১৯॥
শরীরমিতি। আত্মং বদনম্, তীক্ষাগ্রা দশনা দস্তা যত্ত্ব তৎ ॥২০॥
হছরিতি। হহুরোষ্ঠ ইত্যর্থঃ, দিবম্ আকাশম্। আযতা দীর্ঘাঃ, দংষ্ট্রা দস্তাঃ ॥২১॥
ইতর ইতি। দশনা দস্তাঃ। প্রাদাদশিধরাকারা দেবমন্দিরচ্ড়াতুল্যাঃ ॥২২॥
বাহু ইতি। অর্ত্তম্ অযুত্যোজনম্, সমৌ সমানপরিমাণো ॥২৩॥

অতিমহাতেজা চ্যবন ইন্দ্রেব বাহু স্তব্ধ করিয়া তাঁহাকে বিনষ্ট কবিবাব জন্ম কোন মারণদেবতা স্থাষ্ট কবিবাব ইচ্ছায় মন্ত্রপাঠপূর্ব্বক অগ্নিতে আহুতি দিলেন ॥১৮॥

তদনন্তব চ্যবনমুনিব তপস্থাব প্রভাবে মহাস্থবেব স্থায় মহাবীব ও বৃহৎকায় মদ'-নামে একটা মারণদেবতা জন্মিল ॥১৯॥

দেবগণ ও দানবগণ যাহাব শবীরের ইয়ন্তা করিতে পারেন নাই। তাহাব মুখখানা বিশাল ও ভয়ঙ্কব হইযাছিল এবং তাহার দন্ত সকল তীক্ষাগ্র ছিল॥২০॥

তাহার একটা ওষ্ঠ ভূতলে ছিল, আর একটা আকাশে উঠিয়াছিল এবং সম্মুখেব চারিটা দাঁত শত শত যোজন দীর্ঘ ছিল॥২১॥

তাহার অপর দন্ত সকল দশযোজন দীর্ঘ, মন্দিবের চূড়াব স্থায় ক্রমিক সক এবং শূলাগ্রের স্থায় তীক্ষ্ণ ও উজ্জ্বল ছিল ॥২২॥

আর তাহার পর্বতত্ত্তা বাহুবুগল সমান ও অযুত্যোজন দীর্ঘ, নয়নযুগল

লেলিহন্ জিহ্নয়া বক্ত্রং বিদ্যুক্তপললোলয়া।
ব্যান্তাননো ঘোবদৃষ্টিগ্র সিনিব জগদ্বলাৎ ॥২৪॥
স ভক্ষয়িয়ান্ সংক্রুদ্ধঃ শতক্রতুমুপাদ্রবৎ।
মহতা ঘোবনপেণ লোকান্ শব্দেন নাদয়ন্ ॥২৫॥ (মুগ্মকম্)
তং দৃষ্ট্বা ঘোববদনং নদং দেবঃ শতক্রতুঃ।
আয়ান্তং ভক্ষয়িয়ান্তং ব্যান্তাননমিবান্তকম্ ॥২৬॥
ভয়াৎ সংস্তম্ভিতভুজঃ স্বক্ষণী লেলিহন্মুত্ঃ।
ততোহত্রবীদ্দেববাজ্ঞশচ্যবনং ভয়্মপীড়িতঃ ॥২৭॥ (য়ুগ্মকম্)
সোমার্হাবিদিনাবেতাবন্যপ্রভৃতি ভার্গব।।
ভবিয়তঃ সত্যমেতদ্বচো বিপ্রা। প্রস্রাদ মে ॥২৮॥
ন তে মিখ্যা সমাবন্তো ভবত্বেষ পবো বিধিঃ।
জানামি চাহং বিপ্রর্বে! ন মিখ্যা জং কবিয়াসি।
সোমার্হাবিদিনাবেতো যথৈবান্ত ক্রতো ত্বয়া ॥২৯॥

ভারতকৌসূদী

লেলিছন্নিভি। অত্ত নকারলোপসম্ভবে তকারলোপ আর্ব:। বিহাদিব চপলা চঞ্চলা লোলা স্বিতা চ তয়া। ব্যান্তাননো বিবৃতম্থ:। শতক্রত্থিত্বম্ ॥२৪—২৫। তমিতি। মদং তদাথ্যমন্থরম্। স্কণী ওঠপ্রান্তব্যম্ ॥২৬—২৭। দোমেতি। গোমার্হো যক্ত্রীয়গোমপ্রাপ্তিযোগ্যো। হে ভার্গব । চ্যবন । ॥২৮।

চন্দ্র ও সূর্যোর স্থায় উজ্জ্বল এবং মুখের ভিতবটা প্রালযকালীন অগ্নিব স্থায় ছিল॥২৩॥

সেই ঘোৰদর্শন অস্ত্রব অত্যন্ত ক্রেন্ধ হইবা, বিগ্নাতেব ন্যায় চঞ্চল ও লম্বিত জিহ্বাদ্বাবা মুখ লেহন কবিতে থাকিয়া, বিশাল ও ভযঙ্কব শব্দে ত্রিভূবন নিনাদিত কবিয়া বলপূর্বক জগৎ গ্রাদেই বেন প্রবৃত্ত হইয়া, হাঁ কবিয়া, ইন্দ্রকে ভক্ষণ কবিবাব জন্ম ধাবিত হইল ॥২৪—২৫॥

প্রকটিত মুখ যমেব স্থায় ভয়ন্তব মুখ সেই মদাস্থ্যৰ ভক্ষণ কবিতে আসিতেছে দেখিয়া স্তম্ভিতবাহু দেববাজ ইন্দ্র শত্যন্ত ভাত হইয়া, বাব বাব ওঠপ্রান্ত লেহন কবিয়া ভয়বশতঃ চ্যবনকে বলিলেন—॥২৬—২৭॥

"ভৃগুনন্দন! আজ হইতে এই অশ্বিনীকুমাবেরা যজ্ঞে সোমভাগী হইবেন; এই কথা ধ্রুব সত্য; অতএব ব্রাহ্মণ! আপনি আমাব প্রতি প্রসন্ন হউন ॥২৮॥

⁽২৫) শ্লোকাৎ পরম্ '---চভূবিংশত্যধিকশততমোহধ্যায়:। লোমশ উবাচ।'—বা ব কা, ' --পঞ্চবিংশত্যধিকশততমোহধ্যায়:। লোমশ উবাচ।'—পি নি।

ভূয় এব তু তে বীর্যাং প্রকাশেদিতি ভার্গব !।

স্থকন্যায়াঃ পিতুশ্চাস্থ লোকে কীর্ত্তিঃ প্রথেদিতি ॥৩০॥

অতো ময়ৈতদ্বিহিতং তব বীর্যাপ্রকাশনম্ ।

তন্মাৎ প্রসাদং কুরু মে ভবত্বেবং যথেচ্ছদি ॥৩১॥ (মুগ্মকম্)

এবমুক্তন্ত শক্তেন ভার্গবস্থ মহাজ্মনঃ ।

স মন্মার্ব্যগমচ্ছীন্ত্রং মুমোচ চ পুরন্দরম্ ॥৩২॥

মদঞ্চ ব্যভজ্ঞাজন্ ! পানে স্ত্রীয়ু চ বীর্যাবান্ ।

অক্যের্যুম্গয়ায়াঞ্চ পূর্ববস্থইং পুনঃ পুনঃ ॥৩০॥

ভারতকোসুদী

নেতি। দমারভো মদস্টি:। পরো বিধি: উত্তমা স্টি:। বট্পাদোহয়ং শ্লোক: ॥২>॥ ভূম ইতি। বীর্যাং তপাপ্রভাব:। প্রথেৎ বিভূতা ভবেৎ ॥৩০—৩১॥

লোকেব ভাবে সমগ্র পৃথিবী শতবোজন নিম্নে গিয়াছিল, সেই পরমাত্মা বিষ্ণু আবার ডাহাকে উত্তোলন কবিলেন ॥৫৭॥ দেবা উচ্বঃ।

ক্ষ তদ্ভুতং বস্তমতীং সমুদ্ধবতি হুফবং। তং দেশং ভগবন ! ক্রহি তত্র যাস্থামহে বয়ম ॥৫৯॥

ব্ৰহ্মোবাচ।

হন্ত গচ্ছত ভদ্রং বো নন্দনে পশ্যত স্থিতমু। এষোহত্র ভগবান্ শ্রীমান্ স্থপর্নঃ সম্প্রকাশতে ॥৬०॥ বারাহেণৈব রূপেণ ভগবাল্লে কভাবনঃ। কালানল ইবাভাতি পৃথিবীতলমুদ্ধরন ॥৬১॥ এতস্থোরসি স্থব্যক্তং শ্রীবৎসমভিবাজতে। পশ্যধ্বং বিবৃধাঃ সর্বেব ভূতমেতদনাময়ম্ ॥৬২॥

ভাবতকোমূদী

তস্তামিতি। ছিত্ততাম্ অনেন মন্বচনেন নাশ্যতাম্, বো যুমাকম্ 🕪 । কেতি। ভূতং প্রাণী। ববাহপদপ্রযোগে নিকর্ষপ্রতীতিরিতি ভূতপদপ্রযোগঃ ॥৫२॥ হস্তেতি। বো মুমাকম্, ভব্রং মঞ্চলমন্থিতি শেষঃ। নন্দনে বনে। স্থণর্থঃ স্বর্ণচ্ছঃ, "স্থণর্গঃ ষ্ণচুডে ভাদগৰুড়ে কুত্ৰমানকে" ইতি মেদিনী। শ্ৰীমান্ কান্তিমান্ ॥৬०॥ বারাহেণেতি। লোকভাবনো জগৎস্টা। কালানলো জগদাহী বহিং ।৬১১ তৎপরিচায়কং চিহ্নমাহ—এভক্তেতি। শ্রীবংসং বোমাবর্জরূপং চিহ্নম্ ।৬২।

ভাৰতভাৰদীপঃ IB৮—৫১॥ বাক্যমূচাবযন্ন,চারিতবস্ত: Ie<— েম নন্দনে ইন্দ্রবনে, অত্র এতৎসমীপে Ibo—bsi

ইতি শ্রীমহাভাবতে বনপর্বানি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে অষ্টাদশাধিকশততমোহধ্যাব: ॥১১৮॥

তাহাকে উদ্বোলন কবিবার সময়েই এই সঞ্চালন হইয়াছে; ইহা তোমবা অবগত হও এবং তোমাদেব সংশয় দূবীভূত হউক"॥ ৮॥

দেবগণ বলিলেন—"ভগবন্! দে প্রাণীটি কোখায়, যে—আনন্দিত হইয়াই যেন পৃথিবী উত্তোলন করিয়াছে ? আপনি সেই স্থানটাব কথা বলুন, আমবা সেখানে যাইব" ॥৫৯॥

বক্ষা বলিলেন—"দেবগণ! তোমাদের মঙ্গল হউক। তোমবা যাও, যাইয়া নন্দনবনস্থিত সেই প্রাণীটিকে দর্শন কব। এশ্বর্য্যশালী, মনোছবমূর্ত্তি ও স্বর্ণচূড়াধাবী ইনি সেইখানেই বিরাজিত আছেন ॥৬০॥

জগতের সৃষ্টিকর্তা ভগবান্ বিষ্ণু বরাহরূপেই পৃথিবী উত্তোলন কবিযা প্রলয়বহ্নিব স্থায় বিবাজ করিতেছেন ॥৬১॥

র্উ হাব বক্ষস্থলে সুস্পষ্ট শ্রীনংস-(রোমাবর্ত্ত) চিহ্ন বহিয়াছে। দেবগণ! ভোমরা সকলে যাইয়া স্বস্থভাবে স্থিত সেই প্রাণীটিকে দর্শন কর" ॥৬২॥

ķ

লোমশ উবাচ।

ততো দৃষ্ট্বা মহাত্মানং শ্রুত্বা চামন্ত্র্য চামবাঃ। পিতামহং পুরস্কৃত্য জগ্মুর্দেবা যথাগতম্ ॥৬৩॥ বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা তু তাং কথাং দর্বেব পাগুবা জনমেজয় !। লোমশাদেশিতেনাশু পথা জগ্মুঃ প্রহান্টবৎ ॥৬৪॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং দংহিতারাং বৈরাদিক্যাং বনপর্ববিশি তীর্থযাত্রায়াং গন্ধমাদনপ্রবেশে অফদশাধিকশততমোহধ্যারঃ ॥ ।॥ **

___0320____

উনবিংশত্যধিকশতত্ত্বোহ্ধ্যায়ঃ।

0.31, 9.....

বৈশস্পায়ন উবাচ।

তে শ্বাস্ততধন্মানস্তৃণবন্তঃ সমার্গণাঃ। বন্ধগোধাঙ্গলিত্রাণাঃ থড়গবন্তোহমিতৌজসঃ॥১॥

ভারতকৌমূদী

তত ইতি। শ্রশ্বা, তমুথাদেব পৃথিবৃদ্ধাবস্থতাস্তমিতি শেষঃ। দেবাঃ ক্রীড়াশীলাঃ ॥৬৩॥
শ্রুতেতি। লোমশেন আদেশিত আদিষ্টঃ। প্রস্কৃষ্টবং সম্বন্তী ইব ॥৬৪॥
ইতি মহামহোপাধ্যার-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসম্পিদ্ধান্তবাদীশভট্টাচার্য্যবির্দিতামাং
মহাভারতটীকাষাং ভাবতকোমূদীসমাখ্যাষাং বনপর্ববি তীর্থ্যাত্রাষাম্
অস্তাদশাধিকশততমোহধ্যায়ঃ ॥•॥

লোমশ বলিলেন—"তাহাব পর দেবতাবা যাইয়া, মহাত্মাকে দেখিয়া, তাঁহাব নিকট পৃথিবী উত্তোলনেব বৃত্তান্ত শুনিয়া, তাঁহাব অনুমতি লইয়া, ব্রহ্মাকে অগ্রবর্তী করিয়া যথাস্থানে চলিয়া গেলেন" ॥৬৩॥

বৈশপ্পায়ন বলিলেন—জনমেজ্য! পাণ্ডবেবা সকলে সেই বৃদ্ধান্ত শুনিয়া আনন্দিত হইয়া লোমশের আদিষ্ট পথে গমন করিতে লাগিলেন ॥৬৪॥

বৈশম্পায়ন বলিলেন—ৰাজা! মহাবীৰ, অদাধাৰণ তেজ্ঞাৰী ও ধনুৰ্দ্ধৰ-

পরিগৃহ্ছ দিজজ্রেষ্ঠান্ জ্রেষ্ঠাঃ সর্ববধনুস্মতাম্।
পাঞ্চালীসহিতা বাজন্। প্রবর্গন্ধমাদনম্ ॥२॥ (যুগ্মকম্)
সরাংসি সরিতশৈচব পর্ববাংশ্চ বনানি চ।
রুক্ষাংশ্চ বহুলচ্ছায়ান্ দদৃশুর্গিবিমূর্দ্ধনি ॥৩॥
নিত্যপুষ্পাফলান্ দেশান্ দেববিগণসেবিতান্।
আত্মত্মাত্মানমাধায় বীবা মূলফলাশিনঃ ॥৪॥
চেরুরুচ্চাবচাকাবান্ দেশান্ বিষমসঙ্কটান্।
পশ্যন্তো মূগজাতানি বহুনি বিবিধানি চ॥৫॥ (যুগ্মকম্)
ঝারিসিদ্ধামরমূতং গন্ধব্বাংশবসাং প্রিষম্।
বিবিশুক্তে মহাত্মানঃ কিম্বাচরিতং গিবিম্॥৬॥

ভাৰতকোমুদী

ত ইতি। ততধবানো বিভূতকার্ম্ কা:। সমার্গণা ধুতবাণা:। বন্ধে জ্যাঘাতবাবণাম ধতে গোধা চর্মপট্টিকা অনুনিত্তাণঞ্চ যৈতে। পরিগৃহ্ সহচবীকৃত্য ॥১—২॥

সরাংসীতি। বছলাশ্ছাযা যেষাং তান্। গিবিস্ধনি পর্বতোপবি॥।

নিত্যেতি। আধায় সংস্থাপ্য আত্মনৈবাত্মানং বৃক্ষিত্তেতাৰ্থং। উচ্চাবচাকাবান্ উন্নতাবনতান্, বিষয়সম্ভান্ অতীববিপৎসম্পূলান্। মুগজাতানি পশুসমূহান্॥॥ — ৫॥

শ্রেষ্ঠ পাগুবগণ ধমু বিস্তৃত কবিয়া, বাণ ও তববাবি হাতে লইয়া, পৃষ্ঠে তৃণ বন্ধন কবিয়া, গোধা (গুণাঘাতবাবণকাবী চর্ম্মকোষ) ও অফুলিত্র ধাবণ কবিয়া, ব্রাহ্মণগণকে সঙ্গে লইয়া, জ্রৌপদীব সহিত গমন কবিতে লাগিলেন ॥১—২॥

(এইভাবে তাঁহারা গমন কবিতে থাকিয়া) পর্ব্বতেব উপবে সবোবব, নদাঁ, পর্ব্বত, বন এবং নিবিড় ছাযাযুক্ত বৃক্ষ সকল দর্শন কবিলেন ॥৩॥

ফল-মূলভোজী মহাবীব পাগুবেবা আপনাবাই আপনাদিগকে বলা কৰিতে থাকিয়া, নানাবিধ বছতৰ পশু দর্শন কৰিতে কৰিতে অনেক দেশ অতিক্রম কৰিলেন; সে সকল দেশে সর্ববদাই ফুল ও ফল পাওয়া ঘাইত এবং দেবগণ ও ঝবিগণ বিচরণ কৰিতেন: আৰ সে দেশগুলি উচু-নীচু এবং অত্যন্ত বিপংসত্তল ছিল ॥৪—৫॥

ক্রমে মহাত্মা পাগুবেবা গদ্ধমাদনপর্ববৈতে প্রবেশ কবিলেন , সে পর্ববৈত দেবগণ, ঋষিগণ ও সিদ্ধগণ থাকিতেন এবং কিন্নবর্গণ বিচৰণ কবিত, আব নে পর্ববিত গদ্ধবর্গণ ও অপ্যরোগণেব প্রিয় ছিল ॥৬॥

⁽२)…क्षाष्टीः मर्व्यवरूपाणम्—वा व का । (४)…खाखानाज्ञानशासम्— ता र टा । (८)- दिस्य-दण्यम्—भि ।

প্রবিশৎসথ বীরেষু পর্বব্য গন্ধমাদনম্।

চণ্ডবাতং মহদ্বর্যং প্রাত্মরাসীদ্বিশাংপতে ! ॥৭॥

ততো রেণুঃ সমৃদ্ভূতঃ সপত্রবহুলো মহান্।

পৃথিবীঞ্চান্তবীক্ষঞ্চ ছাফিব সহসার্বোৎ ॥৮॥

ন শ্ব প্রজায়তে কিঞ্চিদারতে ব্যোদ্মি রেণুনা।

ন চাপি শেকুস্তে কর্ত্ত্রমন্যোক্তস্টাভিভাষণম্ ॥৯॥

ন চাপপ্রাংস্ততোহন্যোক্তং তমসার্তচক্ষুষঃ।

জাকুশ্বমাণা বাতেন সাশ্যচূর্ণেন ভারত ! ॥১০॥

জন্মাণাং বাতভগ্নানাং পততাং ভূতলেহনিশম্।

জন্মোণাং বাতভগ্নানাং শব্দঃ সমভবন্মহান্ ॥১১॥

গ্রোঃ স্থিৎ পত্তি কিং ভূমিদীর্যান্তে পর্বব্য নু কিম্।

ইতি তে মেনিবে সর্ব্বে প্রনেনাতিমোহিতাঃ ॥১২॥

ভাবতকোমুদী

ঝনীতি। কিন্নবৈঃ আচবিতং পর্যাটতম্, গিবিং গন্ধমাদনম্ ॥৬॥
প্রেতি। বীরেমু পাগুবেমু। চগুন্তীরো বাতো যশ্মিন্ তৎ, বর্ষং বৃষ্টিঃ ॥৭॥
তত ইতি। পরৈঃ সহেতি সপত্তঃ স চাসে বছলশ্চেতি সং, মহান্ বেগবান্ ॥৮॥
নেতি। প্রজ্ঞায়তে শ্ম দৃশুতে শ্ম। বেণুনা ধ্ল্যা। তে পাগুবাদযঃ ॥>॥
নেতি। তগসা অন্ধকাবেণ। সাশ্মচ্র্ণেন পাষাণবেণুসহিতেন ॥>•॥
ক্রমাণামিতি। মহীজানাং লতাদীনাম্ ॥>১॥
গৌবিতি। বিং প্রশ্নে। ভূমিদীর্ঘাতে কিম্। মেনিবে, শশ্মাতিরেকাদেব ॥১২॥

নবনাথ! পাণ্ডবগণ গন্ধমাদনপর্বতে প্রবেশ কবিবার পবেই তীব্র বাযুও বিশাল বৃষ্টি প্রাত্নভূতি হইল ॥৭॥

তাহাব পব বেগবান্ প্রচূব ধূলি ও পত্র সমূখিত হইয়া তৎক্ষণাৎ পৃথিবী, আকাশ ও বর্গ আবৃত কবিয়া ফেলিল ॥৮॥

ধূলিতে আকাশ আর্ড হইলে তাঁহারা কিছুই দেখিতে পাইতে লাগিলেন না, কিংবা পরস্পব আলাপ কবিতেও সমর্থ হইলেন না ॥৯॥

ভবতনন্দন! তংপবে অন্ধকাবে নয়ন আবৃত কবিল এবং প্রস্তববেণুবাহী বাযু আকর্ষণ করিতে থাকিল, তখন তাঁহাবা পরস্পব পরস্পবকেও দেখিতে পাইতে লাগিলেন না ॥১০॥

ক্রমে রক্ষ ও লতাপ্রভৃতি বারুবেগে ভগ্ন হইরা অনববত ভূতলে পড়িতে থাকিল ; তাহাতে গুকতব শব্দ হইতে লাগিল ॥১১॥

তে পথানন্তরান্ বৃক্ষান্ বল্মীকান্ বিষমাণি চ।
পাণিভিঃ পরিমার্গন্তো ভীতা বায়োর্নিলিল্যিবে ॥১৩॥
ততঃ কান্মুকমুত্তম্য ভীমদেনো মহাবলঃ।
কৃষ্ণামাদায সঙ্গম্য তন্থাবাজ্রিত্য পাদপম্ ॥১৪॥
ধর্মরাজশ্চ ধৌম্যশ্চ নিলিল্যাতে মহাবনে।
আগ্রহোত্রাণুপাদায় সহদেবস্তু পর্বতে ॥১৫॥
নকুলো ব্রাহ্মণাশ্চান্তে লোমশশ্চ মহাতপাঃ।
বৃক্ষানাসাত্ত সন্ত্রন্তিত্ত তত্র নিলিল্যিরে ॥১৬॥
মন্দীভূতে তু পবনে তন্মিন্ রজসি শাম্যতি।
মহন্তির্জলধারো হৈবর্ষমভ্যাজগাম হ ॥১৭॥

ভারতকোমুদী

ত ইতি। "পথং পদ্বাং" ইতি ত্রিকাণ্ডশেষঃ। পথানাম্ অনন্তবান্ অব্যবহিতান্।
বিষমাণি বন্ধুরাণি স্থানানি। বাযোতীতাং, নিলিল্যিবে ল্কাষিতা বন্ধুবুঃ ॥১৩॥
তত ইতি। উত্তম্য উত্তোল্য ধুস্থা। ক্লকাং ক্রোপদীম্। সদ্পম্য গন্ধা ॥১৪॥
ধর্মেতি। নিলিল্যাতে ল্কাষিতো বন্ধুবতুঃ। অগ্নিহোত্রাণি তন্ত্রব্যাণি ॥১৫॥
নক্ল ইতি। সন্তন্তা বাত্যাতঃ অতীবভীতাঃ সন্তঃ ॥১৬॥
মন্দীতি। রন্ধানি ধ্লিজালে, শাম্যতি নির্ত্তে সতি। বর্ষং বৃষ্টিঃ ॥১৭॥

তথন তাঁহাবা সকলেই প্রবল বাত্যায় অত্যন্ত মোহিত হইযা মনে কবিতে লাগিলেন যে, 'একি আকাশ খসিয়া পডিতেছে। না, পৃথিবী ফাটিযা যাইতেছে। না, পর্বত বিদীর্ণ হইতেছে!' ॥১২॥

তাহার পব তাঁহাবা বাযুভয়ে ভীত হইয়া হস্তদ্বাবা পথেব নিকটবর্ত্তী বৃক্ষ, বন্দীকমৃদ্ধিকা ও বন্ধুব স্থান অপ্নেষণ করিয়া সেই গুলিব ভিতবে লুকায়িত হইতে লাগিলেন ॥১৩॥

তাহাব পৰ মহাবল ভীমসেন ধনু ধাৰণ কৰিয়া দ্ৰৌপদীকে লইয়া যাইয়া একটা বৃক্ষ আশ্ৰয় কৰিয়া অবস্থান কৰিতে লাগিলেন ॥১৪॥

যুধিষ্ঠিব ও ধৌম্য যাইয়া নিবিড় বনেব ভিতরে লুকায়িত হইলেন এবং সহদেব অগ্নিহোত্রেব জিনিষগুলি লইয়া পর্বতেব ভিত্তবে আশ্রয় লইলেন ॥১৫॥

এবং নকুল, অন্যান্য ব্রান্মণ ও মহাতপা লোমশমূনি অত্যস্ত ভীত হইযা বৃক্ষ আশ্রেয করিয়া সেই স্থানে অকস্থান কবিতে লাগিলেন ॥১৬॥

^{(&}gt;৪) ততঃ কামুক্মাদায—বা ব কা নি।

ভূশং চটচটাশব্দো বজ্ঞাণাং ক্ষিপ্যতামিব।
ততন্তাশ্চঞ্চলাভাসশ্চেরুবল্রেরু বিহ্যতঃ ॥>৮॥
ততোহশ্মসহিতা থাবাঃ সংর্গ্বত্যঃ সমন্ততঃ।
প্রপেতুবনিশং তত্র শীস্ত্রবাতসমীবিতাঃ ॥>৯॥
তত্র সাগরগা হ্থাপঃ কীর্য্যমাণাঃ সমন্ততঃ।
প্রান্থবাসন্ সকল্যাঃ ফেনবত্যো বিশাংপতে! ॥২০॥
বহন্ত্যো বাবি বহুলং ফেনোড়ুপপবিপ্লাতুম্।
পবিসক্রর্মহাশদাঃ প্রকর্যন্ত্যো মহীরুহান্ ॥২১॥

ভাবতকোমুদী

ভূশমিতি। ক্ষিপ্যতাং ক্ষিপ্যমাণানাম্। চঞলা আভা যাসাং তাং, অত্তেম্ মেঘের্ ॥১৮॥
তত ইতি। অশ্বসহিতা বর্ষোপলযুক্তাং, ধাবা জলানাম্॥১৯॥
তত্ত্তেতি। সাগবগাং ক্রমেণ সমূলগামিল্ডং, আপো জলানি। সকল্যা আবিলাং ॥২০॥
বহস্ত্য ইতি। ফেনা এব উডুপানি তৈঃ পবিপ্ল'তং ব্যাপ্তম, বছলম, বাবি মেঘজলং বহস্তাং,
মহাশক্ষা নম্ম ইতি শেষং, মহীক্ষহান্ বাতভগ্গান্ বৃক্ষান্ প্রকর্ষস্ত্য আকর্ষস্তাং সত্যাং, পবিসক্ষঃ অধঃ
সঞ্চেল্থ ॥২১॥

ভাবতভাবদীপঃ

তে শ্বা ইতি #১--->২॥ পথা মার্গেণ, জনস্তবান্ সন্নিহিতান্, নিলিলিবে নিলীনাঃ #১০
সঙ্গমাদাযেতাহ্যঃ, গড়া গৃহীড়েতার্থঃ #১৪---১৮॥ জ্পাসহিতাঃ কবকাসহিতাঃ #১৯---২০॥ বাবি
বহস্তা৷ নতঃ #২১---২০॥
,

ইতি শ্রীমহাভাবতে বনপর্ববি নৈলক্ষ্যীয়ে ভাবতভাবদীপে উনবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ ॥১১৯॥

সেই বায় মন্দীভূত হইলে এবং ধূলিবাশি নিবৃত্তি পাইলে, বিশাল জলধাবাৰ সহিত বৃষ্টি আসিল ॥১৭॥

তাহাব পৰ ক্ষিপ্যমাণ ৰঞ্জেৰ ক্যায় বৃষ্টিৰ অত্যস্ত 'চটচটা'-শব্দ হইতে লাগিল এবং চঞ্চলদীপ্তি বিহ্যুৎ সকল মেঘেৰ উপৰে বিচৰণ কৰিতে থাকিল ॥১৮॥

নবনাথ! তদনস্তব শিলাবৃষ্টিব সহিত বিশাল জলধাবা বাযুকর্তৃক ক্রন্ত প্রেবিত হইয়া সকল দিক্ আবৃত কবিয়া সেই স্থানে অনবব্ত পতিত হইতে লাগিল ॥১৯॥

নবনাথ! তখন মেঘকর্তৃক সকল দিকে নিক্ষিপ্ত জলরাশি মৃত্তিকাদি স্পর্শে আবিল হইযা এবং প্রস্তবাদি প্রতিঘাতে ফেন ধাবণ কবিয়া সমূদ্রেব দিকে চলিতে লাগিল ॥২০॥

আব, নদীসমূহ ফেনময উড়ুপ-(ভেলা) ব্যাপ্ত প্রচুব জল বহন কবিয়া এবং বাযু ভগ্ন বৃক্ষ সকল আকর্ষণ কবিতে থাকিয়া মহাশব্দে চলিতে লাগিল ॥২১॥ তিশ্মিন্ন প্ৰবতে বৰ্ষে বাতে চ সমতাং গতে। গতেহস্তদি চ নিল্লানি প্ৰাতুৰ্ভূতে দিবাকরে ॥২২॥ নিৰ্জ্ব গ্যুন্তে শনৈঃ দৰ্বেৰ সমাজগ্যুশ্চ ভাৰত।। প্ৰতস্থিবে পুনৰ্বীবাঃ পৰ্ববতং গন্ধমাদনম্ ॥২৩॥ (যুগ্যকম্)

ইতি শ্রীমহাভাবতে শতদাহস্র্যাং সংহিতাযাং বৈষাসিক্যাং বনপর্ব্বি তীর্থযাত্রায়াং গন্ধমাদনপ্রবেশে ঊনবিংশত্যধিকশততমোহধ্যাযঃ॥०॥ #

----<u>8</u>#2---

বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ।

বৈশম্পাষন উবাচ। ক্রোশমাত্রং প্রযাতেরু পাগুবেরু মহাত্মস্ত। পদ্ভ্যামন্তুচিতা গল্পং ক্রোপদী সমুপাবিশৎ॥১॥

ভারতকোমূদী

তন্মিন্নিতি। উপবতে নিরুত্তে। সমতাং সমানভাবন্। নির্জাশুর্নাদিভ্যো নির্গাতাঃ, সমাজগাঃ, প্রস্পারং দন্দিলিতা বভূবঃ। বীরাঃ পাগুবাঃ ॥২২—২৩॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং
ন্মহাভাবভটীকাষাং ভাবতকে মূদীসমাথ্যাযাং বনপর্ব্ধণি তীর্থ্যাঞ্জামূনবিংশত্য-

ধিকশততমোহধ্যায়: ৷ ৷ ৷

—;*;—

কোশেতি। অহুচিতা চিবমেবানভ্যস্তা, ''অভ্যন্তে ভূচিতং ত্রিবৃ'' ইত্যমর: ॥১॥

ভবতনন্দন! ক্রমে দেই বৃষ্টি নিবৃত্তি পাইলে, বায়্ সমানভাব অবলম্বন কবিলে, জলগুলি নীচে গেলে এবং সূর্য্য আবাব প্রকাশ পাইলে, সেই বীবগণ ধীবে ধীবে বনপ্রভৃতি হইতে নির্গত ও সম্মিলিত হইলেন, তাহাব পব তাঁহাবা পুনবায গন্ধমাদনপর্বতে গমন কবিতে লাগিলেন ॥২২—২৩॥

বৈশম্পায়ন বলিলেন— মহাত্মা পাগুবেবা একক্রোশমাত্র পথ গিয়াছেন, এমন সমযেই পদত্রজে গমন কবিতে অনভ্যস্তা দ্রৌপদী বসিয়া পড়িলেন ॥১॥

⁽২২) তশ্মিন প্রতে শব্দে—বা ব কা নি ৷ * '…বিচন্ধারিশদ্ধিকঃ…'—বা ব কা, '…চতুশ্চন্ধারিংশদ্ধিকঃ…'—পি, '…প্রুচন্ধারিংশদ্ধিকঃ…'—নি ৷ বন-১৫০ (৮)

শ্রান্তা দুঃখপরীতা চ বাতবর্ষেণ চার্দ্দিতা।
সোকুমার্য্যাচ্চ পাঞ্চালী সম্মুমোহ তপস্বিনী ॥২॥
সা কম্পমানা মোহেন বাহুভ্যামসিতেক্ষণা।
ব্রভাভ্যামসুরূপাভ্যামূর সমবলম্বত ॥৩॥
আলম্বমানা সহিতাবৃর গজকরোপমোঁ।
পপাত সহসা ভূমো বেপন্তী কদলী যথা ॥৪॥
তাং পতন্তীং ববাবোহাং ভজ্যমানাং লতামিব।
নকুলঃ সমভিজ্ঞত্য পবিজ্ঞাহ বীর্য্যবান্॥৫॥
নকুল উবাচ।

বাজন্! পাঞ্চালবাজন্ম হুতেরমসিতেক্ষণা। শ্রান্তা নিপতিতা ভূমো তামবেক্ষস্থ ভারত!॥৬॥ অচুঃখার্হা পবং চুঃখং প্রাপ্তেয়ং মুচুগামিনী। আহ্বাসয় মহাবাজ! তামিমাং শ্রমকর্ষিতাম্॥-॥

ভাৰতকৌমুদী

শ্রান্তেতি। সৌকুমার্যাৎ কোমলাঙ্গত্বাৎ, সম্ম্যোহ মোহং প্রাপ্ত,মাবেতে ॥ ।।
সৈতি। বাহুত্যাং নিজাভ্যামের, বুরাত্যাং গোলাভ্যাম, উর স্বকীযমূক্ষ্ম্ম ॥ ৩॥
আলম্বেতি। সহিতো মিলিতো, গজকবোপমো হস্তিশুভাতুলো, বেপস্তী কম্পমানা ॥ ৪॥
তামিতি। ব্বাবোহাং স্ক্রেবনিত্যাম্। সমতিক্রত্য ক্রতং গত্বা ॥ ৫॥
বাজনিতি। অসিতেক্রিশা নীলন্যনা। অবৈক্ষ্ম প্রতীক্ষ্ম, মা যাহীতি ভাবং ॥ ৬॥
অত্যংথতি। প্রম্ অত্যন্তম্। মৃত্গামিনী শনৈর্গ্যনকাবিণী ॥ ৭॥

দীনা জৌপদী একেই ছংখিতা ছিলেন, তাহাব পর আবার পবিশ্রাস্তা ও বায়ু-রষ্টিতে পীড়িতা হইয়া কোমলতাবশতঃ মূর্চ্ছাপনা হইতে লাগিলেন॥২॥

ভখন নীলনয়না জৌপদী মূর্চ্ছাব আবেশে কাঁপিতে থাকিয়া অনুরূপ ও গোল বাহুযুগলদ্বাবা আপন উক্যুগল ধারণ কবিলেন ॥৩॥

তিনি হস্তিশুগুযুগলেব স্থায় মিলিত উক্যুগল ধাবণ করিয়া কাঁপিতে থাকিয়া কদলীবৃক্ষেব স্থায় তৎক্ষণাৎ ভূতলে পতিত হইতে লাগিলেন ॥৪॥

তখন বলবান্ নকুল ক্রত যাইয়া ভগ্ন লভাব স্থায় পড়িবার সময়েই স্থানিভশ্বা জৌপদীকে ধারণ কবিলেন ॥৫॥

নকুল বলিলেন—"রাজা! এই নীলনয়না পাঞ্চালরাজনন্দিনী পরিশ্রান্ত হইযা ভূতলে পতিত হইতেছিলেন ; স্থুতবাং আপুনি উঁহার প্রতীক্ষা করুন ॥৬॥

⁽२)…तांजवर्र्यं एजन ह—्तां व को नि । . (७) मा, भंजामांना त्मांट्न - थि ।

বৈশস্পায়ন উবাচ।

বাজা তু বচনাত্তস্ম ভৃশং তুঃখসমন্বিতঃ।
ভীমশ্চ সহদেবশ্চ সহসা সমুপাদ্রবৎ ॥৮॥
তামবেক্ষ্য তু কোন্তেয়ো বিবর্ণবদনাং কুশাম্।
ভাস্কমানীয় ধর্মাত্মা পর্য্যদেবয়দাতুবঃ ॥৯॥

যুধিষ্ঠির উবাচ। ণ

কথং বেশ্মন্ত গুপ্তেষু স্বাস্তীর্ণশয়নোচিতা।
ছুমো নিপতিতা শেতে স্কথার্হা বরবর্ণিনী ॥>০॥
হুকুমাবো কথং পাদো মুখঞ্চ কমলপ্রভম্।
মৎক্তেহন্ত বরার্হায়াঃ শ্যামতাং সমুপাগতম্ ॥>>॥
কিমিদং দ্যুতকামেন মধা কুতমবুদ্ধিনা।
জাদায় কুষ্ণাং চৰতা বনে মুগগণায়েত ॥>২॥

ভারতকোমুদী

রাজেতি। সম্পান্তবং ফ্রন্ডং ক্রোপভন্তিকমগছৎ ।৮।
তামিতি। পর্যাদেববং ব্যলপং, "দিবু পবিকৃজনে" ইতি চৌরাদিকত্ম রূপম্ ॥২॥
কথমিতি। কথংশক্রো বিবাদে। গুপ্তেরু রঙ্গিতেরু। শ্বনং শ্যা, উচিতা যোগ্যা ॥১০॥
স্বকুমাবাবিতি। পাদে শ্রামতাং সম্পাগতাবিতি বচনব্যত্যবেন সম্বন্ধঃ। শ্রামতাং
মালিত্যম্ ॥১১॥

কিমিতি। দ্যুতকামেন দ্যুতবাগিণা। মুগগণামুতে হিংল্রপণ্ডসমূহপূর্ণে ॥১২॥

মহারাজ। এই মন্দগামিনী তুঃখভোগেব অযোগ্যা, অথচ গুকতব তুঃখ ভোগ করিতেছেন; অতএব আপনি এই পরিপ্রাস্তাকে আখস্ত করুন" ॥৭॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠিব, ভীম ও সহদেব—নকুলেব বাক্য শুনিয়া অত্যস্ত হুঃখিত হইয়া তৎক্ষণাৎ ক্রৌপদীব নিকটে গেলেন ॥ল॥

তথন ধৰ্মাত্মা যুখিষ্টির জৌপদীকে বিবৰ্ণবদনা ও কৃশা দেখিয়া পীড়িত হইয়া ভাঁহাকে ক্রোড়ে করিয়া বিলাপ কৰিতে লাগিলেন ॥১॥

যুধিষ্ঠিব বলিলেন—"হায়! স্থবক্ষিত গৃহে আস্তীর্ণ উত্তম শয্যায় শয়নেব যোগ্যা একমাত্র স্থতোগেব অধিকারিণী উত্তমাঙ্গনা জৌপদী আজ ভূতলে পতিত হইয়া শয়ন করিয়াছেন!॥১০॥

হায়! এই বববর্ণিনীর কোমল চবণযুগল এবং পদ্মকান্তি মুখমণ্ডল আৰু আমার জন্মই মলিন হইয়া গিয়াছে। ॥১১॥

ণ রাজোবাচ-পি।

তথং প্রাক্ষ্যতি কল্যাণী প্রাপ্য পাণ্ডুস্থতান্ পতীন্। ইতি ক্রুপদবাজেন পিত্রা দত্তাযতেক্ষণা ॥>৩॥ তৎ দর্ব্বমনবাপ্যেয়ং শ্রমশোকাধ্বকর্ষিতা। শেতে নিপতিতা ভূমৌ পাপস্থ মম কর্ম্মভিঃ॥>৪॥

বৈশম্পায়ন উবাচ।
তথা লালপ্যমানে তু ধর্মরাজে যুধিষ্ঠিবে।
ধৌন্য প্রভৃতযঃ সর্বেব তত্রাজগ্ম দিজোত্তমাঃ ॥>৫॥
তে তামাশ্বাসয়ামাস্থবাশীর্ভিশ্চাপ্যপূজ্যন্।
বক্ষোত্থাংশ্চ তথা মন্ত্রান্ জেপুশ্চক্রুস্তথা ক্রিয়াঃ ॥>৬॥
পঠ্যমানেরু মন্ত্রেরু শাস্ত্যর্থং পবমর্ষিভিঃ।
ম্পৃশ্যমানা কবৈঃ শীতৈঃ পাগুবৈশ্চ মুক্তর্মূক্তঃ ॥>৭॥

ভাবতকোমুদী

ত্বথমিতি। ইতি বিভাব্যেতি শেষঃ। আযতেকণা বিশাললোচনা ক্বফা 🗤 🖤

তদিতি। পাপশু পাপাত্মনঃ, কর্মভিদ্ তিক্রীডাদিভি: ॥১৪॥

তথেতি। লালপামানে পুন: পুনর্বিলপতি সতি। তত্র ক্রোপশ্বস্তিকে ॥১৫॥

ত ইতি। অপুজ্যন সমতোব্যন। তথা অনিষ্টনিবাবিকা: ॥১৬॥

আমি দূতেব অন্নবাগী, অথচ আমাৰ বৃদ্ধি নাই, তাই আমি হিংস্ৰজন্ততে পৰিপূৰ্ণ বনেৰ ভিতৰে দ্ৰৌপদীকে লইয়া বিচৰণ কৰিতে থাকিয়া এটা কি কৰিলাম ॥১২॥

হায! কল্যাণী জৌপদী পাগুৰগণকে পতি লাভ কৰিয়া সুখ ভোগ কৰিবে, ইহা ভাবিষাই পিতা জ্ৰুপদবালা এই স্নায়তন্যনাকে আমাদেৰ হস্তে দান কৰিয়া-ছিলেন ॥১৩॥

কিন্তু আমি পাপাত্মা, তাই আমাব কর্মদোষেই ইনি সে সমস্ত না পাইযা পবিশ্রম, শোক ও পথের ক্রেশে ব্লাস্ত ও ভূতলপতিত হইযা শযন কবিয়াছেন !" ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—ধর্মাবাজ যুধিষ্টিব বাব বাব সেইৰূপ বিলাপ কবিতে থাকিলে, ধৌন্যপ্রভৃতি ব্রাহ্মণেবা সকলেই সেখানে আসিলেন॥১৫॥

তাহান্য স্থোপদীকে আশ্বন্ত কবিলেন, আশীর্ব্বাদ দ্বাবা সম্ভুষ্ট কবিলেন, বক্ষোদ্ম মন্ত্র পাঠ কবিতে লাগিলেন এবং অনিষ্টনিবারক কার্য্য কবিতে থাকিলেন ॥১৬॥

⁽১৩)---প্রাণা বৈ পাণ্ডবান্ পতীন্—বা ব বা নি। (১৬) তে সমাখাস্যামাহ্য:—চক্রুন্চ তে ক্রিয়াঃ বা ব বা নি।

সেব্যমানা চ শীতেন জলমিশ্রেণ বারুনা।
পাঞ্চালী স্থমাসাত্য লেভে চেতঃ শনৈঃ শনৈঃ ॥ ৮॥ (যুগ্যকন্
পরিগৃহ্ছ চ তাং দীনাং ক্ষামজিনসংস্তবে।
পার্থা বিশ্রামযামাস্থল ক্ষাংজ্ঞাং তপান্ধনীস্ ॥>৯॥
তক্ষা যমৌ বক্ততলো পাদো পূজিতলক্ষণো।
কবাভ্যাং কিণজাতাভ্যাং শনকৈঃ সংববাহতুঃ ॥২০॥
পর্য্যাথাস্যদপ্যেনাং ধর্মবাজ্যে যুর্ঘিটিবঃ।
উবাচ চ কুরুশ্রেটো ভীমসেন্মিদং বচঃ ॥২১॥
বহবঃ পর্বতা ভীম। বিষমা হিমন্তর্গমাঃ।
তের কৃষ্ণা মহাবাহো! কথং ত্ব বিচবিশ্বতি ॥২২॥

ভাবতকৌমুদী

পঠামানেদ্বিতি। করৈর্হকৈ:, শীতৈ: শীতেলৈ:। চেত: চৈতত্তন্ ॥১৭—১৮॥
পরীতি। পবিগৃহ্ব নীত্বা। অজিনসংস্তবে আতৃতন্গচর্মানি। তপত্বিনাং শোচ্যান্ ১৯০
তত্তা ইতি। যমে নকুলসংদেবো, কিণজাতাত্যাং ধন্তও গঘর্ষণেন জাতচিহাত্যাং করাত্যান্,
শনকৈ:, পূজিতলক্ষণো তত্তাঃ পাদো, সংববাহত্তঃ সংবাহ্যামাসত্তঃ। আর্থং পদন্ ॥২০।
পর্যাত্থাস্যদিতি। এনাং জ্রোপদীন্ ॥২১॥
বহব ইতি। বিষমা বিপৎসকুলা উচ্চাব্চা বা। ক্রক্ষা জ্রোপদী ১২২।

মহর্বিবা শান্তিব জন্ম মন্ত্রপাঠ কবিতে থাকিলে, পাশুবেবা শীন্তল হস্তদাবা বাব বাব স্পর্শ কবিতে লাগিলেন এবং জলমিপ্রিত শীন্তল বায্ছারা সেবন করিতে থাকিলেন; তথন জৌপদী সুথ লাভ কবিয়া ধাঁবে ধাঁবে চৈত্রত লাভ কবিলেন॥১৭—১৮॥

তাহাৰ পৰ পাণ্ডবেৰা লক্ষ্টিতক্সা, তৃৰ্বলা ও শোচনীযা স্নৌপদীকে মাসুত্ৰ মুগচৰ্মেৰ উপৱে ৰাখিয়া বিশ্লাম কৰাইতে লাগিলেন ৪১৯৮

নকুল ও সহদেব কিণ-(কড়) চিহ্নিত হস্তযুগল লাবা ধাবে ধাবে প্রৌগলাব বজ্ঞান ও স্থলক্ষণ চবণযুগলের সংবাহন কবিতে গাহিনোন ৮২০৮

কুকশ্রেষ্ঠ ধর্মবাক্ত যুধিষ্টিবও দ্রৌপদীকে আহন্ত কলিলেন এবং ভাষার এই কথা বলিলেন—॥২১॥

"নহাবাল ভীন। হিমে জুর্মন এবং উচ্-নাচু বহুত্ব প্রবিধান কেওিংকে মৌপনা কি কবিয়া গ্রমন কবিবেল গ্রাহিছন

⁽১৯) - তদা বিহাস্যানাক্য-দি।

ভীমদেন উবাচ।

ত্বাং রাজন্ ! রাজপুত্রীঞ্চ বমৌ চ পুরুষর্যভ !। স্বয়ং নেয়ামি বাজেন্দ্র ! মা বিধাদে মনঃ কুথাঃ ॥২৩॥ হৈডিন্ত*চ মহাবীর্য্যো বিহুগো মদ্বলোপমঃ। वर्रमन्य ! मर्वान् ता वन्नात्छ घरोष्टकनः ॥२॥

বৈশস্পায়ন উবাচ।

এতচ শ্রুত্বা তু বচনং ভীমসেনস্থ ধর্মবাট্। ভীমং সম্পূজ্যংস্ত্ৰফ এবমস্ত্ৰিত্যভাষত ॥২৫॥ দোহনুজ্ঞাতো ধর্মবাজ্ঞা পুত্রং সম্মার রাক্ষসম্। ঘটোৎকচস্ত ধর্মাত্মা স্মৃতমাত্রঃ পিতৃংস্তদা ॥২৬॥ কুতাঞ্জলিরুপাতিষ্ঠদভিবাভাথ পাগুবান। ব্রাহ্মণাংশ্চ মহাবাহুঃ দ চ তৈবভিনন্দিতঃ ॥২৭॥ উবাচ ভীমসেনং স পিতবং ভীমবিক্রময়। ষ্মতোহস্মি ভবতা শীভ্রং শুশ্রাবুবহুমাগতঃ ॥২৮॥ (বিশেষকম্)

ভাৰতকোমুদী

ত্বামিতি। রাজপুত্রীং ক্রোপদীম, যমো নকুলসহদেবোঁ। স্বয়মহয়েব ॥২৩॥ হৈডিম্ব ইতি। হৈডিম্বো হিডিম্বাযাঃ পুত্রঃ, বিহাবসা গচ্ছতীতি বিহগ আকাশচরঃ ॥২৪॥ এতদিতি। ধর্মবাড ্যুধিষ্টিবঃ। সম্পূজয়ন্ প্রশংসন্, যথাকালমূপাযুদ্মরণাৎ ॥২৫॥ স ইতি। ধর্মরাজ্ঞেত্যদৃত্তত্বাভাব আর্থঃ। বান্ধাাংশ্চ অভিবাদ্যেতি সমন্ধঃ। অভিনন্দিত আশিষা সম্ভোষিতঃ। শুশ্রমু: ভবতাং শুশ্রমণং কর্ত্তু মিচ্ছু: ॥২৬—২৮॥

ভীম বলিলেন—"হে পুৰুষপ্ৰধান রাজ্বশ্রেষ্ঠ বাজা। একক আমিই আপনাকে, জৌপদীকে এবং নকুল ও সহদেবকে বহন কবিষা লইয়া যাইব; আপনি বিষয় হইবেন না ॥২৬॥

অথবা, হে নিষ্পাপ বাজা! আমাৰ তুল্য বলবান্, অত্যন্ত উৎসাহী ও আকাশচারী হিড়িম্বানন্দন ঘটোৎকচ আপনাব আদেশে আমাদেব সকলকেই বহন কবিয়া লইয়া যাইবে" ॥২৪॥

বৈশস্পায়ন বলিলেন—যুধিষ্ঠির ভীমের এই কথা শুনিয়া সন্তুষ্ট হইয়া ভীমের প্রশংসা কবিয়া বলিলেন—"এইরপই হউক" ॥২৫॥

যুর্ধিষ্ঠির অনুমতি কবিলে, ভীমসেন তখনই পুত্র ঘটোৎকচকে স্মবণ করিলেন ; তিনি স্মবণ কৰিবামাত্রই ধর্মাত্মা ও মহাবাহু ঘটোৎকচও কৃতাঞ্চলি

⁽২৫) শ্লোকঃ বা ব কা নি নান্তি। (২৮) শেল্পার সহসাহমূপাগতঃ — পি।

আজ্ঞাপয় মহাবাহো! সর্বাং কর্ত্তাম্ম্যসংশয়ম্ । তচ্ শ্রুত্বা ভীমদেনস্ত রাক্ষ্যং পরিষম্বজে ॥২৯॥

যুধিষ্ঠির উবাচ।

ধর্মজ্যে বলবান্ শৃবঃ সদ্যো রাক্ষসপুরুবঃ। ভক্তোহস্মান্ রাক্ষসঃ পুত্রো ভীম! গৃহ্লাতু মাতবম্॥৩॰॥ তব বাহুবলেনাহমতিভীমপবাক্রম!।

ছক্তঃ সহ পাঞ্চাল্যা গচ্ছেয়ং গদ্ধমাদনম্ ॥৩১॥

বৈশস্পায়ন উবাচ।

প্রাতুর্বচনমাজ্ঞায় ভীমদেনো ঘটোৎকচম্। আদিদেশ নরব্যান্তস্তনয়ং শত্রুকর্ষণম্॥৩২॥

ভারতকৌমুদী

শাজাপবেতি। কর্জান্মি কবিয়ামি। বাক্ষসং ঘটোৎকচম্, পরিষ্বজে আলিলিক এব।
ধর্মজ ইতি। অন্মান্ প্রতি ভক্তঃ। সজ্ঞ দপদি, যাতরং প্রোপদীং বোচুং গৃহাতু ৮০০।
ভীমমেব—স্তৌতি জবেতি। ঘটোৎকচন্দ্র বাহবলমণি তবৈব বাহবলমিতি ভাবঃ ১০১৪
ভাতুরিতি। জাতুর্ বিশ্লিবন্দ্র। আজাধ শ্রুষা ১০২৪

হইয়া পিতৃপর্য্যায় পাণ্ডবগণেব নিকট উপস্থিত হইল এবং তাঁহাদিগকে ও বান্ধাণগণকে অভিবাদন কবিল; ভাহাব পব তাঁহারা সকলেও তাহাব অভিনন্দন করিলেন। তৎপরে ঘটোৎকচ ভীমবিক্রম পিতা ভীমসেনকে বলিল—''আপনি আমাকে স্মবণ কবিয়াছেন, তাই আমি আপনাদের পরিচর্য্যা করিবার জন্ম সম্বব আসিয়াছি ॥২৬—১৮॥

মহাবাহু! আদেশ করুন, নিশ্চয়ই আমি আপনাদের সমস্ত কার্য্য করিব।" তাহা শুনিয়া ভীমদেন তাহাকে আলিঙ্গন কবিলেন ॥২৯॥

যুধিষ্ঠিব বলিলেন—"ভীম। বাক্ষসভোষ্ঠ পুত্র ঘটোৎকচ ধর্মজ্ঞ, বলবান্, বীর এবং আমাদের ভক্ত; স্মুতবাং এখনই এ—ভৌপদীকে ধাবণ ককক ॥৩০॥

অতিভীমপরাক্রম ভীম। তোমার বাহুবলেই আমি দ্রোপদীর সহিত অক্ষত শবীবে গন্ধমাদনপর্বতে যাইতে পারিব" ॥৩১॥

বৈশম্পায়ন বলিলেন—নরশ্রেষ্ঠ ভীমসেন যুর্ধিষ্টিবের কথা গুনিয়া শত্রুহস্তা পুত্র ঘটোৎকচকে আদেশ করিলেন—॥৩২॥

⁽২৯) শ্লোকাৎ পরম্ '…চতৃশ্চত্মারিংশদ্ধিক:…'—বা ব কা, '…পঞ্চহারিংশদ্ধিক:…'—িপ, '…বট্চছারিংশদ্ধিক:…'—িন। (৩০)…সত্যো রাক্ষসপুসব:…উরস: পূত্র:…গৃহাত্ মা
চিরম্ – বা ব কা।

হৈড়িন্মেয়ং পবিশ্রান্তা তব মাতাহপরাজিত।।
ত্বপ্ত কামগমস্তাত। বলবান্ বহু তাং থগ।॥৩৩॥
ক্ষন্তমাবোপ্য ভদ্রং তে মধ্যেহস্মাকং বিহায়দা।
গচ্ছ নীচিকয়া গত্যা যথা চৈনাং ন পীড়য়েঃ॥৩৪॥

ঘটোৎকচ উবাচ।

ধর্মবাজঞ্চ ধৌম্যঞ্চ কৃষ্ণাঞ্চ যমজে তথা।
একোহপ্যহমলং বোঢ্ং কিমুতান্ত সহায়বান্ ॥৩৫॥
তন্তে চ শতশঃ শূবা বিহুগাঃ কামরূপিণঃ।
সর্বনিন্ বো ব্রাহ্মণৈঃ সার্দ্ধং বক্ষ্যন্তি সহিতা মযা॥৩৬॥

বৈশস্পায়ন উবাচ।

এবমুক্ত্বা তদা কৃষ্ণামুবাহ স ঘটোৎকচঃ। পাণ্ডুনাং মধ্যগো বীবঃ পাণ্ডবানপি চাপৰে ॥৩৭॥

ভাবতকোমূদী

হৈছিছেতি। হে হৈছিয়।। মাতা শ্রেপদী। হে খগ। খেচব। এত।
স্কন্ধমিতি। তে তব ভদ্রমন্ত। বিহাষদা গগনেন। নীচিক্ষা নিয়বর্জিয়া এ৪।
ধর্মেতি। অলং সমর্থা। অন্তেহপি রাক্ষ্মা মম সহাযাঃ সন্তীতি ভাবঃ এও।
অক্স ইতি। বিহগা আকাশচাবিণো বাক্ষ্মাঃ। বক্ষ্যন্তি বহনং কবিয়ন্তি ॥৩৬॥
এবমিতি। অপরে চ বাক্ষ্মাঃ, পাণ্ডবানপি উহবিতি শেষঃ ॥৩৭॥

'বংস। অপরাজিত। খেচর। হিডিম্বানন্দন। তোমাব মাতা জৌপদী পবিশ্রাস্ত হইষা পড়িয়াছেন, তুমিও কামগামী এবং বলবান্; অতএব তুমি তাঁহাকে বহন কব ॥৩৩॥

বংস। তোমার মঙ্গল হউক; তুমি উঁহাকে স্কন্ধে লইয়া আমাদেব মধ্যে থাকিয়া নিয় আকাশ দিয়া মন্দর্গতিতে গমন কব, যাহাতে উহার কষ্ট না হয"॥৩৪॥ ঘটোৎকচ বলিল—"আমি একাকীই ধর্ম্মবাজ, ধৌম্যপুবোহিত, দ্রৌপদী এবং নকুল-সহদেবকে বহন করিতে পাবি; সহায়সম্পন্ন হইলে আব বক্তব্য আছে কি॥৩৫॥

বীব, আকাশচাৰী ও কামৰূপী অন্ত শত শত ৰাক্ষ্মও আমাৰ সহিত মিলিত হইযা ব্ৰাহ্মণদের সহিত আপনাদেৰ সকলকে বহন করিবে" ॥৩৬॥

⁽৩৬, ... বশ্যস্তি সহিতাহনম। —বা ব কা।

লোমশঃ দিদ্ধমার্গেণ জগামানুপমত্যুতিঃ।
স্থেনৈব স প্রভাবেণ দিতীয় ইব ভাস্করঃ ॥৩৮॥
ব্রাহ্মণাংশ্চাপি তান্ সর্বান্ সমুপাদায় বাক্ষসাঃ।
নিযোগাদ্রাহ্মসেক্ত জগ্ম ভূমিপবাক্রমাঃ ॥৩৯॥
এবং স্থবমণীয়ানি বনান্যুপবনানি চ।
আলোকয়ন্তত্তে জগ্ম বিশালাং বদবীং প্রতি ॥৪০॥
তে ত্বাশুগতিভির্বীবা রাক্ষসৈত্রের্যহাজবৈঃ।
উহুমানা যয়ঃ শীদ্রং দীর্ঘমধ্বানমল্লবৎ ॥৪১॥
দেশান্ মেচ্ছজনাকীর্ণান্ নানাবত্বাকরান্ শুভান্।
দদৃশুগিবিপাদাংশ্চ নানাধাতুসমাচিতান্ ॥৪২॥

ভাবতকৌমূদী

লোমশ ইতি । সিদ্ধানাং দেবযোনিবিশেষাণাং মার্গেণ আকাশপথেনৈর ॥৩৮॥
বান্ধণানিতি । নিষোগাদাদেশাং, বাক্ষমেন্দ্রস্থ ঘটোৎকচস্থ ॥৩৯॥
এবমিতি । বদবীং কর্কন্ধবৃদ্ধ তয়ায়া প্রসিদ্ধমাশ্রমমিতার্থঃ ॥৪০॥
ত ইতি । মহাজবৈর্মহাবেগৈঃ । অধ্বানং পদ্ধানম্, অল্পবং অল্পপবং ॥৪১॥
দেশানিতি । বেদবাস্থাচাবা মেচ্ছজনাত্তবাবীর্ণান্ । গিবেঃ পাদান্ প্রত্যন্তপর্ববান্।

বৈশম্পায়ন বলিলেন—এইবপ বলিয়া তথনই মহাবীব ঘটোৎকচ পাণ্ডব-গণেব মধ্যে থাকিয়া জৌপদীকে বহন কবিয়া লইযা চলিল এবং অন্ত বাক্ষসেবা পাণ্ডবগণকে বহন করিয়া নিয়া যাইতে থাকিল ॥৩৭॥

এবং অসাধারণ তেজন্বী লোমশম্নি আপন প্রভাবেই সিদ্ধপথে দিতীয়

ক্রেথি ক্যায় গমন কবিতে লাগিলেন ॥৩৮॥

আব, ভয়ঙ্কব পৰাক্রমশালী অপৰ কতকগুলি ৰাক্ষস ঘটোৎকচেৰ আদেশে সেই সকল ব্ৰাহ্মণকে লইযা গমন করিতে থাকিল ॥৩৯॥

এইভাবে তাঁহারা অতি মনোহব বন ও উপবন দেখিতে দেখিতে বদবিকা-শ্রমেব দিকে যাইতে লাগিলেন ॥৪০॥

মহাবেগশালী ও জ্রুতগামী সেই বাক্ষদেবা বহন কবিয়া লইবা যাইতেছিল বলিয়া তাঁহাবা সত্ত্বই অল্প পথেব ক্যায় দীর্ঘ পথ যাইতে থাকিলেন ॥৪১॥

তথন তাঁহারা ফ্রেচ্ছগণে পবিপূর্ণ, নানাবিধ বত্মেব আকব ও মনোহব বহু-তব দেশ এবং গৈবিকাদি নানাধাতুব্যাপ্ত ক্ষুদ্র ক্ষুদ্র বহুতব পর্বত দেখিতে

वन-३৫३ (४)

⁽৩৮) -- স্বেনৈবাতিপ্রভাবেশ—পি। (৪১) -- মহদ্দানমন্নবং—বা ব বা নি।

^{(82)···}নানারত্নাক্বায্তান্—বা ব কা নি।

বিভাধরগণাকীর্ণান্ যুতান্ পন্নগকিনবৈঃ। তথা কিম্পুরুষৈশ্চৈব গন্ধবৈশ্চ সমন্ততঃ ॥৪৩॥ बश्चित्रभ्हबरिवर्रभ्हव वानरेत्र ऋऋण्डिख्या । বরাহৈর্গবয়ৈশ্চেব মহিষেশ্চ সমার্ভান ॥৪৪॥ নদীজালসমাকীর্ণান নানাপক্ষিযুতান্ বহুন্। নানাবিধৈয় বৈজ ফান বারণৈশ্চোপশোভিতান ॥৪৫॥ সমদৈশ্চাপি বিহুগৈঃ পাদপৈরন্বিতাংস্তথা। তেহবতীর্য্য বহুন দেশান্ উত্তরাংশ্চ কুরুনপি ॥৪৬॥ দদশুর্বিবিধাশ্চর্য্যং কৈলাসং পর্ব্বতোত্তমম্। তস্থাভ্যাসে তু দদৃশুর্নরনারায়ণাপ্রমম্ ॥৪৭॥ উপেতः পामरेशर्मिरेवाः मना श्रूष्ट्रायलाशरैकः। **ममुश्रुञ्जाक वस्त्रीः बुक्किकाः गत्नावमा**म् ॥४৮॥ স্মিগ্ধামবিরলচ্ছায়াং শ্রিয়া পরময়া যুতাম ॥ পত্রৈঃ ন্মিগ্ধেরবিবলৈরুপেতাং মৃত্যুভিঃ শুভাম ॥৪৯॥ বিশালশাখাং বিস্তীর্ণামতিত্যুতিসমন্বিতাম। ফলৈরুপচিতৈর্দিব্যৈরাচিতাং স্বাত্মভিভূশিম ॥৫০॥

ভারতকৌমূদী

গানক্ষমন্বাক্ষমন্বাভ্যাং কিন্নবাগাং বৈবিধ্যাৎ পৃথগুপাদানম্। চম্বক্ষর হবিণবিশেষো ।
মুগৈং পশুভিং, জ্টান্ সেবিভান্, বাবণৈইন্ডিভিং। বিহগৈং পক্ষিভিং। অবতীর্য্য
অতিক্রম্য। অভ্যাসে নিকটে। পুজাণি ফলানি চ উপগছান্তি প্রাপ্ন, বন্তীতি তৈং।
বৃত্তক্ষমাং গোলপ্রকাণ্ডদেশাম্। অবিবলছাষাং নিবিডছাষাম্। অবিবলৈর্যনেং। উপচিতৈপাইলেন। তাহাতে বিভাধব, কিন্নব, কিম্পুক্ষ ও নাগ বিচরণ করিতেছিল
এবং মযূব, চমবহবিণ, ককহবিণ, বানব, ববাহ, গবয় ও মহিষ ভ্রমণ কবিতেছিল
এবং মযূব, চমবহবিণ, ককহবিণ, বানব, ববাহ, গবয় ও মহিষ ভ্রমণ কবিতেছিল
আব সে পর্ববভগুলির নিকট দিয়া অনেক নদী প্রবাহিত হইডেছিল এবং সে
গুলিতে নানাবিধ পক্ষী, বহুবিধ পশু, হস্তী, মদমত্ত পক্ষী ও নানাবিধ বৃক্ষ ছিল
তাহাব পব তাঁহাবা বহুতর দেশ ও উত্তর কুকদেশ অতিক্রম কবিয়া নানাবিধ
আশ্চর্য্যেব আধাব কৈলাসপর্বত দর্শন কবিলেন এবং তাহার নিকট নবনাবায়ণ ঋষিব আশ্রম (বদবিকাশ্রম) দেখিতে পাইলেন; সে আশ্রমে সর্ববদাই
ফল ও পুজাশালী বহুতব উত্তম বৃক্ষ ছিল; আব তাঁহাবা সেখানে সেই মনোহব
বদবীবৃক্ষ দর্শন কবিলেন; তাহার স্কন্ধদেশ গোলাকাব, আকৃতি স্নিগ্ধ, ছায়া-

⁽⁸⁰⁾⁻⁻⁻वानविक्रादेव:--वा व का नि।

মধুত্রবিঃ দদা দিব্যাং মহর্ষিগণসেবিতাম্।
মদপ্রমুদিতৈর্নিত্যং নানাদ্বিজগণৈর্যুতাম্ ॥৫১॥
অদংশমশকে দেশে বহুমূলফলোদকে।
নীলশাদ্বলসংছনে দেবগন্ধর্বসেবিতে ॥৫২॥
স্থানীকৃতভূতাগে স্বভাববিমলে শুভে।
জাতাং হিময়ত্রস্পার্শে দেশেহপহতকণ্টকে ॥৫৩॥ (কুলকম্)
তামুপেত্য মহাত্মানঃ সহ তৈত্র্রান্ধ্রবিভঃ।
অবতেরুক্ততঃ সর্বের রাক্ষসক্ষরতঃ শনৈঃ ॥৫৪॥
ততন্তমান্ত্রামং রম্যং নরনারায়ণান্ত্রিতম্।
দদ্শুঃ পাণ্ডবা রাজন্। সহিতা দিজপুস্পবিঃ ॥৫৫॥
তমসা রহিতং পুণ্যমনায়ক্তং রবেঃ কবৈঃ।
ক্ষুত্রট্শীতোক্ষদোধিশ্চ বর্জ্জিতং শোকনাশনম্॥৫৬॥

ভাৰতকৌমুদা

র্বহুলীভূতৈঃ, আচিতাং ব্যাপ্তাম্। নানাদ্বিজগণৈর্বহুবিধপক্ষিসমূহিঃ। নীলৈঃ শাদ্ধলৈর্নব-ভূটোঃ সংছ্যে আবৃতে। অপহতকণ্টকে দ্বীকৃতকণ্টকে ॥৪২— ৫৩॥

তামিতি। তাং বদরীম্। মহাত্মানঃ পাওবাদ্যঃ ॥ ৫৪॥

তত ইতি। নরনাবাষণাভ্যামৃষিভ্যাম্ আঞ্রিতম্ আঞ্রিতপূর্ব্বম্। তমসা অন্ধকাবেণ।
ভাবতভাবদীপঃ

জোশমাত্রমিতি॥১—২৩॥ বিহগ ইব বিহগঃ থেচবঃ ॥২৪—৩৫॥ বন্ধ্যন্তি বহনং কবিছান্তি
॥৩৬—৪১॥ রত্মাকরৈরাসমন্তাদ্যুতান্ ॥৪২—৪৬॥ অভ্যাসে সমীপে॥৪৭—৫২॥ স্বভাবত এব
নিবিড়, কান্তি মনোহব, পত্র সকল স্নিগ্ধ, ঘন ও কোমল; শাখাসমূহ বিশাল
ও বিস্তীর্ণ এবং ফলসমূহ বৃহৎ, উত্তম, স্থুষাত্ব ও মধুস্রাবী ছিল। মহর্ষিবা সেই
বদবীবৃক্ষের সেবা কবিতেন এবং সেই বদরীবৃক্ষেব উপবে সর্ব্বদাই মদমন্ত ও
আনন্দিত নানাবিধ পক্ষী বিচৰণ করিত। আব, সেই বদবীবৃক্ষ যে স্থানে
জন্মিযাছিল, সে স্থানে দংশ (ডাঁশ) ও মশক ছিল না; প্রচুব ফল, মূল ও জল
ছিল এবং দেবগণ ও গন্ধবর্বগণ বিচরণ করিতেন; আব সে স্থানটী নীলবর্ণ নৃতন
ভূণে আবৃত, সমতল, স্বভাবনির্দ্মল, নিরুপদ্রেব, শীতল ও কোমলম্পর্শ এবং
কন্টকবিহীন ছিল॥৪২—৫৩॥

মহাত্মা পাগুবেরা সেই বদরীবৃক্ষেব নিকটে উপস্থিত হইয়া সেই প্রাহ্মণ-গণের সহিত রাক্ষসস্কন্ধ হইতে ধীরে ধীরে অবতরণ কবিলেন ॥৫৪॥

বাজা! তাহাব পর পাগুবগণ ব্রাহ্মণগণেব সহিত মিলিত হইয়া নর-নারায়ণ

⁽ev)····স্বভাববিহিতে শুভে—বা ব কা নি।

মহর্ষিগণসংবাবং ব্রাক্ষ্যা লক্ষ্যা সমন্বিতম্ ।

কুপ্রবেশং মহারাজ । নরৈর্ধর্মবহিস্কৃতিঃ ॥৫ ।॥
বলিহোমার্চিতং পুণাং স্থসংমুফীকুলেপনম্ ।

দিব্যপুল্পোপহারেশ্চ সর্বতোহভিবিরাজিতম্ ॥৫৮॥
বিশালৈরগ্নিশরণঃ ভ্রুগ্ ভাগ্রেরাচিতং শুভঃ ।

মহন্তিন্তোরকলসৈঃ কঠিনেশ্চোপ্রশোভিতম্ ॥৫৯॥
শরণ্যং সর্ববভূতানাং ব্রহ্মবোষনিনাদিতম্ ।

দিব্যমাঞ্রেণীয়ং তমাশ্রমং গ্রমনাশনম্ ॥৬০॥
গ্রিয়া যুত্মনির্দেশ্যং দেবচর্য্যোপশোভিতম্ ।

ফলমূলাশনৈর্দান্তিশ্চাক্রক্ষাজিনাম্বরৈঃ ॥৬১॥

ভাবতকোমুদী

অনামৃষ্টং বৃষ্ণপত্তাভাচ্ছাদনাৎ অম্পৃষ্টম্। মহর্ষিগণৈ সংবাধং নিববকাশম্, বাদ্ধ্যা বাদ্ধ্যসম্পাদিত্যা, লক্ষ্মা কান্ত্যা। ধর্মবহিষ্কৃতিবধার্মিকে:। বলিভিঃ প্জোপহারৈঃ হোমেশ্চ
অচিতং গৌবববিষ্যীকৃতন্, স্থাংমুষ্টং লিপ্তম্ অন্থলেপনং গোম্যাদিকং যত্ত তন্। অগ্নিশ্ববৈর্ঘোমৃট্ইং, জ্রগ্ভাজিঃ জ্রুকুজ্বাদিস্থাপনপাত্তিঃ, আচিতং ব্যাপ্তম্। কঠিনৈঃ পাকস্থলীভিঃ,
"কঠিনং নিষ্ঠুবে স্থাল্যাং শর্কবাষাং গুড্জা

ক ইতি বিশ্বঃ। বন্ধ্বাবিধ্বিদ্ধানিভিদিনাদিতম্।
অনির্দ্ধেগং সৌন্দর্য্যে অনির্দ্ধচনীয্ম্, দেব্স্থ চর্য্যা আচাবন্তেন উপশোভিত্য্। দান্তিভাবতভাবদীপঃ

বিশেষণে হিতে শ্বভাববিহিতে জাতাং বদ্বীম্ ॥৫৩—৫৬॥ মহর্ষিগণসংবাধম্বিগণবাধিম্, রান্ধ্যা লন্ধ্যা খগ্যজুংসামাজিকযা। "ঋচঃ সামানি যজুংবি সা হি শ্রীবন্ধতা সতা"মিতি শ্রুতে ॥৫৭॥ অষ্ট্র সংমৃষ্টং সমার্জনমন্ত্রলেপনঞ্চ যত্র তৎ ॥৫৮॥ অগ্নিশরণৈবয়্যাগাবৈঃ, আচিতং ব্যাপ্তম্, কঠিনঃ শিক্যাঃ কবণ্ডের্বা ॥৫৯—৬০॥ দেবচর্যা) সতাসঙ্কল্পবাদিকা, তয়া উপশোভিতম্ ঋষির সেই পূণ্যময মনোহর আশ্রম দর্শন করিতে লাগিলেন। তাহাতে অন্ধকাবের বা স্থ্যাকিবণেব সংস্পর্শ ছিল না; ক্ষুধা বা পিপাসা হইত না, শীত বা গ্রীম্ম ছিল না, কোন শোকের সন্তাবনাও ছিল না, এবং অধার্মিক লোকেব প্রবেশ করা ছন্ধর ছিল; আব মহাবাজ। সে আশ্রমটী মহর্ষিগণে পবিপূর্ণ ও রাক্ষীশোভায় পবিশোভিত ছিল এবং সে আশ্রমে গোময়লিও পবিত্র স্থানে পূজা ও হোম চলিতেছিল, এবং সকল দিকেই উত্তম উত্তম পূজ্প বিক্লিপ্ত থাকায় বিশেষ শোভা জন্মিয়াছিল; আর সে আশ্রম—বিশাল বিশাল হোমগৃহ, মাঙ্গলিক স্রুক্তবেব পাত্র, বৃহৎ বৃহৎ জলের কলস ও পাকেব স্থালীতে পরিশোভিত ছিল; এবং সে আশ্রম—সকল প্রাণীরই রক্ষক, বেদ-ধ্বনিতে মুখরিজ্ব, সকলেরই আশ্রমণীয়, শ্রমনাশক, দিব্য-সৌন্দর্য্যসম্পন্ম,

দূর্য্যবৈধানবদমৈত্তপদা ভাবিতাত্মভিঃ। **२** इपि एक्टिक्ट वर्षा जिल्ला है । ব্রন্নভূতির্বসভাগৈরপেতং ব্রন্নবাদিভিঃ। মোহভাগচ্মনাহাতেছাস্তানুষীন প্রয়তঃ শুচিঃ॥৬৩॥ ভাতৃভিঃ দহিতো दोरान् ধর্মপুত্রে। যুধিষ্ঠিরঃ। न्दास्त्रात्ना भननात्त्र पृष्ट्री श्रा श्रः यूधिष्ठित्रम् ॥५८॥ মভাগচহত স্বপ্রীতাঃ দর্শন এব মহর্বতঃ। আনীর্বাদান প্রযুগানাঃ স্বাধ্যায়নিরতা ভূপন ॥৬৫॥ গ্রাহাত্তে ভক্ত সংকারং বিধিনা পাবকোপমাঃ। উপাজহু 🕇 দলিশং পুস্পায়ূলফলং শুচি ॥৬৬॥ (কুলক্ম্) ন তৈঃ প্রত্যাহধ দংকারমূপনীতং মহর্ষিভিঃ। প্রয়তঃ প্রতিগৃহাৎ ধশ্মরাজো বুধিন্ঠিবঃ ॥৬৭॥ তং শক্রদদনপ্রথাং দিবাগদ্ধমনোব্যয়। প্রতিঃ সর্গোপনং পুণ্যং পাওবং দহ কুফ্যা ॥৬৮॥ বিবেশ শোভয়া যুক্তং ভ্রাতৃতিশ্চ সহানঘ!। डाक्तरेंगर्दम्द्रवाङ्गाङरेशंन्ह मञ्ज्याः ॥५৯॥ (विरम्बक्य)

ভাবতকৌমূদা

বিজ্যাদান বিলা। ভাবি : এভি ধোনি চটি জা। বাদভূতি বিবিশ্বত্তীয়া, বাদবাদিভি-বিদ্যকৃতি:। প্রচাচ সংঘটিত। প্রায়েশ তম্। প্রমূপনা কুর্বাণাঃ। সংকারং সংলাসভূতমু মাদ্যমিদানি বিভাগঃ (৫৫—৬৬)

স ^টি। উপনাতম্ উপয়াপিতম্। প্রমতঃ সংযতিক্তঃ। শক্ষদনপ্রথাম্ ইক্রভবন-ত্বাম্। বাজনৈক স্থেতি সম্ভঃ ১৮৭—৬৯ঃ

অনির্বেচনীয় ও দেবতাব আচাবে পবিশোভিত ছিল; আব সে আশ্রমে ফলমূলভোজা, ইন্দ্রিয়নংয়না, মনোহব কৃঞ্চাজিনধাবা, স্থা ও অগ্নিব তুল্য তেজম্বী,
তপস্থায় শোধিতচিত্ত, মোক্ষপবায়ণ, জিতেন্দ্রিয়, ব্রহ্মাব তুল্য, বেদবক্তা ও
নহাত্মা নহর্ষিরা অবস্থান কবিতেছিলেন। তখন মহাতেজা ধর্মপুত্র মুর্ধিষ্ঠির
সংঘতচিত্ত ও পবিত্র হইয়া ভ্রাতাদেব সহিত সেই মহর্ষিগণেব নিকট উপস্থিত
হইলেন; তখন দিব্যজ্ঞানসম্পন্ন, বেদপাঠনিবত ও অগ্নিতুল্য সেই মহর্ষিবা
সকলেই মুর্ধিষ্ঠিবকে আগত দেখিয়া অত্যন্ত আনন্দিত হইয়া তাঁহার প্রত্যুদ্গমন
করিলেন এবং প্রীতিসহকাবে মথাবিধানে সংকাবপূর্বক তাঁহাকে পবিত্র জল,
ফুল, কল ও মূল উপহার দিলেন ॥৫৫—৬৬॥

তত্রাপশ্যত ধর্মাত্মা দেবদেবর্ষিপূজিতম্।
নবনারায়ণস্থানং ভাগীরখ্যোপশোভিতম্॥৭০॥
পশ্যন্তক্তে নরব্যান্ত্রা বেমিরে তত্র পাগুবাঃ।
মধুত্রবফলং দিব্যং ব্রহ্মিরগণদেবিতম্॥৭১॥
তত্বপেত্য মহাত্মানস্তেহবদন্ ব্রাহ্মিণেঃ সহ।
মূদা মুক্তা মহাত্মানো বেমিবে তত্র তে তদা ॥৭২॥
আলোকযভো মৈনাকং নানাছিজগণাযুত্য্।
হিবণ্যশিথরকৈব তচ্চ বিন্দুসবঃ শিবম্॥৭৩॥
তত্মিন্ বিহরমাণাশ্চ পাগুবাঃ সহ ক্বফ্যা।
মনোজ্যে কাননববে সর্ববভূক্স্থমোক্তলে॥৭৪॥

ভাৰতকৌমূদী

তত্ত্তেতি। ধর্শাত্মা ঘূৰিষ্টিবঃ। নদনাবাদণদোঃ স্থানং তপশ্চদণদেশন্ ৯৭০।
পশ্চন্ত ইতি। বেমিৰে আননন্দুং। মধুস্থবদন্দ নধুবাদি বদর্মানন্দ্র ৯৭১।
তদিতি। মহাত্মান উদাদহিত্তাং, মহাত্মান্দ্রীস্থব্দ্দাং, তে প্রসিক্ষাং, তে পাওবাং ৯৭০॥
আলোকেতি। মৈনাবং পর্সাহন্, নানাম্বিজগণৈব্ছবিধপ্যিসমূহৈঃ আযুহং সম্বিত্ন্,
ভাবতভাবদীপঃ

॥৬১—৬২॥ ব্রহ্মভূতৈর্র্ক্ষবিদেন ব্রহ্মভাবং গতিঃ। তথা চ শ্রুতিঃ—"ব্রহ্মবিদ্রক্ষৈব ভবতি" ইতি॥৬৩—৬৫॥ দংকাশং চকুবিতি শেষঃ॥৬৬—৭১॥ ততুপেতা স্থানং প্রাপ্য॥৭২—৭৪॥

প্রীতিপূর্বক মহর্ষিগণেব আনাত সেই সকল উপহারদ্রব্য গ্রহণ কবিয়া আনন্দিত হইয়া পাণ্ডুনন্দন ধর্মবাজ যুধিষ্ঠিব সংবতিত্তি হইয়া জৌপদী, ভ্রাতৃগণ ও বেদবেদাঙ্গপাবদর্শী সহস্র সহস্র ব্রান্মণের সহিত ইন্দ্রভবন তুল্য শোভা-সম্পন্ন, দিব্য সৌবভে মনোহব, স্বর্গতুল্য ও পবিত্র সেই আশ্রামে প্রবেশ করিলেন ॥৬৭—৬৯॥

ধর্মাত্মা যুখিষ্টিব নেখানে প্রবেশ করিয়া দেবগণ ও দেবর্ষিগণেব পূজিত এবং গঙ্গোপশোভিত নর-নাবারণের তপস্থাব স্থান দর্শন কবিলেন ॥৭০॥

নরশ্রেষ্ঠ পাণ্ডবেবা দেখানে ব্রহ্মর্থিগণদেবিত মধুস্রাবী দিব্য বদবীকল দর্শন করিয়া আনন্দিত হইলেন ॥৭১॥

উদারচেতা ও অসাধারণ বৃদ্ধিমান্ পাগুবগণ সেই নরনাবায়ণস্থানে যাইয়া ব্রাহ্মণগণের সহিত বাস কবিতে লাগিলেন এবং সেইখানেই তাঁহাবা তখন আনন্দিত হইয়া বিচবণ কবিতেন ॥৭২॥

তাহাব নিকটে মৈনাকপর্বত আছে, তাহাব শৃঙ্গ সকল স্বর্ণময় এবং তাহাব উপরে বছবিধ পদ্দী বিচৰণ কবে; আব "বিন্দুসর"-নামে মঙ্গলময় প্রসিদ্ধ পাদপৈঃ পুষ্পবিকচিঃ ফলভাবাবনামিভিঃ।
শোভিতে সর্ববেতা রম্যৈঃ পুংস্কোকিলকুলাযুতৈঃ ॥৭৫॥
মিশ্বপত্রৈরবিরলৈঃ শীতচ্ছামৈর্যনারমৈঃ।
সরাংসি চ বিচিত্রাণি প্রসন্মাললানি চ ॥৭৬॥
কর্মলেঃ সোৎপলৈদৈচব ভাজসানানি সর্বশঃ।
পশ্যন্তশ্চারুরূপাণি বেমিরে তত্র পাগুবাঃ ॥৭৭॥ (কুলকম্)
পুণ্যগদ্ধঃ স্থধস্পর্শো ববৌ তত্র সমীরণঃ।
হলাদয়ন্ পাগুবান্ সর্ববান্ দ্রোপত্যা সহিতান্ প্রভো!॥৭৮॥
ভাগীরথীং স্থতীর্থাঞ্চ শীতাং বিমলপক্ষজাম্।
মণিপ্রবালবিস্তারাং পাদপৈরুপশোভিতাম্ ॥৭৯॥

ভাবতকৌমুদী

हित्रगुभिगदः वर्गरमम्भग्। শিবং मधनमगम्, তদ্বিন্দ্বশ্চ। কাননবরে শ্রেষ্ঠবনে। পুলৈদ বিক্চা: প্রফুলাক্তঃ। অবিবর্তনর্গনিঃ। চাক্তরপাণি স্বাংসীতি সম্বন্ধঃ॥१७—११॥

পুণ্যেতি। হ্লাদণন্ আনন্দণন্। প্রভো ইতি জনমেজনসম্বোধনম্ ॥৭৮॥
ভাগারপীমিতি। মহান্মানঃ পাওবাদনঃ, পরস্কুর্গমে দেবর্ষিচরিতে তন্মিন্ দেশে,
ভারতভাবদীপঃ

পুশ্বিকটৈর্বিব দিতকুষ্ঠাঃ ॥ ৭৫— ৭৮॥ দীতাং নামতঃ প্রস্তাবঃ সোপানপাদগণাদিরপঃ ছট্ট ইতার্থঃ ॥ ৭৯ — ৮০॥

ইতি শ্রমহাভাদতে বনপর্মণি নৈলবন্তীয়ে ভারতভাবদীপে বিংশত্যধিকশততমোহধ্যাদ: ॥১২০॥

একটা জলাশয় এবং মনোহব একটা বন আছে; সেই বনে সকল ঋতুতেই ফুল থাকে; আব ঘন ও মনোহব অনেক বৃক্ষ আছে, সেগুলি সর্ববদাই পুস্পবাশিতে স্থশোভিত, কলভাবে অবনত এবং কোকিলগণের কলববে মুখরিত থাকে; আর দেগুলির পত্র সকল স্লিগ্ধ এবং ছায়া শীতল; আর বিচিত্র ও মনোহর অনেক সবোবব আছে; সেগুলিব জল নির্দাল এবং সেগুলি পদ্ম ও উৎপলে সর্ববদাই শোভা পাইতেছে; এই সকল দর্শন কবতঃ বিচরণ করিতে থাকিয়া পাওবগণ দ্রোপদীর সহিত বিশেষ আনন্দ অমুভব কবিতে লাগিলেন॥৭৩—৭৭॥

রাজা! তথন পবিত্রসৌবভ ও সুখম্পর্শ বাযু জৌপদীর সহিত সকল পাণ্ডবকেই আনন্দিত কবিয়া বহিত হইত ॥৭৮॥

অত্যস্ত হুর্গম ও দেবর্ষিসেবিত সেই স্থানে বিচিত্র পুষ্পা-ফলে পরিপূর্ণ, হাদয়েব আনন্দবর্দ্ধক সেই বিশাল বদরীবৃক্ষের নিকট দিয়া শীতল ভাগীরথী-নদা প্রবাহিত হইভেছিল; তাহাতে সুন্দর ঘাট, নির্মাণ পদ্ম, মণি ও বিদ্রুমের চিত্রপুষ্পকলাকীর্নাং মনসঃ প্রীতিবর্দ্ধিনীয়।
বীক্ষমাণা মহাত্মানো বিশালাং বদরীমনু ॥৮০॥
তিন্দ্রিন্দ্রিতে দেশে পরমত্র্যমে।
ভাগীরথীপুণ্যজলে তর্পযাঞ্চক্রিরে পিতৃন্ ॥৮১॥ (বিশেষকম্)
দেবানৃষীংশ্চ কোন্ডেয়াঃ পরমং শৌচমান্থিতাঃ।
তত্র তে তর্পয়ন্তশ্চ জপল্ডশ্চ কুরুদ্বহাঃ।
ব্রাহ্মণেঃ সহিতা বীবা হ্বসন্ পুরুষর্বভাঃ॥৮২॥
কৃষ্ণায়ান্তত্র পগ্যন্তঃ ক্রীড়িতান্তমরপ্রভাঃ।
বিচিত্রানি নরব্যান্ত্রা বেমিবে তত্র পাগুবাঃ॥৮৩॥

ইতি ঞ্জীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বিণি তীর্থযাত্রায়ং গন্ধমাদনপ্রবেশে বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ *

___04%0___

ভাবতকোমূদী

চিত্রপুষ্পবলাকীর্ণান্, মনসং প্রীতিবর্দ্ধিনীম্, বিশালাং বদবীং তরুম্, অন্থ লক্ষ্যীকৃত্য তৎ-দমীপে বিশ্বমানামিতার্থঃ, স্থতীর্থাং শোভনঘট্টান্, শীতাং শীতলাম্, বিমলপদ্ধজাম্, মণীনাং প্রবালানাঞ্চ বিন্তাবা বাশযো ফ্যাং তান্, তীবস্থৈঃ পাদপৈকপশোভিতাঞ্চ, ভাগীবর্থীন্, বীক্ষমাণাঃ সন্তঃ, ভাগীবর্থীপুণ্যজনে পিতৃন্ তর্পবাঞ্চক্রিবে ॥৭৯—৮১॥

দেবানিতি। প্ৰসং দৈহিকং মানসিকঞ্চ, শোচং পাবিত্তাম্। বট্পাদোহযং শ্লোকঃ ॥৮২॥
কুকাৰা ইতি। তত্ৰ স্থানে, ক্ৰীডিতানি বিহাবান্, তত্ৰ তদানীম্ ॥৮৩॥

ইতি মহামহোপাধ্যায-ভাৰতাচাৰ্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্ৰীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচাৰ্য্যবিবচিতাযা মহাভাৰতটীকাষাং ভাৰতকৌগৃদীসমাখ্যাবাং কাপৰ্কণি তীৰ্থযাত্ৰাবাং বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ॥०॥

রাশি এবং তীবে অনেক বৃক্ষ ছিল; এহেন ভাগীবথী দর্শন কবিতে থাকিয়া পাণ্ডবপ্রভৃতি সকলেই সেই ভাগীরথীর পবিত্র জলে পিভূলোকের ভর্পণ করিতে থাকিলেন ॥৭৯—৮১॥

এবং কুককুলশ্রেষ্ঠ, পুরুষপ্রধান ও মহাবীব পাগুবেবা ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া পব্য পবিত্রতা অবলম্বনপূর্ব্বক সেই ভাগীরথীজ্ঞলে দেবগণ ও ঋবিগণের তর্পণ এবং ইষ্টমন্ত্র জ্বপ করিতে থাকিয়া বাস করিতে লাগিলেন ॥৮২॥

আর, পুক্রশ্রেষ্ঠ ও দেবতুল্য পাগুবগণ তখন দেখানে দ্রৌপদীর বিচিত্র বিচরণ দেখিতে থাকিয়া আনন্দ সন্থতব কবিতে লাগিলেন ॥৮৩॥

⁽৮০)···দিবাপুস্পদমাবীর্ণাম্—ব। ব কা নি। * '---পঞ্চত্মাবিংশদধিক·--'—বা ব কা, '---বট্চত্মারিংশদধিক·--'—পি, '---সপ্তচত্মাবিংশদধিক·--'—নি।

একবিংশত্যধিকশততমো২ধ্যায়ঃ।

বৈশস্পায়ন উবাচ।

তত্র তে পুরুষব্যান্ত্রাঃ পরমং শৌচমাস্থিতাঃ।

য়ড়্রাত্রমবসন্ বীরা ধনঞ্জয়দিদৃক্ষয়া ॥>॥

ততঃ পূর্বেবাত্তরে বায়ুঃ পবমানো ষদৃচছয়া।

সহস্রপত্রমর্কাভং দিব্যংগ্রপদ্মশুপাহরৎ ॥২॥

তদবৈক্ষত পাঞ্চালী দিব্যগন্ধং মনোরমম্।

অনিদেনাহতং ভূমো পতিতং জলজং শুচি ॥৩॥

তচ্চুভা শুভমাসাত্ত সৌগদ্ধিকষকুত্তমম্।

অতীব মুদিতা বাজন্! ভীমসেনমথাত্রবীৎ ॥৪॥

পশ্য দিব্যং হারুচিরং ভীম! পুল্সমনুত্তমম্।

গন্ধসংস্থানসম্পন্ধং মনসো মম নন্দনম্॥৫॥

ভাৰতকৌমুদী

তত্ত্বেতি। শৌচং পবিজ্ঞতাম্, আস্থিতাং স্নানাদিনা অবলম্বিতবস্তঃ ॥১॥
তত ইতি। পূর্বোত্তবে ঈশানকোণাদাগত ইতার্থং, পবমানং পবিজ্ঞতাজনকঃ ॥২॥
তদিতি। অবৈক্ষত অপশ্রং। জলজং পন্মম্, শুচি পবিজ্ঞম্ ॥৩॥
তদিতি। শুভা শুভলক্ষণা কৃষ্ণা, শুভং শুভস্চকম্, সৌগন্ধিকং স্ক্বভি ॥৪॥
পশ্রেতি। অস্কুত্তমম্ অত্যুত্তমম্, গব্ধেন সৌবভেণ সংস্থানেন আবাবেণ চ সম্পন্নম্॥৫॥

বৈশস্পায়ন বলিলেন—নবশ্রেষ্ঠ মহাবীব পাণ্ডবেরা অর্জ্জনকে দেখিবার ইচ্ছায় অত্যন্ত পবিত্র হইয়া সেই বদরিকাপ্রমেই ছয় দিন বাস কবিলেন ॥১॥ তাহার পব ঈশানকোণ হইতে আগত পবিত্র বায়ু যদৃচ্ছাক্রমে সূর্য্যেব স্থায়

অকণবর্ণ স্বর্গীয় একটা সহস্রদল পদ্ম আনয়ন করিল ॥২॥

বাযুকর্ত্তক আনীত দিব্যগন্ধ, মনোহব ও পবিত্র সেই পদ্মটী আসিয়া ভূতলে পতিত হইল ; তাহা দ্রৌপদী দেখিলেন ।৩॥

বাজা। তাহার পব শুভলক্ষণা দ্রোপদী শুভস্চক, সৌবভসম্পন্ন ও অত্যুত্তম সেই পদ্মটী পাইয়া অত্যন্ত আনন্দিত হইয়া ভীমকে বলিলেন—॥৪॥

"মধ্যমপাণ্ডব। অভিস্থলৰ ও অভ্যুত্তম এই স্বৰ্গীয় পুষ্পটী দৰ্শন ককন;

⁽১)···থনঙ্কযদিদৃক্ষবঃ—বা ব কা। (৩) তদপশুত—পি। বন-১৫২ (৮)

ইদঞ্চ ধর্মরাজায় প্রদাস্তামি পরন্তপ !।
হরেদং মম কামায় কাম্যকে পুনরাশ্রমে ॥৬॥
য়ি তেহহং প্রিয়া পার্থ ! বহুনীমান্ত্যপাহর ।
তান্তহং নেতুমিচ্ছামি কাম্যকং পুনরাশ্রমম্ ॥৭॥
এবমুক্ত্বা তু পাঞ্চালী ভীমসেনমনিন্দিতা ।
জ্ঞাম ধর্মরাজায় পুজামাদায় ভাবিনী ॥৮॥
অভিপ্রায়ন্ত বিজ্ঞায় মহিয়াঃ পুরুষর্যভঃ ।
প্রিয়ায়াঃ প্রিফামঃ দ প্রায়াদ্ধীমো মহাবলঃ ॥৯॥
বাতং তমেবাভিমুধো যতন্তৎ পুজামাগতম্ ।
আজিহীর্র্জগামাশু দ পুজাণ্যপরাণ্যপি ॥১০॥

ভারতকৌমূদী

ইদমিতি। হব আহব, ইদন্ এতজ্ঞাতীযন্, কাসায কাসনাপূবণায ॥৬॥
যদীতি। ইমানি এতজ্ঞাতীযানি পদ্মানি। কাস্যকং কাম্যকবনস্থন্ ॥৭॥
এবমিতি। ধর্মবাজাযেতি "গতার্থকর্মণি—" ইত্যাদিনা চতুর্থী। ভাবিনী অন্থবাগবতী ॥৮॥
অভীতি। প্রিযাযা শ্রোপন্থাঃ। প্রায়াৎ তৎ পূজ্যানেতুমিতি ভাবঃ ॥२॥

ভারতভাবদীপঃ

তত্ত্বেতি ॥>॥ পূর্ব্বোক্তবে ঈশানকোণে ॥২—০॥ শুভা কল্যাণী, শুভং শোভাযুত্ম, সোগদ্বিবং পদ্মজাতিভেদ্ধঃ ॥৪॥ গদ্ধেতি । সংস্থানমাকাবঃ ॥৫॥ হব আহব, ইদমেতজ্জাতীযম্
ইহাব সৌবভও চমৎকার, আফুডিও সুন্দব এবং ইহা আমার চিত্তের আফ্রাদ
জন্মাইতেছে ॥৫॥

অতএব প্রবন্ধপ। পুনরায় কাম্যকরনে যাইয়া আমি ইহা ধর্মরাজকে প্রদান কবিব; পুতবাং আমাব অভীষ্ট পূরণের জন্ম আপনি ইহা আনয়ন ককন ॥৬॥

পৃথানন্দন! আমি যদি আপনাব প্রিয়া হই, তবে আপনি এই জাতীয় বহুতব পদ্ম আনয়ন ককন; আমি সেগুলি কাম্যকবনে লইযা ঘাইতে ইচ্ছা করি" ॥৭॥

ভীমকে এইবাপ বলিয়া যশস্বিনী ও অমুবাগবতী জৌপদী সেই ফুলটী লইয়া যুধিষ্ঠিবের নিকট গমন কবিলেন ॥৮॥

এদিকে পুক্ষঞ্চেষ্ঠ মহাবল ভীমদেনও প্রিয়তমা মহিষী জৌপদীর অভি-প্রায় বৃঝিয়া তাঁহারই প্রিয়কার্য্য কবিবার ইচ্ছায় প্রস্থান কবিলেন ॥১॥

⁽৮) এবন্ত্ৰা শুভাপাঙ্গী ···জগাম পুষ্পমাদাষ ধৰ্মবাজাষ তত্তদা—বা ব কা। (৯) ··· প্ৰায়াম্ভীমপবাক্তমঃ—পি।

রুক্মপৃষ্ঠং ধনুসূর্যন্থ শবাংশ্চাশীবিষোপমান্।
মুগরাড়িব সংক্রেদ্ধঃ প্রভিন্ন ইব কুপ্তবঃ ॥>>॥ (মুগ্মকম্)
দদৃশুঃ সর্ববভূতানি মহাবাণধনুর্দ্ধবম্।
ন গ্লানির্ন চ বৈরুব্যং ন ভয়ং ন চ সন্ত্রমঃ ॥>২॥
কদাচিজ্বতে পার্থমাত্মজ্বং মাতরিশ্বনঃ।
ক্রোপড়াঃ প্রিয়মদ্বিচ্ছন্ স বাহুবলমাঞ্রিতঃ ॥>৩॥
ব্যপেতভয়সন্মোহঃ শৈলমভ্যপতদলী।
স তং ক্রুমলভাগুল্ম-চ্ছমং নীলশিলাতলম্ ॥>৪॥ (বিশেষকম্)
গিবিং চচারাবিহ্বঃ কিন্নরাচরিতং শুভ্ম্ ।
নানাবর্ণধরৈশ্চিত্রং ধাতুক্রমমুগাগুর্জৈঃ ॥>৫॥

ভাবতকৌমুদী

বাতমিতি। আজিহীর্: আহর্ত্ত্রনিচ্ছু:, তমেব বাতন্ অভি লক্ষ্যীক্বতা স্থিতং মৃথং যশু সঃ। ক্রমুপ্টং স্বর্ণধচিতপূর্চম, গৃহু গৃহীত্বা। মৃগবাট্ সিংহঃ। প্রভিন্নো মদলাবী ॥১০---১১॥

দদৃশুবিতি। গ্লানিঃ শ্রমঃ, বৈক্লবাং বিহবলতা, সম্রমো ব্যস্ততা। জুষতে সেবতে আশ্রষতীত্যর্থঃ। পার্থং ভীমম্, মাতবিশ্বনো বাযোবাত্মজম্। স ভীমঃ ॥১২---১৪॥

অথ ষড্ভিঃ শ্লোকৈঃ কুলকেন গমনং বর্ণবতি—গিবিমিতি। অবিহবঃ শক্রুহস্তা, ভাৰতভাবদীপঃ

॥৬—১০॥ প্রভিন্নো মৃত্তঃ ॥১১॥ প্লানিবৈক্লব্যে দেহচিত্তযোববসাদৌ, ভবং তৎকাবণং স্বোচ্ছেদবৃদ্ধিঃ, ভবাভাবাদেব মুয়া ষড্রেন গস্তব্যমিত্যাদবঃ সম্ভ্রমঃ ॥১২॥ সোহপি তং ন জুষ্তে

ভীমসেন স্বর্ণখচিত ধন্ন এবং সর্পত্লা বাণসমূহ লইয়া—বাহা হইতে সেই ফুলটী আসিয়াছিল, সেই বাযুবই অভিমুখ হইযা আবও বহুতব পূপা আনয়ন করিবার ইচ্ছায় ক্রেন্ধ সিংহ ও মদস্রাবী হস্তীর স্থায় ক্রেন্ড গমন করিতে লাগি-লেন॥১০—১১॥

তথন সকল প্রাণীই, মহাবাণ-কাম্মুকিধাবী ভীমসেনকে দেখিতে লাগিল। পবিশ্রম, বিহরলতা, ভয় ও ব্যস্তত। ইহাব কোনটাই কখনও পবননন্দন ভীম-সেনকে আশ্রয় করে নাই; তাই সেই অবস্থায়ই বলবান্ ভীমসেন আপন বাহুবল অবলম্বন করিয়া দ্রোপদীব প্রিয়কার্য্য কবিবাব ইচ্ছায় ভয় ও মোহ পরিত্যাগপূর্বক বৃক্ষ, লতা ও গুলো আর্ভ এবং নীলশিলাব্যাপ্ত পর্ববতেব অভিমুখে গমন কবিতে লাগিলেন ॥১২—১৪॥

তাহাব পব তিনি মেই মঙ্গলময় পর্বতে কিছু কাল বিচবণ কবিলেন ; দে পর্বতে কিন্নবর্গণ বিচবণ কবিত এবং নানাবর্ণের ধাহু, বৃক্ষ, পশু ও পক্ষী ছিল ; দর্বভূষণদম্পূর্ণং ভূমেভূ জমিবোচ্ছি তম ।
দর্বর্জ্রমণীয়েয় গন্ধমাদনদানুষু ॥>৬॥
দক্তক্ষুরভিপ্রাযান্ হুদয়েরনানুচিন্তরন্ ।
পুংস্কোকিলনিনাদেয় ঘট পদাচরিতেয় চ ॥>৭॥
বদ্ধশ্রোত্তমনশ্চক্ষ্রজগামামিতবিক্রমঃ ।
আজিন্তন্ দ মহাতেজাঃ দর্বর্জু কুয়মোদ্রবম্ ॥>৮॥
গন্ধমুদ্ধতমুদ্দামো বনে মন্ত ইব দিপঃ ।
বীজ্যমানঃ স্বপুণ্যেন নানাকুয়্মগদ্ধিনা ॥>৯॥
পিতুঃ সংস্পর্শনীতেন গন্ধমাদনবায়ুনা ।
ব্রিয়্মাণশ্রমঃ পিত্রা সম্প্রহৃষ্টতনূরুহঃ ॥২০॥ (কুলকম্)

ভারতকৌমুদী

অমিতবিক্রমাং, মহাতেজাশ্চ দ ভীমদেনাং, দর্বর্জ্বমণীবেষু, গদ্ধমাদনশু দাস্থ্ দমতলদেশেষু, দজচক্ষ্য দৌনর্ব্যাতিশ্বাৎ লগ্ধন্যনাং, অভিপ্রাধান্ অভিপ্রেতবিব্যান্ শক্রজ্বাদীন্, জ্বদমেন অস্ত্রচিত্ত্বন্, পুংশ্লোবিলনিনাদেষু, বট্পদানাং ল্রমবাণাম্ আচবিতেষু বিচবণেষু চ, বদ্ধানি চমৎকাবিত্বাদ্যথাসন্তবং নিবেশিতানি শ্রোক্রমনশ্চক্ষ্যি যেন দাং, দর্বর্জ্বক্তুমোন্তবম্ উক্তম্ অভিনবতাৎ প্রবলং গদ্ধম্, আজিন্তন্, তথা সাধাবণপুত্রান্তিকে সাধাবণশু পিতৃঃ সংশেশবৎ শীতঃ শীতলভেন, স্পুণ্যেন অতিপবিত্রেণ, নানাক্স্ত্রমগদ্ধিনা, পিত্রা অজনকেন, গদ্ধমাদনবামূনা, বীজ্যমানাং, অতএব ব্রিষমাণশ্রমাং, আশ্বর্ধান্ত দক্ত্রন্তত্ত্বং রোমাঞ্চিতদেহশ্চ সন্, বনে মত্রো দ্বিপো হন্তীব, উদ্ধাম উল্লিক্তদর্পণ্ট সন্, কিন্নবৈঃ আচবিতং সমস্তান্থিচবিত্যে, শুভং মদলবব্য, নানাবর্ণধবৈঃ, ধাতবো গৈবিকাদ্যঃ ক্রমা বৃক্ষাঃ মৃগাঃ পশবঃ অওজাঃ পৃক্ষিণশ্চ তৈঃ, চিত্রং বিচিত্রীক্বত্রম্, সতএব সর্বাভ্রধণসম্পূর্ণম্, উচ্ছিত্রম্ উত্তোলিত্র্য, ভূমোঃ পৃথিব্যাঃ ভূছ্যিব স্থিত্র্য, গিবিং পর্বত্র্য, চচাব বল্লাম, পবং জ্বগাম চ ॥১৫—২০॥

তাহাতে সকল অলঙ্কারে অলঙ্কত পৃথিবীব উত্তোলিত একখানি বাহুর ছায় সে পর্বতিটাকে দেখা যাইতেছিল। তদনন্তব ভামসেন অভিপ্রেত বিষয় মনে মনে চিন্তা কবিতে থাকিয়া গমন কবিতে লাগিলেন; তখন সকল ঋতুতেই বমণীয় গন্ধমাদনপর্বতের সমতলন্তানে তাঁহার দৃষ্টি আকৃষ্ট হইতে থাকিল; কোফিলেব ববে কর্ণ ও মন নিবিষ্ট হইতে লাগিল; কোথাও ভ্রমবেব ভ্রমণ নয়ন আকর্ষণ কবিল; কোথাও সমস্ত ঋতৃতেই উৎপন্ন পুজ্পসমূহের উদ্দাম গন্ধ আছাণ কবিলেন এবং পুত্রের নিক্ট পিতাব সংস্পর্ণ যেমন শীতল হয়, তেমনই শীতল, পবিত্র ও নানাকুত্বমসোরভবাহী গন্ধমাদনচাবী পিতা বায়ু আসিয়া বীজন করিয়া তাঁহার পরিশ্রম দূর করিতে লাগিলেন; এই অবস্থায় অমিত-

স যক্ষগন্ধর্বহুরব্রন্ধর্ষিগণসেবিতম্।
বিলোকয়ামাস তদা পুষ্পাহেতোববিন্দমঃ ॥২১॥
বিষমচ্ছদরিচিতবকুলিগু ইবাঙ্গুলৈঃ।
বিমলৈধাতুবিচ্ছেদৈঃ কাঞ্চনাঞ্জনবাজতৈঃ ॥২২॥
সপক্ষমিব নৃত্যন্তং পার্শ্বলিয়ঃ প্রোধিবঃ।
মুক্তাহারৈরিব চিতং চ্যুতং প্রস্রবণোদকৈঃ ॥২০॥
অভিরামদরীকুঞ্জ-নিঝ্রোদককন্দরম্।
অঙ্গনোন্পুবরবৈঃ প্রনৃত্তবর্বহিণম্ ॥২৪॥
দিখাবণবিষাণাত্রৈন্থ্রিটোপলশিলাতলম্।
প্রস্তাংশুকমিবাক্ষোতিগ্রিন্নগানিঃস্থতজিলৈঃ ॥২৫॥(কুলকম্)

ভাৰতকৌমুদী

অথ পঞ্চতিঃ ক্লকেন পূল্পাছেবণং বর্ণযতি—দ ইতি। তদা অবিনদমঃ ন ভীমা, বিষঠেনফচাবচৈশ্ছদৈর্পপতি বচিতাঃ ক্লতিন্তর্ক প্রপত্রবিধিবিতার্থঃ, অসুলৈবসুলীভিঃ, কাধনাজনবাজতৈঃ স্বর্ণকজ্জলবজতবর্ণিঃ, বিমলৈঃ, ধাতুবিচ্ছেদেঃ বিচ্ছিদ্রৈগেরিকাদিধাতৃভিঃ কর্ন।ঃ,
পর্বতেনৈব কর্ত্রা, অস্থলিপ্ত ইব সন্, পূম্পাহেতোঃ যক্ষণদর্ব্ব-স্থবত্রন্ধরিগণসেবিত্রন্য,
পার্যলিয়ঃ পবোধবৈর্ষেদেঃ, সপক্ষং নৃত্যন্তমিব স্থিতন্য, পার্যলয়মেঘানাং পক্ষরচলনাদিতি ভাবঃ, প্রস্তবাদেকৈর্নির্বারজলৈঃ, চ্যতং ক্ষণিতন্য, অতএব মূলাহাবৈশিকতং
ব্যাপ্তমিব স্থিতন্য, নিঝাবজলানাং ম্কাহাবত্নাগুলবর্ণভাদিত্যাশ্যঃ, অভিরামাঃ ফ্লাবাঃ
দর্ব্যো গুহাঃ কুঞা লতাজাত্বতন্থানানি নিঝাবাদকানি কদ্বা গর্ভাশ্য যত্ন ব্যাঃ গ্রেটা বর্হিণো

ইন্ধুশে। বিববে চ গুহাবাঞ্চল ইতি হেমচক্রঃ, অপ্সরোন্পুর্ববৈঃ প্রনৃত্য ব্যাঃ গ্রেটা বর্হিণো

ভাবতভাবদীপঃ

দেবতে। তত্র হেতু:—আত্মজাসিতি। সাতরিশ্বনো বাষোং সার্থ: ॥১৩—১৬॥ অভিপ্রাণান্
দেবজাবিগজার্বনাদিলীলোর্যনহেতুন্ পুস্পাকুশাদিসংস্তরান্ ॥১৭—১৯॥ পিতুর্বথা পুরুপ্রশাদি
শীতভাদৃক্ স্পর্শবতা বায়ুনেত্যর্থ:। পিত্রা বায়ুনা ॥২০—২১॥ ধাড়বিচ্ছেদৈর্বাতুভেল:।
অসুলৈরিব বিষসছাদে: সপ্তপর্ণাদিভির্নানাধাত্বঞ্জিতপত্তিঃ বচিতঃ, বলিভিন্তিপুঙাাকালৈ ছলিপ্ত ইবেত্যর্থ:। আঞ্চনেতি কৃষ্ণধাত্ত্তাহণং পীতক্রবশ্বেতধাতুভিন্নিত্যর্থ:।১০। প্রোবহৈর্থেই ॥২৩॥ দরী বিলগৃহম্, কন্দ্রবং মহাপ্রপাতঃ, অভিনামা দুই প্রভূতনো ফ্রিন্ ।১৭
বিরাণাগ্রেদিভাত্তা:। "বিরাণং কুষ্ঠবে ক্রীবং ত্রির্ শ্রেন্তন্তর্যো বিতি নেদিনা। দিল:
বিক্রেম, মহাতেজা ও শক্রহন্তা ভীমদেন বনে মন্ত হন্তাব তার উদ্দামবেণ্ডে
চলিতে লাগিলেন ॥১৫—২০॥

তথন শক্রদমনকাবী ভীমদেন পদ্মপুষ্প লইবাব জন্ম সেই পর্ব্ব হটা পর্ব্য-বেক্ষণ করিতে থাকিলেন। সে পর্ব্বতে দেবতা, বক্ষ, গদ্ধর্ব ও ব্রদ্দবিগণ বিচরণ

⁽२२) বিষমজ্ছেদরচিতৈ:—পি।

দশপকবলৈঃ স্বস্থৈবদূরপরিবর্তিভিঃ।
ভয়ানভিড্রের্হরিণৈঃ কোভূহলনিরীক্ষিতঃ ॥২৬॥
চালয়ন রুবেগেন লতাজালান্তনেকশঃ।
আক্রীড়মানো ছফীত্মা শ্রীমান্ বাযুস্থতো যযৌ ॥২৭॥ (যুগ্মকম্)
প্রিযামনোরথং কর্ত্ত্ মুদ্যতশ্চারুলোচনঃ।
প্রাংশুঃ কনকবর্ণাভঃ দিংহদংহননো যুবা ॥২৮॥
মন্তবারণবিক্রান্তো মন্তবারণবারণঃ॥২৯॥

ভারতকৌমুদী

মধুবা যত্ত তম্, দিখাবণানাং দিগ্দন্তিনাং বিষাণাগৈর্দন্তাগৈরেঃ, দ্বষ্টানি উপলা বত্বানি শিলাতলানি চ যক্ত তম্, তথা অক্ষোতিভার্বেগাতিশ্যাদাযুনা অচালনীথৈঃ, নিম্নগামা নক্ষানিঃস্থতৈর্জনেঃ কবণৈঃ, অন্তাংশুকমিব অলিতবন্ধমিব, নদীজলানাং নিম্নগমনাদ্পত্তবং শুভ্রমাচেতি ভাবঃ, বিলোক্যামান গিবিমিতান্ত্বর্ষঃ ॥২১—২৫॥

পুনর্গমনমেব বর্ণযতি দ্বাভ্যাং যুগাকেন—সশব্পেতি। স্বষ্টাত্মা শ্রীমান্ বাযুস্থতো ভীমঃ, সশপ্রকবলৈঃ মুখপ্রবেশিত্যাসসহিতিঃ, স্বস্থৈঃ স্বস্থান এব স্থিতৈঃ, অদ্বপবিবর্ত্তিভিঃ অদ্বস্থিতিঃ, ভ্যানভিক্তৈর্হবিশৈঃ, কোতুহলনিবীক্ষিতঃ, উক্বেগেন দেহস্ত মহতা বেগেন, অনেকশো লতাজালানি চাল্যন্, আক্রীভমানো বিশেষেণ ক্রীভমিব চ সন্, যুয়ো ॥২৬—২ ৭॥

ইদানীং চতুর্ভিঃ কলাপকেন পুষ্পান্থেষণায ভীমশু বিচবণং বর্ণযতি—প্রিয়েতি। প্রাংগুঃ

করিতেন। আর, মেঘসমূহ আসিরা পার্শ্বে লাগিতেছিল এবং চলিতেছিল, তাহাতে পর্ব্বভটা যেন নাচিতেছিল এবং নির্বারের জল পড়িতেছিল, তাহাতে পর্ব্বভটা যেন মুক্তার হাবে ব্যাপ্ত ছিল; আর তাহাব গুহা, কুঞ্জ, নির্বারের জল ও পর্ব্বভটা মনোহব ছিল; অপ্সবাদের নৃপুরের রবে ময়্বগণ নৃত্য কবিতেছিল; দিগং- হস্তিগণেব দন্তাক্তে তাহাব রত্ন ও প্রস্তারসমূহ ঘর্ষিত ছিল এবং নিপ্সন্দ নদীব জল নীচে গিয়াছিল, তাহাতে পর্ব্বভটার পবিহিত বস্ত্র যেন স্থালিত হইয়াছিল॥২১—২৫॥

হাষ্টচিত্ত ও সুন্দরাকৃতি ভীমসেন শরীবেব গুকতর বেগে অনেক লতাসমূহ সঞ্চালিত করিয়া ক্রীড়া কবিতে কবিতেই যেন গমন করিতে লাগিলেন; তথন অদূরবর্ত্ত্রী নির্ভয়চিত্ত হবিণগুলি মূখেব ভিতরে বাস বাথিয়া এবং স্ব স্থানে থাকিয়াই কৌতুকের সহিত তাঁহাকে দেখিতে থাকিল ॥২৬—২৭॥

তদনস্তব স্থন্দরনয়ন, উন্নতদেহ, কাঞ্চনবর্ণ, সিংহের স্থায় দৃঢ়শবীব, মত্ত হস্তীর

⁽२७) ममष्प्रकर्वानः ऋरिष्टः--नि । (२१) ठानयानः म त्वरान--वा व का ।

প্রিয়পার্যোপবিক্টাভির্ব্যার্ত্তাভির্বিচেষ্টিতৈঃ।

যক্ষণন্ধর্বযোষাভিরদৃশ্যাভির্নিবীক্ষিতঃ ॥৩০॥

নবাবতারো রূপস্থা বিক্রীড়ারব পাগুবঃ।

চচার বমণীয়েরু গন্ধমাদনদানুষু ॥৩১॥ (কলাপকম্)

সংস্থবন্ বিবিধান্ ক্রেশান্ প্রর্যোধনকৃতান্ বহুন্।
ক্রোপতা বনবাদিন্তাঃ প্রিয়ং কর্ত্ত্বং দমুত্ততঃ ॥৩২॥

শোহচিন্তযদ্গতে স্বর্গমর্জ্জনে ময়ি চাগতে।

পুষ্পাহেতোঃ কথং ছার্যাঃ কবিশ্যতি যুধিষ্ঠিবঃ ॥৩০॥ (যুগ্মকম্)

মেহান্নরবরো ন্নমবিশ্বাদাদ্বলক্ষ চ।

নকুলং সহদেবঞ্চ ন মোক্ষ্যতি যুধিষ্ঠিবঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

উন্নতদেহ:। সিংহত্তেব সংহননং শবীবং যশু সঃ। মতো বারণো হতীব বিক্রান্তো বিক্রমবান্, মতো বাবণো হতীব বেগবান্, মত্তেশু বাবণশু হস্তিন ইব তামে অক্লিনী যশু সঃ, তথা মতং বাবণং হস্তিনং বাবষতীতি সঃ, কপশু নবাবতাবঃ প্রমন্থন্দর ইত্যর্থঃ, অতএব প্রিম্পার্ষোপবিষ্টাভিঃ, লতাদিব্যবধানান্তীদেনাদৃশ্যাভিঃ, ব্যাবৃত্তাভিঃ প্রবিবৃত্তাভিঃ, যক্ষণদ্ধর্ব-যোষাভিঃ, বিচেষ্টিতৈঃ প্রিযভ্যান্তক্ষীবিশেষেঃ, নিরীক্ষিতঃ, পাগুবো ভীমঃ, বিক্রীভন্নিব বমণীবেষু গদ্ধমাদনসামুষু চচাব ॥২৮—৩১॥

যুগাকেন চিন্তামাহ—সংশ্ববন্নিতি। প্রিথং পুশাহরণম্। কথং কিম্ ॥৩২—৩৩॥ স্বেহাদিতি। বলগু নিজশক্তে:। ন মোক্ষাতি সন্নিধানাদিতি শেবং ॥৩৪॥
ভারতভাবদীপঃ

সমপাষাণাঃ শ্বনাসনযোগ্যাঃ উপলাক্তদন্তে। শৃশ্বং বালভূণম্, কবলো গ্রাসন্তদ্যুক্তিঃ ॥২৫—২ १॥ কনকবর্ণাভঃ পীতদীপ্তিঃ, সিংহসংহননঃ সিংহবদ্দৃঢাক্ষঃ ॥২৮॥ বাবণানামপি বাবণো নিবাবকঃ ॥২৯॥ সংগ্রামাদে বিচেষ্টিতৈব্যাবৃত্তাভিনিশ্চেষ্টাভিবেকাগ্রাভিবিত্যর্থঃ ॥৩০॥ কপশু

ষ্ঠায় বিক্রমশালী, মন্ত হস্তীর স্থায় বেগবান্, মন্ত হস্তীর স্থায় তাদ্রনেত্র, মন্ত হিস্তিনিবাবণসমর্থ এবং কপের যেন নৃতন অবতার ভীমসেন প্রিয়তমা জৌপদীর অভীষ্ট পূবণ কবিতে উন্তত হইয়া বমণীয় গন্ধমাদনপর্বতের সমতল ভূমিতে বিচবণ কবিতে লাগিলেন; তখন পতির পার্শ্বেই উপবিষ্ট অদৃশ্য বক্ষ ও গন্ধর্ব-গণের রমণীরা ফিবিয়া ফিবিয়া ভঙ্গীক্রমে তাঁহাকে দেখিতে থাকিল ॥২৮—৩১॥

তথন ভীমসেন তুর্য্যোধনকৃত নানাবিধ বহুতব ক্লেশ স্মবণ কবিতে থাকিয়া বনবাসিনী জ্রৌপদীব প্রিয়কার্য্য কবিতে উদ্ভাত হইয়া চিন্তা কবিলেন—'অর্জুন অস্ত্রশিক্ষার জন্তে স্বর্গে গিয়াছে, আমিও পদ্মপুষ্পেব জন্ম এদিকে আসিয়াছি; এ অবস্থায় পুজনীয় যুধিষ্ঠির কি করিবেন ॥৩২—৩৩॥ কথং নু কুফুমাবাপ্তিঃ স্থাচ্ছীদ্রমিতি চিন্তুযন্।
প্রতন্থে নবশার্দ্দৃলঃ পক্ষিবাড়িব বেগিতঃ ॥৩৫॥
সজ্জমানমনোদৃষ্টিঃ কুল্লেষু গিবিদানুষু।
ক্রেপদীবাক্যপাথেয়ো ভীমঃ শীদ্রতরং যযৌ ॥৩৬॥
কম্পযন্ মেদিনীং পদ্ভ্যাং নির্ঘাত ইব পর্ববস্থ।
ক্রোম্যন্ মুগযুথানি বাতরংহা বুকোদবঃ ॥৩৭॥
সিংহব্যাদ্রমুগাংশ্চৈব মর্দ্দ্রযানো মহাবলঃ।
উন্মূলয়ন্ মহারুক্ষান্ পীড়যংস্তবদা বলী ॥৩৮॥
লতা বল্লীশ্চ বেগেন বিকর্ষন্ পাণ্ডুনন্দনঃ।
উপর্যুপবি শৈলাগ্রমারুরুক্ষ্বিব দিপঃ।
বিনর্দ্দমানোহ তিভূশং সবিত্যদিব তোষদঃ ॥৩৯॥ (কলাপকম্)

ভাৰতকোসুদী

কথমিতি। কুস্থমাবাপ্তিঃ তৎপদ্মপুষ্পপ্রাপ্তিঃ। নবশার্দ্ধ্লো ভীমঃ ॥৩৫॥
পুনশ্চতৃতিঃ কলাপকেন গমনমেব বর্ণমতি সজ্জেতি। ফুল্লের্ ফুলপুষ্পবন্ধাদিতি ভাবঃ।
নির্বাতো বাতাহতবাতপাতঃ। তপা চ তিথিতব্যুতা শ্বতিঃ—"মদন্তরীক্ষে বলবান্ মানতো
মকতাহতঃ। প্রত্যধঃ দ নির্ঘাতো জামতে বামুদম্ভবঃ॥" পর্বরম্ব পূর্ণিমাদির্, তত্ত্বৈব প্রামেণ তৎসম্ভবাৎ। বাতবংহা বাতবেগঃ। তবদা বেগেন। লতা কুক্ষাদীনাং শাখাঃ,
"দমে শাখালতে" ইত্যমবঃ, বল্লীর্লতাঃ। দ্বিপো হন্তী। বিনর্দ্ধমানো বীবস্বভাবাদেব গর্জন্।

নিশ্চযই নবশ্রেষ্ঠ যুধিষ্ঠির নিজেব শক্তিব উপবে বিশ্বাস না থাকায় নকুল ও সহদেবকে নিকট হইতে ছাডিবেন না ॥৩৪॥

বটুপাদোহয়ং শ্লোকঃ ॥৩৬—৩৯॥

স্মৃতবাং কি কবিয়া শীন্ত্রই সে পূজা পাইব' এইরূপ চিন্তা কবিতে থাকিয়া নবশ্রেষ্ঠ ভীমসেন গকড়েব স্থায় বেগবান্ হইয়া গমন কবিতে লাগিলেন ॥৩৫॥ মহাবল ও বাযুব স্থায় বেগবান্ পাণ্ডুনন্দন ভীমসেন দ্রৌপদীর বাক্যমাত্র পাথেয় লইয়া, পর্বকালীন নির্ঘাতেব স্থায় চরণযুগলছারা ভূতল কম্পিত কবিয়া, হবিণগণেব ভয় জন্মাইয়া, সিংহ, ব্যাত্র ও অস্থান্থ পশুদিগকে মর্দ্দিত কবিয়া, বেগে বিশাল বৃক্ষগুলিকে নিপীড়িত ও উন্মূলিত কবিয়া, পর্বতাবোহী হস্তীব স্থায় বেগে শাখা ও লতাসমূহকে আকর্ষণ কবিতে থাকিয়া, এবং বিদ্যুৎসমন্থিত মেন্দেব স্থায় অতিতীত্র গর্জন করিতে থাকিয়া অতি ক্রত গমন করিতে লাগিলেন; সে অবস্থাতেও তাঁহাব মন ও দৃষ্টি পর্বত্বে সমতল ভূমিতে আকৃষ্ট হইতে থাকিল ॥৩৬—৩৯॥

তেন শব্দেন মহতা ভীমস্য প্রতিবোধিতাঃ।
গুহাং সংতত্যজুর্ব্যান্তা নিলিল্যুর্বনবাসিনঃ ॥৪০॥
সমূৎপেতুঃ থগান্ততা মৃগযুথানি ছুদ্রুন্তঃ।
থাক্ষাশ্চেনস্থজুর্নু ক্ষাংস্তত্যজুর্হরযো গুহাম্।
ব্যজ্ ভক্ত মহাসিংহা মহিষাশ্চ ব্যলোকয়ন্ ॥৪১॥
তেন বিত্রাসিতা নাগাঃ কবেণুপবিবাবিতাঃ।
তদ্বনং সংপবিত্যজ্য জগ্মু বহ্যন্মহাবনম্ ॥৪২॥
বরাহমুগসিংহাশ্চ মহিষাশ্চ বনেচরাঃ।
ব্যান্ত্রপোমায়ুসংঘাশ্চ প্রণেত্রগবিয়েঃ সহ ॥৪৩॥
বথাঙ্গসংঘা দাত্যুহা হংসকারগুরপ্রবাঃ।
শুকাঃ পুংক্যোকিলাঃ ক্রোঞ্চা বিসংজ্ঞা ভেজিরে দিশঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

তেনেতি। প্রতিবোধিতা জাগবিতা:। নিলিন্যুবস্তবালে নিলীনাং, বনবাদিনো ব্যাছাঃ ॥৪০॥
সমিতি। থগাঃ পক্ষিণঃ। ঋকা ভন্ন কাঃ, হবযঃ দিংহাঃ। অষমপি ষটুপাদঃ শ্লোকঃ ॥৪১॥
তেনেতি। নাগা হন্তিনঃ, কবেণুভির্হন্তিনীভিঃ পবিবারিতাঃ পবিবেষ্টিতাঃ ॥৪২॥
ববাহেতি। গোমায়ঃ শৃগালঃ। প্রণেত্ঃ ভ্যাৎ ক্রোধান্ত ককবুঃ ॥৪৩॥

ভাবতভাবদীপঃ

দৌদর্যস্তা। "রূপং স্বভাবে সৌন্দর্যো" ইতি মেদিনী ॥৩১—৩৬॥ নির্ঘাত উৎপাতঃ, পর্বস্থ উৎসবেষু ॥৩৭॥ পোথ্যন্ মর্চ্মন্ ॥৩৮॥ লতা ভূচবা, বল্লী বৃক্ষচবেতি ভেদঃ ॥৩৯—৪০॥ অবলোক্যন্ ব্যুলোক্যন্ ॥৪১—৪৩॥ ব্যাস্পাহ্বাশ্চক্রসমাননামানশ্চক্রবাকা ইতি যাবৎ।

নিজিত ব্যান্ত্রগণ ভীমেব সেই বিশাল শব্দে জাগবিত হইয়া গুহা ত্যাগ ক্রিতে লাগিল এবং বনবাসী ব্যান্ত্রেবা অন্তবালে লুকাইতে থাকিল ॥৪০॥

এবং পক্ষিসমূহ ভীত হইযা উভিতে লাগিল, হবিণগণ পলায়ন কবিতে থাকিল, ভল্লুক সকল বৃক্ষ পবিত্যাগ কবিতে লাগিল, সিংহগণ গুহা ত্যাগ কবিতে থাকিল, মহাসিংহ সকল হাই তুলিতে লাগিল এবং মহিবগণ দেখিতে থাকিল ॥৪১॥

আব, হস্তিনীবেষ্টিত হস্তিগণ সেই শব্দে ভাত হইয়া সে বন পরিত্যাগ কবিযা অন্ত মহাবনে যাইতে লাগিল ॥৪২॥

বনচর ববাহ, হরিণ, সিংহ, মহিষ, ব্যান্ত ও শৃগালসমূহ গবয়গণেব সহিত বব কবিতে লাগিল ॥৪৩॥

⁽৪৩)···ব্যান্ত্রা গোমাযুদংঘাশ্চ—কা। (৪৪) বথান্দশাহ্বা দাভূাহাঃ—বা ব বা নি। বন-১৫৩ (৮)

তথান্যে দর্পিতা নাগা মহিষাশ্চ মহাবলাঃ।
সিংহব্যান্ত্রাশ্চ সংক্রুদ্ধা ভীমসেনমথাত্রবন্ ॥৪৫॥
শক্ষ্মৃত্রঞ্চ মুঞ্চানা ভয়বিজ্রান্তমানসাঃ।
ব্যাদিতাস্থা মহারোদ্রা ব্যনদন্ ভীষণান্ রবান্ ॥৪৬॥
ততো বায়ুস্ততঃ ক্রোধাৎ স্থবাহুবলমাজ্রিতঃ।
গজেনান্থান্ গজান্ জ্রীমান্ সিংহং সিংহেন বা বিভুঃ।
তলপ্রহারৈরন্থাংশ্চ ব্যহনৎ পাগুবো বলী ॥৪৭॥
তে বধ্যমানা ভীমেন সিংহব্যান্তবক্ষবঃ।
ভয়াদ্বিসম্বজুর্তীমং শক্ষ্মৃত্রঞ্চ স্বক্ষবঃ ॥৪৮॥
প্রবিবেশ ততঃ ক্ষিপ্রং তানপাস্থ মহাবলঃ।
বনং পাণ্ডুস্কতঃ জ্রীমান্ শক্ষেনাপূর্য়ন্ দিশঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

বথান্তেতি। রথান্তসংঘাশ্চক্রবাবসমূহা:। বিসংজ্ঞা ভ্যাদ্চেতনপ্রায়াঃ ॥৪৪॥
তথেতি। নাগা হতিন:। আত্রবন্ আক্রমিতুমাগচ্ছন্ ॥৪৫॥
শক্রদিতি। শক্ষং বিষ্ঠাম্। ব্যনদন্ অকুর্বন্, অপবে নাগাদ্য ইতি শেষঃ ॥৪৬॥
তত ইতি। শ্রীমান্ কান্তিমান্, বিভূঃ শিক্ষাপ্রভাববান্। অ্যমপি ষ্ট্পাদঃ শ্লোকঃ ॥৪৭॥
ত ইতি। তরক্র্ব্যাদ্রবিশেষঃ। বিসম্জ্বিহায যয়ুং, স্ক্রেব্যুর্মুর্চুঃ ॥৪৮॥

চক্রবাক, ডাহুক, হাঁস, বালিহাঁস, পিবল, শুক, কোকিল ও কোঁচবকপক্ষী প্রায় সংজ্ঞাবিহীন হইয়া নানাদিকে পলায়ন কবিতে থাকিল ॥৪৪॥

আর, দর্পিত ও মহাবল অস্থান্ত হস্তী, মহিষ, সিংহ ও ব্যাদ্র অত্যস্ত কুন্ধ হইরা ভীমকে আক্রমণ করিতে আসিল ॥৪৫॥

অতিভয়ন্ধর অপব কতকগুলি জন্ত ভয়ে বিচলিতচিত্ত হইয়া বিষ্ঠা ও মূত্র ত্যাগ করিতে থাকিয়া, মুখব্যাদান করিয়া, ভীষণ গর্জন করিতে লাগিল ॥৪৬॥

তদনস্তর স্থন্দর, শিক্ষানিপুণ ও বলবান্ ভীমসেন ক্রোধবশতঃ আপন বাহুবলেব উপবই নির্ভর করিয়া হস্তীদারাই অন্ত হস্তী, সিংহদারাই অন্ত সিংহ এবং হস্তদাবা অন্তান্ত জন্ত বধ করিতে লাগিলেন ॥৪৭॥

ভীমসেন সেইভাবে বধ কবিতে থাকিলে অক্সান্ত সিংহ, ব্যাঘ্র ও তরক্ষ্ (কেঁহুয়া বাঘ) ভয়ে ভীমসেনকে পবিত্যাগ করিল এবং বিষ্ঠা-মূত্র ত্যাগ করিতে থাকিল ॥৪৮॥

তাহার পর মহাবল ভীমসেন সেগুলিকে পরিত্যাগ করিয়া, শব্দে সকল দিক্ পূর্ণ করিতে থাকিয়া সম্বর বনের ভিতব প্রবেশ করিলেন ॥৪৯॥ অথাপশ্যন্থাবাহুর্গন্ধমাদনসানুষু।

হরম্যং কদলীয়ন্তং বহুযোজনবিস্তৃতম্ ॥৫০॥

তমভ্যগচ্ছদ্বেগেন ক্ষোভয়িয়ন্ মহাবলঃ।

মহাগজ ইবাপ্রাবী প্রভঞ্জন্ বিবিধান্ ক্রেমান্ ॥৫>॥

উৎপাট্য কদলীস্তম্ভান্ বহুতালসমূচ্ছুয়ান্।

চিক্ষেপ তরসা ভীমঃ সমন্তাদ্বলিনাং বরঃ।

বিনদন্ হুমহাতেজা নৃসিংহ ইব দর্পিতঃ॥৫২॥

ততঃ সংঅপতংক্তর হুবহুনি মহান্তি চ।

রুক্রবানবযুথানি মহিষাশ্চ জলাগ্রায়ঃ॥৫৩॥

ভাবতকোসুদী

প্রেডি। তান্ নাগাদীন্, অপাশু বিহায। শ্রীমান্ স্থনবাক্ষতিঃ ॥৪৯॥
অথেতি। গদ্ধমাদনশু সাম্যু সমতলভূমিয়ু। কদলীবঙ্গং কদলীবন্য ॥৫০॥
তমিতি। ক্ষোভিষিয়ন্ আলোভিষিয়ন্। আশ্রাবী মদ্যাবী ॥৫১॥
উৎপাট্যেতি। বহব তে তালবন্তালকৃক্ষবং সমুক্ষুষা উন্নতাক্ষেতি তান্। তরুষা
বেগেন। নুসিংহো ভগবদবতারো নরসিংহঃ। ষ্ট্পাদোহষং শ্লোকঃ ॥৫২॥
তত ইতি। সংশ্রপতন্ সমাগচ্ছন্। ক্ষরবো হবিণবিশেষাঃ ॥৫৩॥

ভাবতভাবদীপঃ

দাত্যহো মযুবশ্চাতকো বা। "দাত্যহঃ কালকণ্ঠকে চাতকেহপী"তি মেদিনী ॥৪৪॥ কবেণু-শরেণ হস্তিনীস্কৃতেনোতেজনেন পীডিতাঃ। "শরস্কৃত্তেজনে বাণে" ইতি মেদিনী ॥৪৫—৫০॥ পামাবী মন্ত্রগজ ইবেতার্থঃ ॥৫১॥ কদলীস্তস্তান্ মুগবিশেবপাদান্। "বস্তাবৃক্ষেহথ কদলী

তদনস্তব মহাবাহু ভীমদেন গন্ধমাদনপর্বতেব সমতল ভূমিতে বহু যোজন-বিস্তৃত অতিমনোহব একটা কদলীবন দর্শন কবিলেন ॥৫০॥

তথন মহাবল ভীমদেন সেই বনটীকে আলোড়িত কবিবেন বলিয়া মদস্রাবী মহাহন্তীব ফ্রায় নানাবিধ বৃক্ষ ভগ্ন কবিতে করিতে সেই দিকে বেগে গমন করিতে লাগিলেন ॥৫১॥

বলিশ্রেষ্ঠ ও মহাতেজা ভীমদেন দর্গিত নরসিংহেব স্থায় গর্জন কবিতে থাকিয়া তালবুক্ষেব স্থায় উন্নত বহুতব কদলীস্তম্ভ উৎপাটন কবিযা সকল দিকে বেগে নিক্ষেপ করিতে লাগিলেন ॥৫২॥

তথন বহুতব ও বিশাল বিশাল হবিণযুথ, বানরযুথ এবং জলস্থিত মহিব সে স্থানে উপস্থিত হইল ॥৫৩॥

⁽৫১)-- মত্তো গজ ইব আবী—পি। (৫৩) তৃতঃ সন্ধান্ম্যপাক্রামন্--ক্রন্বানরসিংহাংশ্চ মহিষাংশ্চ জনেশ্যান্—বা-ব কা।

প্রবিবেশ ততঃ ক্ষিপ্রং তানপাস্থ মহাবলঃ।
বনং পাণ্ডুস্নতঃ শ্রীমান্ নাদেনাপুরয়ন্ দিশঃ॥৫৪॥
তেন শব্দেন ঘোরেণ ভীমদেনস্থ নর্দ্দতঃ।
বনান্তরগতাশ্চাপি বিত্রেস্থর্ম গপক্ষিণঃ॥৫৫॥
তং শব্দং সহসা শ্রুত্বা মুগপক্ষিসমীরিতম্।
জলার্দ্রপক্ষা বিহগাঃ সমুৎপেতুঃ সহস্রশঃ॥৫৬॥
তানোদকান্ পক্ষিগণান্ নিরীক্ষ্য ভরতর্ষভঃ।
তানোদকান্ পক্ষিগণান্ নিরীক্ষ্য ভরতর্ষভঃ।
তানোন্মসরন্ রম্যং দদর্শ স্থমহৎ সরঃ॥৫৭॥
কাঞ্চনৈঃ কদলীয় ভৈর্মন্দমারুতকিশ্পিতৈঃ।
বীজ্যমানমিবাক্ষোভ্যং তীবান্তরবিস্পিভিঃ॥৫৮॥ (য়ুগ্মকম্)
তৎ সরোহথাবতীর্যান্ত প্রভূতনলিনোৎপলম্।
মহাগজ ইবোদামশ্চিক্রীড় বলবদ্বলী॥৫৯॥

ভারতকোমুদী

প্রেতি। অপাশ্য পরিহায। শ্রীমান্ বীবশোভাবান্ ॥৫৪॥
তেনেতি। নর্দ্ধতো গর্জকঃ। মৃগাঃ পশবঃ, "পশবোহপি মৃগাঃ" ইত্যমবঃ ॥৫৫॥
তমিতি। তং ভীমকুতং মৃগপক্ষিসমীবিতঞ্চ শব্দম্। বিহুগা জলচারিণঃ ॥৫৬॥
তানিতি। উদকান্ উদকচাবিণঃ। তরিবীক্ষণাদেব জলস্ত্তান্থমানমিতি ভাবঃ। কাঞ্চনৈঃ
স্থানগুণাদেব কাঞ্চনবর্ধৈঃ। তীবান্তব্বিসপিভিঃ সরগুীবপর্যান্তব্তিভিঃ ॥৫৭—৫৮॥
তদিতি। প্রাভূতানি নলিনানি পদ্মানি উৎপলানি চ যত্র তৎ। বলবৎ ভূশম্ ॥৫৯॥

তথন বীবশোভায় শোভিত মহাবল ভীমসেন সেগুলিকে পরিত্যাগ করিয়া গর্জনশব্দে সকল দিক্ পূর্ণ করিতে থাকিয়া সম্বর সেই বনে প্রবেশ করিতে লাগিলেন ॥৫৪॥

গর্জনকারী ভীমসেনেব সেই ভয়ঙ্কর শব্দে অস্তান্ত বনের পশু-পক্ষীও ভীত হইল ॥৫৫॥

এবং ভীমের সেই শব্দ ও পশু-পক্ষিগণের শব্দ শুনিয়া ভংক্ষণাৎ জলার্দ্রপক্ষ সহস্র সহস্র পক্ষী উড়িতে লাগিল ॥৫৬॥

ভবতশ্রেষ্ঠ ভীমসেন সেই জলচারী পক্ষিগণকে দেখিয়া তাহাদের অনুসবণ করিতে থাকিয়া একটী মনোহর ও অতিবৃহৎ সরোবর দর্শন করিলেন ; তাহারই তীরপর্য্যস্তবিস্তৃত মৃত্রবায়্কম্পিত স্বর্ণবর্ণ কদলীবন যেন সেই সবোবরটীকে বীজন কবিতেছিল ; তাহাতে সে সরোবর উদ্বেলিত হইতেছিল না ॥৫৭—৫৮॥

J i

⁽⁴⁸⁾ ज्या क्षांकः वा व का नान्छ।

বিক্রীত্য তিম্মন্ স্থচিরমূত্তারামিতত্যতিঃ।
ক্ষোভয়ন্ সলিলং ভীমঃ প্রভিন্ন ইব বারণঃ॥৬০॥
দধ্যে চ শব্ধং স্থনবৎ সর্ববপ্রাণেন পাগুবঃ।
আফোটয়চ্চ বলবান্ ভীমঃ সন্নাদয়ন্ দিশঃ॥৬১॥
তস্ম শব্ধস্থ শব্দেন ভীমসেনরবেণ চ।
বাহুশব্দেন চোগ্রেণ নর্দান্তীব গিবেগুহাঃ॥৬২॥
তং বজ্রনিষ্পেষসমমাক্ষোটিতমহারবম্।
গ্রেছা শৈলগুহাস্থপ্তঃ সিংহৈর্নুক্তো মহাস্থনঃ॥৬০॥
সিংহনাদভয়ত্রক্তিঃ কুঞ্জবৈরপি ভারত!।
মুক্তো বিরাবঃ স্থমহান্ পর্বতো যেন পুরিতঃ॥৬৪॥

ভারতকৌমূদী

বিক্রীভ্যেতি। প্রভিন্নো মদ্রোবী, বাবণো হন্তী ॥৬০॥
দগাবিতি। স্বনবৎ প্রভূতস্বনং যথা স্থান্তথা। সর্বপ্রাণেন সর্ববলনিযোগেন ॥৬১॥
তন্ত্রেতি। ভীমসেনস্থ ববেণ পদ্মপ্রাধ্যানন্দাৎ সিংহনাদেন। নর্দ্ধন্তি গর্জন্তি শ্ব ॥৬২॥
তমিতি। আন্ফোটিভক্ত বাহ্বাক্ষোটক্ত সহারবম্। মৃক্তঃ ক্বতঃ ॥৬০॥
সিংহেতি। কুন্ধবৈহন্তিভিঃ। মৃক্তঃ ক্বতঃ, বিবাবো গর্জনশব্দঃ ॥৬৪॥

ভারতভাবদীপঃ

পতাকামুগভেদযো"বিতি মেদিনী। উত্তৰশ্লোকাদ্বলিনামিত্যপক্ষ বলিনাং যক্ষাদীনাং পতাকান্তন্তান্ বা ॥৫২—৫৮॥ নলিনোৎপলং পদ্মপূষ্পম্। "উৎপলী তুষপূর্প ট্যাং ক্লীবং ফুষ্টপ্রাহনযো"বিতি মেদিনী। উদ্ধামো বন্ধনশৃশ্যঃ ॥৫२॥ অধাসং পর্বতোপবিবনং গন্তমূলতঃ

তাহাব পব বলবান্ ভীমসেন প্রচুব পদ্ম ও উৎপল সমন্বিত সেই সবোবরে অবতবণ করিয়া বদ্ধনমূক্ত মহাহস্তীব স্থায় বিশেষভাবে জলক্রীড়া কবিলেন ॥৫৯॥ সেই সবোববে বহুক্ষণ জলক্রীড়া কবিয়া অসাধারণতেজা ভীমসেন মদস্রাবী হস্তীব স্থায় জল বিক্ষুব্ধ করিয়া তীবে উত্তীর্ণ হইলেন ॥৬০॥

তৎপবে বলবান্ ভীমসেন সমস্ত দিক্ নিনাদিত করিয়া সমস্ত বল প্রয়োগ-পূর্বক বিশাল শঙ্খধ্বনি ও বাহ্বান্ফোটনের শব্দ করিলেন ॥৬১॥

সেই শঙ্খের শব্দে এবং ভীমসেনের সিংহনাদে ও ভয়ঙ্কব বাহুশব্দে পর্ববতেব গুহাগুলি যেন গর্জন করিয়া উঠিল ॥৬২॥

বজ্বনিষ্পেষণশব্দের তুল্য সেই বাহ্বাস্ফোটনের মহাশব্দ শুনিয়া গুহাত্মপ্ত সিংহগণও মহাগর্জন করিল॥৬৩॥

⁽৬०) । ততোহধ্যগংস্ক বেগেন তৰনং বছপাদপম্—বা ব কা।

তং তু নাদং ততঃ শ্রুছা মুক্তং বানরপূঙ্গবঃ।
ভাতরং ভীমদেনস্ত বিজ্ঞায় হনুমান্ কপিঃ ॥৬৫॥
দিবঙ্গমং রুরোধাথ মার্গং ভীমস্ত কারণাৎ।
ভাবেন হি পথা মা বৈ গচ্ছেদিতি বিচার্য্য সং॥৬৬॥ (যুগ্মকম্)
ভাস্ত একায়নে মার্গে কদলীমগুমগুতে।
ভাতুর্ভীমস্ত রক্ষার্থং তং মার্গমবরুধ্য বৈ॥৬৭॥
মাহত্র প্রাঞ্জ্যতি শাপং বা ধর্ষণাং বেতি পাগুবঃ।
কদলীমগুমধ্যস্থ এবং দঞ্চিন্ত্য বানরঃ॥৬৮॥ (যুগ্মকম্)
ব্যাজ্মন্ত মহাকায়ো হন্মান্ বানরর্বভঃ।
কদলীমগুমধ্যস্থা নিদ্রাবশগতস্তানা॥৬৯॥

ভারতকৌমূদী

তমিতি। মৃক্তং ভীমেন কৃতম্। বিজ্ঞাষ, স্বৰপ্ৰত্যভিজ্ঞানাদিতি ভাবং। দিবক্ষমং স্বৰ্গগামিনং মাৰ্গম্। কাবণাজ্জীবনরক্ষণহেতোঃ। গচ্ছেন্তীমঃ। "অশ্বত্থামা বলিব্যাদো হন্মাংশ্চ বিজ্ঞীবণঃ। কৃপঃ প্ৰস্ত্বামশ্চ সপ্তৈতে চিবজ্ঞীবিনঃ॥" ইত্যুক্তেন্তদানীমপি হত্বমতঃ স্থিতিকপ্পভতে। "হন্মান্ হত্বমানপি" ইতি শব্দভেদপ্ৰকাশদৰ্শনাৎ দ্বিবপৰং হত্বমছেব্স্থ্য॥৬৫—৬৬॥

আন্ত ইতি। আন্তে আসীৎ, একস্থৈব জনস্থ অযনং গমনং যত্ত্র তল্মিন্। অথ ভীমস্থ জীবননাশসম্ভাবনা কুত ইত্যাহ—মেতি। শাপং কস্থাপি মূনেঃ ॥৬৭—৬৮॥

ভারতভাবদীপঃ

সন্নিতি শেষ: ॥৬০—৬২॥ আন্ফোটিত উদ্ভাবিতঃ বাছঘাতো বা ॥৬৩—৬৫॥ দিবঙ্গমং মার্গং স্বর্গমার্গম্॥৬৬॥ একায়নে অতিসঙ্গৃচিতে॥৬৭॥ বানরঃ কণিঃ, বানানি শুক্ষদলানি

ভরতনন্দন জনমেজয়। সিংহের গর্জন শুনিয়া ভীত হইয়া হস্তী সকলও গুক্তর গর্জন করিয়া উঠিল; যাহাতে পর্ববর্তটাই পূর্ণ হইয়া গেল ॥৬৪॥

তাহার পর বানরশ্রেষ্ঠ হন্তমান সেই কণ্ঠস্বব শুনিয়া, ভ্রাতা ভীমকে বৃষিতে পারিয়া, 'ভীম এই পথে গমন না করেন' এইরপ বিবেচনা কবিয়া, ভীমের জীবনবক্ষার জন্ম স্বর্গগামী পথ বোধ করিয়া রহিলেন মঙ্ধ—৬৬॥

'ভীমসেন এই পথে যাইতে থাকিয়া কোন মূনির অভিসম্পাত কিংবা কোন প্রাণিকর্তৃক পরাভব প্রাপ্ত না হন' এইবাপ ভাবিয়া হন্তুমান্ ভীমকে রক্ষা করিবাব জন্ম কদলীবনের মধ্যে থাকিয়া সেই পথ রোধ করিয়া, কদলী-বনের মধ্যবর্ত্তী অভিসম্কৃতিত সেই পথে অবস্থান কবিতে লাগিলেন ॥৬৭—৬৮॥

⁽७०) ... मूकः वात्र । १ (७०) ... हन्यान् नाम वानवः -- वा व का।

জ্ঞুমাণঃ স্থবিপুলং শক্রথজমিবোচ্ছি তম্।
আম্ফোটয়চ্চ লাঙ্গুলমিক্রাশনিদমস্বনম্॥৭০॥
তস্থা লাঙ্গুলনিনদং পর্বতঃ দ গুহামুথৈঃ।
উদ্গারমিব গোর্নদিন ৎসদর্জ্জ দমন্ততঃ॥৭১॥
লাঙ্গুলফোটশন্দাচ্চ চলিতঃ দ মহাগিরিঃ।
বিঘূর্ণমানশিথরঃ দমন্তাৎ পর্যাশীর্যাত॥৭২॥
দ লাঙ্গুলরবস্তস্থা মন্তবারণনিস্বনম্।
অন্তর্ধায় বিচিত্রেরু চচাব গিরিসামুষু ॥৭৩॥
দ ভীমদেনস্তং শ্রুত্বা সম্প্রন্থতিত্নুরুহঃ।
শন্দপ্রভব্মন্থিচ্ছংশ্চচার কদলীবনম্॥৭৪॥

ভারতকৌমূদী

ব্যেতি। ব্যাদ্,ন্তত জ্ঞাং ক্বতান্। নিশ্রবশগত ইবেতার্থ: ॥৬৯॥

জ্জেতি। উদ্ভিতং পূজায়ামুত্তোলিতং শক্রধ্বজমিব। আফোটবন্ধুমাবপাতবং ॥৭০॥

তত্যেতি। নর্দন্ গর্জন্ গৌকদগাবমিব লাঙ্গুলনিনদমুৎসমর্জ্ব প্রতিধানিক্ষকাব ॥৭১॥

লাঙ্গুলেতি। লাঙ্গুলশু ক্ফোটো ভূমো পাততক্ত শব্দাৎ, চলিতঃ কম্পিতঃ ॥৭২॥

স ইতি। তত্ম পর্ব্বতক্ত । মন্তবাবণনিস্বনং মন্তহন্তিগর্জনশব্দম্ ॥৭৩॥

স ইতি। প্রভবত্যমাদিতি প্রভব উৎপত্তিস্থানম্, অধিচন্ অধিচন্ ॥৭৪॥

বিশাল শবীৰ বানবশ্ৰেষ্ঠ হন্তুমান্ তখন কদলীবনেৰ মধ্যে থাকিয়া নিজিত ইইয়াই যেন হাই তুলিতে লাগিলেন ॥৬৯॥

এবং তিনি হাঁই তুলিতে থাকিয়া, উত্তোলিত ইন্দ্রধ্বজের স্থায় অতিবিশাল দাঙ্গুলটাকে ভূতলে পাতিত কবিতে লাগিলেন; তাহাতে বজ্রপাতশব্দেব স্থায় শব্দ হইতে থাকিল ॥৭০॥

গর্জনকাবী বৃষ বেমন উদ্গাব ত্যাগ কবে, তেমন সেই পর্বত গুহামুখনারা শকল দিকে হমুমানের সেই লাঙ্গূলশব্দের প্রতিধ্বনি করিল ॥৭১॥

সেই বিশাল পর্বত হন্মানের লাঙ্গুলক্ষেপেব শব্দে কম্পিত হওয়ায় তাহাব শৃঙ্গগুলি যেন ঘুরিতে লাগিল এবং সকল দিকেই যেন সে পর্ববিতটা বিশীর্ণ হইয়া গেল ॥৭২॥

এবং সেই লাঙ্গূলেব শব্দ পর্ব্বতন্থিত মন্ত হস্তীদিগেব গর্জনশব্দকে তিবো-হিত কবিয়া পর্ববতের বিচিত্র সমতল ভূমিতে বিচৰণ কবিতে লাগিল ॥৭৩॥

⁽१८) म जैमरमनखह्यन्त्रा—ता द का नि ।

কদলীবনমধ্যস্থমথ গীনে শিলাতলে।

স দদর্শ মহাবাহুর্বানরাধিপতিং তদা ॥৭৫॥

বিদ্যুৎসম্পাতদুষ্প্রেক্ষং বিদ্যুৎসম্পাতিপিঙ্গলম্।

বিদ্যুৎসম্পাতনিনদং বিদ্যুৎসম্পাতিচঞ্চলম্ ॥৭৬॥

বাহুস্বস্তিকবিন্যস্ত-পীনহ্রস্থশিরোধরম্।

স্কন্নভূরিষ্ঠিকায়ন্বান্তনুমধ্যকটীতটম্ ॥৭৭॥

কিঞ্চিদাভূগ্নশীর্ষেণ দীর্ঘরোমাঞ্চিতেন চ।

লাঙ্গুলেনোর্দ্ধগতিনা ধ্বজেনেব বিবাজিতম্ ॥৭৮॥ (কলাপকম্)

হুস্বোষ্ঠং তাত্রজিহ্বাস্থাং রক্তবর্ণং চলদ্ব্রুবম্।

বিব্রতদংষ্ট্রাদশনং শুক্রতীক্ষাগ্রশোভিতম্ ॥৭৯॥

ভাবতকৌমূদী

অথ চতুর্ভিঃ কলাপকেন হমুসন্ধর্শনমাহ—কদলীতি। পীনে বিশালে। বিহাতাং সম্পাতঃ সমৃহন্তদং তৃপ্রেমন্তম্। বাছবেব স্বন্তিকং ত্রিকোণং পিষ্টককৃতং বস্তু তত্র বিশ্বন্তা স্থাপিতা পীনা স্থলা ব্রম্বা ধর্বা চ শিবোধবা গ্রীবা ঘেন তম্। পাণো ক্ষদ্রারে বাছঃ স্বন্তিবাকাবে ভবতাতি ক্রষ্টবাম্। ক্ষদ্ধে ক্ষদ্ধদেশাবচ্ছেদে ভূষিষ্ঠঃ কাষো যস্ত তম্ভ ভাবন্তমাৎ, তম্বঃ ক্লশো মধ্যকটীতটো যস্ত তম্। কিঞ্চিদাভূগ্নম্ ঈবদ্ধকং শীর্ষম্ উপবিভাগো যস্ত তেন, দীর্ষষ্ঠ তৎ বোমাঞ্চিতং বোমব্যাপ্তক্ষেতি তেন ॥৭৫—৭৮॥

দ্বাভ্যাং যুগ্মকেন মুখং বৰ্ণযতি—হুম্বোষ্ঠমিতি। তাত্ত্বে জিহ্বাস্তে বসনাম্থবিববে যশু ভাৰতভাবদীপঃ

বাত্যাদত্ত ইতি বানবঃ অহিংশ্র ইত্যর্থ: ॥৬৮—१०॥ উদ্যাবং প্রতিশব্ধ গোঁবিব উৎসমর্জ্জ ॥१১—१৬॥ বাহোঃ স্বন্তিবং চতুব্রং মূলং ভংস ইতি যাবং। তত্ত্র গ্রন্তকন্ধবসিত্যর্থ:, তত্ত্ব হেতুঃ—স্বন্ধেতি বিপুলাংসন্থাদিত্যর্থ: ॥११॥ আভূগ্নং বিগুণীক্বতম্ ॥৭৮—१२॥ উডুপং চন্দ্রম্ ॥৮০॥

সেই শব্দ গুনিয়া ভীমসেনের বোমাঞ্চ জন্মিল; তাই তিনি সেই শব্দেব উৎপত্তিস্থানেব অৱেষণে কদলীবনে বিচরণ কবিতে লাগিলেন ॥৭৪॥

তাহার পব মহাবাহু ভীমসেন দেখিলেন—কদলীবনেব মধ্যে বিশাল এক-খানা শিলার উপবে হন্নমান্ বহিয়াছেন; তাঁহাব আকৃতি বিদ্যুৎপুঞ্জের স্থায় দুর্দ্দর্শনীয়, বর্ণও বিদ্যুৎপুঞ্জেব স্থায় পিঙ্গল, শব্দও বিদ্যুৎপাতেব স্থায় বিকট এবং শবীবও বিদ্যুৎপুঞ্জেব স্থায় চঞ্চল এবং স্থূল ও খর্ব্ব গ্রীবাটাকে ত্রিকোণীকৃত বাহুব উপবে বাথিয়াছেন; স্কর্মদেশ স্থূল থাকায় কটীদেশ কৃশ ছিল এবং বোম-ব্যাপ্ত, ধ্বজের স্থায় উভোলিত ও ঈষদক্রপ্রাস্ত দীর্ঘ লাঙ্গুলদ্বাবা শোভা পাইতেছেন ॥৭৫—৭৮॥

ওষ্ঠযুগল খর্বব, জিহবা ও মুখ তাম্রবর্ণ, অপব অংশও রক্তবর্ণ, জাযুগল চঞ্চল,

অপশ্যদ্দনং তস্ত রশ্যিবন্তমিবোড় পৃষ্।
বদনাভ্যন্তবগতৈঃ শুকৈর্দ ন্তৈবলঙ্কতম্ ॥৮০॥ (য়ৄয়য়কম্)
কেশবোৎ কবদন্মিশ্রমশোকানামিবোৎ কবম্।
হিরগ্যয়ীনাং মধ্যস্থং কদলীনাং মহাদ্যুতিম্ ॥৮১॥
দীপ্যমানেন বপুষা স্বর্চিম্মন্তমিবানলম্।
নিরীক্ষন্তমমিত্রত্বং লোচনৈর্মগুপিঙ্গলৈঃ ॥৮২॥
তং বানববরং ধীমানতিকায়ং মহাবলম্।
স্বর্গপন্থানমার্ত্য হিমবন্তমিব স্থিতম্ ॥৮৩॥ (বিশেষকম্)
দৃষ্ট্বা চৈনং মহাবাহ্যবেকং তন্মিন্ মহাবনে।
অথোপস্ত্য তরদা বিভীভীমন্ততো বলী ॥৮৪॥
দিংহনাদং চকারোগ্রং বজ্রাশনিসমং বলী।
তেন শব্দেন ভীমস্ত বিত্রেন্তম্প্রগপক্ষিণঃ ॥৮৫॥ (য়ুয়য়কম্)

ভারতকৌমূদী

ষাত্যাং যুগাকেন নৃথং বর্ণবতি—হুর্ষোষ্ঠনিতি। তামে জিহ্বাস্থে বসনাম্থবিববে যশু তৎ। বিবৃত্তা ঈষদক্রা দংট্রাঃ সম্মুখদন্তাঃ দশনা অপবে দন্তাশ্চ যত্ত্ব তৎ। দশনানামেব ছক্ষেষ্টাম্মেন্চ অবৈশ্বঃ শোভিতন্। বন্মিবন্তমিতি নোপধত্বাদন্তঃ। উড়ুপং চন্দ্রম্। দন্তানাং চন্দ্রবন্মিনাদৃশ্বন্যম্ ॥৭৯—৮০॥

পুনন্ত্রিভির্বিশেষকেণ হত্তমন্তমেব বর্ণষতি—কেশবেভি। কেশবোৎকবেণ কিজ্বসমূহেন সম্মিশ্রম্, অশোকানাং পুশ্পাণাম্ উৎকবং বাশিমিব স্থিতম্, বক্তবর্ণস্বাৎ। হিবগমীনাং স্বর্ণবর্ণানামিত্যর্থঃ। স্বর্চিবান্তং শোভনশিখাবস্তম্। লোচনৈবিতি বছবচনং গৌববাৎ, মধূবৎ পিঙ্গলৈঃ পিঙ্গলবর্টব্যঃ। ধীমান্ ভীমঃ, অতিকাষং বৃহদ্দেহ্ম্। স্বর্গপন্থানমিত্যদন্তবা-ভাব আর্বঃ। অপশ্রাদিত্যন্ত্রবৃত্তিঃ ॥৮১—৮৩॥

সম্থেব দন্ত ও অপব দন্ত সকল ঈষৎ বক্ত এবং সেই দন্তসমূহেৰ তীক্ষ ও শুক্লবৰ্ণ অগ্ৰভাগ দ্বাবা মুখখানা শোভা পাইতেছিল, আৰ অভ্যন্তরস্থিত শুক্লবর্ণ দম্ভদ্বারা অলঙ্কত ছিল; স্থৃতবাং ভীমসেন হন্তুমানেব সে মুখখানাকে বশ্মিযুক্ত চন্দ্রেৰ স্থায় দর্শন করিলেন ॥৭৯—৮০॥

ভীমসেন আবও দেখিলেন— মহাতেজা, বৃহৎকায় ও মহাবল বানবশ্রেষ্ঠ হন্ত্মান্ স্বর্ণবর্ণ কদলীবনের মধ্যে কেশবব্যাপ্ত অশোকপূষ্পবাশির স্থায় অবস্থান কবিতেছেন, উজ্জ্বল দেহে প্রজ্বলিত অগ্নিপুঞ্জেব স্থায় বহিয়াছেন, মধুব স্থায় পিঙ্গলবর্ণ নয়ন দ্বাবা দর্শন করিতেছেন এবং স্বর্গেব পথ বোধ কবিয়া হিমালয়ের স্থায় অবস্থান করিতেছেন ॥৮১ — ৮৩॥

মহাবাহু ও মহাবল ভীমসেন সেই মহাবনে একাকী হন্তুমান্কে দেথিয়া, বন-১৫৪ (৮) হনুমাংশ্চ মহাসত্ত্ব ঈষজুমীল্য লোচনে। দৃষ্ট্বা তমথ সাবজ্ঞং লোচনৈর্মধূপিঙ্গলৈঃ। স্মিতেন চৈনমাসান্ত বানরো নরমত্ত্রবীৎ ॥৮৬॥

হনুমান্ত্বাচ।

কিমর্থং দরুজন্তেহহং হৃথস্থপ্তঃ প্রবোধিতঃ।
নকু নাম ত্বরা কার্য্যা দরা ভূতেরু জানতা ॥৮৭॥
বরং ধর্মাং ন জানীমন্তির্য্যগ্রোনিমূপাপ্রিতাঃ।
নরান্ত বৃদ্ধিদম্পন্না দরাং কুর্বন্তি জন্তুরু ॥৮৮॥
ক্রুরেরু কর্মান্ত কথং দেহবাক্চিত্তদূধিরু।
ধর্মবাতিরু সজ্জন্তে বৃদ্ধিমন্তো ভবদিধাঃ॥৮৯॥

ভারতকোমুদী

দ্বাভ্যাং যুগাকেন ভীমব্যাপাবমাহ—দৃষ্ট্বেভি । এনং হন্তমন্তম্ । তরসা বেগেন, বিভীঃ নির্ভয়: । অশনিবিদ্বাৎ, "অশনিবিদ্বাৎতাঃ" ইভি হেমচক্রঃ ॥৮৪—৮৫॥

হন্মানিতি। মহাসম্বো মহাবলঃ। লোচনে ইতি দ্বিচনান্দ্বিন্যন্ত্রের হন্মতঃ, কদাচিদ্বিত্বকন্ত গৌববাৎ। আসান্ত সম্বধ্য। বটুপাদোহ্যং শ্লোকঃ ॥৮৬॥

বিসিতি। কল্পথা বোগেণ সহেতি সকলঃ, তে স্বয়া, প্রবোধিতো জ্বাগবিতঃ ॥৮৭॥ আব্দ জানতেতি কথমুক্তমিত্যাহ—বযমিতি। তির্য্যপ্রোনিং মন্বয়োতবয়োনিম ॥৮৮॥

তাহাব পব নির্ভয়চিত্তে বেগে তাঁহার নিকট যাইয়া, বজ্র ও বিহ্যাভের তুল্য ভয়ত্ব সিংহনাদ করিলেন; ভীমসেনের সেই সিংহনাদে পশু-পক্ষীরা ভীত হইল ॥৮৪—৮৫॥

তাহাব পব মহাবল হন্মান্ নয়নযুগল ঈষং উন্মীলিত কবিয়া, মধুর স্থায় পিঙ্গলবর্ণ দেই নয়নযুগলদ্বাবা অবজ্ঞার দহিত ভীমেব প্রতি দৃষ্টিপাত করিয়া ঈষং হাস্তপুর্বক তাঁহাকে বলিলেন ॥৮৬॥

হন্নান্ বলিলেন—"আমি কগ্ণ এবং সুখে নিজা ষাইতেছিলাম, এ অবস্থায তুমি আমাকে কি জন্ম জাগবিত কবিলে ? ওছে ! তুমি যখন সকল বিষয় জান, তথন সকল প্রাণীর প্রতিই তোমার দয়া করা উচিত ॥৮৭॥

আমবা তির্যাগ্রোতি বলিযা ধর্ম জানি না, (স্কুতরাং দয়াও করি না) ; কিন্তু মান্তবেবা বুদ্ধিসম্পন্ন বলিয়া প্রাণীদেব উপরে দয়া করিয়া থাকে ॥৮৮॥

তোমাদের মত বৃদ্ধিমান্ মান্নবেরা দেহ, বাক্য ও মনেব দোষজনক এবং ধর্মনাশক হিংনাকার্য্যে প্রবৃত্ত হয় কেন ? ॥৮৯॥

⁽৮५) --- रन्भानित्यद्वा९—वा व का नि ।

ভক্ষয়িত্বা নিবর্ত্তম মা র্থা প্রাপ্স্যাদে বধম্।
গ্রাহ্যং যদি বচো মহাং হিতং মনুজপুঙ্গব ! ॥৯৬॥ (যুগ্মকম্)
ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং দংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্বাণি তীর্থযাত্রায়াং ভীমস্য কদলীযগুপ্রবেশে একবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ॥০॥ *

---**:---

দ্বাবিংশত্যধিকশততমো২ধ্যায়ঃ।

--:*:---

বৈশপ্পায়ন উবাচ।

এতচ্ শ্রুত্বা বচস্তস্ত বানরেক্রস্ত ধীমতঃ। ভীমদেনস্তদা বীরঃ প্রোবাচামিত্রকর্ষণঃ॥১॥

ভাৰতকোমুদী

যুগাকেন বাবণায় নির্বণ্গতি—স্বাগতমিতি। স্বাগতং স্থানাগ্যনং জাতম্, সোভাগ্যা-দিতি ভাবং। বুগা নিক্ষাম্। মহুং মম ॥১৫—১৬॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-সহাকবি-পদ্মভূবণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাদীশভট্টাচার্য্য-বিবচিতাযাং মহাভাবতটীকাযাং ভারতকোম্দীসমাথ্যাযাং বনপর্বাণ তীর্থযাত্রাযামেকবিংশত্যধিকশততমোহধ্যাযঃ ॥।॥

এতদিতি। স্বিয়ান্ শত্ৰন্ কৰ্ষতি বলেনামন্ত্ৰীকবোতীতি স্বিয়ত্ত্ৰকৰ্ষণঃ ॥১॥
ভাৰতভাবদীপঃ

অশোকানামশোকপুষ্পাণাস্ ॥৮১—৮৬॥ প্ৰকল্প: সপীড়া, তে ত্বা ॥৮৭—৯৩॥ আখসিহি বিশ্বাসং কুক ॥৯৪—৯৫॥ মহুং মুম ॥৯৬॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বনি নৈলক্ষ্পীয়ে ভাবতভাবদীপে একবিংশত্যধিকশততমোহধ্যাবঃ ॥১২১॥

মন্ত্রশ্রেষ্ঠ। আজ নিশ্চরই নির্বিদ্নে তোমার এখানে আগমন হইয়াছে। কিন্তু নবশ্রেষ্ঠ। আমার হিতবাক্য যদি তোমার প্রান্ত হয়, তবে এই অমৃত-তুল্য ফল-মূল ভক্ষণ কবিয়া এখান হইতেই নিবৃত্ত হও, বুথা বিনাশ প্রাপ্ত ইইবে না" ॥১৫—১৬॥

বৈশপ্পায়ন কহিলেন—বৃদ্ধিমান্ ও বানবশ্রেষ্ঠ হন্মানেব এই কথা শুনিয়া শক্রবিজয়ী বাব ভীমসেন তখন বলিলেন ॥১॥

^{* &#}x27;…व्हेठ प्राविश्ममिक …'—वा व का, '…मश्रठ प्राविश्ममिक …'—भि, '…ज्रष्ठेठ प्राविश्मम मिक्ष क …'—नि ।

ভীম উবাচ।

কো ভবান্ কিং নিমিন্তং বা বানরং বপুরাস্থিতঃ।
বাহ্মণানন্তরো বর্ণঃ ক্ষত্রিয়ন্ত্বান্ত পৃচ্ছতি ॥२॥
কৌরবঃ সোমবংশীযঃ কুন্ত্যা গর্ভেণ ধারিতঃ।
পাগুবো বায়ুতনয়ো ভীমসেন ইতি শ্রুন্তঃ ॥৩॥ (যুগ্মকম্)
স বাক্যং কুরুবীরস্থ স্মিতেন প্রতিগৃহ্য তৎ।
হন্মান্ বায়ুতনযো বায়ুপুত্রমভাষত ॥৪॥

হনুমানুবাচ।

বানবোহহং ন তে মার্গং প্রদাস্থামি যথেপ্দিতম্। দাধু গচ্ছ নিবর্ত্তস্ব মা ত্বং প্রাপ্দ্যদি বৈশদম্॥৫॥ ভীম উবাচ। শ

বৈশসং বাহস্ত যদাহত্ম ছাং পৃচ্ছামি বানর !। প্রয়চ্ছ মার্গমূত্তিষ্ঠ মা মতঃ প্রাপ্স্যাদি ব্যথাম্ ॥৬॥

ভারতকৌমূদী

ক ইতি । আন্থিত আশ্রিতঃ । ব্রাহ্মণশ্র অনন্তরঃ প্রাং । ব্রাহ্যা দেবা। । ১—৩: স ইতি । জাতজ্ঞাপি সবিশেষপ্রিচ্যদানাৎ কোতুকেন হিত্যিতি ভাবঃ । ৪০ বানব ইতি । সাধু ভবং প্রার্থ্যসি চেৎ গচ্ছ । বৈশসম্ অন্তর্ক কৃতিংলাম্ । ০০ বৈশসমিতি । বানরেতি সম্বোধনাদবজা স্টিতা । মত্রো মম নবাশাং । ৬০

ভীম বলিলেন—"আপনি কে? কি জন্মই বা বানবদেহ অবলম্বন কবিয়াছেন ? ব্রাহ্মণেব পরবর্তী বর্ণ—ক্ষত্রিয়, চন্দ্রবংশীয়, কুরুকুলোংপন্ন, কুন্ধীকর্তৃক গর্ভে ধৃত, পাঙ্নন্দন ও বায্ব পুত্র ভীমসেন আপনাকে প্রদ্ন করিছেছে" ॥২—৩॥

বায়্পুত্র হন্তমান্ মৃছ হাস্ত কবিয়া কুরুবীব ভীমদেনের সেট কথা স্থানারপৃষ্ঠক ভাঁহাকে বলিলেন ॥৪॥

হনুমান্ বলিলেন—"আমি বানর; আমি তোমার মত্রীষ্ট পথ দিব ম।। তাল চাও ত—যাও, ফের, মৃত্যুব ক্লেশ পাইবে না" rer

ভীম বলিলেন—"বানর! আমার মৃত্যুব ব্রেশই হউক, ব. অহা কিচুট ইউক, আমি ভাহা ভোমাকে জিজ্ঞানা কবি না , তুমি পথ লাও, উঠ, আমা হাইচে বেদনা পাইবে না" ॥৬ঃ

⁽৩) **মোকাৎ পরন্ 'বৈশপায়ন উবাচ'—**গি ' ক ভাষ কাম উপায়—লা *ত*

হনুমানুবাচ।

নান্তি শক্তির্মমোত্থাতুং ব্যাধিনা ক্লেশিতো হুহম্।
যত্তবন্তাং প্রয়াতব্যং লঙ্গয়িত্বা প্রয়াহি মাম্॥৭॥
ভীম উবাচ।

নিগুণিঃ প্রমাত্মা তুং দেহং ব্যাপ্যাবতিষ্ঠতে।
তমহং জ্ঞানবিজ্ঞেরং নাবমন্তে ন লঞ্জয়ে ॥৮॥
যত্যাগমৈর্ন জানীয়াং তমহং ভূতভাবনম্।
ক্রমেয়ং ত্বাং গিরিঞ্চেমং হনুমানিব সাগরম্॥৯॥

ভাবতকোমুদী

নেতি। প্রয়াতব্যং স্বযা। ভীমশু ধর্মজ্ঞানপরীক্ষার্থমিযমুক্তিরিতি বোধ্যম্ ॥৭॥

নিবিতি। নিগুণঃ সম্ববজন্তমোতিঃ নপাদিভিশ্চ বিহীনঃ, "সাক্ষী চেতাঃ কেবলো নিগুণশ্চ" ইতি শ্রুতেঃ, প্রমাত্মা "তন্তমসি" ইতি শ্রুতা জীবস্থ ব্রন্ধাতিরত্বাং। জ্ঞাযতে যম্মাদিতি জ্ঞানং বেদন্তেন বিজ্ঞেষম্, "তমেতমাত্মানং বেদান্ত্রচনেন ব্রাহ্মণা বিবিদিষস্তি" ইতি শ্রুতেঃ, নাবমন্তে, অতএব ন লক্ষ্মণে ॥৮॥

যদীতি। আগমৈঃ উজৈবেদৈঃ। ভূতভাবনং ভূতোৎপাদকম্, "যম্মাদিমানি ভূতানি জাষন্তে" ইত্যাদি শ্রুতেঃ। ক্রমেযং ক্রাম্যেখং লঙ্ঘয়েযমিত্যর্থঃ ॥२॥

ভারতভাবদীপঃ

এতদিতি ॥১—৪॥ বৈশসং বিরোধম্ ॥৫—৭॥ নিগুর্ণ ইতি। গুণাঃ সন্থাদযো কপাদ্যত তৈর্বজ্জিতঃ, অতএব পরমঃ কোশপঞ্চকে হি অনাত্মপ্রাত্মমূখ্যমাধ্যাদিকত্বাক্তম ততোহগ্যস্ত নিরুপাধিচিন্মাত্রো মূখ্য আত্মা প্রত্যগ্ ভূত আকাশো ঘটমিব দেহং ব্যাপ্য স্থিতঃ। এতেন শুদ্ধস্থপদার্থ উক্তঃ। অস্ত নিগুর্ণব্যেহস্কত্বং প্রমাণযতি—জ্ঞানবিজ্ঞেযমিতি। জ্ঞানং শাস্ত্রার্থধ্যানজপ্রমা তেন জ্ঞেযম্। জ্ঞাতবিজ্ঞেযমিতি পাঠে সর্বপ্রকাশকমহঙ্কারাদিনাক্ষিণমিতার্থঃ। তত্যাবমাননা শালগ্রামাদিবত্তমূপাধিভূতস্ত শরীরস্ত লক্ত্যনেন ভবত্যতত্তদ্বাহ ন কুর্বে ইত্যর্থঃ॥৮॥ ভূতভাবনং ভূতানাং বিষদাদীনাং জ্বাযুজাদীনাঞ্চ ভাবনং

হন্মান্ বলিলেন—"আমি বোগপীড়িত বলিয়া আমাব উঠিবাব শক্তি নাই; স্তবাং তোমাব যদি অবগ্যই যাইতে হয়, তবে আমাকে লজ্বন করিয়া যাও" ॥৭॥

ভীম বলিলেন—"নিগুৰ্ণ পরমাত্মা (জীবন্ধপে) দেহ ব্যাপ্ত করিয়া অবস্থান করেন; স্মৃতবাং সেই বেদবেগু প্রমাত্মাকে আমি অবজ্ঞা কবিতে পাবিব না বলিয়া লঙ্গনও করিতে পাবিব না ॥৮॥

আমি যদি বেদশাস্ত্রদ্বাবা সেই ভূতভাবন প্রমাত্মাকে না জ্বানিতাম, তবে হনুমান যেমন সমুজ লঙ্কন করিয়াছিলেন, সেইরূপ আমি তোমাকে ও এই প্রবৃতিটাকে লঙ্কন করিতে পারিতাম"॥॥

হনুমানুবাচ।

ক এষ হনুমান্ নাম সাগরো যেন লজ্মিতঃ। পৃচ্ছামি ডাং নরশ্রেষ্ঠ। কথ্যতাং যদি শক্যতে ॥১০॥

ভীম উবাচ।

ভাতা মম গুণশ্লাঘ্যো বৃদ্ধিসত্ত্বলাম্বিতঃ।
রামায়ণেহতিবিখ্যাতঃ গ্রীমান্ বানরপুঙ্গবঃ॥>>॥
রামপত্মীকৃতে যেন শতযোজনবিস্তৃতঃ।
সাগরঃ প্লবগেন্দ্রেণ ক্রমেণৈকেন লজ্মিতঃ॥>২॥
স মে ভাতা মহাবীর্যান্তল্যোহহং তস্ত তেজ্পনা।
বলে পরাক্রমে যুদ্ধে শক্তোহহং তব নিগ্রহে॥>৩॥
উত্তিষ্ঠ দেহি মে মার্গং পশ্য মে চাত্য পৌরুষম্।
মচ্ছাসনমকুর্ববাণং ছাং বা নেয়ে যমক্ষয়ম্॥>৪॥

ভারতকোমূদী

ক ইতি। স্ববিষধে লোকবাদশু বামাষণশু চ জ্ঞানপরীক্ষার্থমবং প্রশ্নঃ ॥১০॥
ভাতেতি। ভ্রাতা, একবায়ুজনিতত্বাৎ, গুণৈঃ পবোপকাবাদিভিঃ শ্লাঘ্যঃ। সন্থম্
অধ্যবসায়ঃ। বামাষণে বাদ্মীকিপ্রণীতে ইতিহাসে। শ্রীমান্ ত্রিবর্গসম্পত্তিমান্ ॥১১॥
রামেতি। রামপত্মীক্বতে সীতান্ধেণনিমিতে। ক্রমেণ উল্লক্ষনেন ॥১২॥
স ইতি। তেজ্সা দুর্পেণ। নিগ্রহে দমনে, যেন স্ববা পদ্বা দেখঃ শ্রাৎ ॥১৩॥
উত্তিষ্ঠিতি। বা অথবা পশ্রেতি সম্বন্ধঃ। মচ্ছাসনং মদাদেশম্ ॥১৪॥

ভারতভাবদীপঃ

বচনং যশ্মান্তম্। "আত্মন আকাশঃ সম্ভূতঃ। আত্মনঃ সর্ব্ব এত আত্মানো ব্যূচবন্তি" ইত্যাদিশ্রতিভ্যঃ। এতেন তৎপদার্থ উক্তঃ। তবোঃ সামানাধিকবণ্যাবভেদে ব্রহ্মাহৈতঞ

হন্মান্ বলিলেন—"নবশ্রেষ্ঠ। আমি তোমাকে জিজ্ঞাসা করিতেছি; তুমি যদি বলিতে পার, তবে বল—এ হন্মান্টা কে, যে সমূজ লজ্বন কবিয়াছিল ?" ॥১০॥

ভীম বলিলেন—"তিনি আমাব ভ্রাতা, গুণে শ্লাঘ্য, বুদ্ধি, অধ্যবদায় ও বলসম্পন্ন, বামায়ণে অত্যন্ত বিখ্যাত, ত্রিবর্গসমন্বিত এবং বানরমধ্যে শ্রেষ্ঠ ॥১১॥

যে বানবশ্রেষ্ঠ দীতাব অশ্বেষণের জন্ম শতযোজনবিস্তৃত সমুদ্রটাকে একলম্ফে লঙ্গন করিয়াছিলেন ॥১২॥

সেই মহাবীব আমার ভ্রাতা; আমি তেজে, বলে, পরাক্রমে ও যুদ্ধে তাঁহারই তুলা; স্বতরাং আমি তোমাকে নিগৃহীত করিতে সমর্থ হইব ॥১৩॥ বৈশস্পায়ন উবাচ।

বিজ্ঞায় তং বলোনাতং বাহুবীর্য্যেণ দর্গিতম্। হুদয়েনাবহক্তিনং হনুমান্ বাক্যমত্রবীৎ ॥>१॥

হনুমানুবাচ।

প্রসীদ নাস্তি মে শক্তিরুত্থাতুং জরয়াখনঘ !। মমানুকম্পয়া ত্বেতৎ পুচ্ছমুৎসার্য্য গম্যতাম্ ॥>৬॥

বৈশস্পায়ন উবাচ।

এবমুক্তো হনুমতা হীনবীর্য্যপরাক্রমম্।
মনসাহচিন্তয়ন্ত্রীমঃ স্ববাহুবলদর্গিতঃ ॥>৭॥
পুচ্ছে প্রগৃহ্ছ তরদা হীনবীর্য্যপরাক্রমম্।
দালোক্যমন্তকস্পৈনং নয়ম্যান্তেহ বানরম্ ॥>৮॥
দাবজ্ঞমথ বামেন স্ময়ন্ জ্ঞাহ পাণিনা।
ন চাশকচ্চালয়িতুং ভীমং পুচ্ছং মহাকপেঃ ॥>৯॥

ভারতকৌমূদী

বিজ্ঞাযেতি। অবহস্ত স্বাপেক্ষমা ন্যূনবলস্বাত্বপহস্ত, এনং ভীমসেনম্ ॥১৫॥ প্রসীদেতি। পুচ্ছং লাঙ্গুলম্, উৎসার্য্য অপসার্য্য। বলপরীক্ষার্থম্ক্তিবিষম্ ॥১৬॥ এবমিতি। হীনবীর্য্যপবাক্রমং হন্ত্মস্তমিতি শেষঃ ॥১৭॥ পুচ্ছ ইতি। তবসা বলেন। সালোক্যং সমানলোক্বর্জিতাম্। এতদ্বপ্যচিন্ত্র্যৎ ॥১৮॥

অতএব তুমি উঠ, আমার পথ দাও; যদি আমাব আদেশ পালন না কব, তবে আমাব পুরুষকাব দেখ—আমি তোমাকে যমালয়ে পাঠাই" ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—হন্নুমান্ ভীমসেনকে বলে উন্মন্ত ও বাহুবলে দর্পিত জানিয়া তাঁহাকে মনে মনে উপহাস কবিয়া এই কথা বলিলেন ॥১৫॥

হন্মান্ বলিলেন—"হে নিষ্পাপ। বার্জক্যবশতঃ আমার উত্থানশক্তি নাই; স্তবাং তুমি আমাব প্রতি প্রসন্ন হও, দ্বা করিবা আমাব লাঙ্গুল্টা সরাইয়া গমন কর" ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—হন্নুমান্ এইরূপ বলিলে, বাহুবলদর্পিত ভীমসেন হনুমান্কে হীনবীর্য্য ও হীনপবাক্রম মনে কবিলেন ॥১৭॥

(আবও মনে করিলেন যে,) আমি বলপূর্ব্বক লাঙ্গূল ধাবণ কবিয়া হীনবীর্য্য ও হীনপবাক্রম এই বানবটাকে আজ এখনই যমলোকে পাঠাইব ॥১৮॥

তাহার পর, ভীমসেন ঈবং হাস্ত করিয়া বামহস্ত দ্বারা অবজ্ঞাব সহিত হনুমানেব লাঙ্গুলটা ধবিলেন ; কিন্তু সঞ্চালিত কবিতে পারিলেন না ॥১৯॥ উচ্চিক্ষেপ পুনর্দোর্ভ্যামিক্রায়ুধমিবোচ্ছি তন্।
নাদ্ধর্ত্ত্ব মশকদ্বীমো দোর্ভ্যামিপ মহাবলঃ ॥২০॥
উৎক্ষিপ্তক্রবির্ত্তাক্ষঃ সংহতক্রকৃটীমুখঃ।
বিষ্ণগাত্রোহভবদ্তীমো ন চোদ্ধর্ত্ত্বং শশাক তম্ ॥২১॥
যক্রবানপি চ শ্রীমাল্লান্স্ললাদ্ধবণোত্ততঃ।
কপেঃ পার্শগতো ভীমন্তক্ষে ব্রীড়ানতাননঃ ॥২২॥
প্রণিপত্য চ কোন্তেয়ং প্রাঞ্জলিবাক্যমন্তবীৎ।
প্রসীদ কপিশার্দ্দিল! তুরুক্তং ক্ষম্যতাং মম ॥২০॥
সিদ্ধো বা যদি বা দেবো গন্ধর্বো বাহথ গুত্তকঃ।
পৃষ্টঃ সন্ কাম্যা ক্রহি কস্তং বানবর্মপৃধ্ব ॥২৪॥

ভারতকোমূদী

সাবজ্ঞমিতি । শ্বযন্ স্বযমান ঈষদ্ধনন্ । দ্বপ্রাহ পুক্তমিতি সম্বন্ধঃ ॥১৯॥
উচ্চিক্ষেপতি । উচ্চিক্ষেপ উৎক্ষেপ্ত মাবেতে । দোর্ভাগ দ্বাভাগের বাছভাগ ॥२०॥
উৎক্ষিপ্তেতি । ভীমা, উৎক্ষিপ্তে উত্তোলিতে ক্রবো যেন না, বিবৃত্তে বিশেষেণ গোলাকাবে
দক্ষিণী যক্ত সা, সাংহতং সাবদ্ধা ক্রতং ক্রক্টীন্কা মৃথা যেন না, শাকপার্থিবাদিদ্বাদ্যুক্তশন্দলোপা,
বিদ্বাগাত্রণভাত্বৰ , কিন্তু তং পুক্তমৃদ্ধর্ভুং ন চ শশাক ॥২১॥

যত্নেতি। লাঙ্গুলোদ্ধবণে যত্নবানপি চ, তত্রাশক্তং সন্নিতি শেষং ॥২২॥ প্রণিপত্যেতি। মম ফুরুক্তং কটুবচনম্ ॥২৬॥

তা'ব পৰ মহাবল ভীমদেন তুই হাত দিয়া—আকাশে উদিত ইন্দ্ৰধন্নৰ তুল্য সেই লাঙ্গূলটাকে তুলিবাৰ চেষ্টা কৰিলেন; কিন্তু তুই হাত দিয়াও তুলিতে পাৰিলেন না॥২০॥

(হনুমানেব লাঙ্গুল ধবিয়া প্রাণপণে আকর্ষণ কবিতে থাকায়) ভীমের জ্রাযুগল উপবে উঠিল, নয়নযুগল গোলাকাব হইল, মুখে জ্রকুটী দেখা দিল এবং সমস্ত অঙ্গ হইতে ঘর্মা নির্গত হইতে লাগিল; তথাপি তিনি সে লাঙ্গুল উত্তোলন কবিতে সমর্থ হইলেন না ॥২১॥

ভীমসেন হন্নমানের লাঙ্গূল উত্তোলনে উছাত এবং যরবান্ হইযাও যথন পাবিলেন না, তথন তিনি লজ্জায় অধোবদন হইযা হনুমানেব পার্ষে দাঁড়াই-লেন ॥২২॥

এবং প্রণিপাত কবিয়া কৃতাঞ্চলি হইয়া এই কথা বলিলেন—"বানবশ্রেষ্ঠ। আপনি প্রদন্ন হউন এবং আমাব কটুবাক্যগুলিব উপরে ক্ষমা ককন ॥২৩॥

⁽२२)…लाङ्ग्दाङ्गाङ्ग्दर्शाङ्ग्डः—वा व का नि । दत-५४४ (৮)

ন চেদ্গুহ্ণ মহাবাহো। শ্রোতব্যং স্থান্মথা যদি। শিশুবত্তান্ত পৃচ্ছামি উপপন্নোহস্মি তেহনঘ!॥২৫॥ হনুমানুবাচ।

যতে মম পবিজ্ঞানে কোতৃহলমবিন্দম!।
তৎ দর্বমথিলেন ত্বং শৃণু পাগুবনন্দন!॥২৬॥
তাহং কেশবিণঃ ক্ষেত্রে বায়ুনা জগদাযুনা।
জাতঃ কমলপত্রাক্ষ! হনুমান্ নাম নামতঃ॥২৭॥
সূর্য্যপুত্রঞ্চ স্থগ্রীবং শক্রপুত্রঞ্চ বালিনম্।
সর্বের বানববাজানস্তথা বানরযুথপাঃ॥২৮॥
উপতস্কুর্যহাবীর্যা মম চামিত্রকর্ষণ।।
স্থগ্রীবেণাভবৎ গ্রীতিবনিলস্থাগ্রিনা বথা॥২৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমূদী

সিদ্ধ ইতি। গুজ্কো যক্ষঃ। কাম্যুষা উৎকটশ্রবণেচ্ছ্যা মধা পৃষ্টঃ সন্ ॥২৪॥
নেতি। গুজ্ গোপনীযম্। উপপন্নোহস্মি শবণাগতোহস্মি ॥২৫॥
যদিতি। অথিলেন প্রকারেণ। পাণ্ডুরেব পাণ্ডবঃ প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণ্ ॥২৬॥
অহমিতি। কেশরিণস্তদাথাশু বানবস্থা। জগত আযুনা প্রাণক্ষপত্বাদায়্বঃ প্রবর্তকেন। অস্তি
চ উকারাস্তোহপ্যায়্শস্বঃ, "বিভাদায়ুং তথাযুষ্য" ইতি দ্বিদ্ধপক্ষোবাৎ ॥২৭॥

আমি প্রবল শ্রবণেচ্ছাবশতঃ জিজ্ঞাসা কবিতেছি—বানররূপধাবী আপনি কে ? কোন দেবতা, না সিদ্ধ, না গন্ধর্ব্ব, না যক্ষ, তাহা বলুন ॥২৪॥

র্ম্বর্যাতি। বানবযুগণা বানবগণপত্য:। উপতন্ম: দিষেবিবে। অনিলম্ভ বায়ো: ॥২৮—২३॥

নিষ্পাপ মহাবাছ! যদি গোপনীয় না হয় এবং আমাৰ যদি শ্রোতব্য হয়, তাহা হইলে আমি শিয়্যেব ক্যায আপনাকে জিজ্ঞাসা কবিতেছি এবং আপনার শরণাগত হইযাছি" ॥২৫॥

হন্তুমান্ বলিলেন—''অরিন্দম পাণ্ডুনন্দন! আমাব পবিচয় জানিবাব জন্ত যখন তোমাব কৌতূহল জন্মিয়াছে, তখন তুমি সে সমস্তই শ্রবণ কব ॥২৬॥

পদ্মনয়ন ! জগংপ্ৰাণ বাযু কেশবিনামক বানবেব পত্নীৰ গৰ্ভে আমাকে উৎপাদন কবিয়াছেন ; আমাৰ নাম—'হনুমান্' ॥২৭॥

শক্রবিজয়ী ভামসেন! মহাবীব বানববাজগণ এবং বানবযূথপতিগণ সূর্য্যপুত্র স্থগ্রীবেব এবং ইন্দ্রপুত্র বালীর সেবা কবিতেন। এদিকে অগ্নিব

⁽२६)... त्यां जवार का उत्तर्भ — वा व का नि । (२१)... हन्मान् नाम वानवः — वा व का नि ।

নিকৃতঃ স ততো ভাত্রা কিশ্বংশ্চিৎ কাবণান্তবে।
খায়মূকে মযা সার্দ্ধং হুগ্রীবো ভ্যবসচ্চিব্য ॥৩০॥
ভাষ দাশরথিবাঁবো বামো নাম মহাবলঃ।
বিষ্ণুর্মানুষরূপে চচাব বহুধাতলম্ ॥৩১॥
স পিতুঃ প্রিয়মন্নিচ্ছন্ সহভার্য্যঃ সহানুজঃ।
সধনুর্ধনিনাং ভোচো দণ্ডকাবণ্যমাজিতঃ ॥৩২॥
তক্ষ ভার্য্যা জনস্থানাচ্ছলেনাপহতা বলাৎ।
বাক্ষমেন্দ্রেণ বলিনা বাবণেন তুবাত্মনা ॥৩০॥
হ্বর্ণবিত্রচিত্রেণ মুগরূপেণ বক্ষসা।
বঞ্চবিত্বা নবব্যান্তং মাবীচেন তদাহনব। ॥৩৪॥ (যুগ্মকম্)
হ্বতদাবঃ সহ ভাত্রা পত্নীং মার্গন্ স বাঘবঃ।
দৃষ্টবান্ শৈলশিথবে হুগ্রীবং বানবর্ষভ্য ॥৩৫॥

ভাবতকৌমুদী

নিক্ত ইতি। নিক্তো বহিত্বতং, স স্থগ্ৰীবং, প্ৰাজা বালিনা, ঋগুমূকে পৰ্বতে ॥৩০॥ সংক্ষেপেণ বামাযণমাহ—অথেতি। বিষ্ণুং বামো নাম সন্নিতি সম্বন্ধঃ ॥৩১॥ স ইতি। অফিচন্ অমুষ্ঠাতুমিচ্ছন্। সংল্বং সকাশ্মৃকঃ ॥৩২॥ তত্যেতি। জনস্থানাৎ দণ্ডকাবণাগ্ৰৈব প্ৰ.বশবিশেষাৎ। ছলমাহ—ত্বৰ্বেতি ॥৩৩—৩৪॥

সহিত বাযুব যেমন সৌহার্দ্দ আছে, আমাবও তেমনই স্থ্রীবেব সহিত সৌহার্দ্দ ছিল ॥২৮—২৯॥

তাহার পব কোন কাবণে বালী সুগ্রীবকে বহিষ্কৃত কবিয়া দেন , তাহাতে সুগ্রীব আমাব সহিত যাইযা ঋষ্তুমূকপর্বতে দীর্ঘকাল বাস কবেন॥৩০॥

তদনন্তব ভগবান্ নাবায়ণ দশবথেব পুত্র হইষা 'বাম' নাম ধাবণ কবিয়া, মহাবীব ও মহাবল মানুষকাপে ভূতলে বিচৰণ কবেন ॥৩১॥

ধন্বৰ্জবন্ত্ৰেষ্ঠ সেই বামচন্দ্ৰ পিতাৰ প্ৰিয়কাৰ্য্য কবিবাৰ ইচ্ছায় ধন্মু ধাৰণ কবিয়া ভাৰ্য্যা সীতা ও ভ্ৰাতা লক্ষ্মণেৰ সহিত দণ্ডকাৰণ্যে গমন কবেন ॥৩২॥

হে নিষ্পাপ ভীমদেন! তখন বাক্ষসরাজ মহাবল ছবাত্মা বাবণ স্বর্ণ ও বড়ে বিচিত্র মৃগরূপধাবী মাবীচনামক বাক্ষসভারা নরশ্রেষ্ঠ বামচন্দ্রকে প্রভাবিত কবিয়া ছলে ও বলে জনস্থান হইতে তাঁহাব ভার্য্যা সীতাদেবীকে অপহবণ কবে ॥৩৩—৩৪॥

⁽৩৪) শ্লোকাৎ প্ৰম্ '---সপ্তচন্ধাবিংশদ্ধিকঃ---হন্মান্থবাচ'---বা ব কা, '---অষ্টচন্ধাবিংশ-দ্ধিকঃ---হন্মান্থবাচ'---পি, '---একোনপঞ্চাশদ্ধিকঃ---হন্মান্থবাচ'---নি ৷

তেন তস্থাভবৎ সখ্যং রাঘবস্থ মহাত্মনঃ।

স হত্বা বালিনং বাজ্যে স্থগ্রীবমভিষিক্তবান্ ॥৩৬॥

স বাজ্যং প্রাপ্য স্থগ্রীবঃ সীতায়াঃ পবিমার্গনে।
বানবান্ প্রেষয়ামাদ শতশোহথ সহস্রশঃ ॥৩৭॥
ততাে বানবকােটীভিঃ সহিতােহহং নবর্ষভ!।
সীতাং মার্গন্ মহাবাহাে! প্রযাতাে দক্ষিণাং দিশম্ ॥৩৮॥
ততঃ প্রবৃত্তিঃ সীতায়া গৃপ্তেণ স্থমহাত্মনা।
সম্পাতিনা সমাখ্যাতা বাবণস্থা নিবেশনে ॥৩৯॥
ততােহহং কার্য্যদিদ্ধ্যর্থং রামস্থাক্রিফকর্মণঃ।
শতবােজনবিস্তারমর্ণবং সহসা প্লাতঃ ॥৪০॥
তহং স্ববীর্যাদ্বতীর্য্য সাগবং মকবাল্যম্।
স্থতাং জনকবাজস্থা সীতাং শ্ররম্বতােপমান্ ॥৪১॥

ভারতকোমূদী

স্বতেতি । প্রাত্তা লক্ষণেন, মার্গন্ অধিশুন্, বাদবো বাম: ॥৩৫॥
তেনেতি । স বাদবং । বাজ্যে বানববাজস্বপদে ॥৩৬॥
স ইতি । পবিমার্গদে সমস্তাদছেবদে ॥৩৭॥
তত ইতি । বানবকোটীভিরিত্যনেন বানবাণাং বহুস্থমান্তং বিবৃক্ষিত্ম ॥৩৮॥
তত ইতি । প্রবৃত্তিবৃত্তান্তঃ । গৃগ্রেণ পক্ষিবিশেষেণ । নিবেশনে ভবনে ॥৩৯॥
তত ইতি । অর্ণবং সমৃদ্ধম্ । প্লুডঃ বৈহাযক্তা গত্যা অভিক্রান্তঃ ॥৪০॥

তাহাব পব হাতদাব রামচন্দ্র প্রাতা লক্ষ্মণেব সহিত মিলিভ হইয়া সীতার অন্বেষণ কবিতে থাকিয়া ঋষ্যমূকপর্বতেব শৃঙ্গে বানবশ্রেষ্ঠ স্থগ্রীবকে দেখিতে পান ॥৩৫॥

তদনস্তব স্মগ্রীবেব সহিত মহাত্মা রামচন্দ্রেব সখিত্ব হইল এবং রামচন্দ্র বালীকে বধ কবিয়া কিন্ধিন্ধ্যাবাজ্যে স্মগ্রীবকে অভিষিক্ত কবিলেন ॥৩৬॥

স্থ্রীব বাজ্যলাভ করিয়া সীতাব অষেষণে শত শত এবং সহস্র সহস্র বানর প্রেবণ কবিলেন ॥৩৭॥

মহাবাহু নবশ্রেষ্ঠ। তাহাব পব আমি বহুতব বানরের সহিত মিলিত হইয়া সীতাব অবেষণ কবিতে করিতে দক্ষিণ দিকে গেলাম ॥৩৮॥

ভদনস্তব অতিমহাত্মা গৃধ্ৰ সম্পাতি, বাবণ্ডবনে সীতাব অবস্থিতিবৃত্তাস্ত আমাদেব নিকট বলিলেন ॥৩৯॥

তাহাব পব আমি, অক্লিষ্টকর্ম্মা রামচন্দ্রের কার্য্যসিদ্ধিব জন্ম তৎক্ষণাৎ শতযোজনবিস্তৃত সমুদ্র লঙ্ঘর্ন করিলাম ॥৪০॥ দৃষ্টবান্ ভবতশ্রেষ্ঠ । রাবণস্থ নিবেশনে ।

সমেত্য তামহং দেবীং বৈদেহীং বাঘবপ্রিয়াম্ ॥৪২॥

দগ্ধ্বা লঙ্কামশেষেন সাট্টপ্রাকারতোরণাম্ ।

প্রত্যাগতশ্চাস্থ পুনর্নাম তত্র প্রকাশ্য বৈ ॥৪৩॥ (বিশেষকম্)

মদ্বাক্যাচ্চাবধার্য্যাশু রামো রাজীবলোচনঃ ।

স বুদ্ধিপূর্ববং সৈন্মস্থ বদ্ধা সেতুং মহোদধ্যে ।

রতো বানরকোটীভিঃ সম্ত্তীর্নো মহার্ণবম্ ॥৪৪॥

ততো বামেণ বীরেন হন্বা তান্ সর্ববাক্ষসান্ ।

বনে সবাক্ষসগণং বাবণং লোকবাবণম্ ॥৪৫॥

নিশাচবেন্দ্রং হন্ধা তু সভ্রাতৃস্কতবাদ্ধবম্ ।

বাজ্যেহভিষিচ্য লঙ্কায়াং বাক্ষসেন্ত্রং বিভীষণম্ ॥৪৬॥

ভাবতকোমুদী

षरिति । স্ববীর্যাৎ অনক্সনাহায্যাদিত্যাশয় । সমেত্য প্রাপ্য । অট্রেইর্ন্যাদিগৃহিঃ ।
 প্রাকাবৈঃ প্রাচীরেঃ তোবনৈর্বহির্বাহেশ সহেতি তাম্ । অশু বামশু সমীপে ॥৪১—৪৩॥
 মদিতি । অবধার্য্য লন্ধাগমনোপামং নিশ্চিত্য । বৃদ্ধির্মন্ত্রণা । ষট্পাদোহমং শ্লোকঃ ॥৪৪॥
 ভাবতভাবদীপঃ

দর্শিতম্ ॥২—১১॥ ক্রমেণ পাদবিক্ষেপেণ ॥১২—১৬॥ এবস্জে সভি, তমিত্যধাহাব:। তং হীনবীর্থপথাক্রমং মনসাহচিত্তবং মেনে ॥১৭—১৮॥ উপভস্পুর্ধালিনং মম চ স্থগ্রীবেণ প্রীতিবভবং, নিক্ততো নিবস্ত:॥২১—৪১॥ সমেত্য বিদিম্বা সম্ভাবণাদিনা নিশ্চিত্য॥৪২॥ অশু বামশু, তত্ত্ব লক্ষাধাম্॥১৩॥ অবধার্ধ্য নিশ্চিত্য॥৪৪॥ লোকবাবণং লোকপীড়াকরম্

ভবতশ্রেষ্ঠ ! আমি আপন বলেই মকবালয় সমূত্র লজ্বন কবিয়া যাইয়া বাবণভবনে দেবতনয়াসদৃশী জনকতনয়া সাতাকে দর্শন কবিলাম এবং বিদেহ-বাজনন্দিনী বামপ্রিয়তমা সীতাদেবীৰ সহিত আলাপ কবিয়া অট্টালিকা, প্রাচীব ও তোবণেব সহিত সমগ্র লঙ্কানগবী দগ্ধ কবিয়া এবং সেখানে নিজেব নাম প্রকাশ কবিয়া, পুনবায় বামচন্দ্রেব নিকট প্রত্যাগমন কবিলাম ৪৪১—৪০।

তথন পদ্মনযন রামচন্দ্র আমাব বাক্য শুনিযা, সৈক্সগণেব মন্ত্রণা অন্মসাবে লঙ্কাগমনের উপায় স্থিব করিয়া সম্ববই মহাসমুদ্রে সেতুবন্ধনপূর্বক কোটি কোটি বানবসৈত্তে পবিবেষ্টিত হইয়া মহাসমুদ্র পাব হইলেন ॥৪৪॥

তাহাব পব মহাবীব রামচন্দ্র যুদ্ধে সমস্ত রাক্ষ্ম এবং শ্রাভা, পুত্র, বান্ধব

⁽৪৩)--প্রত্যাগতশ্চাম্মি পুন: —বা ব কা পি। (৪৪) মঘাক্যঞ্চাবধার্যান্ত —পি, --- অবৃদ্ধ পুর্বমন্ত্রেন্ড বন্ধা—নি। (৪৫) ততো রামেণ বীর্ষ্যেণ—বা ব কা।

ধার্দ্মিকং ভক্তিমন্তঞ্চ ভক্তামুগতবং সলম্।
পুনঃ প্রত্যাহ্নতা ভার্যা নফা বেদশ্রুতির্যথা ॥৪৭॥ (বিশেষকম্)
তবৈব সহিতঃ সাধ্যা পত্মা বামো মহাযশাঃ।
গত্মা ততাহতিদ্বিতং স্বাং পুবীং বঘুনন্দনঃ।
ভাষ্যাবসভতোহযোধ্যামযোধ্যাং দ্বিষতাং প্রভুঃ ॥৪৮॥
ততঃ প্রতিষ্ঠিতো রাজ্যে রামো নৃপতিসভ্তমঃ।
ববং ময়া যাচিতোহসো বামো বাজীবলোচনঃ ॥৪৯॥
যাবদ্রাম। কথেয়ং তে ভবেল্লোকেয়ু শক্রহন্।।
ভাবজ্জীবেয়মিত্যেবং তথাহস্থিতি চ সোহত্রবীৎ ॥৫০॥ (য়ুয়কম্)
সীতাপ্রসাদাচ্চ সদা মামিহস্থমবিন্দম!।
ভপতিষ্ঠস্তি দিব্যা হি ভোগা ভীম। যথেক্সিতাঃ ॥৫১॥

ভাৰতকোমুদী

তত ইতি। লোকবাবণং জগৎপীডকম্। লহাবাং বাজ্যে ইতি সম্বন্ধঃ। নৃষ্টা লুপ্তা বেদশ্রতিঃ বেদাখ্যা শ্রুতিঃ, পুবা নাবায়ণেনেতি শেষঃ ॥৪৫—৪৭॥

ত্যেতি । দ্বিতাং শত্রণাম্, অযোধ্যাং যোজুমশক্যাম্ । অযমপি বট্পাদঃ শ্লোকঃ ॥৪৮॥
তত ইতি । রাজীবলোচনঃ পদ্দন্যনঃ । কথা আখ্যানম্, ভবেন্তিষ্ঠেৎ ॥৪৯—৫০॥
সীতেতি । সীতাযাঃ প্রসাদাৎ প্রসাদেন ববদানাৎ । দিব্যাঃ স্বর্গীযাঃ, ভোগাঃ খাছাদ্যঃ ॥৫১॥

ও প্রধান প্রধান রাক্ষসেব সহিত জগতের উৎপীড়ক বাক্ষসবাজ বাবণকে বধ করিয়া, ধার্ম্মিক, ভক্ত ও অনুগতবংসল রাক্ষসশ্রেষ্ঠ বিভীষণকে লঙ্কাবাজ্যে অভিষিক্ত কবিয়া, নাবায়ণ যেমন লুপ্তশ্রুতি উদ্ধার কবিয়াছিলেন, সেইকপ সীতাকে উদ্ধার কবিলেন ॥৪৫—৪৭॥

তদনন্তব প্রভাবশালী ও মহাযশা রঘুনন্দন বাম সেই সাধনী পত্নী সীতাদেবীৰ সহিতই অতি সম্বৰ যাইয়া, শক্রগণেৰ অজেয় আপন বাজধানী অযোধ্যানগরীতে বাস কবিতে লাগিলেন ॥৪৮॥

তাহাব পব পদ্মনয়ন বাজশ্রেষ্ঠ বাম রাজ্যে প্রতিষ্ঠিত হইলে, আমি তাঁহাব নিকট এই বব প্রার্থনা করিলাম যে, হে শক্রনাশক বাম! যে পর্যান্ত আপনার এই উপাখ্যান জগতে প্রচলিত থাকিবে, ততকাল আমি জ্বীবিত থাকিব; তথন বাম বলিলেন—'তাহাই হউক' ॥৪৯—৫০॥

অবিন্দম ভীম! আমি এইখানেই আছি; তাহাতে দীতা যে অনুগ্রহপূর্বক বর দিয়াছিলেন, তাহাব প্রভাবে অভীষ্ট স্বর্গীয় ভোগ্যবস্তু সকল আমাব নিকট উপস্থিত হইয়া থাকে ॥৫১॥ দশ বর্ষসহস্রাণি দশ বর্ষশতানি চ।

বাজ্যং কাবিতবান্ রামস্ততঃ স্বভবনং গতঃ ॥৫২॥

তদিহাপ্সবসন্তাত! গন্ধবাশ্চ সদাহনত।!

তস্ত ধীরস্ত চবিতং গাযন্তো বময়ন্তি মাম্ ॥৫২॥

অযঞ্চ মার্গো মর্ত্ত্যানামগম্যঃ কুরুনন্দন!।

ততোহহং রুদ্ধবান্ মার্গং তবেমং দেবসেবিতম্ ॥৫৪॥

ত্বামনেন পথা যান্তং যন্দো বা রাক্ষসোহপি বা।

ধর্ষয়েদ্বা শপেদ্বাপি মা কশ্চিদিতি ভারত!॥৫৫॥ (যুগ্মকম্)

দিব্যো দেবপথো হেষ নাত্র গচ্ছন্তি মানুষাঃ।

যদর্থমাগতশ্চাদি তৎ দ্বোহভার্গ এব হি॥৫৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ববি তীর্থযাত্রায়াং হন্মন্তীমসংবাদে দ্বাবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌসুদী

বামবান্ত্যকালকথনেনাত্মন আয়ুবঃ পবিমাণং স্ক্রবন্তি—দশেতি। কাবিতবানিতি স্বার্থে ইন্
আর্বঃ ৪৫২॥

॥৪৫—৪৭॥ অযোধ্যাং যোক মূশক্যাম ॥৪৮—৫১॥ কারিতবান্ ক্লতবান্, স্বার্থে ণিচ্, স্বভবনং বৈকুঠম ॥৫২—৫৬॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলকন্তীয়ে ভারতভাবদীপে দাবিংশত্যধিকশততমোহধ্যাযঃ ॥১২২॥

বামচন্দ্র দশ সহস্র বংসর এবং আবও একসহস্র বংসর (এগাব হাজার বংসর) রাজ্বত্ব করিয়াছিলেন; তাহার পব তিনি আপন বৈকুণ্ঠভবনে গমন কবিয়াছেন ॥৫২॥ বংস! নিম্পাপ! অপ্সবোগণ এবং গন্ধর্ববর্গণ সর্ববদা এইখানে আসিয়া সেই বীরেব চবিত্রবিষয়ে গান কবিয়া আমাকে আনন্দিত কবিয়া থাকে॥৫৩॥

ভবতবংশীয় কুকনন্দন! এই পথটা মানুষেব অগম্য; বিশেষতঃ তুমি এই পথ
দিয়া যাইবার সময়ে কোন যক্ষ বা বাক্ষস তোমাকে অভিভূত না কবে বা অভিসম্পাত না দেয়, এই জন্মই আমি দেবসেবিত তোমার এই পথ বোধ কবিয়াছিলাম ॥৫৪—৫৫॥

⁽৫৫) প্রথমান্ধি বা ব কা পি নাস্তি। (৫৬) অসি অতএব সরশ্চ তৎ—বা ব কা নি।

*'অইচডারিংশদধিকঃ…'—বা ব কা, '…উনপঞ্চাশদধিকঃ…'—পি, ' পঞ্চাশদধিকঃ . '

—নি।

ত্রয়োবিংশত্যধিকশততমোইধ্যায়ঃ।

---°*°---

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তো মহাবাহুর্তীমদেনঃ প্রতাপবান্।
প্রণিপত্য ততঃ প্রীত্যা ভাতরং হুক্টমানদঃ ॥>॥

উবাচ প্লক্ষ্মা বাচা হনুমন্তং কপীশ্বরম্।
ময়া ধ্যাতবো নান্ডি যদার্য্যং দৃষ্টবানহম্ ॥২॥ (যুগ্মকম্)
অনুগ্রহো মে স্থমহাংস্কৃপ্রিশ্চ তব দর্শনাৎ।
একস্ত কুতমিচ্ছামি ত্বয়াভার্য্য। প্রিয়ং মম ॥৩॥
যতে তদাসীৎ প্রবতঃ সাগবং মকরাল্যম্।
রূপমপ্রতিমং বীব। তদিচ্ছামি নিরীক্ষিতুম্ ॥৪॥

ভাবতকে মুদী

দিব্য ইতি। দিব্য উত্তমঃ। অভ্যৰ্ণে আদন্ধে দেশে বৰ্ত্ততে ॥৫৬॥
ইতি মহামহোপাধ্যাম-ভাবতাচাৰ্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্ৰীহবিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচাৰ্য্যবিবচিতায়াং
মহাভাবতটীকাষাং ভাবতকোম্দীসমাখ্যাষাং বনপৰ্বাণি তীৰ্থমাত্ৰাষাং
ভাবিংশতাধিকশততমোহধ্যায়ঃ॥
॥

এবমিতি। উক্তো হন্মতা। প্লক্ষমা কোমলমা। মধা তুল্য ইতি শেষঃ ॥১—১॥ অন্তগ্রহ ইতি। তৃপ্তিশ্চ স্থমহতীতার্থঃ। প্রিমং প্রীতিকবং কার্য্যমূ॥१॥

এটা উত্তম দেবপথ; স্থৃতবাং এ পথে মানুবেবা গমন করিতে পাবে না। (সে যাহা হউক) তুমি যে জন্ম আসিয়াছ, সে সবোবর নিকটেই আছে" ॥৫৬॥

--°#°--

বৈশম্পায়ন বলিলেন—হন্মান্ এইবাপ বলিলে, মহাবাহু, প্রতাপশালী ও ছাষ্টচিত্ত ভীমসেন প্রণিপাত কবিয়া কোমল বাক্যে বানবশ্রেষ্ঠ ভ্রাতা হন্মান্কে বলিলেন—"আমার তুল্য মহাধন্ত লোক আব নাই; যেহেতু আমি আপনাকে দেখিতে পাইলাম ॥১—২॥

আর্য্য! আপনি দর্শন দান কবিয়া আমাব প্রতি অতি গুরুতব অনুগ্রহ কবিয়াছেন, আমাবও অতি গুরুতব তৃপ্তি জন্মিয়াছে। এখন আমি ইচ্ছা কবি যে, আপনি আমার একটা প্রিয়কার্য্য কবেন।।৩॥

⁽৩)---এবন্ত ক্বতমিচ্ছামি ত্বযান্থ প্রিয়মাত্মনঃ--বা ব কা, স্বত্তবন্তু বৃতমিচ্ছামি ত্বযার্য্যেণ প্রিয়ং মস--নি।

এবং তুকৌ ভবিশ্বামি শ্রদ্ধাস্থামি চ তে বচঃ।

এবমুক্তঃ স তেজস্বী প্রহস্ত হবিবত্ত্রবীং ॥৫॥

ন তক্ষক্যং ত্বযা দ্রন্ট্যুং রূপং নান্থেন কেনচিং।

কালাবন্থা তদা হুলা ন সা বর্ত্তি সাম্প্রত্য ॥৬॥

অন্তঃ কৃত্যুগে কালপ্রেতাযাং দ্বাপবেহপবঃ।

অ্যং প্রধ্বংসনঃ কালো নান্ত তদ্রুপমস্তি মে ॥৭॥

ভূমির্নলো নগাঃ শৈলাঃ সিদ্ধা দেবা মহর্ষয়ঃ।

কালং সমনুবর্ত্তন্তে যথা ভাবা যুগে যুগে ॥৮॥

কালং কালং সমাসাত্ত নবাণাং নবপুদ্ধব ।।

বলবন্থ প্রভাবা হি প্রহীযন্ত্যন্তবন্তি চ ॥৯॥

ভাৰতকোমুদী

যদিতি। প্লবতো বৈহামস্তা গত্যা লঙ্ঘবতঃ। অপ্রতিমং নিরুপমম্ ress এবসিতি। এবং সতি। শ্রদ্ধাস্তামি বিশ্বসিষ্ঠানি। হবির্বানবো হন্মান্ sen নেতি। অস্তা বৃহদাক্বতিযোগা। বর্ততি বর্ততে ses

ষশু ইতি। গলে বন্ধা গোবিত্যাদিবৎ কৃত্যুগে কাল ইত্যাদাবাধাশধেশভাব উপপ্যতে অব্যবে অব্যবিস্তান্ধীকাবাৎ। প্রধানে ধর্মহাস্করঃ ৪৭৪

ভূমিরিতি। নগা বৃক্ষা:। কালং সমন্তবর্গন্তে কালান্তসাবেপ পূর্ববিদক্ষণা ভবস্থি। ভাবা বাল্যকোমাবাছবন্ধা:। মুমাপি তথৈব দেহবৈলকণ্যং জাতমিতি ভাবং। ৮॥

বীব! মকবালয় সমূজ লজ্বন কবিবাব সমযে আপনাব যে রূপ ছিল, এখন সেই অসাধাবণ রূপ আমি দেখিতে ইচ্ছা কবি ॥৪॥

ইহা হইলে আমি সন্তুষ্ট হইব এবং আপনাব বাব্য বিশ্বাস কৰিব।" ভীম এইবপ বলিলে, তেজস্বী হনুমান্ হাস্ত কবিযা বলিলেন—॥॥

"ভীম। তুমি বা অন্ত কোন ব্যক্তিই আমাব সে কপ এখন দেখিতে সমর্গ নহ। কাবণ, তখন কালেব অবস্থা অন্তপ্রকাব ছিল, এখন তাহা নাই ॥৬॥

নতাযুগে একপ্রকাব কাল, ত্রেতাযুগে অগুপ্রকাব কাল . আর এই দাণবংগে ধর্মস্থাসজনক অগুপ্রকাব কাল চলিতেছে; স্মৃতবাং এখন আমাব সেপ্রকাব কথ ইইতে পারে না ॥৭॥

দেহেব অবস্থা যেমন কালেব অনুগামী হয় (দেহ যেমন কাল অনুসাদে বালা ও কৌমাবপ্রভৃতি অবস্থা প্রাপ্ত হয়), ভেমন যুগে যুগে ভূদি, নদা, রক্ষ, পর্কাণ, দিন দেবতা ও মহর্ষিবা কালেব অনুগাদী হন (কাল অনুসাদে ভি: ভি: প্রকাব হন)।৮॥

⁽a) পূর্বান্ধং বা ব কা পি নান্তি। বন-১৫৬ (৮)

তদলং তব তদ্ৰপং দ্ৰষ্ট্যং কুরুকুলোদ্বহ !।

যুগং সমন্মবৰ্ত্তামি কালো হি ছবতিক্ৰমঃ ॥১০॥
ভীম উবাচ। গং

যুগদংখ্যাং দমাচক্ষ্ব আচাবঞ্চ যুগে যুগে। ধর্মকামার্থভাবাংশ্চ কর্ম্ম বীর্ঘ্যং ভবাভবৌ ॥১১॥

হনুমানুবাচ।

কৃতং নাম যুগং তাত। যত্র ধর্ম্মঃ সনাতনঃ।
কৃতমেব ন কর্ত্তব্যং তিম্মিন্ কালে যুগোভমে ॥>২॥
ন তত্র ধর্ম্মাঃ সীদন্তি ক্ষীয়ন্তে ন চ বৈ প্রজাঃ।
ততঃ কৃতযুগং নাম কালেন গুণতাং গতম্॥>৩॥

ভাৰতকোমুদী

কালমিতি। কালং কালং বিভিন্নং কালম্। বশ্ব বপু:। প্রহীষস্তি ক্ষীমস্তে । ৯। তদিতি। অলমিতি বাবণে। যুগং সমন্তবর্জামি যুগান্তসাবেণ থর্বো জাত ইত্যর্থ: ॥১০॥ যুগোতি। ভাবঃ অবস্থা, কর্ম বৃত্তিঃ, বীর্যাং বলম্, ভবাভবো উৎপাদনবিনাশো ॥১১॥ সত্যযুগাবস্থামাহ—ক্বতমিতি। সনাতনো নিত্যস্থিতঃ। ক্বতমেব ধর্মাং কর্ম, ন কর্ত্তব্যম অবশেষাভাবাৎ ॥১২॥

নেতি। সীদন্তি অবহীষত্তে অ, ক্ষীয়ন্তে অকালমূত্যুনা। গুণতামপ্রাধান্তম্ ॥১৬॥
ভাবতভাবদীপঃ

এবমিতি ॥১—৪॥ হবিবানবং ॥৫ – ৮॥ বন্ধ শবীবম্ ॥৯ — ১০॥ ভাবান্ তন্তানি, কর্ম শুভাগুভম্, বীর্ঘ্যং ফলোদ্যপর্যান্তং শক্তিঃ, ভবাভবাবৃৎপত্তিবিনাশো ঐশ্বর্যানৈশ্বর্য্যে বা ॥১১॥ ক্বতমেব দর্ব্বে ক্বতক্বত্যা এবেত্যর্থঃ, তত এব হেতোঃ ক্বত্যুগং নাম ॥১২॥ গুণতাং মুখ্যমণ্য-

নবশ্রেষ্ঠ ! ভিন্ন ভিন্ন কাল অনুসাবে মানুষেব বল, শবীব ও প্রভাব ক্ষয়ও পায় এবং বৃদ্ধিও পায় ॥২॥

অতএব কুককুলশ্রেষ্ঠ। তুমি আমার সেরূপ দেখিতে চাহিও না। কাবণ, আমিও যুগেব অনুসবণ করিতেছি। যেহেতু কালের অতিক্রম করা ছুঙ্র"॥১০॥

ভীম বলিলেন—"আর্য্য! আপনি—যুগের সংখ্যা (কয়টা যুগ তাহা) এবং ভিন্ন ভিন্ন যুগেব আচাব, ধর্ম্ম, কাম, অর্থ, অবস্থা, কর্ম্ম, বল, উৎপত্তি ও বিনাশের বিষয় বলুন" ॥১১॥

হন্মান্ বলিলেন—"বংস! প্রথম সত্যযুগ। যে যুগে ধর্ম্ম সনাতন (সর্বদা দিদ্ধ) ছিল, সেই যুগশ্রেষ্ঠেব সময়ে মানুষ ধর্মকার্য্য কবিয়াই ফেলিড; কিন্তু কর্ত্তব্য বলিয়া অবশিষ্ট রাখিত না ॥১২॥

^{(&}gt;) विजीयोक्त वां व का नाष्टि । के जीमरमन खेवांठ-वां व का ।

দেবদানবগন্ধকা যজরাক্ষমপন্নগাঃ।
নাসন্ কৃত্যুগে তাত! তদা ন ক্রযবিক্রয়ঃ॥>৪॥
ন সাম ঋগ্যজুর্বনাঃ ক্রিয়া নাসীচ্চ মানবী।
ভাভিধ্যায় ফলং তত্র ধর্মাঃ সন্ম্যাদ এব চ॥১৫॥
ন তন্মিন্ যুগসংসর্গে ব্যাধ্যো নেক্রিযক্রয়ঃ।
নাস্যা নাপি ক্রদিতং ন দর্পো নাপি বৈকৃত্যু॥>৬॥
ন বিগ্রহঃ কুতন্তন্তা ন দ্বেষো ন চ পৈশুন্য।
ন ভ্যং নাপি সন্তাপো ন চের্ঘা ন চ মৎসবঃ॥১৭॥
ন ভ্যং নাপি সন্তাপো ন চের্ঘা ন চ মৎসবঃ॥১৭॥

ভাৰতকৌমুদী

দেবেতি। নাসন্, প্রস্পবং বিভিন্না ইতি শেষঃ, সর্বেষামেবৈকরূপত্মাদিত্যাশযঃ, ক্রয়বিক্রনশ্চ নাসীৎ, সম্বন্নমাত্রেণের তন্ত্রৎক্রসিন্ধেবিতি ভাবঃ ॥১৪॥

নেতি। তত্ত্ব কৃত্যুগে, সাম ঋক্ যজুর্নাসীৎ বেদভেদো নাসীদিত্যর্থং, দ্বাপদ এব দ্বৈণাযনেন তক্ত কবণাৎ 'ব্যদধাদ্যজ্ঞসন্ততৈয় বেদনেকং চতুর্বিধন্" ইতি শ্রীমন্ত্রাগবতবচনাৎ। ত্রান্দণাদ্যো বিভিন্না বর্ণা নাসন্। সানবী মানবসম্বন্ধিনী, ক্রিয়া বীজবপনাদিকপা নাসীৎ। তর্হি কথা ভোজনাদিনিপাত্তিবাসীদিত্যাহ—অভীতি। মানবা অভিধ্যায় সম্বন্ধীয় কলং ক্রেয়বিত্রয়বীজনবপনাদিকসম্ আনাদিকস অলভন্তেতি শেষঃ। সন্ধাসন্ত্যাগ এব চ ধর্ম আসীং ॥১৫॥

নেতি। যুগস্থ সভ্যযুগস্থ সংসর্গে দম্বন্ধে সতি। বৈক্বতং পবপ্রভাবণাদিবিকারঃ ॥১৬॥ ভারতভারদীপঃ

